Dr. Shashi Panja : স্যার, এই প্রশ্নটা একদম বাঞ্ছনীয় ছিল না। আমি তো ভাবলাম, আপনারা প্রশংসা করবেন যে, জেলাস্তরেতে এখানে দলমত নির্বিশেষে, সমস্ত কিছু নির্বিশেষে ৫ লক্ষ ৪৮ হাজার ২৫২টি এ্যাপ্লিকেশান। সব তৃণমূল কংগ্রেসের এ্যাপ্লিকেশান? কোথায় দেখলেন, কীভাবে বুঝলেন এগুলো বিগত কয়েক বছর ধরে পড়ে, বাম আমল থেকে পড়ে - এই সমস্ত তো আপনারা বলেছেন। বিগত সেশনগুলিতে বলেছেন। তাহলে আপনারা কি করে বিবেচনা করলেন যে, এগুলো সব তৃণমূল কংগ্রেসের এ্যাপ্লিকেশন। এইটা বলা একদমই উচিত ছিল না। আজ এত বছরের জেলাতে পড়ে থাকা আবেদনগুলি অনুমোদন পেয়েছে, এইটা আপনি বলবেন না? আপনি 'জয় বাংলা' যে পোর্টাল-টা হয়েছে সেটাকে 'কি যেন হয়েছে' - এত তাচ্ছিল্য করবেন না। এইটা অত্যন্ত গুরুত্ব নিয়ে জিনিসটা করা হয়েছে। 'জয় বাংলা' পোর্টালের মাধ্যমে বিভিন্ন পেনশান যে বিভিন্ন দপ্তরগুলো - ফ্যাক্সগুলো, আমাদের কাছে নোটিফিকেশান রয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১৯ সালের ডিসেম্বর মাসে ঘোষণা করেছিলেন, জানুয়ারিতে নয়। ...(নয়েজ)... কি বলছেন আপনি?

Mr. Speaker : প্লীজ। আপনি উত্তর দিন।

Dr. Shashi Panja : এটা দলমত নির্বিশেষে, এখানে দলের কথা কোথা থেকে আসছে, স্যার। এটায় প্রয়োজনের কথা আসে। এখানে মানুষের প্রয়োজন সেই প্রয়োজনটাকে কুর্নিশ দিয়ে আবেদনগুলিকে মঞ্জুর করা হয়েছে। আর 'জয় বাংলা' যে পোর্টাল-টা হয়েছে যার মাধ্যমে চারটি দপ্তর ইনভল্ভড্ রয়েছে। সেখানে পঞ্চায়েত রয়েছে কারণ তারাও ভাতা দেন। আমাদের দপ্তর রয়েছে। এমএসএমই রয়েছে। এই সমস্ত এ্যাপ্লিকেশানগুলো পোর্টালের মাধ্যমে হবে, ইউনিফর্মিটি আসবে এবং আবারও আপনি প্রশংসা করবেন মাননীয়া মুখ্যমন্ত্রীকে যে, যারা সাড়ে সাতশো টাকা করে ভাতা পেতেন তিনি সেটা বলে দিয়েছেন এপ্রিল ২০২০ থেকে এক হাজার টাকা পাবেন। প্রশংসার দাবি রাখছে তো? এটা প্রশংসার দাবি রাখতে হবে। আমি রাখছি। আপনার কাছেই যারা আবেদনকারী আছেন তাঁরা খুশি হয়ে বলবেন যে, হাজার টাকা করে পাচ্ছে। এইটা সরকারের একটা এ্যাচিভমেন্ট। মানুষের কথা শুনেছেন, দুঃখ-কষ্ট বুঝেছেন। আপনি এই ভাবে নেগেটিভলি বললে হবে না। এইটা নেগেটিভ কথা। অপ্রয়োজনীয় কথা বললেন।

[11:20 – 11:30 a.m.]

শ্রী নেপাল মাহাত : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে একটা ছোট্ট অতিরিক্ত প্রশ্ন রাখছি, আগেও রেখেছি। এই বিধবা ভাতা বা যেগুলো হচ্ছে এগুলো ছাড়াও স্বামী পরিতক্তা যেসব

মহিলারা আছেন তাদের জন্য পেনশনের কোন চিন্তাভাবনা আছে কি ? তাদের কোন দিকেই কোন কিছু হচ্ছে না।

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে বিগত সেশনগুলোতেও এটাই বলেছি যে তাদের ভাতাকেন্দ্রিক করবো কেন ? তাদের স্বাবলম্বী করার চেষ্টা করবো। এবং স্বাবলম্বী করার জন্য আমাদের দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন চেষ্টা চলে। এবং শুধু আমাদের দপ্তর নয় অন্যান্য দপ্তরও এর সঙ্গে যুক্ত আছে যে উত্তরগুলো আমি দিতে পারব না। (নয়েজ) ... তারা স্বাবলম্বী হবে না ? বিধবা বলে কী ভাতার ওপরেই থাকবে? ... (নয়েজ) ...

মিস্টার স্পীকার : এই প্রশ্নের উত্তর উনি আগের বারও দিয়েছেন নেপালবাবু । একই প্রশ্নের কতবার উত্তর দেবেন? Please বসুন। ...(নয়েজ) ...

ডাঃ শশী পাঁজা : আমার উত্তর পাল্টায় না। আমার মনে থাকে আগে কী বলেছি।

শ্রী মনোজ টিগগা : স্যার, আপকা মাধ্যম সে মাননীয় মন্ত্রী সে মেরা প্রশ্ন, সবহি ট্রাইবাল কে লিয়ে হাজার রুপয়েকা ভাতা 'জয় জোহার'কে নাম সে লায়া গিয়া হ্যায়। জয় জোহার এক সেন্টিমেন্ট হ্যায়। চায়ে বাগান মে 58 years মে রিটায়ার হো যাতে হায়। ফির উসকো বাগানসে পেনশন মিলতা হ্যায়। সাধারণ আদমি কা ধারণা হ্যায় জয় জোহার নাম কা জো স্কীম সরকার শুরু কিয়া হ্যয় উনলোগোকো উহ স্কীম কা সুবিধা মিলেগাকী নেহি।

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পীকার স্যার আপকা মাধ্যম সে মাননীয় বিধায়ক জো সবাল কিয়া হ্যায়, পহলে ম্যায় ইয়ে বাতাদু কী 'জয় জোহার' অউর দুসরি জো স্কীম হ্যায় হামারা SC কে লিয়ে ইসকা পুরা দেখ-ভাল মে হ্যায় Backward class welfare department. হামার হ্যায় Woman and Child Development and Social Welfare department. ইয়ে পেনশান উনকা ডিপার্টমেন্ট সে লাগু হোগি। তো ইয়ে সবাল উনকা তরফই আপকো করনা হ্যায়। লেকিন ইতনা বাতাদু কী জনসাধারণ ইস ঘোষণা দুয়ারা বহুত খুশ হ্যায়। ইয়ে ফিডব্যাক হামলোগোকো মিল রহা হ্যায়।

কৃষক বাজার নির্মাণ

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী দীপক কুমার হালদার ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কৃষকদের উৎপাদিত পণ্য ন্যায্যমূল্যে বিক্রির জন্য রাজ্য সরকার কৃষক বাজার নির্মাণ করেছে;

(খ) সত্যি হলে, ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে কতগুলি কৃষক বাজার নির্মিত হয়েছে; এবং

(গ) উক্ত নির্মাণে কত অর্থ ব্যয় হয়েছে?

Shri Tapan Dasgupta : Respected Speaker Sir, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রীদীপক কুমার হালদারের প্রশ্নোওর নিম্নরূপ –

ক) হ্যাঁ।

খ) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে ১৮৬টি কৃষক বাজার নির্মিত হয়েছে।

গ) কৃষক বাজারগুলি নির্মাণ করার জন্য মোট খরচের পরিমাণ ১০৮২,১৭,৮২,১১২.০০ টাকা।

শ্রী দীপক কুমার হালদার: স্যার আপনার মাধ্যমে বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এই জন্য ধন্যবাদ জানাই যে, কৃষকদের উৎপাদিত ফসল বিক্রির জন্য ১৮৬টি কৃষক বাজার নির্মিত হয়েছে এবং এর জন্য ১০৮২,১৭,৮২,১১২.০০ টাকা ব্যয় করেছেন। এক্ষেত্রে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার ডায়মন্ড হারবার দু'নম্বর ব্লকের চাওড়াতে একটি কৃষক বাজার আছে। সেই কৃষক বাজারে মৎস্য ব্যবসায়ীরা অস্থায়ীভাবে ব্যাবসা করেন। স্থায়ীভাবে এদের এই ব্যাবসা করার জন্য পরিকাঠামো নির্মাণের কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি ?

Shri Tapan Dasgupta : আমরা এই পরিকল্পনাগুলো নিচ্ছি। সিদ্ধান্ত নিয়ে এগুলো স্টার্ট করবো।

শ্রী দীপক কুমার হালদার : এই কৃষক বাজারগুলোকে আকর্ষণীয় করে তোলার জন্য ওখানে যদি একটা ATM বা সুফল বাংলা নির্মাণ করা যায় তাহলে আমার মনে হয় কৃষক বাজার অনেক বেশী আকর্ষণীয় হতে পারে। এ ব্যাপারে আপনার কী পরিকল্পনা আছে ?

Shri Tapan Dasgupta : ডায়মন্ড হারবার অ্যাসেম্বলিতে আমরা অলরেডি ডিসিশান নিয়েছি যে কৃষক বাজার ওখানে হবে। আর, ATM-ও ওখানে হবে এটা আমাদের ডিসিশন হয়ে আছে।

সুন্দরবন অঞ্চলে নির্মিত সেতুর সংখ্যা

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫) **শ্রী জয়ন্ত নস্কর ঃ** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০২০ সাপেক্ষে সুন্দরবন অঞ্চলে নির্মিত সেতুর সংখ্যা কত; এবং

(খ) উক্ত সেতুগুলি নির্মাণে রাজ্য সরকার মোট কত অর্থ ব্যয় করেছে?

শ্রী মন্টুরাম পাখিরা : (ক) সুন্দরবন বিষয়ক দপ্তর সুন্দরবন অঞ্চলে বিগত ২০১১ সাল থেকে ৩১ শে জানুয়ারি, ২০২০ সাল পর্যন্ত মোট ১৬ টি সেতু নির্মাণের কাজ সম্পন্ন করেছে।

(খ) উক্ত সেতুগুলি নির্মাণে রাজ্য সরকার মোট ১৩২৬০.৫২ লক্ষ টাকা ব্যয় করেছে।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, মাননীয় মন্ত্রীকে অনেক ধন্যবাদ। তিনি মূল ভূখন্ডের সঙ্গে সুন্দরবনের বিস্তীর্ণ দ্বীপ অঞ্চলকে যুক্ত করার জন্য ১৬ টা ব্রিজ করেছেন। তার জন্য ধন্যবাদ। আমি মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, আর কতগুলো ব্রিজ করার পরিকল্পনা আপনার আছে সুন্দরবন অঞ্চলে যদি দয়া করে বলেন?

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় বিধায়ক জানলে খুশি হবেন আমরা ১৬ টা ব্রিজ তো করে ফেলেছি, আরও ১৬ টা ব্রিজের কাজ চলছে। এ ছাড়া আমরা ৫ কোটি টাকা পর্যন্ত ২০ টি ব্রিজ নিয়েছি। সেগুলোর ডি.পি.আর. তৈরি করবার জন্য যাদবপুরকে দায়িত্ব দিয়েছি। ওরা ডি.পি. আরের কাজ করছে। ২০ টা ব্রিজ নিয়েছি সুন্দরবনের যেগুলো ৫ কোটি টাকার বেশি, অনেক কোটি টাকার সেটা আমরা আমাদের পি.ডব্লিউ.ডি. ডিপার্টমেন্টকে দায়িত্ব দিয়েছি, ওরা ডি.পি. আর. তৈরি করছে। পর্যায়ক্রমে ওরা ডি.পি.আর. দিলে পি.ডব্লিউ.ডি.-কে নির্মাণকারী সংস্থা হিসাবে ৫ কোটি টাকার উপরের ব্রিজগুলোকে তাদেরকে আমরা দেব। বাকি ৫ কোটি টাকা পর্যন্ত ২০ টা ব্রীজের জন্য ডি.পি.আর. তৈরি করতে দিয়েছি যাদবপুরকে। সেটা এলে সেইসব ব্রিজের কাজ আমরা শুরু করবো। তবে আপনাকে জানিয়ে রাখি আমাদের মাননীয় বিধায়ক পাথরপ্রতিমা বিধানসভা কেন্দ্রের যে ১৬ টা ব্রীজের কাজ আমি শেষ করেছি বলেছি, আার-একটা ব্রীজের কাজ আমরা দিইনি। সেটা হচ্ছে গঙ্গা সেতু, সেটা প্রায় দশ কোটি টাকার উপর। আমরা খুব সম্প্রতি ১৫-২০ দিনের মধ্যে ওয়ার্ক অর্ডার দেব এবং কাজ শুরু করবো। অন্যান্য সমস্ত ক্ষেত্রে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্দেশ্য, তিনি বলেছেন যে সুন্দরবনের বিচ্ছিন্ন দ্বীপগুলোকে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করে যাতে মানুষ সহজে সুন্দরবনে পৌঁছতে পারেন এবং সুন্দরবনের বৈচিত্র্যকে দেখতে পারেন। এই দপ্তর কানেক্টিভিটির কাজ রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমরা করে চলেছি এবং এই কাজ চলবে। খুব সত্ত্বর যেভাবে আমরা পরিকল্পনা গ্রহন করেছি, আমরা আশা করছি আগামী দিনে সুন্দরবনের সমস্ত বিচ্ছিন্ন দ্বীপগুলোকে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করতে পারবো।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, আমার সুন্দরবনের গোসাবা ব্লকে ৯ টা দ্বীপ আছে। সেগুলো মূল ভূখন্ডের সঙ্গে যুক্ত করার জন্য আমি কয়েকবার আপনাকে চিঠি দিয়েছি। আপনি গদখালি, গোসাবা ব্রিজ এবং পাঠানখালির হোগলডুগরি ব্রিজগুলো করা শুরু করেছেন। এগুলো কোন পর্যায়ে আছে। যদি আপনি জানান?

[11:30 – 11:40 a.m.]

শ্রী মন্টুরাম পাখিরা : আপনার হোগল ব্রিজের কাছে পাঠানখালি ব্রিজের ইতিমধ্যে ডি.পি. আর.-এর কাজ সম্পন্ন হয়েছে। এটা একটা বৃহৎ ব্রিজ। আপনি জানেন গোসাবায় যে ব্রিজগুলি আছে সেগুলি ২০-৩০ কোটি টাকা দিয়ে হবে না। ৩০০-৪০০ কোটি টাকার ব্রিজ হবে। ডি.পি. আর. শেষ পর্যায়ে রয়েছে, সেটা আমরা করবোই। এই মুহূর্তে সুন্দরবনের সবচেয়ে বড় ব্রিজ যেটা হতে চলেছে সেটা গদখালি- গোসাবা। ২৮৪ কোটি টাকা তার ডি.পি.আর. কস্ট এসেছে।

৯ কোটি টাকা আমরা দুদিকের জমি কেনার জন্য অলরেডি দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদকে দিয়ে দিয়েছি। এছাড়া আপনি জানেন এই ব্রিজটা করতে গেলে গোসাবা থানাটা, সেই থানাটা আমাদের কথামতো আমাদের বারুইপুর পুলিশ জেলার এস.পি.-সেটার ডেমোলিস করার কাজ করেছে। তার জন্য যে অর্থ আমাদের কাছে চেয়েছেন সেই ২ কোটি টাকা আমরা বারুইপুর জেলা পুলিশকে দিয়ে দিয়েছি। এখন ব্রিজের কাজ করতে গেলে সমস্ত কাজ সম্পন্ন। ইলেকট্রিসিটি ডিপার্টমেন্টকে সমস্ত পোস্টগুলো সরাবার জন্য তারা যে অর্থ আমাদের কাছে দাবী করেছিলেন, সেই অর্থ আমরা দিয়ে দিয়েছি। তাঁরা ইলেকট্রিক পোস্টের সরাবার কাজ শুরু করে দিয়েছেন। ইতিমধ্যে ফরেস্ট ডিপার্টমেন্ট যে আনঅথরাইজড, গাছপালাগুলো আছে - কারণ এই ব্রিজটা তো অনেক বড় মাপের ব্রিজ। তার অ্যাপ্রোচ রোড বৃহৎ এবং সেই কারণে ফরেস্ট ডিপার্টমেন্ট ইতিমধ্যে কাজ শুরু করেছেন। একেবারে শেষ পর্যায়ে রয়েছে। সি.আর.জেড. অনুমোদনের জন্য ইতিমধ্যেই আমরা অধীক্ষক বাস্তুকার, দক্ষিণ ২৪ পরগনা (হাইওয়ে) পূর্ত রাস্তা দপ্তরের কাছে বলেছিলাম। সি.আর.জেড.-এর অনুমোদন নিতে। ইতিমধ্যে আমাদের দপ্তর থেকে সমস্ত প্রসেস করা হয়েছে। এই কাজটা তদারকি করছে সংশ্লিষ্ট এনভায়রনমেন্টাল স্টাডিজ অ্যান্ড ওয়েট ল্যান্ড ম্যানেজমেন্ট। তাদেরকে দায়িত্ব দেওয়া হয়েছে। তাঁরা এটা দেখাশুনা করছেন। খুব দ্রুত আমরা সি.আর.জেড.- এর ক্লিয়ারেন্স পেয়ে গেলে ব্রিজের কাজ শুরু করে দেবো।

শ্রী রামশংকর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সুন্দরবন দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য ঠাকুর নদীর উপরে মথুরাপুর এবং কুলতলী ব্লকের সংযুক্তিকরণের জন্য মাঝের খেয়া ব্রিজের অনেক বার জরিপ হয়েছে। ওটা কি আপনি যেটা বললেন সেই নতুনটার মধ্যে ধরা আছে। সেই সাথে ২০১১ সালে যে অসমাপ্ত ব্রিজগুলো ছিল - কোনটা ৫০,৮০,৯০ ভাগ শেষ হয়েছিল, সেইগুলো কিন্তু এখনও পুরোপুরি শেষ হয় নি। তারমধ্যে ঢাকিরমুখ ব্রিজ আছে। এটার কাজ ৯০ ভাগ শেষ হয়ে গিয়েছিল, সেটা কিন্তু এখনও শেষ হয়নি। এই ব্যাপারে যদি দয়া করে বলেন।

শ্রী মন্টুরাম পাখিরা : যেটাকে আমরা সোনাটিকারি ব্রিজ বলছি। ঢাকিরমুখ এই ব্রিজের কাজটা সম্পূর্ণ শেষ হয়েছে। এক দিকের অ্যাপ্রোচ রোডের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। দ্বিতীয় দিকটা জমির ক্লিয়ারেন্সের অসুবিধা ছিল আপনি নিজেও জানেন। মাননীয় বিধায়ক মহাশয় আপনি আমাদের দপ্তরকে সহযোগিতা করেন এই সব ব্যাপারে। আপনার পরামর্শ চাইলে আমার দপ্তরের আধিকারিকরা, আপনি সেই ক্ষেত্রে সহযোগিতা করেন। এই ব্যাপারে আপনার ব্যাপারে বলার কিছু নেই। তবে এই পর্যন্ত যারা জমির মালিক সেই সমস্ত জমি দক্ষিণ ২৪ পরগণা জেলা শাসকের মাধ্যমে বি.এল.এল.আর.ও. দপ্তর এবং এ.ডি.এম. (এল.এ.) তাঁরা সকলেই অ্যাকুইজিশান করে দিয়েছেন। আমরা ইতিমধ্যে বরাদ্দকৃত অর্থ যা জেলা পরিষদ চেয়েছে বা জেলা প্রশাসন চেয়েছেন দিয়ে দিয়েছি। এই টাকা যারা ল্যান্ড লুজার - যারা জায়গাটা আমাদের দিচ্ছেন ব্রিজের অ্যাপ্রোচ রোড করার জন্য। তাদেরকে ওরা দিয়ে দিলে অ্যাপ্রোচ রোড করে ঢাকিরমুখ ব্রিজ আমরা সম্পন্ন করে ফেলবো। আমরা চেষ্টা করছি দ্রুত এটা হয়ে যাবে।

বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত উত্তর ২৪ পরগনা জেলার ব্লকের সংখ্যা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫) **শ্রী রফিকুল ইসলাম মণ্ডল ঃ** বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত বুলবুল ঝড়ে উত্তর ২৪ পরগনা জেলার কোন কোন ব্লকগুলি ক্ষতিগ্রস্ত হয়েছিল; এবং

(খ) হাসনাবাদ ব্লকে বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কী কী সামগ্রী ও অর্থ (পরিমাণ) দিয়ে সাহায্য করা হয়েছে?

শ্রী জাভেদ আহমেদ খান : ক) বিগত বুলবুল ঝড়ে উত্তর ২৪ পরগনা জেলার বাদুড়িয়া, হাড়োয়া, স্বরূপনগর, মিনাখাঁ, হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ সন্দেশখালি -১, সন্দেশখালি - ২, বসিরহাট ১, বসিরহাট-২ ব্লকগুলি ক্ষতিগ্রস্ত হয়েছিল।

খ) হাসনাবাদ ব্লকে বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের যে সব ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে, সেগুলি হল -

* ত্রিপল - ১১ হাজার ৫০০ টি

* বিছানার চাদর - ৮১০ টি

* ডিজাস্টার ম্যানেজমেন্ট কিট - ১৬ হাজার ৪৭৩ প্যাকেট

* স্পেশাল জি.আর.(চাল) - ৩৭০ কুইন্টাল।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন যে হাসনাবাদ ব্লকে বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের যে সমস্ত সামগ্রী এবং অর্থ দেওয়ার জন্য সরকার মনস্থির করেছিল, সেই সমস্ত সামগ্রী এবং অর্থ দেওয়া শেষ হয়েছে কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে বলি যে এই বিষয়ে কাজ চলছে এবং আমাদের কাছে জেলা থেকে যে প্রস্তাবগুলো আসছে, সেটা নিয়ে আমরা attain করছি এবং address করছি।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন- এখানে বহু মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে, এটা আমরা সবাই জানি এবং তাদেরকে সামগ্রী এবং অর্থ দেওয়ার প্রপোজালও গভর্নমেন্টের আছে, কাজ চলছে। আমরা যেহেতু এলাকার বিধায়ক, সে জন্য বহু মানুষ আমাদের কাছে এসে অনেক আবেদন, নিবেদন করেন। যেমন পলিথিন থেকে শুরু করে হাঁড়িকুড়ি দেওয়া হয়েছে, খাদ্য সামগ্রী দেওয়া হয়েছে এবং তাদের অর্থ দেওয়ারও ব্যবস্থা হয়েছে। সতেরো হাজার কত টাকা করে তাদের দেওয়া হবে যারা ফুল ড্যামেজ শুনেছি। এই ব্যাপারে এখনও অবধি আমরা কোন সুপারিশ করতে পারিনি বা আমাদের নাম নেওয়া হয়নি। যদি মাননীয় মন্ত্রী একটু অনুমতি করেন যে যারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি, আমরা যেহেতু বিধায়ক, সে জন্য তারা আমাদের কাছে

আবেদন, নিবেদন করেন, কিছু নাম যদি আমাদের দেওয়ার সুযোগ আছে কিনা যদি বলেন তাহলে ভাল হয়।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে বলি নিশ্চয়ই বিধায়করা সব জিনিসের একটা part play করেন। যে সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁরা direct ও আবেদন করতে পারেন, বিধায়কদের মাধ্যমেও আবেদন করতে পারেন, জেলা পরিষদের মাধ্যমেও আবেদন করতে পারেন এবং আবেদন করতে হবে আমাদের জেলা শাসকের কাছে এবং ADM যিনি দেখেন, BDO হোক, SDO হোক, তাদের কাছে করতে হবে। তার পরে আমরা enquiry করে দেখি এবং যদি সঠিক থাকে তাহলে আমরা ব্যবস্থা নিই এবং প্রয়োজন মতো তাদের অর্থ দেওয়া বা যে কোনো সামগ্রী দেওয়ার প্রয়োজন হলে সেটা আমরা করি।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, মাননীয় মন্ত্রীকেও ধন্যবাদ, সরকারকেও ধন্যবাদ। পর্যাপ্ত ত্রাণসামগ্রী বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্তদের জন্য পাঠানো হয়েছে। জিজ্ঞাস্য যেটা, সেটা হচ্ছে যা পাঠানো হয়েছে, তা বিলি বনো হয়েছে এই সংক্রান্ত তথ্য সরকার কতটা রাখছেন ? আমি নির্দিষ্টভাবে একটা স্পেসিফিক কেস বলতে চাই। হিঙ্গলগঞ্জ গ্রাম পঞ্চায়েতের চন্দনপুর হাইস্কুলের পাশে একজনের বাড়ীতে বুলবুলের জন্য পাঠানো সরকারি ত্রাণসামগ্রী অন ডেট, আজকে পর্যন্ত মজুত আছে। এক্ষুনি যদি পুলিশ পাঠান তাহলে এক্ষুনি সেগুলি উদ্ধার করতে পারবেন। কার বাড়ি বলে দিতে পারি, বিধানসভায় বলাটা আইন বিরুদ্ধ বলে বলছি না। আমি নির্দিষ্ট অভিযোগ করছি, মাননীয় মন্ত্রী আপনার মাধ্যমে রাজ্য সরকার উদ্যোগ নিক।

মিঃ স্পীকার : আপনি লিখিতভাবে মাননীয় মন্ত্রীকে জানিয়ে দেবেন।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাই যে আমরা স্পেসিফিক অ্যালিগেশান পেলে, complain পেলে অ্যাকশান নিই।

শ্রী সমর হাজরা : স্যার, অতিরিক্ত প্রশ্ন- প্রশ্নটা একটু রিলেটেড আছে, যেহেতু উনি বিপর্যয় মোকাবিলা দপ্তরের দায়িত্বে আছেন। মাননীয় মন্ত্রী রণে বনে জলে জঙ্গলে কাজ করছেন। বুলবুল ঝড়ে যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের জন্য আপনার দপ্তর কাজ করছেন। আর করোনা ভাইরাসের ব্যাপারে আপনার দপ্তর কি কাজ করছে যদি একটু বলেন তাহলে ভাল হয়।

শ্রী জাভেদ আহমেদ খান : করোনা ভাইরাসে আপনিও আক্রান্ত হননি এখন, আমিও হইনি। আমাদের পশ্চিমবঙ্গ এখনও safe আছে। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী করোনা নিয়ে একটা হাই লেভেল মিটিং করছেন। এটা আমার দপ্তরের ঠিক অধীনে নয়, ডাইরেক্টলি না, ইনডাইরেক্টলি আছে।

[11:40 – 11:50 a.m.]

যেটা করবার হবে আমরা নিশ্চয়ই করব। এটা হেল্থ রিলেটেড আছে তাই এই প্রশ্নটা স্বাস্থ্য দপ্তরকে করা উচিত।

বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত নথিভুক্ত পরিবারের সংখ্যা

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রী সমীর কুমার জানা ঃ** বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জানুয়ারি, ২০২০ সাপেক্ষে রাজ্যে বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত কতগুলি পরিবারের নাম নথিভুক্ত করা হয়েছে; এবং

(খ) ইতিমধ্যে পরিবারগুলির জন্য কী কী ধরনের সাহায্য প্রদান করা হয়েছে?

শ্রী জাভেদ আহমেদ খান : ক) বুলবুল ঝড়ে ৫ লক্ষ ১৭ হাজার ৫৩৫টি ক্ষতিগ্রস্ত পরিবারের নাম নথিভুক্ত করা হয়েছে।

খ) বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে রাজ্য সরকারের তরফ থেকে যেসব ত্রাণসামগ্রী সাহায্য করা হয়েছে সেগুলি হলো:

- ত্রিপল - ৪ লক্ষ ৯৪ হাজার ৩০০টি
- ধুতি - ৪৪ হাজার ৬০০ টি
- শাড়ি - ৫৪ হাজার ৬০০ টি
- লুঙ্গি - ৪০ হাজার টি
- বাচ্চা ছেলেদের পোশাক - ২৪ হাজার ৫০০সেট
- বাচ্চা মেয়েদের পোশাক - ২৪ হাজার ৫০০ সেট
- পায়জামা পাঞ্জাবি - ১৭ হাজার সেট
- কুর্তি লেগিংস - ১২ হাজার সেট
- বিছানার চাদর - ১২ হাজার ৫০০ টি
- কম্বল -৪১ হাজার টি
- স্পেশাল জি আর (চাল) -৩৪০ মেট্রিক টন
- ক্যাশ জি আর - ২ লক্ষ ৫০ হাজার টাকা।
- মৃত্যুজনিত ক্ষতিপূরণ - ৩২ লক্ষ টাকা
- লণ্ঠন - ৭৩ হাজার ৪২৯ টি
- ডিজাস্টার ম্যানেজমেন্ট কিট - ৫ লক্ষ ৪২ হাজার ৯২২ প্যাকেট

এছাড়াও পশ্চিমবঙ্গ সরকারের কৃষি দপ্তর কে ৪০০ কোটি টাকা এবং খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দপ্তরকে ৪০ কোটি টাকা দেওয়া হয়েছে।

জেলা থেকে যেভাবে প্রস্তাব পাওয়া যাচ্ছে, সেই মতো গৃহনির্মাণ অনুদানের কাজ চলছে।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে যে সমস্ত উদ্যোগ নেওয়া হয়েছে সেটা একটা অভিনব উদ্যোগ। এই ব্যাপারে প্রতিবাদ করার কোন ক্ষমতা আছে বলে জানি না। এত দ্রুত গতিতে মাননীয়া মুখ্যমন্ত্রী সুন্দরবনের প্রত্যন্ত এলাকায় এবং যে ছয়টা জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে সেখানে পৌছে গিয়ে যেভাবে সাহায্যের ডালি তুলে ধরতে পেরেছেন একটা অভিনব বলা যেতে পারে। এখানে না পাওয়ার কোন কিছু আছে বলে আমার জানা নেই। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই ডিজাস্টার ম্যানেজমেন্ট কিটস্ থেকে শুরু করে অন্যান্য সামগ্রী এবং বিভিন্ন দপ্তরকে টাকা, পয়সা দিয়ে সাহায্য করে আমাদের পৌছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে । কৃষিক্ষেত্রেও আমরা অভিনব পর্যায় দেখতে পেয়েছি যে কৃষিক্ষেত্রে যে জমিগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে বিঘা প্রতি প্রায় ১৭০০ টাকা । এই ভাবে প্রত্যেকটা কৃষককে যেখানে দলমত নির্বিশেষে কাজ করা হয়েছে। এই ব্যাপারে অভিযোগের কোন কারণ থাকতে পারে বলে আমার জানা নেই। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটা প্রশ্ন করতে চাই এই আংশিক এবং পূর্ণাঙ্গ ক্ষতিগ্রস্ত হয়ে গেছে যে বাড়িগুলি এদের ক্ষেত্রে আর্থিক সাহায্য দেওয়ার চিন্তাভাবনা বর্তমান রাজ্য সরকারের আছে কি না অনুগ্রহ করে যদি একটু বলেন তবে ভাল হয়।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে প্রায় ৩৫ লক্ষ ৫৭ হাজার মানুষ এফেক্টেড হয়েছে, প্রায় ৫ লক্ষ ১৭ হাজার ৫৩৫টি ঘর । তারমধ্যে ৫ লক্ষ ২৩৫টি ঘর ফুললি ড্যামেজ হয়েছে, পার্টলি ১৭ হাজার ৩০০টি হয়েছে। কেন্দ্রীয় সরকারের টিম বুলবুলের পরে এসেছিল, ভিজিট করে গেছে ।কিন্তু আজকে দুঃখের সঙ্গে বলছি স্যার, এখানে এখনও পর্যন্ত একটা পয়সাও পাওয়া যায়নি। আমাদের সরকারের তরফ থেকে যে জেলা থেকে প্রস্তাব আসছে ঘর নির্মাণের সেটা পার্টলি হোক, ফুললি হোক যে ড্যামেজ হয়েছে তার জন্য আমরা অর্থ ছাড়ছি।

এবং তার মধ্যে অনেকগুলো হয়েছে। প্রায় ৪ হাজার কোটি টাকার মতো খরচা হয়েছে সারা বাংলা জুড়ে।

শ্রী সমীর কুমার জানা : আমরা জানি এত বড় একটা বিরাট বিধ্বংসী বুলবুল ঝড়, তাকে কিভাবে মোকাবিলা করতে হয় মা-মাটি-মানুষের সরকার একটা নজির সৃষ্টি করেছে। এই ব্যাপারে সেন্ট্রাল টিম ৬টি জেলার উপরে হাওড়া, হুগলি, উত্তর চব্বিশ পরগনা, দক্ষিন চব্বিশ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এই ৬ টি জেলাতে যেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, তার জন্য সেন্ট্রাল টিম এখানে এসেছিল। আমার যতটুকু জানা নবান্নে বসে তাদের কাছে আমরা প্রায় ২২-২৩ হাজার কোটি টাকার ক্ষয়ক্ষতির তালিকা সাবমিশান করেছিলাম। বন্যা হলে অন্যান্য জায়গা সাহায্য পায়, বুলবুল ঝড়ে এত ক্ষতি হয়ে যাওয়ার পরেও কেন্দ্রীয় সরকার কি এখনও পর্যন্ত কোনো টাকা অ্যালটমেন্ট করেনি? মাঝে একটা পেপারে দেখছিলাম কিছু টাকা দিয়েছে, কিন্তু সেটা বোধ হয় আগেকার কোনো ডিজাস্টার ম্যানেজমেন্টের টাকা। এই বুলবুল ঝড়ের জন্য কোনো টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যালটমেন্ট করেছে কি না অনুগ্রহ করে যদি বলেন।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, টিমটা এসেছিল ১৫.১১.২০১৯ তারিখে। তারা ভিজিট করেছিল নামখানা, সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ, বসিরহাট, হাসনাবাদ, পাথরপ্রতিমা ইত্যাদি জায়গায়। তারা ভিজিট করে যাওয়ার পরে আমার কাছে আজ পর্যন্ত যা ইনফর্মেশান আছে এখনও পর্যন্ত কোনো টাকা আমরা পাই নি। তবে টাকার অভাবে ত্রাণ এবং অ্যাফেক্টেড এরিয়ায় কাজগুলো আটকে নেই। তা সরকার নিজের ফান্ড থেকে করছে। যখন টাকা পাওয়া যাবে তখন হাউসে জানিয়ে দেব।

দুঃস্থ ও অসহায় বৃদ্ধ/বৃদ্ধাদের সংখ্যা

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৫) **শ্রী দুলাল চন্দ্র বর ঃ** নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জানুয়ারি, ২০২০ সাপেক্ষে রাজ্যে দুঃস্থ ও অসহায় বৃদ্ধ ও বৃদ্ধাদের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে, কতজনকে ভাতা প্রদান করা হয়;

(গ) এই সংখ্যা বাড়ানোর কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(ঘ) ২০১৮-২০১৯ অর্থবর্ষে উক্ত ভাতা প্রদানে রাজ্য সরকারের কত টাকা খরচ হয়?

ডাঃ শশী পাঁজা :

(ক) নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তরের নিকট এই সংক্রান্ত তথ্য নেই।

(খ) বর্তমানে মোট ৪২৯৭৬৯ (পুরাতন ৮৩৭৩৮ + নতুন ৩৪৬০৩১) বৃদ্ধ বৃদ্ধাদের বার্ধক্য ভাতা প্রদান করা হয়।

(গ) বর্তমান অর্থবর্ষে জানুয়ারি, ২০২০ থেকে মোট ৩৪৬০৩১ জন নতুন ভাতা প্রাপকের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে।

(ঘ) ২০১৮-১৯

অর্থবর্ষে উক্ত ভাতা প্রদানে রাজ্য সরকারের মোট ৭৫,৪০,০৯,৫০০ (পঁচাত্তর কোটি চল্লিশ লক্ষ নয় হাজার পাঁচশ টাকা) খরচ হয়।

শ্রী দুলাল চন্দ্র বর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে আমার আবেদন বহুদিন পরে বৃদ্ধ বৃদ্ধাদের ভাতা বর্তমান সরকার বাড়িয়েছে এর জন্য আমি ধন্যবাদ জানাই। কিন্তু বিষয়টা হচ্ছে বর্তমানে যেভাবে জিনিসপত্রের দাম বেড়েছে, আমরা বিধায়করা ভাতা অনেকটা বাড়িয়েছি। সরকারি কর্মচারীদেরও ডি.এ. বেড়েছে। কিন্তু এই সময় এত দ্রব্যমূল্য বৃদ্ধি হওয়ার পরেও তারা পাচ্ছে মাত্র এক হাজার টাকা। এক হাজার টাকা মানে পার ডে ৩০ টাকা ৩৩ পয়সা এইরকম কিছু হবে। একজন বৃদ্ধ-বৃদ্ধার পক্ষে ৩৩ টাকায় অন্তত সকালে এককাপ চা বিস্কুট, দুপুরে দুটো ভাত বা রুটি, রাত্রে দুটো ভাত বা রুটি খাওয়া কি সম্ভব? এই টাকাটা বাড়ানোর কোনো পরিকল্পনা ইমিডিয়েট সরকারের আছে কি না জানাবেন?

ডাঃ শশী পাঁজা : মাননীয় স্পিকার স্যার, মাননীয় বিধায়কের যে প্রশ্ন ছিল আসলে বিষয়টা হচ্ছে আপনি প্রথমে প্রশংসা করলেন এতটা বৃদ্ধি হয়েছে ও এতজন মানুষ ভাতা পাচ্ছে বলে। আপনি এই প্রশংসাটাও তার সঙ্গে যুক্ত করতে পারতেন যে যখন এটা ডিসেম্বর মাসে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন তখন ৭৫০ বলেছিলেন। কিন্তু যখন 'জয় বাংলা' এই ঘোষণাটা হল তখন এই ৭৫০টাই হাজার টাকা হয়ে গেল। এটাও প্রশংসা করবেন। করছেন, একটি মানুষই তো করছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীই করছেন। এটা তো অস্বীকারের জায়গা নেই। ৭৫০ টাকা করে প্রতি মাসে ৫ লক্ষ ৪৮ হাজার ২৫২ জনকে দিতে হয় প্রায় ৪৮ কোটি টাকা, এটা তো রাজ্য সরকার নিজের স্টেট ফান্ড থেকে দিচ্ছে।

[11:50 a.m. – 12:00 Noon.]

সেটা আপনি বলতে পারতেন । আপনি সেটার প্রশংসা করতে পারতেন। এই যে হাজার টাকা হয়েছে। প্রত্যেকটা ক্ষেত্রে ৫৪ কোটি টাকা বরাদ্দ থাকছে। এর সাথে অন্যান্য দপ্তরের তো স্কীম রয়েছে। দু টাকা কেজি চাল থেকে, খাদ্য সাথী থেকে, স্বাস্থ্য সাথী আনুষঙ্গিক সবটাই রয়েছে যার মাধ্যমে তার কষ্ট কিছুটা হলেও সুরাহা হবে। তার সঙ্গে আমি যুক্ত করি সেন্ট্রাল গভর্ণমেন্ট যে পেনশানটা দেয় তারা কি তাদেরটা বৃদ্ধি করেছে ?

শ্রী দুলাল চন্দ্র বর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাচ্ছি যে আজকে যে প্রশ্নটা উঠেছে তার পরিপ্রেক্ষিতে ধন্যবাদ দিয়েছি। কিন্তু আপনি যেটা বললেন জয় বাংলা, জয় জহাঁর এগুলো তো স্যার অন্য কোশ্চেন। আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারি এই যে এক হাজার টাকাটা আসছে এই টাকাটাও প্রতি মাসে তারা পাচ্ছে না। এটা আমার স্পেসিফিক কমপ্লেন্ট। তারা যাতে এই টাকাটা প্রতি মাসে পায় সে জন্য আপনি কি ব্যবস্থা করবেন বা করতে পারেন সেটা যদি জানান ।

ডাঃ শশী পাঁজা : স্যার, যার জন্য আপনি জয় বাংলাটাকে সেট অ্যাসাইড করলেন, এটা ঠিক নয়। কারণ জয় বাংলাটা তো লিঙ্ক আছে । জয় বাংলার মধ্যে দিয়ে একটা পোর্টাল হয়েছে। আপনি দেখবেন ওটা একটা পোর্টাল। এর আগেও আমি প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললাম যে এই পোর্টালের মাধ্যমে বিভিন্ন দপ্তরে যে ভাতা'র স্কীমগুলো রয়েছে সমস্তই ওই পোর্টালের মধ্যে দিয়ে হবে । টাইমলি ডিসবার্সমেন্ট হবে । টাইমলি ডিসবার্সমেন্ট হবে বলে এই পোর্টালটা করা হচ্ছে । ডিস্ট্রিক্ট লেভেলে এনকোয়্যারি হয়ে রেকমেন্ডেশান হবে এবং স্টেট লেভেলে যার দপ্তর তার পেনশান স্যাংশন হয়ে বেনিফিসিয়ারির কাছে চলে যাবে। সুতরাং, এটা অবশ্যই টাইমলি ডিসবার্সমেন্ট হবে।

রাজ্যে নির্মিত নূতন বিদ্যালয় ভবনের সংখ্যা

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১) **শ্রী প্রদ্যোৎ কুমার ঘোষ ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি নূতন বিদ্যালয় ভবন তৈরি হয়েছে (জেলাওয়ারি তথ্যসহ); এবং

(খ) উক্ত নির্মাণে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

ডঃ পার্থ চ্যাটার্জি :

(ক) ২০১১-২০১২ আর্থিক বর্ষ থেকে ৩১শে জুলাই ২০১৯ এর সাপেক্ষে রাজ্যে ৬৯০টি প্রাথমিক, ৪৯৪৬টি উচ্চপ্রাথমিক বিদ্যালয়, ৪৯টি সরকারি মডেল বিদ্যালয় এবং প্রকল্পটি ২০১২ সালে চালু হয়েছে। ৩৮টি ইন্ট্রিগ্রেটেড বিদ্যালয় (বি.আর.জি.এফ. প্রকল্প) ভবন তৈরি হয়েছে (জেলওয়ারি তথা সংযোজিত হল)।

(খ) প্রাথমিক বিদ্যালয়ভবন নির্মাণে মোট ৯২.৪৭ কোটি টাকা ব্যয়িত হয়েছে। উচ্চপ্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণে মোট ৩৮৪.২৭ কোটি সরকারি মডেল বিদ্যালয় ভবন নির্মাণে মোট ১৭৬.৬৭ কোটি টাকা এবং ইন্ট্রিগ্রেটেড বিদ্যালয় (বি.আর.জি. এবং প্রকল্প) ভবন নির্মাণে মোট ৪০০.৩০২২ কোটি টাকা ব্যয়িত হয়েছে।

সর্ব মোট (৯২.৪৭ + ৩৮৪.২৭ + ১৭৬.৬৭ + ৪০০.৩০২২) = ১০৫৩.৭১২২ কোটি টাকা ব্যয়িত হয়েছে।

মাননীয় মন্ত্রী বিদ্যালয় শিক্ষা দপ্তর মহাশয়ের অনুমোদনক্রমে -

ক্রমিক সংখ্যা	জেলার নাম	সম্পূর্ণ কজের সংখ্যা
১	আলিপুরদুয়ার	৮
২	বাঁকুড়া	১০৩
৩	বর্ধমান (পূর্ব ও পশ্চিম)	৩২
৪	বীরভূম	৩১
৫	কোচবিহার	২১
৬	দক্ষিণ দিনাজপুর	৫
৭	জি.টি.এ. এবং (কালিম্পং)	৬
৮	হুগলি	১৫
৯	হাওড়া	৫
১০	জলপাইগুড়ি	১৪
১১	মালদা	৪২
১২	মুর্শিদাবাদ	২৮
১৩	নদিয়া	৩৬
১৪	উত্তর চব্বিশ পরগণা	১৭
১৫	পশ্চিম মেদিনীপুর	৫০
১৬	ঝাড়গ্রাম	৩১
১৭	পূর্ব মেদিনীপুর	১২

১৮	পুরুলিয়া	৮০
১৯	শিলিগুড়ি	০
২০	দক্ষিণ চব্বিশ পরগণা	১১১
২১	উত্তর দিনাজপুর	৪৩
	মোট	**৬৯০**

জেলাওয়ারি উচ্চপ্রাথমিক বিদ্যালয়ভবন নির্মাণের কাজ সম্পন্ন হওয়ার তথ্য
(২০১১-১২ থেকে ৩১শে জুলাই ২০১৯ পর্যন্ত)

ক্রমিক সংখ্যা	জেলার নাম	সম্পূর্ণ কজের সংখ্যা
১	আলিপুরদুয়ার	১৩১
২	বাঁকুড়া	৪৩৬
৩	বর্ধমান (পূর্ব ও পশ্চিম)	২৮১
৪	বীরভূম	২৩০
৫	কোচবিহার	২৫২
৬	দক্ষিণ দিনাজপুর	১৫৯
৭	জি.টি.এ. এবং (কালিম্পং)	১৮
৮	হুগলি	২০২
৯	হাওড়া	১৩৪
১০	জলপাইগুড়ি	১৮৮
১১	কলকাতা	৭
১২	মালদা	১৯৯
১৩	মুর্শিদাবাদ	৪৩৪
১৪	নদিয়া	২২৪
১৫	উত্তর চব্বিশ পরগণা	২১৪
১৬	পশ্চিম মেদিনীপুর	৩৫৮
১৭	ঝাড়গ্রাম	২৩৫
১৮	পূর্ব মেদিনীপুর	৩২৯
১৯	পুরুলিয়া	৪১৮
২০	শিলিগুড়ি	২২
২১	দক্ষিণ চব্বিশ পরগণা	৩০৭
২২	উত্তর দিনাজপুর	১৬৮
	মোট	**৪৯৪৬**

শ্রী প্রদ্যোৎ কুমার ঘোষ : স্যার, শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে মাননীয় মন্ত্রীমহোদয় যা পদক্ষেপ নিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। স্যার, আমার যা প্রশ্ন ছিল, তার সমস্ত উত্তর আমি পেয়ে গেছি। তাই স্যার, নো সাপ্লিমেন্টারী। ধন্যবাদ।

মিঃ স্পিকার : আর কোন সাপ্লিমেন্টারী কেউ করছেন না।নাউ *কোয়েশ্চেন নাম্বার ৫২।

রাজ্যে চালু সমবায় ব্যাঙ্কগুলিতে কর্মীসংখ্যা

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৬) **শ্রী আব্দুল খালেক মোল্লা ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে চালু সমবায় ব্যাঙ্কগুলিতে কর্মীসংখ্যা কত?

শ্রী অরূপ রায় : ৩১ ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যের চালু সমবায় ব্যাঙ্কগুলিতে মোট কর্মী সংখ্যা ৩৯৯৪জন।

শ্রী আবদুল খালেক মোল্লা : আমার অতিরিক্ত প্রশ্ন—এখানে যে কর্মচারী আছেন, তাঁদের মধ্যে এখনও কত পদ শুন্য রয়েছে এবং কতজন রিটায়ার করেছেন?

শ্রী অরূপ রায় : স্যার, মাননীয় বিধায়ককে জানাই শূন্যপদের সংখ্যা আমি বিস্তারিতভাবে আপনাকে পরবর্তীকালে জানিয়ে দেব।

শ্রী আবদুল খালেক মোল্লা : আমার দ্বিতীয় প্রশ্ন—এই ব্যাঙ্কগুলি কৃষকের উন্নতির জন্য কি কি কাজ করছে।

শ্রী অরূপ রায় : ব্যাঙ্কগুলি কৃষকের উন্নতির জন্য প্রত্যেক বছর কৃষকদের কৃষি ঋণ, শস্যঋণ দিয়ে থাকেন এবং কৃষক পরিবারের উন্নতির জন্য নানা ধরনের পরিকল্পনা গ্রহণ করে থাকেন।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন— সমবায় ব্যাঙ্কে কর্মচারী নিয়োগের পদ্ধতিটি কি সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয়া বিধায়ককে জানাই আমাদের কো-অপারেটিভ সার্ভিস কমিশান আছে। কোন ব্যাঙ্কের যদি কর্মচারীর প্রয়োজন হয় তখন তারা তাদের রিকোয়ারমেন্ট দিয়ে সার্ভিস কমিশানকে চিঠি দেন। সার্ভিস কমিশান সেই অনুযায়ী পেপার বা ওয়েবসাইটে অ্যাডভার্টাইজমেন্ট করেন। তার পর পরীক্ষা হয় এবং এই ভাবে পরীক্ষার মাধ্যমে লোক নিয়োগ করা হয়।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমবায় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি সমবায় ব্যাঙ্কের ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ক যেভাবে এনকোয়ারী করছে এবং অডিট করার নাম করে তাঁরা প্রতিদিন যে ব্যবহার করছেন সেটার ব্যাপারে আপনাকে বলছি এবং আমি দীর্ঘদিন

এই সমবায় ব্যাঙ্কের সঙ্গে যুক্ত। এক্ষেত্রে আমি দেখেছি যে রিজার্ভ ব্যাঙ্ক কোনভাবেই চাইছে না যে সমবায় ব্যাঙ্কগুলি থাকুক কারণ তাঁরা এই ব্যাঙ্কগুলিকে উঠিয়ে দেবার জন্য যেভাবে প্রেসারাইজ করছে এবং যাঁরা অডিট করতে আসছে তাঁরা যে কথাগুলি বলছেনা তাঁরা নানা ধরনের যে কথাগুলি বলছেন, মন্তব্য করছেন এবং পাশাপাশি তারা নিজেরা একটা ডিপার্টমেন্ট খুলেছেন এবং তাঁরা বলছেন যে যদি অসুবিধা হয় তাহলে আপনারা এদের সঙ্গে যোগাযোগ করবেন আমরা ব্যবস্থা করে নেব। হঠাৎ করে একটা প্যারালাল সংস্থা চেষ্টা করছে যাতে সমবায় ব্যাঙ্কগুলিকে নানাভাবে উত্যক্ত করলে এরা যাতে দূর্বল হয়ে যায়, এরা যাতে উঠে যায় সেই চেষ্টা করছে এবং প্রচারটাও এইভাবে করছে যে সমবায় ব্যাঙ্কে টাকা রাখা নিরাপদ নয়। রিজার্ভ ব্যাঙ্কের তরফ থেকে নানাভাবে এই ধরনের প্রচেষ্টা করা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়া হোক এবং যেখানে আমাদের এ আর সি এস আছেন, আমাদের সমবায় দপ্তর আছে সেখানে রিজার্ভ ব্যাঙ্কের এইভাবে অযাচিত উত্যক্ত করছেন এবং নানাভাবে সমবায় ব্যাঙ্কগুলিকে বন্ধ করে দেবার চেষ্টা করছেন সেই ব্যাপারে আমি তীব্র প্রতিবাদ করছি এবং এই ব্যাপারে আমি সমবায় দপ্তরকে বলব যথাযথ ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী অরূপ রায় : আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, জটুদা দীর্ঘদিনের অত্যন্ত অভিজ্ঞ মানুষ। রিজার্ভ ব্যাঙ্ক লাইসেন্স দেয় এই সমস্ত সমবায় ব্যাঙ্কগুলিকে।যেহেতু তারা লাইসেন্স দেয়, সেহেতু কাজের ব্যাপারে তারা ইনটারফেয়ার করে। আপনি যে অভিযোগ করেছেন, সেই অভিযোগ লিখিতভাবে জানালে আমরা নিশ্চয় রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে এই বিষয়ে আলোচনা করব।

Starred Questions
(to which written replies were laid on the 'Table')

বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত জেলার সংখ্যা

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৬) **শ্রী রাম শঙ্কর হালদার ঃ** বিপর্যয় ব্যবস্থাপন ও অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বুলবুল ঝড়ে রাজ্যের কতগুলি জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং

(খ) এই বিষয়ে, কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কত?

বিপর্যয় ব্যবস্থাপন ও আসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) বুলবুল ঝড়ে যে ৭টি জেলা খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি হলো - দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া, হুগলী ও কলকাতা। এছাড়াও পূর্ব বর্ধমান, নদীয়া এবং মুর্শিদাবাদ জেলায় শুধুমাত্র কৃষিক্ষেত্রে ক্ষয়ক্ষতির রিপোর্ট পাওয়া গেছে।

(খ) এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বুলবুল ঝড়ে ক্ষয়ক্ষতি বাবদ কোনোপ্রকার সাহায্য পাওয়া যায় নি।

কৃষক বাজার চালুর পরিকল্পনা

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৫) **শ্রী ইদ্রিস আলী** ঃ কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১লা জানুয়ারি, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত সময়ে রাজ্যে কতগুলি কৃষক বাজার তৈরি হয়েছে; এবং

(খ) উলুবেড়িয়া পূর্ব বিধানসভা কেন্দ্রে কৃষক বাজার চালু করার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ১৮৬ টি।

(খ) বর্তমানে নতুন কোন কৃষক বাজার চালু করার পরিকল্পনা রাজ্য সরকারের নেই।

সরকারি হোমে অবহেলিত মানুষদের আশ্রয় লাভের মাপকাঠি

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৬) **শ্রীমতী নার্গিস বেগম** ঃ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারি হোমগুলিতে সমাজে অবহেলিত মানুষদের আশ্রয় লাভের মাপকাঠি কী; এবং

(খ) ২০১১ থেকে ২০১৯ সাল পর্যন্ত সময়ে মোট কতজনকে উক্ত হোমগুলিতে আশ্রয় দেওয়া হয়েছে?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া ঃ

(ক) ১) ষাট বছর বয়সের উর্ধ্বে অবহেলিত ও নিরাশ্রয় মহিলা ও পুরুষদের সরকার পরিচালিত বৃদ্ধশ্রমে আশ্রয় দেওয়া হয়।

২) ষাট বছরের কম বয়সি মহিলা যারা পারিবারিক হিংসা অথবা অন্যান্য হিংসার শিকার এবং অবহেলিত ও নিরাশ্রয়, তাদের স্বধর গৃহ হোমে আশ্রয় দেওয়া হয়।

৩) পাচারের শিকার মহিলাদের উজ্জ্বালা হোমে আশ্রয় দেওয়া হয়।

৪) যে সমস্ত শিশুরা অবহেলিত এবং পরিবারের যত্ন ও সুরক্ষা পায় না সেই সব শিশুদের সরকার পরিচালিত CNCP হোমে আশ্রয় দেওয়া হয়।

(খ) ১) বৃদ্ধাশ্রম - ৫০৬৫ জন

2) স্বধর গৃহ হোম - ৮৫৫৪ জন

৩) উজ্জ্বালা হোম - ৪০৯ জন।

৪) CNCP হোম - ২৪৩৩১ জন।

মোট - ৩৮৩৫৯ জনকে উপরে উল্লেখিত হোমগুলিতে আশ্রয় দেওয়া হয়েছে।

[12:00 Noon. – 12:10 p.m.]

মিঃ স্পীকার : আমরা রিসেস্ পিরিয়ডে একটা অল্ পার্টি মিটিং ডেকেছি পশ্চিমবঙ্গ বিধানসভায়, আপনারা সবাই জানেন, আমরা নোটিশও দিয়েছি।

Question Hour is over.

Presentation of Committee Reports

Presentation of the Third and the Fourth Reports of the Standing Committee on Panchayats & Rural Development and Sundarban Affairs (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri ASHOK KUMAR DEB**) Sir, I beg to present:

(a) The Third Report of the Standing Committee on Panchayats & Rural Development and Sundarban Affairs (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Panchayats & Rural Development Department for the year 2020-2021; and

(b) The Fourth Report of the Standing Committee on Panchayats & Rural Development and Sundarban Affairs (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Sundarban Affairs Department for the year 2020-2021.

Presentation of the Second Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Resources Investigation & Development (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri SAMIR KUMAR JANA**) Sir, I beg to present the Second Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Resources Investigation & Development (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of Demands for Grants relating to the Irrigation & Waterways Department and Water Resources Investigation & Development Department for the year 2020-2021.

Presentation of the Fifth Report of the Standing Committee on Urban Development and Municipal Affairs (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri RATHIN GHOSH**): Sir, I beg to present the Fifth Report of the Standing Committee on Urban Development and Municipal Affairs (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Urban Development and Municipal Affairs Department for the year 2020-2021.

Presentation of the First Report of the Standing Committee on Fisheries and Animal Resources Development (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri ANANTA DEB ADHIKARI**): Sir, I beg to present the First Report of the Standing Committee on Fisheries and Animal Resources Development (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grants relating to Fisheries Department and Animal Resources Development Department for the year 2020-2021.

Presentation of the Fifth Report of the Standing Committee on Transport (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri SWARNA KAMAL SAHA**): Sir, I beg to present the Fifth Report of the Standing Committee on Transport (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Transport Department for the year 2020-2021.

Presentation of the Second Report of the Standing Committee on Food & Supplies (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri PUNDARIKAKSHYA SAHA**): Sir, I beg to present the Second Report of the Standing Committee on Food & Supplies (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Food & Supplies Department for the year 2020-2021.

Presentation of the Fourteenth Report of the Standing Committee on Information Technology and Technical Education (2018-2019 & 2019-2020)

The Chairman (**Shri ALBERUNI ZULKARNAIN**): Sir, I beg to present the Fourteenth Report of the Standing Committee on Information Technology

and Technical Education (2018-2019 & 2019-2020) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grants relating to Department of Information Technology and Electronics and Department of Technical Education, Training and Skill Development for the year 2020-2021.

LAYING OF REPORT AND ACCOUNT

The Annual Report and Accounts of the West Bengal Housing Industry Regulatory Authority for the year 2018-2019

Smt. CHANDRIMA BHATTACHARYA: Sir, I beg to lay the Annual Report and Accounts of the West Bengal Housing Industry Regulatory Authority for the year 2018-2019.

Message from the Governor under Rule 23

Mr. Speaker: Hon'ble Members, I have received a message from the Respected Governor of West Bengal, The message is in reply to Motion of Thanks adopted by the House on 14th February, 2020. I read it out. I am in receipt of your letter dated 14th February, 2020 including the Motion of Thanks adopted by West Bengal Legislative Assembly, in reply to my Address in that Legislative Assembly on 7th February, 2020 my appreciation to you and request you to convey the same to the Members of the Legislative Assembly, West Bengal.

With my personal regards,

Yours sincerely,
Jagdeep Dhankhar

Now as required under Rule 23 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I have reported it to the House.

Calling Attention

মিঃ স্পিকার : আমি দুটো কলিং অ্যাটেনশন্ আজকে পেয়েছি। একটা শ্রী রফিকুল ইসলাম মন্ডল এবং আরেকটা শ্রী আব্দুল মান্নান ও শ্রী অসিত মিত্র। এই দুটো আজকে আমি উইথ্ হোল্ড্

করলাম। যেহেতু আজকে আমাদের একটা অল পার্টি মিটিং আছে দুটোর সময়, সেই কারণে আমি এটা উইথ্ হোল্ড্ করলাম। আপনারা জানেন যে পরিস্থিতির উদ্ভব হয়েছে, সেই কারণে এটা উইথ হোল্ড করলাম। যদি আমাদের হাউস কন্টিনিউ করে তাহলে এটা নিশ্চয়ই নেওয়া হবে।

শ্রী আব্দুল মান্নান : আপনি যে সিদ্ধান্ত নিচ্ছেন, আমি সেটাতে আপত্তি করছি না। পরবর্তী সিদ্ধান্তর পরিপ্রেক্ষিতে ব্যবস্থা নেওয়া হবে, আমি এটাকে অ্যাপ্রিশিয়েট করছি। আমি শুধু একটা কথাই বলতে চাইছি স্যার, আমাদের এখানে যে পরিস্থিতি হয়েছে, সেটা খুবই উদ্বেগজনক। কিন্তু আমরা যদি সেটাতে আতঙ্কিত হওয়ার পরিবর্তে সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করি, তাহলে কিন্তু আমাদের উদ্বেগটা অনেকটা কমতে পারে। কারণ, আমরা যদি সব বন্ধ করে দিই - আমরা যারা ট্রেনে যাতায়াত করছি, আপনারা জানেন কীভাবে যাতায়াত করছি। আবার বাসেও বাদুর ঝোলা হয়ে যাতায়াত করছি। এগুলো না করে আমরা যদি সতর্কতা অবলম্বন করি, তাহলে মনে হয় ভালো হয়।

মিঃ স্পিকার : মাননীয়া মুখ্যমন্ত্রী এই ব্যাপারে যথেষ্ট সচেতন রয়েছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের জনগনকে সচেতনতা বাড়াবার জন্য প্রতিনিয়ত জানাচ্ছেন। আমার মনে হয়, সরকার এই ব্যাপারে অত্যন্ত সতর্ক রয়েছে। এখানে মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় রয়েছেন। মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় আপনি রয়েছেন, আপনি জানেন যে, এই ব্যাপারে মাননীয়া মুখ্যমন্ত্রী অত্যন্ত সতর্কতা অবলম্বন করেছেন। আপনি যদি এই ব্যাপারে কিছু বলেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আপনারা জানেন যে, রাজ্যের মুখ্যমন্ত্রী এই ব্যাপারে যথেষ্ট তৎপরতার সঙ্গে সকলকে নিয়ে এই মারণ রোগের বিষয়ে আমরা যাতে সতর্ক হই, প্রশাসন যাতে সতর্ক থাকে, সাধারণ মানুষের চেতনা যাতে বাড়ে - সদা সর্বদা তিনি এই বিষয়ে সংশ্লিষ্ট মহলের সকলের সাথেই কথাবার্তা বলছেন এবং আমাদের লক্ষ্য হচ্ছে মানুষ যাতে আর না মরে, মানুষ যাতে আক্রান্ত না হয়। তার জন্য তিনি ব্যবস্থা করেছেন। আইসোলেশন সেন্টারের অতিরিক্ত ব্যবস্থা করা হয়েছে এবং এটা চলবে। আব্দুল মান্নান সাহেব ঠিকই বলেছেন যে, রেল গাড়ি হ'লে কি হবে ? রেলে তো অনেকেই আসে। রেলটা তো এখন আর আমাদের মধ্যে নেই। তবুও আপনি এই বিষয়টা দৃষ্টি আকর্ষণ করেছেন - ভালো। কিন্তু একটা জিনিস, দেশটাকে অচল করে দেওয়ার মতো অবস্থা হয়েছে, বিশ্ব অচল হয়ে যাচ্ছে এবং যেভাবে সংখ্যাটা লাফিয়ে লাফিয়ে বাড়ছে - তাতে মানুষকে সতর্ক করা, রাজ্যবাসীকে সতর্ক করা এবং সকলে মিলে এই মারণ রোগের বিরুদ্ধে লড়াই-এ একজোট হয়ে লড়বার কথা আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় বলেছেন। আজও তিনি তিনটের সময় মিটিং ডেকেছেন অ্যাসেস্ করবার জন্য। এই অবস্থায় আমি বিধানসভার সকলকেই অনুরোধ করবো যে, রাজ্য সরকারের যে উদ্যোগ, সেটা শুধু রাজ্য সরকারের উদ্যোগ নয়, সকলে মিলে এই উদ্যোগ নিচ্ছেন, যার নেতৃত্ব মমতা বন্দোপাধ্যায় মুখ্যমন্ত্রী হিসেবে দিচ্ছেন। আমাদের বিতর্ক থাকতে পারে, আমাদের রাজনৈতিকভাবে বিভেদ

থাকতে পারে, আমরা একমত নাও হ'তে পারি। কিন্তু এই সময়ে বাংলাতে ঐক্যবদ্ধভাবে এই মারণ রোগকে প্রতিহত করবার জন্য যা যা করণীয় তিনি তা করছেন, আরো যদি করতে হয় নিশ্চয়ই সাজেশন্ দেবেন। কিন্তু সবাই মিলেই যেন আমরা এই মুহূর্তে এক থাকি।

[12:10 – 12:20 p.m.]

MENTION CASES

Shri Mostaque Alam : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় যেটা মান্নানদা আলোচনা করছিলেন, আমাদের পশ্চিম বাংলার শিক্ষা ক্ষেত্রের স্কুল, কলেজ সব প্রিকশান হিসাবে বন্ধ করা হচ্ছে কিন্তু ICDS-এ সবচাইতে বাচ্চাদের নিয়ে কাজকর্ম হয়, পাশে আমার বিহার রাজ্য ওরা বন্ধ করেছে। আমার মনে হয় এটার চাইতে বেশি ICDS ডিপার্টমেন্টের বাচ্চাদের সেন্টারগুলো বন্ধ হওয়া উচিত। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে এটা আবেদন করছি।

Smt. Tapasi Mondal : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে আমি মাননীয় আইন শৃঙ্খলা বিভাগের মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৭.০২.২০২০ তারিখে হলদিয়ার ঝিকুরখালিতে জোড়া খুন হয়ে যায়। যেটা ১৮ তারিখ সকালে এলাকাবাসী দেখে এবং ১৯/২০ তারিখ গণতান্ত্রিক মানুষজন ডেপুটেশন দেওয়ার পরে এই অপরাধী এবং তার কয়েকজন সঙ্গী ধরা পড়ে। ***

...(মাননীয়া সদস্যার মাইক অফ হয়ে যায়)।

Mr. Speaker : এই পোর্শনটা যাবে না। This portion will not go. যারা অপরাধী তাদের বিরুদ্ধে নিশ্চয়ই সরকার ব্যবস্থা নেবে।

Shri Rafikul Islam Mondal : ধন্যবাদ স্যার। বসিরহাট উত্তর বিধানসভার অধীন বসিরহাট ব্লক টু-এর অর্ন্তগত রাজেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের খড়িডাঙ্গা মৌজা থেকে গাঁড়াকুপী নদীর মুরারীশা মৌজা পর্যন্ত একটা রাস্তা কয়েক বছর আগে ফিসারি ডিপার্টমেন্ট নির্মাণ করে। সেই রাস্তাটা বর্তমানে খুবই খারাপ হয়ে গিয়েছে। কিছু দিন আগে ঐ গাঁড়াকুপী নদীর উপর একটা নতুন ব্রিজ নির্মাণ হয়েছে। আমার দাবি খড়িডাঙ্গা মৌজা থেকে ঐ গাঁড়াকুপী নদীর নব নির্মিত ব্রিজ পর্যন্ত রাস্তাটি যাতে সংস্কার হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Runu Dutta : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই যে, রাণীগঞ্জ থেকে বাঁকুড়ার দিকে দামোদর নদের উপর

*** মাননীয় অধ্যক্ষের আদেশক্রমে বাদ দেওয়া হল।

৬০ নম্বর জাতীয় সড়কে মেজিয়া ব্রিজ রক্ষণাবেক্ষণের অভাবে আজ বিপজ্জনক অবস্থায় রয়েছে। বীরভূম, পশ্চিম বর্ধমান জেলা থেকে বাঁকুড়া, বিষ্ণুপুর এবং মেদিনীপুর হয়ে দক্ষিণ ভারত যাতায়াতের গুরুত্বপূর্ণ এই সেতু ১৯৭৯ সালে DVC কর্তৃপক্ষের উদ্যোগে তৈরি হয়। গত ১০ বছর আগেই DVC কর্তৃপক্ষ জাতীয় সড়ক কর্তৃপক্ষকে জানিয়ে দেয় এই সেতুটির রক্ষণাবেক্ষণের দায়িত্ব জাতীয় সড়ক কর্তৃপক্ষের। কিন্তু না জাতীয় সড়ক কর্তৃপক্ষ, না রাজ্য সরকার কেউই সেতুটির রক্ষণাবেক্ষণের ফলে প্রায় ৩০ বছর পর পুরোনো মেজিয়া সেতুর উপর দিয়ে বিপদের ঝুঁকি নিয়ে যাত্রীবাহী বাস এবং মালবাহী ট্রাক যাতায়াত করছে। এই সেতুটির রক্ষণাবেক্ষণের যারা দায়িত্বে আছে তারাও কোনো দায়িত্ব পালন করছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি সেতুটি অবিলম্বে সংস্কারের জন্য সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানশোল পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের মধ্যে পড়ে বেনালী গ্রাম। এই গ্রামের মানুষদের। রাস্তা ও জল নিকাশি সমস্যায় জর্জরিত। স্বাস্থ্য ব্যবস্থা ও পড়াশুনার জন্য তাদের আসানশোল ও রাণীগঞ্জের উপর নির্ভর করতে হয়। দু'নম্বর জাতীয় সড়ক থেকে বেনালী-কামারপাড়া কালীমন্দির পর্যন্ত দেড় কিলোমিটার রাস্তা বেহাল এবং বেনালীর মুসলিম পাড়া থেকে আঁকলপুর স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত রাস্তা খানাখন্দে ভরা। প্রতিদিন বাইক থেকে পড়ে গিয়ে মানুষ দূর্ঘটনার শিকার হচ্ছে। বেনালী গ্রাম থেকে বীজপুর যাওয়ার রাস্তায় কালভার্ট না থাকায় বর্ষাকালে হাঁটু জলে ভরে থাকে। স্কুলের ছাত্রছাত্রীদের এবং তখন মানুষের যাতায়াত দুর্বিষহ হয়ে ওঠে। রাস্তা সংস্কার ও কালভার্টের জন্য বার বার পৌরসভার কাছে আবেদন করলেও কোনো গুরুত্ব দেয়নি। অবিলম্বে রাস্তা দুটি সংস্কার এবং কালভার্ট তৈরির জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী ইদ্রিশ আলি : Hon'ble Speaker, Sir, I am deeply grateful to you for giving me scope. Hon'ble Speaker, Sir উলুবেড়িয়া পূর্ব বিধানসভা কেন্দ্রের রঘুদেবপুর এবং খলিশালী এই দুটি অঞ্চল আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে, ওখানে জল নিকাশি ব্যবস্থা ঠিকমতো না হওয়ায় সাধারণ মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছে। Hon'ble Speaker, Sir আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী সাহেবের কাছে আরো আবেদন জানাই যে, বর্ষার অল্প জল হলেই জল জমে যায়। সেই জন্য প্রতিকারের আবেদন জানাচ্ছি। আর একটি last বিষয় হল, NH 6 এর দুই ধারে বন্ধ কারাখানাগুলি জল নিকাশির নালাগুলি বন্ধ করে দিয়েছে। এগুলো দ্রুত সংস্কারের দরকার তাই রঘুদেবপুর এবং খলিশালী অঞ্চলের মানুষের সুবিধার্থে এগুলোর অবিলম্বে যাতে সংস্কার দ্রুত হয় আমি মাননীয় মন্ত্রী সাহেবের কাছে আপনার মাধ্যমে আমি দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

ZERO HOUR

মিঃ স্পীকার : মাননীয় মুস্তাক আলম, আপনি যে subject matterটা দিয়েছেন সেই subject matterটা আমি allow করছি না। কে কার সঙ্গে দেখা করবেন, কাকে রাখা হবে, না হবে, কার সাথে কার ঘনিষ্ঠতা আছে এই সমস্ত ব্যাপারগুলো এখানে উত্থাপন না করলেই ভালো। আমি আপনার subjectটা দেখেছি। আপনি এখানে আপনার বক্তব্যটা পার্থবাবুকে দিয়ে দিন। উনি দেখবেন।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে আগামীকাল **১৭ই** মার্চ, ২০২০ একজন বিখ্যাত মানুষের জন্মদিন সংগ্রামী মানুষের জন্মদিন। যদিও বর্তমানে আমরা যে অংশে বাস করছি বাংলার, যে অংশে বাস করছি ভারতবর্ষের - আগামীকাল তিনি বাংলাদেশের সংগ্রামী নেতা, তিনি বাংলাদেশের সংগ্রামী নায়ক, তিনি বাংলাদেশের প্রচন্ড শাসন অধিকর্তা ছিলেন। তাঁর নাম মুজিবর রহমান। আগামীকাল শেখ মুজিবর রহমানের জন্মদিন শতবর্ষ - শতবর্ষ বলেই আরো বিশেষ করে উল্লেখ করছি। এই শতবর্ষে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে তাঁর জন্মদিন একজন বাঙ্গালীর জীবনে অন্যতম শ্রেষ্ঠ সম্পদ সেদিনের বাংলাদেশের যুদ্ধের নায়ক শুধু না - সেদিনের বাংলাদেশকে আরো অগ্রসর করে এগিয়ে নিয়ে যাওয়ার জন্যে যখন তিনি এগিয়ে যাচ্ছিলেন **১৯৭৫**এর প্রায় **১৫ই** আগস্ট-**১৪ই** আগস্টের মধ্যরাত্রে তাঁকে গুলি করে হত্যা করা হয় এবং তাঁর পরিবার পরিজনসহ সকলকে। কেবলমাত্র হাসিনা ওয়াজেদ এবং আর একজনকে বাদ দিয়ে। স্যার, আমি আপনার মাধ্যমে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি, আপনি এই বিধানসভায় অনেক বিখ্যাত মানুষের জন্মদিনে আমাদের বাংলার সমস্ত মানুষ যাঁরা দেশের জন্য লড়াই করেছেন, যাঁরা কবি, যাঁরা সাহিত্যিক, আপনি আমাদের lobbyতে তাঁদের জন্মদিন পালন করার ব্যবস্থা করেছেন।

[12:20 – 12:30 p.m.]

এটা করার জন্য, আমি আপনার কাছে অনুরোধ করবো এবং আমি বাংলার মুখ্যমন্ত্রীর কাছে আমার দাবী জানাব যে আগামীকাল তাঁর যে শতবর্ষ শুরু হচ্ছে - মুজিবর রহমানের, তাঁর জন্মদিনটা যদি আমরা সঠিকভাবে পালন করি, তাহলে বাঙালী শুধু একত্রিত হবেনা, সারা দেশের মানুষ, মহাদেশের শোষিত মানুষ, অথবা পরাধীনে আক্রান্ত অবস্থায় যারা ছিলেন তাঁদের হয়ে, তাঁর জন্য বলব, তাঁর জন্মদিন পালন করা উচিত এবং তাঁর একটা স্ট্যাচু তৈরী করা উচিত আমাদের এই কলকাতায়। ধন্যবাদ স্যার।

শ্রী সমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেচমন্ত্রীর ঘোষণা অনুযায়ী বলব, বিধানসভায় ঘোষণা করেছিলেন - বোরো চাষ করার জন্য আহ্বান করেছিলেন - জল দেওয়া হবে। কৃষকরা ধান রোপণ করলো। আমার বিধানসভা কেন্দ্রে, বোরো ধোন রোয়া হল, কিন্তু জল নিয়মিত পাচ্ছে না, মাঠ শুকিয়ে যাচ্ছে। নিয়মিত জল আসছে না, এই খরা মরশুমে জলের পরিমাণটা আরো বাড়াবার জন্য বলছি । তাই জলের পরিমাণ এবং নিয়মিত জল দেওয়ার দাবী করছি স্যার।

শ্রী ভুপেন্দ্রনাথ হালদার : ধন্যবাদ স্যার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলি, গত ২৫শে ফেব্রুয়ারী হঠাৎ প্রবল বৃষ্টিপাত এবং শিলাবৃষ্টির কারণে আমার পুরাতন মালদা ব্লকের ৫৫টি মৌজার, ২৭৩২হেক্টর জমিতে, আলু সম্পূর্ণ জলে পচে নষ্ট হয়ে গেছে; যার আনুমানিক মূল্য প্রায় ৫০কোটি টাকা। এই ঘটনাটা সবাই, সারা পশ্চিমবঙ্গের মানুষ সেটি টেলিভিশনে এবং পেপারের থেকে অবগত হয়েছেন। এমতাবস্থায় বলব, আলু চাষীদের অবস্থা অত্যন্ত করুণ। তাই, আমি বিভাগীয় মন্ত্রীর কাছে দাবী করছি যে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক এবং কবে নাগাদ এই ক্ষতিপূরণ পেতে পারে তার বিবৃতির দাবী করছি, ধন্যবাদ স্যার।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : ধন্যবাদ স্যার। আমার যে বিষয় ছিল, তার কিছুটা মাননীয় বিরোধী দল নেতা আবদুল মান্নান এবং মাননীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় বলে দিয়েছেন, সেটা আমি রিপিট করছি না। আমি অন্য একটা পয়েন্ট বলব স্যার। মাননীয়া মুখ্যমন্ত্রী, রাজ্য সরকার সতর্কতা অবলম্বন করতে বলছেন, আতঙ্কিত হতে বারণ করছেন, ধন্যবাদ। ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশান কোথাও বলেনি যে N 95 mask করোনার ক্ষেত্রে প্রতিষেধকের ভূমিকা পালন করবে। কিন্তু আমরা সবাই দেখছি N 95 mask তার দাম বাড়ছে কালোবাজারে, ব্যাপক দামে তা বিক্রি হচ্ছে। রাজ্য সরকারের কাছে আবেদন, এই সতর্কতার কারণে কালোবাজারীর এই যে ব্যবস্থাপনা N 95 mask নিয়ে হচ্ছে, সেটা বন্ধ করার উদ্যোগ নেওয়া হোক এবং প্রচুর পরিমাণে হ্যান্ড স্যানিটাইজার যেটা প্রতিষেধকের ভূমিকা পালন করতে পারে বলে বিশেষজ্ঞরা বলছেন, সেটার যোগান বাজারে বাড়ানোর ক্ষেত্রে রাজ্য সরকার উপযুক্ত ভূমিকা পালন করুন, এইটা আমার নির্দিষ্ট আবেদন।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের জেলা বা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় বাউড়ি সমাজ বলে একটা সমাজ আছে, যারা দীর্ঘদিন থেকে সিডিউল্ড-কাস্ট এবং পিছিয়ে পড়া এবং গরীব সম্প্রদায়ের মানুষ -- তারা দীর্ঘদিন থেকে বাউড়ী সমাজের জন্য ডেভলাপমেন্ট বোর্ডের একটা দাবী করছে। বহু জায়গায়, এই রকম যারা ব্যাকওয়ার্ড ক্লাস আছে বা এস. সি., এস. টি. আছে তাদের ক্ষেত্রে এই সরকার অনেকগুলো এই ধরনের ডেভলপমেন্ট বোর্ড করেছে। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি যে বাউড়ি উন্নয়ন বোর্ড বলে একটা বোর্ড অবিলম্বে করার বিষয়ে চিন্তা-ভাবনা করেন। ধন্যবাদ স্যার।

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তর পরিচালিত প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্তরে প্রতিটি বিদ্যালয়ে সমস্ত ছাত্রছাত্রীদের যাবতীয় তথ্য ই-পোর্টালে নথিভুক্ত ও সংরক্ষিত করা হয়েছে। এর ফলে আগামী দিনে বাড়ীতে বসেই একজন অভিভাবক-অভিভাবিকা তাঁদের ছেলে মেয়েদের সমস্ত কথা, তথ্য জানতে পারবেন।

বর্তমান মা-মাটি-মানুষের সরকার সরাসরি প্রত্যক্ষ পোর্টালের তথ্য যাচাই করে সরকারী পরিষেবা বিভিন্ন ভাবে প্রদান করতে সিদ্ধান্ত গ্রহণ করেছে। শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও সেটা কার্যকরী হয়েছে যার ফলে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষার সামগ্রিক মানোন্নয়ন উন্নততর

হারে বৃদ্ধি পাচ্ছে। তবে বিগত কয়েক বছর ধরে উল্লেখ করার একটা বিষয় আছে। এইটা আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি, যে বেশ কয়েক বছর ধরে আমাদের ক্যানিং পশ্চিম বিধানসভা, আমাদের জেলা কেন সারা রাজ্যে বেশ কয়েক হাজার উচ্চ প্রাথমিক, জুনিয়ার হাই স্কুলে শিক্ষক পদ পূরণ হচ্ছে না। শিক্ষক নিয়োগটা জরুরি করতে হবে। স্যার, আমি এইটা বার বার আপনাকে বলছি।

...(At this stage the House was adjourned till 2.00 p.m.)...

[2:00 – 2:10 p.m.]

AFTER ADJOURNMENT

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker: Hon'ble Members, I beg to present the 62nd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business on 17th March, 2020 as follows:

17.03.2020 (Tuesday):	**FIRST SESSION**	
	Remaining Demands	1 hr.
	SECOND SESSION	
	(i) The West Bengal Appropriation (No. 2) Bill, 2020 (Introduction, Considering and Passing)	1 hr.
	(ii) The West Bengal Fiscal Responsibility & Budget Management (Amendment) Bill, 2020 (Introduction, Consideration and Passing)	1 hr.
	(iii) The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 2020 (Introduction, Consideration and Passing)	1 hr.

N.B.: There will be no Question for Oral Answer, Calling Attention and Mention Case on that day.

Now the Minister-in-Charge of Parliamentary Affairs may please move the motion for acceptance.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্যউপদেষ্টা কমিটির ৬২তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker: I think the motion is adopted. The motion is adopted.

মাননীয় সদস্যগণ আপনারা জানেন যে আমাদের দেশে বর্তমান যা পরিস্থিতি করোনা নিয়ে, আমাদের অল পার্টির মিটিংএ আমাদের পরিষদীয় দলের মন্ত্রী পার্থ চ্যাটার্জী সহ, বিরোধী দলের সমস্ত সদস্য, সবাই আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি কালকে আমাদের অধিবেশন শেষ হয়ে যাবে।

Discussion and Voting on Demands for Grants

DEMAND NO. 15 & DEMAND NO. 70

Mr. Speaker: Now the business is Demand no. 15 that relates to School Education and Demand No. 70 relates to Higher Education. Both the demands will be taken together and voting will be done separately.

There is one cut motion to Demand No. 15. The cut motion is in order and Hon'ble Member, Shri Sk. Amjad Hossain may now move his motion.

Shri Sk. Amjad Hossain: Hon'ble Speaker, Sir, I beg to move that the amount of the demand be reduced to Re.1-.

শ্রী নেপাল মাহাত: অনারেব্‌ল্ স্পীকার স্যার, আজকে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ডিম্যান্ড নাম্বার -১৫ এবং ডিম্যান্ড নাম্বার-৭০ যথাক্রমে হায়ার এডুকেশান এবং সেকেন্ডারী এডুকেশানের যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন আজকে বিধানসভায়, এই নিয়ে আমি কথা বলছি এবং তার সঙ্গে আমাদের যে কাটমোশান আছে ১৫ নাম্বার ডিম্যান্ডে তাকে সমর্থন করে আমি দুই-একটা কথা বলছি স্যার। আমরা এই বাজেটে দেখলাম, দীর্ঘদিন আমি দেখছি, এডুকেশানের বাজেট বরাবরই পেশ হচ্ছে এবং এখানে মূলত কয়েকটা বিষয়ের উপরে উনি গুরুত্ব দিয়েছেন দেখছি, ড্রেস দেওয়া, শিক্ষক দিবস উদ্‌যাপন, কৃতী পরীক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া ইত্যাদি অনেক কিছু বলেছেন। হায়ার এডুকেশানেও সেই ধরনের অনেকগুলো কথা বলেছেন, বিশেষ করে বিশ্ববিদ্যালয় যে করা হয়েছে অনেকগুলো প্রাইভেট এবং গভর্ণমেন্টের সেগুলো তিনি বলেছেন, নতুন নতুন কলেজ খোলার কথা উনি বলেছেন। আমি শুধু এই সেকেন্ডারী এডুকেশান নিয়ে ছোট্ট দুই-একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে আজকে এই মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্কুলে যে বাজেট উনি পেশ করেছেন, তাতে খুব কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় আমি ওনাকে বলতে চাই।

যেটা হচ্ছে শিক্ষক নিয়োগের বিষয়টা। বিশেষ করে গ্রামীণ স্কুলগুলোতে শিক্ষক নিয়োগ না হওয়ার জন্য আজকে একটা ভয়াবহ পরিস্থিতি তৈরী হয়েছে সেকেন্ডারি এবং এইচ. এস. সেকশানে। আমি স্যার উদাহরণ দিয়ে বলতে পারি একটা প্রজেক্ট আছে - আপার প্রাইমারী,

জুনিয়র হাই। আমি এই সম্বন্ধেও দু-একটি কথা বলব। এই শিক্ষক নিয়োগের ব্যাপারে বিভিন্ন সময় বিভিন্ন আলোচনা এখানে হয়েছে। টেট পরীক্ষার যে অনিয়ম, সেই নিয়েও আমরা আলোচনা করেছি। আমি বহু বার বলেছি বিশেষ করে এই টেট পরীক্ষাতে যে নিয়ম নীতি মানার, স্বচ্ছতা মানার দরকার ছিল, সেটা না মানার জন্য আজকে হাইকোর্টে প্রচুর কেস হয়ে বিভিন্ন ভাবে নিয়োগ প্রক্রিয়াটা বন্ধ হয়ে বসে আছে। এখানে কয়েকটা বিষয়ের মধ্যে মেরিট স্টুডেন্টরা যেমন ডিপ্রাইভড হয়েছে, তেমনি রিজার্ভেশনের ক্ষেত্রেও আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাই, কাউকে বলার দরকার নেই, উনি নিজে ভেরিফিকেশান করে যদি দেখেন এখানে রিজার্ভেশন সিস্টেম মানা হয় নি, যতগুলো অ্যাপয়ন্টমেন্ট হয়েছে, এটা আমি আগেও বলেছি, এখনও বলছি। আজকে এই বিষয়গুলোকে সামনে রেখে দীর্ঘ দিন ধরে এই শিক্ষক নিয়োগের দীর্ঘসূত্রীতার জন্য বহু ভাবে স্কুলগুলোর পঠনপাঠনের প্রচুর অসুবিধা হচ্ছে। স্কুল খুলেছেন, এইচ.এস. হয়েছে, আপার প্রাইমারী হয়েছে, কিন্তু বাস্তব চিত্রটা অন্য রকম হয়ে গেছে। আমি শুধু দু-চারটি উদাহরণ দেব। আমার বিধানসভাতে আপার প্রাইমারী স্কুল আছে ডুর্গি বলে একটা জায়গায়। সেখানে নো টিচার, একটাও শিক্ষক নেই। নো রেগুলার টিচার। বাগঝালদাতে আছে নো রেগুলার টিচার। বোরুয়াকোচা একটা আদিবাসী এলাকা, যেখানে খুব দরকার, নো রেগুলার টিচার। জামবাদে একটা হাই স্কুল করা হয়েছে আড়ষা পি. এস.-এর, পুরুলিয়া জেলার কথা বলছি, সেখানে একটা হাইস্কুল দু'জন টিচার দিয়ে চলছে, অনলি টু টিচার্স। আজকে এই ধরনের একটা পরিস্থিতি তৈরী হয়েছে। অদ্যনা আপার প্রাইমারী স্কুল - একজন মাত্র টিচার। এইচ. এস. টিচারের অভাবে আমার বিধানসভাতে, আমি আগেও বলেছি এখনও বলছি, হিন্দী হাই স্কুল- যেটা সব থেকে গুরুত্বপূর্ণ, ঝালদা শহরের বুকে এইচ. এস. স্কুল, সেখানে টিচার না থাকার জন্য এইচ এস সেকশানটা উঠে গেছে। রামাশ্রম এইচ এস স্কুল - টিচার নেই বলে এইচ. এস. সেকশান উঠে গেছে। হ্যাসায়ত এইচ. এস. স্কুল - টিচার নেই বলে এইচ. এস, সেকশান উঠে গেছে। তাহলে এই একটা পরিস্থিতি তৈরী হয়েছে। আপনি জুতো দিচ্ছেন, ড্রেস দিচ্ছেন, সবই ঠিক আছে। কিন্তু এডুকেশানের মূল যে বিষয়টা, যেটা হচ্ছে - শিক্ষক নিয়োগ এবং শিক্ষক না থাকলে পঠন-পাঠন হবে না, এই বিষয়টাকে চিন্তা-ভাবনা আপনার করা উচিত ছিল এই বাজেটে, একটা বিকল্প রাস্তা বার করা উচিত ছিল। কি ভাবে কত দিন এই দীর্ঘসূত্রীতা করা যায়, এই বিষয় চিন্তা-ভাবনা নিশ্চয়ই আপনি করবেন, সেই বিশ্বাস আছে। আমি এই জায়গায় একটা কথা মাননীয় শিক্ষামন্ত্রীকে বলতে চাই, আপার প্রাইমারী কনসেপ্টটা একটু রিথিঙ্কিং করলে ভালো হয় কারণ আপার প্রাইমারী জুনিয়র হাই স্কুল একটা প্রাইমারী থেকে আপনি করছেন, টিচার দিতে পারছেন না। যে স্কুলগুলোতে (জুনিয়র হাই) যেখানে শুধুমাত্র এইট পর্যন্ত আছে, সেখানে বাচ্চারা ভর্তি হতে চায় না কারণ, তারা নাইনে গিয়ে আবার কোথায় ভর্তি হবে, এই নিয়ে একটা দুশ্চিন্তাগ্রস্ত হয়। সে জন্য এই বিষয়টাকে আপনি যদি একটু চিন্তা-ভাবনা করেন, আপার প্রাইমারী খোলার ব্যাপারটা কতটা সঠিক, এই বিষয়টা নিয়ে যদি একটু চিন্তা-ভাবনা করেন, আমার মনে হয় ভালো হয় কারণ বাস্তব চিত্রটা হচ্ছে টিচার দিতে পারবেন

না, এখন তারা ক্লাস নাইনে ভর্তি হওয়ারও সুযোগটা থেকে বঞ্চিত হচ্ছে। আমি এটা বাস্তব অভিজ্ঞতার কথা বলছি। আজকে তাই স্যার এই বিষয়টা আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে দেখার জন্য আমি অনুরোধ করছি। স্যার, আমি আর দুটো কথা বলতে চাই এই সেকেন্ডারী টিচার সম্পর্কে। বিশেষ করে কম্পিউটারের টিচারগুলো, মাঝেমধ্যে আমি খবরের কাগজে দেখেছিলাম। এই কম্পিউটার টিচারের ব্যাপারে আপনাকে একটা স্কুলের হাতে কিছু ক্ষমতা দিতে হবে। আদারওয়াইজ কম্পিউটার টিচারের কম্পিউটারগুলো চালানো মুশকিল হয়ে যাচ্ছে কারণ তাদের স্কুল থেকে পেমেন্ট করতে হয় বা অনেকে এস.এস.সি. থেকে আসছে না। এই যুগে যেখানে কম্পিউটার শিক্ষাটা বাধ্যতামূলক হয়ে যাচ্ছে, এই জায়গাতে কম্পিউটার টিচারের ব্যাপারে আপনাকে একটা বিশেষ চিন্তাভাবনা করতে হবে। তা নাহলে যে স্কুলগুলো আছে, সেই স্কুলগুলোতে কম্পিউটার করানো আমাদের ক্ষেত্রে সহজ হবে না বলে আমার মনে হচ্ছে।

[2:10 – 2:20 p.m.]

আজকে স্যার, আমি যদি উচ্চশিক্ষাতে আসি তাহলে উচ্চশিক্ষাতে আমি দেখতে পাচ্ছি যে, বিশেষ করে কলেজগুলোতে আপনার স্থায়ী শিক্ষকের সংখ্যা হচ্ছে ১৬ হাজার এবং যারা অস্থায়ী তারা প্রায় ১৩ হাজার ৫০০। তাদের মধ্যে জেলাভিত্তিক যে অস্থায়ী শিক্ষকরা আছে তাতে কলকাতাতে আছে প্রায় দু'হাজার, উত্তরবঙ্গে ১৩০০, দুই চব্বিশ পরগণায় অন্তত ২৩০০, মেদিনীপুর এবং পুরুলিয়াতে ২৫০০, বর্ধমান-বাঁকুড়া ২২০০ অর্থাৎ, অস্থায়ী শিক্ষকের ওপরেই ভিত্তি করেই আপনাকে চলতে হচ্ছে। এখানে ১৬ হাজার শিক্ষকের মধ্যে গভর্ণমেন্ট এডেড্ ১৪ হাজার ৫০০ রেগুলার টিচার আছে। বাকি সরকারিতে ১৭০০ আছে। আজকে এই বিষয়টিতে চিন্তা-ভাবনা করে আপনি একটা প্রকল্প করেছেন বা মাননীয়া মুখ্যমন্ত্রীও সেটা বলেছিলেন, State Aided College Teacher. State Aided College Teacher যেটা করেছেন যাদের সর্বাধিক বেতন ৩৫ হাজার, একটা আপনার গভর্ণমেন্ট অর্ডার বেরিয়েছে। সর্বনিম্নটা ২০ হাজার। এই বিষয়টাতে আমি জানতে চাইছি স্যার, এই State Aided College Teacher এ পার্ট টাইম, কন্ট্রাক্টচুয়াল এবং গেস্ট টিচার - এদের এ্যাপয়েন্টমেন্টের প্রসিডিওরটা তিনজনের তিন রকম আছে। তাহলে State Aided College Teacher যেটা এটাতে একটা ইউনিফর্ম কোনো সিস্টেম করেছেন বা এই বিষয়টা কি? যদি একটু ভালো করে বলেন যেহেতু এটা একটা ছাতার তলায় নিয়ে আসার চেষ্টা করেছেন। তাহলে এদের এ্যাপয়েন্টমেন্টের প্রসিডিউর-টা কি? কি ভাবে এটা করার আপনি চেষ্টা করছেন? কারণ আমার কাছে যা হিসাব আছে তাতে ৫ হাজার ৫০০জন পার্ট টাইম টিচার, ৫৫০জন কন্ট্রাক্টচুয়াল, ৮ হাজার ৫০০জন আছে গেস্ট টিচার। এই গোটা বিষয়টা নিয়ে চিন্তা-ভাবনা করার অনুরোধ করছি কারণ তারা প্রচুর পরিশ্রম করছে কলেজে। আজকে এদের রিটায়ারের বয়সটা ষাট বছর করেছেন। Why not 65? কারণ কলেজ টিচারদের যদি ৬৫ করেন তাহলে এদেরকে ষাট বছর রাখার দরকারটা কি। ৬৫ এটা করে দিন। এদের টাকা পাওয়ার বিষয়টাতে তাদের আর একটু বেশি টাকা পাওয়া উচিৎ বলে আমি মনে করি যদিও আপনি রিভাইজড় করে একটা ভদ্রস্থ পরিস্থিতে এটা আনার চেষ্টা করেছেন।

আমি স্যার, আপনার মাধ্যমে বাজেটের এই যে হিসাবগুলো আপনারা দিচ্ছেন তাতে ছোট্ট দু'-একটা উদাহরণ আমি দিচ্ছি। আজকে যে পারফর্মেন্স রিপোর্ট আপনি যেটা দিয়েছেন তাতে আমি দু'-তিনটি উদাহরণ দিয়ে দেখব যে আপনি বাজেটে এ্যালোকেশন করছেন কিন্তু প্রকৃত বিষয়টা কি? আমি লক্ষ্য করে দেখলাম development of government B.ED college, এখানে ২ কোটি ৮৫ লক্ষ টাকা ২০১৯-২০ সালে আপনি স্যাংশান করেছিলেন গভর্ণমেন্ট বি.এড. কলেজের ডেভলপমেন্ট করার জন্য। রিভাইজড এস্টিমেট ছিল ২ কোটি ৮৫ লক্ষ টাকা। ফাণ্ড রিলিজ হ'ল, ১ কোটি ৯১ লক্ষ ৮১ হাজার টাকা। এবং ফাণ্ড ইউটিলাইজড্ হ'ল মাত্র ১ কোটি ১১ লক্ষ ৬১ হাজার টাকা অর্থাৎ, ২ কোটি থেকে ১ কোটি ইউটিলাইজেশন চলে এলো development of government B.ED college. যেখানে বি.এডের যোগ্যতা এখন কম্পালসারি করেছে টিচারশিপের জন্য। এবং এই বি.এডে যারা প্রাইভেট তারা বিভিন্ন রকম ভাবে ঝামেলা, দুর্নীতি করে সেটা আমরা সকলে জানি। এই বিষয়টাতে গুরুত্ব দেওয়া প্রয়োজন। আপনার ফাণ্ড কিন্তু এ্যালোকেশান করা সত্ত্বেও সঠিকভাবে ইউটিলাইজ হয় নি।

রাষ্ট্রীয় শিক্ষা অভিযান যেটা করেছেন, উচ্চতর শিক্ষা অভিযান তাতে দেখা যাচ্ছে ২০১৯-২০ তে আপনি ৬৫০ কোটি ৬০ লক্ষ টাকা বাজেট প্রভিশানে রেখেছেন। রিভাইজে আছে ৫১৫ কোটি ৯৮ লক্ষ ৬০ হাজার টাকা। ফাণ্ড রিলিজ করেছেন ৪০৫ কোটি ৬১ লক্ষ টাকা। ইউটিলাইজ্ড হয়েছে মাত্র ৩২ কোটি ১৯ লক্ষ ৬৪ হাজার টাকা। আজকে এই বিষয়গুলো দেখতে হবে।

আমার স্যার, একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় যেটা আপনার মাধ্যমে মাননীয় পার্থবাবুকে বলতে চাই, সেটা হ'ল বায়োটেকনোলজি। বায়োটেকনোলজির যে বিষয়টা আপনি রেখেছেন এখানে, কিছু কিছু ফাণ্ড এ্যালোকেশন করেছিলেন তাতে ২০১৯-২০ তে ১৮ কোটি ২৮ লক্ষ স্যাংশান করা হয়েছিল। রিভাইজ্ডে হয়েছিল ১৮ কোটি ২৮ লক্ষ টাকা। ফান্ড রিলিজ হয়েছিল ১৩ কোটি ৭১ লক্ষ টাকা। কিন্তু ফান্ড ইউটিলাইজ হয়েছে মাত্র ১ কোটি ৩৬ লক্ষ টাকা। এটা আপনার বায়োটেকনোলজির চেহারা। আজকে বাজেট দেওয়া হয়েছে রিসার্চের জন্য। Bio-technology-র researchএর জন্য ২৫ কোটি টাকা আপনি স্যাংশন করেছিলেন। রিভাইজ্ডেও ২৫ কোটি টাকা ছিল। ফান্ড রিলিজ করেছিলেন ১৮ কোটি টাকা। কিন্তু খরচ হয়েছে মাত্র ৩৭ লক্ষ টাকা। এই বিষয়গুলো কেন হচ্ছে? আমরা বাজেটে ডিবেট করছি, উন্নয়নের কথা বলছি কিন্তু যেখানে খরচ হওয়ার কথা, যেখানে উন্নয়ন হওয়ার কথা সেই জায়গাতে কিন্তু আমরা আটকে যাচ্ছি।

আজকে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে বিষয়টা, আপনি বাজেট অ্যালোকেশানে করেছেন Scheduled Castes-এর উন্নয়নের জন্য ১ কোটি টাকা। ফান্ড রিলিজ হয়েছে ৭৫ লক্ষ টাকা। আর, ফান্ড ইউটিলাইজ হয়েছে 'শূণ্য'। এই হচ্ছে Scheduled Castesএর performance report. রিপোর্ট আছে আমার কাছে। ১ কোটি টাকা রিভাইজ্ড এষ্টিমেটসে রেখেছেন। ফান্ড রিলিজ হয়েছে ৭৫ লক্ষ টাকা। কিন্তু ফান্ড utilization nil.

এবারে Scheduled Tribes. এদের উন্নয়নের জন্য আপনি রেখেছিলেন ৫০ লক্ষ টাকা। Fund release হয়েছে ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা। ইউটিলাইজ নিল। আদিবাসীদেরও এই ধরনের পরিস্থিতি উচ্চশিক্ষার ক্ষেত্রে হচ্ছে। টাকা দিচ্ছেন কিন্তু খরচ হচ্ছে না কেন ? এই বিষয়টা একটু দেখার জন্য অনুরোধ করছি।

আমি এই বক্তৃতার শেষে আপনাকে একটা বিষয়ে ধন্যবাদ জানাই। এটা আরেকবার চিন্তা করার বিষয়। সেটা হচ্ছে জেলাভিত্তিক শিক্ষক নিয়োগ। এই বিষয়টা নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীও বলেছিলেন পরবর্তীকালে আপনারা এ বিষয়ে একটা সিদ্ধান্ত নিচ্ছেন। আমি বলতে চাই, এটা অবিলম্বে করা দরকার। বিশেষ করে শিক্ষকের জন্য। এবং এই বিষয়ে বহু জায়গায় বিভিন্ন রকম অভিযোগ আছে। বিভিন্ন জেলার চাকুরী প্রার্থীরা ডিপ্রাইভ্ড হচ্ছেন। জেলাভিত্তিক শিক্ষক নিয়োগের এই প্রথাটাকে সঠিকভাবে একটা নীতি করে আপনি করুন। এই কথা বলে এবং আমাদের কাট মোশান সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে অভিযাচন নম্বর ১৫ বিদ্যালয় শিক্ষা খাতে ব্যয়বরাদ্দের উপস্থাপনা প্রসঙ্গে এবং অভিযাচন নম্বর ৭০ উচ্চশিক্ষা বিভাগের ব্যয়বরাদ্দের উপস্থাপনা প্রসঙ্গে ডঃ পার্থ চট্টোপাধ্যায় যে রিপোর্ট সভায় পেশ করেছেন তার সমর্থনে আমি দু'একটা কথা বলতে চাই।

যে কোন শিক্ষা বাজেটের ওপরে কিছু বলতে গেলে আমার মনে হয় তার দুটো দিক থাকে, বিশেষ করে বাজেট ভাষণের । একটি সংখ্যার দিক অর্থাৎ কত টাকা বরাদ্দ ছিল, কত টাকা খরচ হল, কত টাকার অব্যয় হল, কত টাকার অপব্যয় হল। সেই সম্বন্ধে আলোচনা। আরেকটা থাকে বাজেটে ভিতরের দিক। বাজেটের চরিত্র। সেটা হচ্ছে আসল শিক্ষার সাংখ্য দর্শন, সংখ্যা দর্শন নয়। সেখানে থাকে শিক্ষার দর্শন, অভিমুখ, বিস্তৃতি, কীভাবে আমরা এগিয়ে নিয়ে যাচ্ছি, তার জন্য আমাদের সরকারের প্রচেষ্টা বা সরকারের কী প্রচেষ্টা আছে তা নিয়ে বিস্তৃত আলোচনা। আমার আগে নেপাল মাহাত মহোদয় অত্যন্ত সুন্দরভাবে কিছু প্রশংসা করে আবার কিছু কিছু সমালোচনার ভঙ্গীতে বাজেটের একটা বিস্তৃত বিশ্লেষণ করার চেষ্টা করেছেন। আমিও আমার দৃষ্টিভঙ্গিতে খুব সামান্য কিছু বলবো। এই বাজেটের সামগ্রিক আলোচনা করতে গেলে অনেক সময় যাবে। সেই সময় আমি নেবো না।

আমি বিদ্যালয় শিক্ষা খাতে ব্যয়বরাদ্দ যেটা হয়েছে সেই ব্যয়বরাদ্দের কিছু কথা এই সদনে উপস্থাপিত করতে চাই। একজন অবসরপ্রাপ্ত শিক্ষক হিসাবে আমার মনে হয়েছে সত্যি সত্যিই শিক্ষার অগ্রগতি হচ্ছে কি হচ্ছে না সে সম্বন্ধে আমাদের ধ্যান ধারণা কতটুকু স্পষ্ট।

[2:20 – 2:30 p.m.]

আমি বলার আগে ২০১০-১১ র যুক্তফ্রন্ট সরকারের, বামফ্রন্ট সরকারের যে শেষ বাজেট ছিল তাতে দেখছিলাম যে এই বিদ্যালয় শিক্ষার জন্য কত ব্যয় ধরা হয়েছিল? এবং আজকে ২০২০-২১

এর বাজেটে কত টাকা ধরা হচ্ছে? আমি সংখ্যাটা নিশ্চয়ই উল্লেখ করবো, এই সংখ্যাটা প্রায় দ্বিগুণ, তারও বেশি। একটি শিক্ষাখাতে যে পরিমাণ খরচ বাড়ছে সেটা নিঃসন্দেহে একটা উন্নতির লেখচিত্র। আমি ধন্যবাদ জানাই এই শিক্ষার প্রগতির জন্য। কিন্তু আমি আগেই বলেছি শুধুমাত্র উন্নতি নয়, আর্থিক উন্নতি নয়, বরাদ্দকৃত অর্থের উন্নতি নয় সেটা কি কি খাতে ব্যয়িত হচ্ছে। সেই খাতগুলো নির্দিষ্ট করা ছিল অনেক আগেই। কিছু কিছু নির্দিষ্ট খাত করা হয়েছে আবার। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখছি অনেক অনেক নতুন নতুন খাতে ব্যয় হচ্ছে। মাননীয় ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহোদয় তিনি এই সদনেই অন্য প্রসঙ্গে বলেছিলেন শিক্ষার লক্ষ্য অন্তত সরকার যে চেষ্টা করছে তিনটি জায়গায় - Excellence, expansion, equity. এই তিনটির শর্ত বজায় রেখে সেই শিক্ষার ধারাকে বিভিন্ন জায়গায় প্রবাহিত করার একটা অনলস চেষ্টা এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। আমরা বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি - আমরা এতদিন ধরে যে নিন্দে করি শিক্ষার, শুধু জীবিকামুখী শিক্ষাকে আমরা জোর দিয়েছি, জীবনমুখী শিক্ষাকে আমরা অবহেলা করেছি। এই অবহেলার সুযোগ নিয়ে কিছু কিছু আগাছার মতন মানুষ শিক্ষার জায়গায় অন্যত্র কিছু ধর্ম চেতনার কথা, অন্যত্র কিছু শিক্ষার সঙ্গে সম্পূর্ণ পরিপন্থী চেতনার সঙ্গে মিশ্রণ করবার চেষ্টা করে। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের রীতি এবং নীতি - নীতি শিক্ষা এবং বিষয় শিক্ষা দুটোর ওপর সমান গুরুত্ব অর্পণ করতে হবে। বিষয় শিক্ষার ওপর গুরুত্ব অর্পণ করতে গিয়ে আমরা অনেক কিছু দেখেছি। কিন্তু নীতি শিক্ষা অর্থাৎ যে students' unrest তাকে বন্ধ করার জন্য যেটুকুর প্রয়োজন, সেই প্রয়োজন সিদ্ধি করছে আজকের বর্তমান বাজেটের উপস্থাপনা। আমরা দেখেছি এরই মধ্যে লুকিয়ে আছে অনেক অনেক বীজ। যেখানে আমাদের মধ্যে দেশাত্মবোধ, যেখানে আমাদের মধ্যে সৌভাতৃত্বের চেতনা, যেখানে আমাদের মধ্যে নৈতিক জাগরণ, যেখানে আমাদের মধ্যে সামাজিক ব্যক্তিত্বের স্ফুরণ এমন অনেক অনেক দ্যোতনা এই বাজেটের মধ্যে আছে এবং উল্লেখও করা হয়েছে। তাই আমি এই বাজেটকে একটা ইতিবাচক বাজেট বলে মনে করছি, ইতিবাচক ভাষণ বলে মনে করছি। আমি এই প্রসঙ্গে অতি সংক্ষেপে দু একটি কথা বলতে চাই। সব জিনিস ভাল নয়। নিঃসন্দেহে বসন্তকাল যেমন ভাল কিন্তু সেই বসন্তকালের মধ্যেও কখনও কখনও ঝরা পাতার খেলা চলে, কখনও কখনও ফোটা ফুলের মেলা চলে। এই বাজেটের মধ্যে অনেক জায়গায় ফোটা ফুলের মেলা আছে। আবার কোন কোন জায়গায় ঝরা ফুলের পাতার খেলা আছে বলে কোন কোন জায়গায় বিরোধীরা ইঙ্গিত করছেন। সেই ইঙ্গিতটুকু কি? সেই ইঙ্গিতটুকু এখনও পর্যন্ত আভাসিত হয়ে আছে, ইতঃস্তত বাতাসে উড়ছে। সেই ইঙ্গিতটুকু হচ্ছে এটাই এত ভাল ব্যবস্থা, এত অর্থ, এত তার প্রচেষ্টা তা সত্ত্বেও কেন ছাত্রদের মধ্যে অশান্তি ধূমায়িত হচ্ছে? ছাত্রদের মধ্যে অসন্তোষ কেন চারিদিকে বেড়ে উঠছে? তার জন্য কি দাওয়াই? আমি আবেদন করবো এই সদনে যাঁরা সদস্য আছেন তাঁদের কাছে আপনার মাধ্যমে এবং সবার কাছে যে একজন দায়িত্বশীল সদস্য হিসাবে অন্তত সেইটুকু বলা উচিত যা দরকার দেওয়া হচ্ছে।

যা দেওয়া হচ্ছে সরকার দিচ্ছে এবং যে ব্যবস্থা নেওয়ার কথা নেওয়া হচ্ছে। শিক্ষকদের যা দেয় তা দেওয়া হচ্ছে। তাদের সমস্ত প্রাপ্তি যোগ এইমাত্র উল্লেখ করলেন নেপালবাবু যে

শিক্ষকদের জেলাভিত্তিক করার যে প্রচেষ্টা যেখানে শিক্ষকরা সত্যি সত্যি স্বস্তির সঙ্গে শিক্ষাদান কার্য শেষ করতে পারবে এটা নিঃসন্দেহে প্রসংশনীয় ব্যাপার এবং সেটা হয়েছে। সঙ্গে সঙ্গে কালকে একজন আমাকে ফোন করেছিল বাজেট বক্তৃতার মধ্যে এটা উল্লেখ করবেন আমরা যারা চুক্তিভিত্তিক অধ্যাপক, আমরা যারা অতিথি অধ্যাপক, আমরা যারা আংশিক সময়ের অধ্যাপক নিন্দিত, অবহেলিত, উপেক্ষার আবিল দৃষ্টিতে থাকতাম বৃত্তের মধ্যে সেই জায়গায় আমাদের মা-মাটি-মানুষের সরকার ডঃ পার্থ চট্টোপাধ্যায়ের প্রশংসা করে তিনি বললেন আমাদের মূল শিক্ষার বৃত্তের মধ্যে এনেছেন। আমাদের চাকরিকে নিশ্চিত করেছেন। আমাদের বেতনক্রমকে সুবিন্যস্ত করেছেন। আমাদের মর্যাদা দিয়েছেন। সেই জন্য আমরা সবই করছি আমাদের শিক্ষকদের জন্য যেমন করছি, শিক্ষা ব্যবস্থার জন্য যেমন করছি তেমনি ছাত্রদের জন্য বিভিন্ন জায়গায় পরিকাঠামোগত যে যে ব্যাপার আছে যা যা করা দরকার, জায়গা থেকে আরম্ভ করে সমস্ত। এমনকি রাষ্ট্র অভিযান শিক্ষা, সর্ব শিক্ষা এবং শিক্ষক শিক্ষণ প্রচেষ্টা মিলে যে একটা ব্যাপক শিক্ষা আমরা চালু করেছি সর্ব শিক্ষা সেই প্রকল্পের মধ্যে দিয়ে যে যে অভিযানগুলো হয়েছে, সেই অভিযানগুলো এক, দুই, তিন নম্বর করে ১১ দফা, ১০ দফা, ২১ দফা, বিভিন্ন দফার লিখিত রূপ দিয়ে এই বাজেটের মধ্যে আছে আমরা লক্ষ্য করেছি। ছাত্রদের জন্য ব্যবস্থা করা হচ্ছে। কারিকুলামের ব্যবস্থা করা হচ্ছে। এত সংস্পর্শপূর্ণ ব্যাপার যে একটা জায়গায় এই সদনে উত্থাপিত হয়েছিল ক্ষুদিরাম বসুকে বলা হয়েছিল সন্ত্রাসবাদী একজন মাননীয় সদস্য উত্থাপিত করেছিলেন। সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষা মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় উল্লেখ করে বললেন তাই নাকি। আমরা দেখবো, কমিটি করে দিলেন এবং সেটা শেষে দুরীকৃত হল অর্থাৎ সিলেবাসের মধ্যে পাঠ্য প্রক্রিয়ার মধ্যে, পঠিতব্য বইয়ের মধ্যে যাতে কোন ভুলভ্রান্তি না থাকে, যা জাতীয় চেতনাকে রুদ্ধ করে, আমাদের ভাবাবেগকে ক্ষুন্ন করে এমন যদি কিছু থাকে তাও উপড়ে ফেলবার চেষ্টা তিনি স্বজ্ঞানে করেছেন। আমরা উল্লেখ করতে চাই, শুধুমাত্র তাই নয় যারা গরিব তাদের পড়াশুনার মেধা আছে অর্থ নেই, তাদের জন্য অর্থের যোগান দিয়েছেন এবং মেধার স্বীকৃতি হিসাবে তাদের জন্য বৃত্তি নির্দিষ্ট করেছেন। সেই বৃত্তিগুলোর নামকরণ করেছেন এমন মনীষীদের নাম দিয়ে স্বামী বিবেকানন্দের নাম দিয়ে। যে স্বামী বিবেকানন্দের চেতনার মধ্যে আছে সত্যি সত্যি কি খেলা চলে, শিক্ষা বলতে তিনি কি বুঝতেন। আমি অনুরোধ করবো সমস্ত মানুষকে, শুধু এই সদনের সমস্ত সদস্যের নয়, সমস্ত যারা শিক্ষাপিপাসু মানুষ আছেন তাঁদের সত্যি সত্যি আমরা শিক্ষাকে একটা ছোট্ট জায়গায় বদ্ধ করে রাখবো ? আমরা কি শিক্ষাকে ছড়িয়ে দেব না? আমরা কি সক্রেটেসিয় শিক্ষার ধারায় যাব না। সেই যে মুক্ত শিক্ষা, সেই শিক্ষার প্রচলন যাঁরা করেছেন সেই জায়গায় আমাদের সরকারের এই বাজেট। আমরা জানি মধ্যশিক্ষা পর্ষদ আছে, উচ্চশিক্ষা সংসদ আছে। সঙ্গে সঙ্গে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় পর্ষদ আছে। আমি কালকে একজনের কাছে শুনছিলাম। আমার বাড়িতে সে ড্রাইভিং করে। ড্রাইভিং করতে করতে সে হঠাৎ তার ছেলেকে ভর্তি করে দিয়েছিল প্রাইমারি স্কুলে সে বছর দুই তিন হয়ে গেল। ছেলে পড়ছে, বাবাও লুকিয়ে লুকিয়ে পড়ছে। বয়স হয়েছে কিন্তু লেখাপড়ার আগ্রহ যায় নি। কোথায়ও কি পাবে এটা

? কালকে সে এনে দিল আমাকে তার প্রগ্রেস রিপোর্ট, সে পাস করেছে। আনন্দে উদ্ভাসিত তার মন। বিদ্যালয়ের স্রোতে যেতে পারে নি। বিদ্যালয়ের মধ্যে পড়তে পারি নি, কিন্তু এই সরকার এই ধরনের মুক্ত শিক্ষার ধারায় স্নান করিয়েছে। আমরা শিক্ষিত হয়েছি, স্নাত হয়েছি, পবিত্র হয়েছি। এই যে চেতনা চারিদিকে বিস্তার হয়ে যাচ্ছে। নিঃসন্দেহে এটা সদর্থক দিক। আমরা বলবো এই বাজেটে যেটুকু আছে, যে ব্যাপারগুলো আছে, সেই ব্যাপারগুলোর মধ্যে যেখানে যেখানে ইঙ্গিত আছে সেই ইঙ্গিতগুলো আর একটু স্ফুটিতর করার দায়িত্ব আমাদের শিক্ষকদের। আমাদের যারা শিক্ষার প্রক্রিয়ার সঙ্গে যুক্ত। আমাদের যারা শিক্ষা প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছিলাম।

[2:30 – 2:40 p.m.]

আমাদের যারা শিক্ষা প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ছিলাম। ইতিমধ্যেই অভিনন্দন জানানো হয়েছে, নেপাল মাহাতো জানিয়েছেন, আমিও জানাচ্ছি, যারা জেলাভিত্তিক আসবেন। কিন্তু একটি শিক্ষাকে শুধুমাত্র বিষয় শিক্ষার মধ্যে আবদ্ধ করে রাখলে, শুধুমাত্র জীবিকার মধ্যে আবদ্ধ করে রাখলে, শুধুমাত্র আমাদের ই-শিক্ষার প্রবর্তন করলে শিক্ষা সম্পূর্ণ হয়। শিক্ষার যেমন যন্ত্র দরকার, তেমনই শিক্ষার জন্য যন্ত্রী দরকার। শিক্ষার যেমন মগজ দরকার, তেমনি শিক্ষার জন্য হৃদয় দরকার। শিক্ষক শুধু তথ্য দেবেন না, জ্ঞান দেবেননা। রবীন্দ্রনাথ বলতেন যাঁরা যথার্থ শিক্ষক, তাঁরা জ্ঞানের সঙ্গে সঙ্গে প্রাণও দেবেন, হৃদয় বিনিময় করবেন। সেই হৃদয় বিনিময়ের শিক্ষা, সেই প্রাণের শিক্ষা নেই বলে কোথাও কোথাও নিঃসন্দেহে একটি অসন্তোষ ধূমায়িত হচ্ছে। সেই অসন্তোষ দূরীকরণের জন্য কিছু দাওয়াইয়ের ইঙ্গিত আমি এই বাজেটের মধ্যে খুঁজে পেয়েছি। কিছু টোটকা এই বাজেটের মধ্যে খুঁজে পাওয়া গেছে, সেটাই আমার মনে হচ্ছে। কত টাকা বরাদ্দ হল, তারচেয়ে অনেক অনেক বড় কথা আমাদের এই অসন্তোষ যা পুঞ্জীভূত হচ্ছে, তাকে কি করে বিলীয়মান করা যায়, তার একটা প্রস্তুতির পথ আমরা এই বাজেটে খুঁজে পেয়েছি। আমরা যেমন উচ্চতর শিক্ষার মধ্যে, যেটা উল্লেখ করলেন নেপাল মাহাতো মহোদয়, তিনি উল্লেখ করলেন বায়োটেকনোলজি, আমরা যারা এভিডেন্সে ছিলাম, আমরা জানি যে রিপোর্ট পেশ করেছি, আমরাও করেছি সেই জায়গায়, স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হিসাবে আমাকেও থাকতে হয়েছিল, আমরা প্রশ্ন করেছিলাম এবং একই প্রশ্ন করেছি ডিপার্টমেন্টকে যে কি জন্য হয়নি। যে উত্তর ভেসে এসেছে, সেই উত্তর হচ্ছে এটাই যে সত্যি সত্যি আমাদের এই ধরনের স্কিল্ড্ শিক্ষক কম। আমরা ডিপার্টমেন্টকে জিজ্ঞাসা করেছিলাম, যারা সরকারের নীতি, পলিসি ইমপ্লিমেন্ট করে, সেই ডিপার্টমেন্টের লোকেরা বলেছেন, তাঁরা স্বীকারও করেছেন এবং যেটা মাহাতোবাবু বললেন, সেটা ইতিমধ্যেই সরকার বুঝেছেন, ইতিমধ্যেই সরকার গ্রহণ করেছেন এবং সেই ব্যাপারে করবার চেষ্টা করছেন। এই বাজেট বিভিন্ন দিকে সদর্থক ইঙ্গিত দিচ্ছে, আলোকবাহী বাজেট। এই বাজেটকে পূর্ণ সমর্থন করছি এবং বরাদ্দকৃত যে টাকা আছে, সেই টাকার উল্লেখ শুধু আমি করব কারণ টেকনিক্যালভাবে উল্লেখ করতে হয়, নাহলে ব্যয় বরাদ্দের সমর্থনে বলার যৌক্তিকতা থাকে না। তাই আমি শুধু সেই উল্লেখটুকু করব। ডিম্যান্ড নম্বর ১৫ এ মাননীয় শিক্ষা মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী যে ৩০০৪০,০৫,৩৭০০০ বরাদ্দকৃত অর্থ ব্যয়ের অনুমতি প্রার্থনা করেছেন

পাঁচটি মেজর হেডে ২০২০-২১ এর মাধ্যমে, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং যে ধরনের দফাগুলো তিনি পেশ করেছেন এই লিখিত ভাষণের মধ্যে যে যা যা কাজ করেছেন, আমরা এই কাজগুলো করেছি, বিশ্বাসযোগ্যতা অর্জন করেছি, আমরা কথা দিয়ে কথা রেখেছি। নতুন ভাবে আবার কিছু কথা দিচ্ছি, রাখবার চেষ্টা করব, তার জন্য এই অর্থ ব্যয় করব। তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয় যে ১৫ নম্বর এবং ৭০ নম্বর ডিম্যান্ড আলোচনার জন্য নিয়ে এসেছেন, তা আলোচনা করতে গিয়ে শুরুতেই যে কথা বলতে হয় ১৫ নম্বর ডিম্যান্ডে স্কুল শিক্ষাতে যে, পনের বছরের বাচ্চা উইলিয়ামের লেখা আর্টিক্‌ল্‌ দি স্কুল দ্যাট আই উড লাইক, সেটা টেনেই স্যার বলতে হয় পার্থবাবু দোকান খুলেছেন স্যার, পসরা সাজিয়েছেন, খরিদ্দারও যাচ্ছে। কিন্তু দোকানে শুধু দোকানদারের অভাব, দোকানদার নেই। এই মুহূর্তে পরিকাঠামোর চাইতে বড় ব্যাপার হয়ে উঠেছে যেটা, শিক্ষক নিয়োগের ব্যাপারটা অন্ততঃ স্কুল শিক্ষার ক্ষেত্রে। পার্থবাবু নিজেও জানেন, আমিও জানি, আমরা যারা এই পেশার সঙ্গে আছি আমরাও জানি, ভূক্তভোগী আমরা। স্কুল স্ট্যান্ডিং কমিটি যেখানে আছে, সেখানে আমরা স্কুল ভিজিটে যেতে লজ্জা পাচ্ছি। গেলেই ওই প্রশ্ন আসছে শিক্ষক নিয়োগ, এক ভয়ঙ্কর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ৯ বছরে একটা টেট পরীক্ষা, আজ অবধি তার নিয়োগ হয়নি।

একটা ভয়ঙ্কর অবস্থা হয়ে দাঁড়িয়েছে এই শিক্ষক নিয়োগ। উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে পার্থবাবু, এতো মুশকিলের ব্যাপার। এম.এল.এ - রা চাপ দিচ্ছেন, আমি পার্থবাবুকে দোষ দিই না। কি করবেন ? এম.এল.এ-রা চাপ দিচ্ছেন, এখন দলকে খুশি করতে হবে। আপগ্রেডেশন দিয়ে এইচ.এস, স্কুল বানিয়ে দিলেন। চলুন আমার ব্লকে একটার পর একটা এইচ.এস, স্কুল। সাবজেক্ট টিচার নেই। টিচার দিতে পারছেন না। একটা ভয়ঙ্কর অবস্থা হয়ে আছে এই শিক্ষক নিয়োগে। আর যেটুকু নিয়োগ করছে। আপনি দেখতে পাচ্ছেন। আপনি করছেন এটা আমরা বলছি না। মাননীয়া মুখ্যমন্ত্রী বলতে বাধ্য হচ্ছেন যে কাট মানিতে চলে গেছে দলটা। এত কাট মানির দাপট সব পরীক্ষাতে প্রশ্নপত্র লিক। আমি বলি কোন দোকান থেকে টায়ার কেনেন এতবার লিক হয়ে যায়। একটা প্রশ্ন এতবার ফাঁস, লিক করে সব জলাঞ্জলি যাচ্ছে, স্কুলে শিক্ষক নেই। এই ব্যাপারটাতে আপনি নজর দিন কত দ্রুত এটা ঠিকভাবে আনা যায়। স্যার, স্কুল ডিম্যান্ড বলতে গিয়ে যেখানে প্রতীচী ট্রাস্ট আর ন্যাশানাল প্রোডাক্টিভ কাউন্সিল রিপোর্ট এই দুটোর যা কিছু রিপোর্ট সামনে এসেছে সেই কয়েকটা খুব ছোট কথা বলব তারপর মূলত হায়ার এডুকেশানে চলে যাব। মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ২০১৯ সালে বিশ হাজার কমে গেল। এই বার প্রায় ৪০ হাজার কমে গেছে। মাধ্যমিক পরীক্ষার্থী যদি ৪০ হাজার কমে যায় তাহলে মাঝখানে ড্রপআউটটা কত সেটা একবার আন্দাজ করুন আপনারা। স্যার, ন্যাশানাল প্রোডাক্টিভ কাউন্সিল রিপোর্ট বলছে বেশির ভাগ দিনমজুর, ক্ষেতমজুর পরিবারের ছেলে মেয়েরা স্কুলছুট হচ্ছে। নর্থ দিনাজপুরে ৯৩%, মালদা ৯২%, মুর্শিদাবাদে ৭৩%। আবার তিনটেই মাইনরিটি জেলা স্যার।

এটা আমার রিপোর্ট নয়, সর্ব শিক্ষা মিশনের রিপোর্ট। স্যার, ২০১৫ সালে S.C স্টুডেন্ট ভর্তি হয়েছিল ১৭লক্ষ ৬৬ হাজার। ২০১৬-১৭ সালে সেটা নেমে গেল ১৫ লক্ষ ৫৬ হাজার। জানি না কেন তার পরের গুলি আর আপ ডেট করছেন না আপনার দপ্তর। কি হবে এটা লুকিয়ে ? সত্যিটা আসুক না সামনে। তাহলে রেমিডিটা বের করতে পারবেন আপনারা। S.T তাদেরও ২০১৫-১৬ সালে ৪ লক্ষ ১৭ হাজার সেটা নেমে গেল ৩ লক্ষ ৬৯ হাজার। মাইনরিটি ছিল ২০ লক্ষ ৪৮ হাজার নেমে গেল ১৮ লক্ষ ১৯ হাজারে। OBC ছিল ১০ লক্ষ ৫৭ হাজার, নেমে গেল ৯ লক্ষ ৬০ হাজারে। স্কুলছুটের সংখ্যাটা এমন জায়গাতে পৌঁছেছে, এটা আপনি ভাল করে দেখুন এটা কি করে কমানো যায়। শিক্ষাশ্রী করেছেন ভাল, কিন্তু বুক গ্র্যান্ট, মেনটেনেন্স চার্জ, আদার কমপালসারি চার্জ এই সব গুলিকে যুক্ত করে এই প্রজেক্টাতে নিয়ে এসেছেন। এর ফলে কি হল ? এর ফলে সমাজে সবচেয়ে যেটা ক্ষতি হল সমাজের একেবারে যারা প্রান্তিক মানুষ যারা শিক্ষার আলো থেকে বঞ্চিত ছিল তারা আবার নতুন করে ১০লক্ষ SC, ST, আজকে এই অ্যালাউন্স থেকে বঞ্চিত হচ্ছে তারা। প্রতীচী ট্রাস্ট বলছে এটা, শিক্ষা মন্ত্রীও মানেন যে মিড ডে মিলের যে টাকা পয়সা দেওয়া হচ্ছে ৪ টাকা ১৩ পয়সা। প্রতীচী ট্রাস্ট অনেক বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান। তারা গবেষণা করে দেখিয়েছে এটা ৭ টাকা ১৭ পয়সা হলে এটা মিট করা যায়। একেতো এই বার্ডেন আছে তার উপর আপনারা দেখেছেন চুঁচূড়া মিউনিসিপ্যালিটিতে নেতারা গিয়ে মিড ডে মিল চালাবে। সেখানে ভাত, নুন দিয়ে খাচ্ছে। আমার স্কুলে চলুন, প্রাইমারি স্কুল একটা। সেদিন অবধি স্কুলের হেড মাস্টার, সবাই মিলে মিড ডে মিল চালাত। আপনাদের ভিলেজ এডুকেশান কমিটির প্রেসিডেন্ট এলাকার তাবড় নেতা তিনি বললেন, তোমাদের ওসব দেখতে হবে না, আমরা মিড ডে মিল চালাব। আগে সপ্তাহে দুই দিন ডিম দেওয়া হত আর এখন ডিম কুচো করে দিচ্ছে। এগুলি দেখুন আপনি। আমি আপনাকে দায়ী করছি না। দলটা আপনাকে লোপাট করে দেবে। সেটা আপনি দেখুন যে বাচ্চাদের মিড ডে মিল পর্যন্ত এরা ছাড়বে না। আদিবাসী হোস্টেলগুলির একটা ভয়ঙ্কর অবস্থা। ছাত্রছাত্রীরা হোস্টেল ছেড়ে চলে যাচ্ছে। চলুন আমার সঙ্গে পান্ডুয়াতে হরাল বেলাবতী গার্লস হাই স্কুল, ট্রাইবাল মেয়েদের স্কুল। যেখানে হোস্টেল আছে। বি.ডি.ও সাহেবের সঙ্গে কথা হয়েছে। আমি প্রপোজাল জমা দিয়েছি কয়েকদিন আগে। বেড নেই হোস্টেলে। এম.এল.এ ল্যাডের টাকা থেকে যাতে বেড দেওয়া যায় তার জন্য ব্যবস্থা করছি। সেখানেও একটা অসুবিধা এসেছে। মুভেব্ল্ অ্যাসেট এম.এল.এ. ল্যাড থেকে নাকি দেওয়া যাবে না। বি.ডি.ও, ম্যাডামকে বলেছি আপনি ব্যাপারটা দেখুন। ফার্নিচার দেখিয়ে ওটাকে যাতে টিকিয়ে রাখা যায়। এইরকম অবস্থায় আছে। এগুলিকে দেখুন আপনি। প্রাইভেট স্কুলে আপনি ভাল করে নজরদারী করুন। ফিজ হাইক কোথায় যাচ্ছে ? সরকারি এই ব্যবস্থাপনায় যখন দুর্বলতা আছে তখন মানুষকে ঠেলে দিচ্ছে প্রাইভেটের দিকে। সেখানে ভয়ঙ্কর ফিজ হাইক করছে। এটাতে আমার যন্ত্রণা আছে নিজের। আমি গর্ব করি এটা নিয়ে যে আমি প্রাইমারি স্কুলে পড়েছি। কিন্তু যেদিন ইংলিশ অনার্সের পরীক্ষা দিতে গিয়েছি থার্ড পেপারে হিস্ট্রি অফ ইংলিশ লিটারেচার সেখানে ডনবস্কো ওক্সিলিয়াম হুগলি জেলার বিখ্যাত স্কুল।

[2:40 – 2:50 p.m.]

তাদের ছাত্র-ছাত্রীরা অনার্সের পেপার পেয়ে কেঁদেছে। আর আমরা যারা সরকারি প্রাইমারি স্কুল থেকে পড়ে ইংরেজি অনার্স পড়তে গিয়েছিলাম, আমরা ৫২ পার্সেন্ট নিয়ে পাশ করে এসেছি ওই সাবজেক্টে। এতো গর্ব আমাদের। সেই শিক্ষা ব্যবস্থা ছেড়ে দিয়ে আজকে ওই দিকে যাচ্ছে, আর সেই মুনাফাখোররা আজকে প্রাইস হাইকে কোথায় নিয়ে গিয়েছে, এই গুলো একটু দেখুন আপনারা। স্যার, স্কুল অ্যাডমিশানে আপনি গভর্ণমেন্টের নিয়ম বেঁধে দিয়েছেন ২৪০ টাকার বেশি নেওয়া যাবে না। এখানে যত এম.এল.এ. আছেন সরকারি দলের, তাঁরা আমার সাথে একমত হবেন একটা স্কুল দেখান যেখানে ২৪০ টাকা নেয়। যেগুলো ডাইরেক্ট গভর্ণমেন্ট স্কুল তাদের ছেড়ে দিন। যেগুলো গভর্ণমেন্ট এডেড স্কুল সব এই ফিজ, তাই ফিজ দেখিয়ে কে ৫০০, কে ৭০০, কে ৮০০ করে টাকা নিচ্ছে। এটা আপনি দেখুন, আপনার নজরে আনলাম আমি। এইরকম অবস্থা তৈরি হয়েছে। এখানে আর আমি কিছু বলতে চাইছি না।

এরপর হায়ার এডুকেশানে আসছি। হায়ার এডুকেশানের বাজেট বই ছাপার ব্যাপারে ডিপার্টমেন্টের একটু সতর্ক হওয়া উচিত ছিল। আমি খুব খুঁটিয়ে পড়েছি এটা। খুবই দৃষ্টিকটু ব্যাপার এখনে অনেকগুলো বানান ভুল হয়েছে। প্রথম পাতাতে বৃহৎ অংশটা বৃহদাংশ হয়ে গিয়েছে। আবার এখানে আপনি লিখেছেন যে নবতম উচ্চতায় আরোহণ করছেন। নবতম মানে সুপারলেটিভ ডিগ্রিতে চলে গেলেন আপনি। নব, নবতর, নবতম - আপনি নবতম তে চলে গেছেন। তারমানে আর যাওয়ার কোনো জায়গা রইল না আপনার। এটাই হচ্ছে আপনার শেষ। এর থেকে উঁচুতে ওঠার কিছু নেই, এটা আপনি বলছেন। যাই হোক সেটা ছেড়ে দিন। যে উন্নয়ন দিয়ে উঠবেন, সেই উন্নয়নেরও বানান ভল। উন্নয়নের বানান শিখে এলাম ন আপনারা শেখাচ্ছেন ণ। এইরকম ভুল আছে, দেখবেন। আর একটা বিষয় মনীষী বানানটাও ভুল হয়েছে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দ্বিশততম জন্মবর্ষ, সেখানে মনীষী বানানটাও ভুল হয়েছে। যাক সেটা ঠিক আছে কিন্তু রামমোহন রায়ের সঙ্গে যেমন ডেভিড হেয়ার, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের নামটা চলে আসে, এ ক্ষেত্রেও আমার মনে হয় যদি অক্ষয় কুমার দত্তের নামটা নিয়ে আসতেন ভালো হত কারণ ওনারও জন্মের দ্বিশতবর্ষ। দ্বিতীয় পাতায় আপনি বলেছেন বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়ে হয়েছে ৩০ টা। এর মধ্যে ১৯ টা রাজ্য পোষিত, আর ১১টা ব্যক্তিগত। আপনি বলেছেন এই যে সরকারি ১৯টা, তার মধ্যে ১২টা বামফ্রন্ট আমলে। আপনাদের আমলে সরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ৭টা। এই যে ১১টা ব্যক্তিগত মালিকানাধীন আছে, এই বেসরকারিকরণের দিকে আপনারা চলে যাচ্ছেন। এমনকি উত্তর ২৪ পরগণায় ঈশ্বর গুপ্ত সেতু দিয়ে গেলে আমার বাড়ি থেকে কাছে ব্যারাকপুরে স্বামী বিবেকানন্দ বিশ্ববিদ্যালয় বলে একটা বিশ্ববিদ্যালয় হচ্ছে, সেটাও বেসরকারি। এই ব্যক্তিগত মুনাফাতে যারা আছে, এই গুলোতে কেন যাচ্ছেন আপনি? এরপরে তো শিক্ষাটা পণ্যতে পরিণত হয়ে যাবে। আর গ্রস এনরোলমেন্ট মানে মোট ছাত্র-ছাত্রী ভর্তি করা। আপনারা সেই এনরোলমেন্ট দেখাচ্ছেন। ড্রপআউট, স্কুল লেভেলেও তাই হচ্ছে এবং

হায়ার এডুকেশান লেভেলেও তাই হচ্ছে। হায়ার এডুকেশানে ড্রপআউট মানে তারা একদম ছেড়ে দিয়ে চলে যাচ্ছে। এই যে চয়েস বেস ক্রেডিট সিস্টেম হয়েছে, সেখানে আপনার একটা সুবিধা হয়েছে। কলেজে উপস্থিতিটা বাধ্যতামূলক। কিন্তু তৃণমূলের দৌরাত্মে এই বাধ্যতামূলক নম্বরটা মাস্টারমশাইরা দিতে বাধ্য কারণ এর সাথে অ্যাটেনডেন্স রেজিস্টারের কোনো সম্পর্ক নেই। যাকে বলবে তাকে দিতে হবে। এগুলো আপনি দেখবেন। আপনারা কলেজের ইউনিয়ানের ইলেকশান গুলো - আপনি বললেন ফেব্রুয়ারি মাসের মধ্যে করব। দুটো বিশ্ববিদ্যালয়ের নিবার্চন করে বন্ধ করে দিলেন। কেন? প্রেসিডেন্সি আর যাদবপুর করে কেন বন্ধ করে দিলেন? আসলে আপনারা আমাদেরকে একসময় বলতেন যে, আপনারা দেওয়ালের লিখন পড়ুন। আপনারা নিজেরা কিন্তু দেওয়ালের লিখন পড়তে আগ্রহী নন। সেটা আপনারাও পড়ুন। বাকি কলেজের নির্বাচন গুলোও করুন। স্যার, যেটা বলব ইউ.জি.সি.র সম্পর্কে আপনাদের কি ধারণা? ইউ.জি. সি. সম্পর্কে তো একটা ধারণা আছে। ইউ.জি.সি. যে একের পর এক সেন্ট্রালাইজেশান করছে তা নিয়ে আপনারা কোনো প্রতিবাদ করছেন না। কোন কোন পয়েন্টে আপনারা প্রতিবাদ করেছেন এটাও বলছেন না। এখন ডিজিটালাইজ করছেন। ডিজিটালাইজ করতে গেলে যেটা দরকার একটা আন্ত যোগাযোগ বিটুইন দা ইউনিভার্সিটি, বিটুইন দা কলেজেস, বিটুইন দা লাইব্রেরিজ। আবার ভেতরেরও একটা যোগাযোগ দরকার। কিন্তু এই যে স্কিলটা, এটা করতে গেলে শুধু তো কয়েকটা লাপটপ দিয়ে দিলে হবে না। এই স্কিমটা ডিজিটালাইজেশান করার জন্য সরকার কি কি পরিকল্পনা নিল সেইটা যদি আপনি একটু বলেন।

আপনি সি.বি.সি.এ সিস্টেম চালু করেছেন। সেই সিস্টেমে একজন ফিজিক্স-এর সঙ্গে চাইলে হিসট্রি পড়তে পারে। এটা আপনি করেছেন। কিন্তু তার পরিকাঠামো কোথায় ? ক্লাসঘরের অপ্রতুলতা, শিক্ষকের অপ্রতুলতা, লাইব্রেরির অপ্রতুলতা। আর এটা করতে গিয়ে যা দাঁড়াচ্ছে, আপনার ক্রেডিট সিস্টেমটা হচ্ছে কিন্তু চয়েস সিস্টেমটা আর ছাত্রদের থাকছে না। সেখানে দাঁড়িয়ে স্যার, আপনারা এই গভর্ণিং বডি - গভর্ণিং বডি বলুন, সিনেট বলুন, কোর্ট বলুন, একজিকিউটিভ কাউন্সিল বলুন, সিন্ডিকেট বলুন এই সবেতেই শিক্ষকদের নির্বাচিত কোন প্রতিনিধি আপনারা রাখছেন না। আবার কলেজের ইউনিয়নের ভোট হয় না, কিন্তু কলেজের ছাত্রদের কেউ না কেউ প্রতিনিধি হয়ে যায়। এটা আপনাদের কোন অফিস থেকে হয় এটা আপনি খবর নেবেন, দেখবেন। আপনার গভর্ণিং বডিতে এম.এল.এ-রা থাকবে থাকুক, তা নিয়ে আমাদের কিছু বলার নেই। কিন্তু যারা শিক্ষাবিদ তারা কেন থাকবে না ? এটা আপনি ভাবুন, আপনাকে আমি শ্রদ্ধা করি। আপনি এটা বিচার করবেন। এইরকম নীতিহীন কাজে আপনি নিজেকে যুক্ত করবেন না। আর যে কথা বলে শেষ করব অনেক কিছু হয়েছে। এবারে আপনাকে ধন্যবাদ, যা বলছিলেন ব্রজমোহন বাবু যে কলেজের পরিবেশ দূষিত হ্যান, ত্যান সেখান থেকে একটু কমছে। বারবার বলি এবারে আপনি পেরেছেন এবারে আর একবারও মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এই কথা বাজেট বই-এ আপনি ব্যবহার করেন নি। এর জন্য আপনাকে ধন্যবাদ। কিন্তু আমি আবার আতঙ্কেও আছি এতে কতটা আপনি বাঁচবেন। ধন্যবাদ।

শ্রী শওকত মোল্লা : ধন্যবাদ স্যার। রাজ্যের মাননীয় শিক্ষা মন্ত্রী যে ১৫এবং ৭০নম্বর অভিযাচনে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে এবং সরকারপক্ষ ও বিরোধীপক্ষের সমস্ত বিধায়কদের ধন্যবাদ জানিয়ে কয়েকটি কথা উত্থাপন করতে চাই। স্যার, একটা জিনিস আমি লক্ষ্য করছি যে আমাদের বিধানসভাতে যখনই কোন বাজেট নিয়ে আলোচনা হয় বা কোন বিষয় নিয়ে আলোচনা হয় আমাদের বিরোধীপক্ষের সদস্য যাঁরা আছেন তাঁরা সমালোচনা ছাড়া আর কিছু বোঝেন না। বিরোধীপক্ষের কাজ সমালোচনা করা এটা ঠিক কিন্তু স্বাস্থ্যসম্মত সমালোচনা করাটাই বৈধ বলে আমার মনে হয় কারণ আমাদের রাজ্যে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বাস্তব মুখী পরিকল্পনা এবং রাজ্যের মাননীয় শিক্ষা মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জীর নিরলস পরিশ্রম গোটা রাজ্যের শিক্ষাব্যবস্থাকে যখন একটা দিশা দেখাচ্ছে, শিক্ষাকে যখন সর্বস্তরে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে তখনই বিভিন্নভাবে, বিভিন্নরকম সমালোচনা, বিভিন্নরকম কথা বলা হচ্ছে। এখনই যিনি বক্তব্য রাখলেন, আমি বলতে চাই যে আমি একটা তথ্য দেখছিলাম যে একটা সময়ে পশ্চিমবঙ্গ শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে দ্বিতীয় স্থানে ছিলার্ম। কিন্তু ১৯৭৭সালের পরে আমরা পিছোতে পিছোতে একেবারে ২০১১সাল পর্যন্ত ১৭নম্বরে পৌঁছে গিয়েছিলাম।২০১১সালের পরে যখন আমাদের রাজ্যের সরকার, রাজ্যের শিক্ষা দপ্তর, শিক্ষা মন্ত্রী একটা পরিকল্পনা করে যখন রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন এবং সেই সঙ্গে সঙ্গে গোটা রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে এক নম্বর স্থানে পৌঁছনোর চেষ্টা করছেন, তখনই বিভিন্ন সময়ে বিভিন্ন কথা, বিভিন্ন প্রসঙ্গ উঠে আসছে। প্রথমে আমি বলি স্কুল এডুকেশান, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট যেখানে আমরা একটা সময়ে দেখেছি যে, যে গ্রামীণ স্কুলগুলো ছিল তার পরিকাঠামো কোন অবস্থার মধ্যে দাঁড়িয়ে ছিল। দীর্ঘদিন ধরে কোথাও টালির ছাউনি, কোথাও খড়ের ছাউনি, কোথাও মাটির দেওয়াল। এটাই ছিল অবস্থা।

[2:50 – 3:00 p.m.]

কিন্তু গত ৮বছর ধরে এই পশ্চিম বাংলায় যেখানে একতলা বাড়ি ছিল, সেখানে তিনতলা বাড়ি হয়েছে, যেখানে পাঁচটি ক্লাসরুম ছিল, সেখানে দশটি ক্লাসরুম তৈরি হয়েছে। খেলার মাঠ, বাউন্ডারি ওয়াল তৈরি হয়েছে। যে-কোনো বিষয়ে একটা পরিবেশ তৈরি করার যে বাস্তবমুখী চিন্তাভাবনা, সেই চিন্তাভাবনা আমাদের সরকার করছে। এবং এডুকেশানে এই ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট হওয়ার ফলে আজ গোটা রাজ্যে শিক্ষাব্যবস্থাটাকে আমরা অনেকটা এগিয়ে নিয়ে যেতে পেরেছি। আজ অনেকেই প্রাইমারি স্কুলের শিক্ষক নিয়ে সমালোচনা করছিলেন। ভারতবর্ষ স্বাধীন হওয়ার পরে কোন একটি সরকার, কোন একটি অঙ্গরাজ্যের সরকার একসাথে ৪২হাজার শিক্ষক নিয়োগ করেছেন? এটা তো একটি নজির। আমরা লক্ষ্য করি যে, প্রাইমারি স্তরে ইউনিফর্ম দেওয়ার যে ব্যবস্থা সেটা আমাদের সরকার করেছে। মাসের প্রথম দিনে শিক্ষকদের বেতন দেওয়ার ব্যবস্থা করেছে আমাদের সরকার। এই ব্যবস্থা তো একটা সময় ছিল না। আমি ধন্যবাদ জানাই, কৃতজ্ঞতা জানাই রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে যিনি মাননীয়া মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় সমস্ত শিক্ষা দপ্তরকে কাজে লাগিয়ে তিনি এই কাজটা করেছেন। স্যার,

প্রাথমিক স্তরে যে বিদ্যালয়গুলি আছে সেখানে শিক্ষার মান অনেকটাই বৃদ্ধি পেয়েছে। আমাদের প্রায় ৪৯হাজার প্রাইমারি বিদ্যালয়কে লেখাপড়ার ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধিতে বিশেষ গুরুত্ব দিয়েছেন। এটা অত্যন্ত আনন্দের। প্রাইমারি স্তরে পড়াশুনা যদি ভালো না হয়, ভিত তৈরি হবে না। ঘরের ভিত যদি শক্ত না হয় সেই ঘর মজবুত হয় না। সেই কাজটা আমাদের সরকার করছে। দ্বিতীয়তঃ রাষ্ট্রীয় আবিষ্কার অভিযান যেটা ছেলেমেয়েদের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মাধ্যমিক কিংবা উচ্চমাধ্যমিক স্তরে প্রায় ১৫হাজার ছাত্রছাত্রীকে এই কাজে যুক্ত করা হয়েছে। জলের গুণগত মান পরীক্ষা থেকে শুরু করে বিভিন্ন রকম কাজে এই ছাত্রদের নিযুক্ত করা হয়েছে। ভ্রাম্যমান বিজ্ঞান কর্মসূচী আমাদের কাছে অত্যন্ত আনন্দের। এটা আমাদের রাজ্যে তিনটি জেলায় চলছে- দক্ষিণ দিনাজপুর, নদীয়া এবং মালদাতে। ভ্রাম্যমান বিজ্ঞান ব্যবস্থাকে একেবারে কোণে কোণে পৌঁছে দেওয়া হচ্ছে। এটা ছাত্রছাত্রীদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমাদের সরকার সেই কাজটা করছে। উচ্চমাধ্যমিক স্তরে এবং মাধ্যমিক স্তরে প্রায় ১৫০০ স্কুলকে বিজ্ঞান শিক্ষার জন্য অনুদান এবং সেই সাথে সাথে বিশেষ কিটের ব্যবস্থা করা হয়েছে যেটা ছাত্রছাত্রীদেরকে অনেকটা উৎসাহিত করবে। এর সাথে সাথে আমাদের সরকার যে বাস্তবমুখী ভাবনা বাস্তবমুখী চিন্তা নিয়ে সামাজিক ভ্রমণ চালু করেছে, যেটাতে স্কুলের ছেলেমেয়েরা বিভিন্ন প্রতিষ্ঠানে যাবে। স্কুলের ছেলেমেয়েরা ব্যাঙ্ক থেকে শুরু করে বিভিন্ন প্রতিষ্ঠানে যাবে। সেখান থেকে তারা অভিজ্ঞতা সঞ্চয় করবে। প্রায় ১০কোটি টাকা বরাদ্দ করেছেন আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী। আমরা তাঁকে ধন্যবাদ জানাই। এর ফলে আমাদের ছাত্রছাত্রীরা অনেক উৎসাহিত হবে। তারা পড়াশুনাতে আরও বেশি মন দেবে বলে আমার মনে হয়েছে। এ ছাড়া কলা উৎসব শুরু হয়েছে, যেটাতে আমাদের রাজ্যের প্রচুর ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে এবং এরূফলে শিক্ষাক্ষেত্রে আমাদের গোটা রাজ্যে একটা অভূতপূর্ব গতি এসেছে। আমি মনে করি যে এটা আমাদের রাজ্যের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ বিষয়। উচ্চশিক্ষার ক্ষেত্রে ১৯৪৭ সালের পর থেকে আমাদের রাজ্যে মাত্র ১২ টি বিশ্ববিদ্যালয় ছিল।

বর্তমানে সেখানে ৪২টি বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। অনেকেই সমালোচনা করছেন, বলছেন প্রাইভেট বিশ্ববিদ্যালয় ১০টা। হ্যাঁ, এর আগে তো কেউ আসতো না এখানে। প্রাইভেট বিশ্ববিদ্যালয় তৈরি করার জন্য সরকারের কাছ থেকে কোনো সুযোগ-সুবিধা পেত না। আজকে আমরা পশ্চিম বাংলার মাটিতে দাঁড়িয়ে গর্ববোধ করি যে, স্বাধীনতার পরে যখন প্রায় ৬৪ বছর ধরে এই রাজ্যে মাত্র ১২টি বিশ্ববিদ্যালয়, আর মাত্র ৯ বছরে যেখানে আরো ৩০টি বিশ্ববিদ্যালয় হয়েছে, সেটাকে নিয়েও বিরোধীরা সমালোচনা করছেন ধন্যবাদ না জানিয়ে, বিরোধীতা করছেন। আমরা মনে করি এই উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমাদের সরকার আরো কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। স্বাধীনতার ৬৪ বছর এই রাজ্যে উচ্চশিক্ষা ক্ষেত্রে মাত্র ৮৫৫টি প্রতিষ্ঠান ছিল। কলেজ, ইউনিভার্সিটি, আই.টি.আই., আই.আই.টি. - বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানগুলো। কিন্তু আজ আমরা গর্ববোধ করি পশ্চিমবাংলার মাটিতে দাঁড়িয়ে, ১৮৮৫তে এই প্রতিষ্ঠান গড়ে উঠেছে এবং একটা সময় যেখানে আমাদের রাজ্যে ১২ লাখ ছাত্র-ছাত্রী পড়াশুনা করতো, আজ সেখানে

২০ লক্ষেরও বেশি ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে। খুব স্বাভাবিকভাবে আমাদের রাজ্যের স্কুল এডুকেশান বলি, বা হায়ার এডুকেশান বলি - দুটি ক্ষেত্রেই আমাদের সরকার যে গুরুত্বপূর্ন ভূমিকা নিয়েছে, আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের রাজ্যের মাননীয় শিক্ষা মন্ত্রীর এই যে অনবদ্য উদ্যোগ, যেটা বাংলার মাটিতে একটা অনন্য নজির বলে আমরা মনে করি। একটা নতুন ইতিহাস তৈরি হয়েছে বাংলায়। বিশেষ করে আমরা যদি দেখি যে, ২০১০-১১, সেই সময়কার যে বাজেট, আর আজকের দিনের যে বাজেট, এটা জলের মতো পরিষ্কার হয়ে যাবে যে, আমরা বর্তমানে কোন অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছি। আমরা লক্ষ্য করছি যে - আজকে স্কুল ছুটের কথা বলছিলেন - আমরা তো মনে করি স্কুল ছুটের সংখ্যাটা অনেক কমেছে। ছাত্রীদের সংখ্যাটা অনেক বেড়েছে, ছাত্রীরা আজকে অনেক বেশি আসতে পারছে এবং বিশেষ করে আমাদের সরকারকে ধন্যবাদ জানাবো যে, নিউ টাউন, রাজারহাট - আজ যেখানে আলিয়া বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস্ খোলা হয়েছে, সেখানে নিউ টাউনের মতো জায়গায় ২০ একর জায়গা দিয়ে আজ সেখানে যে ক্যাম্পাস্ তৈরি করা হয়েছে, প্রায় ২৩৬ কোটি টাকা সেখানে ব্যয়-বরাদ্দ করা হয়েছে। এছাড়া আরো ২ একর জায়গার ওপরে ক্যাম্পাস্ করা হয়েছে যেটা আমাদের রাজ্যে শিক্ষা ক্ষেত্রে একটা অনবদ্য নজির। আমি নিশ্চিতভাবে মনে করি জাতি-ধর্ম-বর্ন নির্বিশেষে সেই বাস্তবতাটাকে মাথায় রেখে আমাদের রাজ্যে কারিগরি শিক্ষা থেকে শুরু করে, হিন্দি ভাষা থেকে শুরু করে, অলচিকি ভাষা থেকে শুরু করে, রাজবংশী ভাষা থেকে শুরু করে সমস্ত ক্ষেত্রে আমাদের সরকার একটা গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। তাই সমস্ত বিষয়কে সামনে রেখে আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, সেটাকে আরো একবার সমর্থন করে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষা মন্ত্রী যে বাজেট পেশ করেছেন ডিম্যান্ড নাম্বার ১৫, ডিম্যান্ড নাম্বার ৭০, স্কুল এডুকেশান এবং হায়ার এডুকেশানের, তার ওপর আমি আমার বক্তব্য রাখছি এবং আমাদের কাটমোশনকে সমর্থন করছি। স্যার, প্রথমেই আমি বলি যে, এখন একটা নিউ এডুকেশন পলিসি হয়েছে। মাননীয় পার্থবাবু যখন এই বাজেট পেশ করেছেন, তখন কেন্দ্রীয় সরকার একটা নতুন আগ্রাসি মনোভাব নিয়ে শিক্ষা ব্যবস্থাটাকে ধ্বংস করার চেষ্টা করছে ...

[3:00 – 03:10 p.m.]

এবং গেরুয়াকরণের চূড়ান্ত পলিসি এবং তার সঙ্গে সঙ্গে শিক্ষা এবং শিক্ষাক্ষেত্রে বেসরকারিকরণের সমস্ত ব্যবস্থাটাকে কমপ্লিট করে তাঁরা আমাদের দেশের শিক্ষাব্যবস্থাটাকে ধ্বংস করতে চাইছেন, যেটা বিগত দিনে কোন সরকার এতোখানি খারাপ জায়গায় আমাদের শিক্ষাব্যবস্থাকে নিয়ে যেতে পারে নি। আমি সবার আগে বলবো এই ব্যবস্থাতে পুরোপুরিভাবে যে বেসরকারিকরণ ঘটবে কোন সন্দেহ নেই। কেন্দ্রীয় স্তরে পাঠক্রম তৈরি হবে গেরুয়া পাঠকদের এবং সব থেকে বড় কথা হচ্ছে গরিবদের লেখাপড়া করার দরজা বন্ধ হয়ে যাবে। তার কারণ

প্রাইভেটাইজেশান, প্রাইভেটাইজেশান, প্রাইভেটাইজেশান। রাজ্যগুলিকে সংশোধনী পাঠাতে বলা হয়েছিল। তাঁরা এটা বলেছিলেন। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পার্থবাবুকে জিজ্ঞাসা করবো তিনি নিজে শিক্ষা আন্দোলন, ছাত্র আন্দোলন সব কিছুর মধ্যে দিয়ে এসেছেন। পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কোন কোন বিষয় সংশোধনী পাঠিয়েছেন। কারণ তাঁরাতো বলেছিলেন সংশোধনী পাঠাতে। আপনারা কি আদৌ কোন সংশোধনী পাঠিয়েছেন, না যে ব্যবস্থাটা তাঁরা রেখেছেন, সেই ব্যবস্থাটাই আপনারা রাখলেন। এ বিষয়ে আমি আপনার কাছে জানতে চাইবো, তা যদি না হয় তাহলে আমাদের অনেক ক্ষতি হয়ে যাবে। এবং এই এডুকেশন পলিসির নামে কেন্দ্রীয় সরকার, নরেন্দ্র মোদীর সরকার ধ্বংস করবে।

স্যার, আমি কোন কিছু বলার আগে সবার আগে উচ্চশিক্ষা নিয়ে দু-একটি কথা বলবো, সেটা হচ্ছে বর্তমানে CBCS অর্থাৎ চয়েস বেসড ক্রেডিট সিস্টেম, এটা আমার আগে আমজাদ সাহেব বলেছেন যে, এই পদ্ধতিতে দ্বিগুণ শিক্ষক এবং ক্লাসরুম প্রয়োজন। আপনারা বুঝতে পারছেন কোন জায়গাটায় আমরা গেছি। CBCS-এর যে এগজামিনেশান সিস্টেম, তাদের যে পড়াশোনার সিস্টেম এবং সেখানে যত শিক্ষকের দরকার তত শিক্ষক কিন্তু নেই অর্থাৎ আমাদের যদি পরিকাঠামো না থাকে, সেই পরিকাঠামোতে মেন অর্থই হচ্ছে শিক্ষক, সেটা যদি না থাকে, ক্লাসরুম যদি সঠিকভাবে না থাকে তাহলে হবে না। অথচ এই CBCS-তে আমরা দেখতে পাচ্ছি যে কোন রিক্রুটমেন্ট নেই, পার্টটাইম টিচার দিয়ে চালানো হচ্ছে এবং পড়াশোনার মান পড়ে যাচ্ছে। ক্রমশ। অধিকাংশ কলেজ ল্যাব-বেসড সাবজেক্ট পড়ানোর জন্য ফীজ দ্বিগুণ করা হয়েছে। আমরা তো জানি CBCS-এ যিনি সায়েন্স নিয়ে পড়ছেন তিনি আর্টসের সাবজেক্টকে কমবিনেশান সাবজেক্ট করতে পারেন, আবার যিনি আর্টস নিয়ে পড়ছেন তিনি সায়েন্স সাবজেক্টকে কমবিনেশান সাবজেক্ট করতে পারেন। আমি আপনাদের কাছে বলছি এই এতোগুলো সিস্টেমকে করতে গিয়ে আমাদের যে পরীক্ষাগুলো দিতে হয় তাতে প্রথম বছর ছিল একটা পরীক্ষা, দ্বিতীয় বছর একটা পরীক্ষা এবং পরবর্তী পর্যায়ে দেখা গেল এই দুটো পরীক্ষার পর তৃতীয় বছরে গিয়ে ৬টা পরীক্ষা সব মিলিয়ে তাদের দিতে হচ্ছে। এই ৬টা পরীক্ষা তারা দেবে কি করে যদি সেই ইনফ্রাস্ট্রাকচার না থাকে, যদি সেই শিক্ষক না থাকে, আমি আপনাদের কাছে জানতে চাইবো এবং আপনি এই বিষয়ে বন্দোবস্ত নেবেন এই আশা রাখবো। স্যার, বিভিন্ন কলেজে শিক্ষকদের অনেক পদ শূণ্য হয়ে পড়ে আছে। অনেক জায়গায় গেস্ট টীচার দিতে হচ্ছে। গেস্ট টীচাররা অধিকাংশ ক্ষেত্রে তারা - তাদের কাউকে আমি অসম্মান করে বলছি না, আমি দায়িত্ব নিয়ে বলছি গেস্টটীচারদের পক্ষে যে শিক্ষা তাঁদের দেওয়া দরকার সেই শিক্ষা তাদের কাছে পৌছাচ্ছে না, ফলে এটা একটা প্রব্লেম হচ্ছে।

স্যার, কিছুক্ষন আগে আমাদেরই একজন বক্তা বলছিলেন যে গভর্নিং বডি, গভর্ণিং বডিতে এর আগে ইলেকটেড গভর্ণিং বডির প্রেসিডেন্ট হতেন, তারা ইলেকটেড গভর্নিং বডি করতেন। আপনি কি কারণে জানি না গভর্ণিং বডিটাকে গণতান্ত্রিক অবস্থা থেকে সরিয়ে নিয়ে এসে সেটাকে অগণতান্ত্রিক জায়গায় নিয়ে গেলেন এবং নমিনেট করলেন।

এই Governing Body nominate করার ফলে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, Governing Body-র সঙ্গে যাঁরা আছেন যাঁরা শিক্ষক তাঁদের একটা confrontation হচ্ছে। Confrontation হচ্ছে এবং এর ফলে যে জায়গাতে কলেজটা থাকার কথা, যে জায়গাতে চলার কথা সেটা কিন্তু ঠিকমত হচ্ছে না। তাই আমার মনে হয় না এই পদ্ধতি ঠিক হয়েছে। At the same time আপনি এখানে দাঁড়িয়ে আমার একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, আমি ঐ স্কুলে, কলেজে ইলেকশান করব যেটা একমাত্র যাদবপুর ইউনিভার্সিটিতে হয়েছে এবং প্রেসিডেন্সি কলেজে হয়েছে। আমি আপনার কাছে জানতে চাইছি যে, এর ফলে আপনি কি এটা বুঝতে পারছেন - আপনি একদিনের প্রাক্তন ছাত্র নেতা আপনি নিজে বুঝতে পারছেন যে, governing bodyতে যাঁরা elected body থাকতো সেই elected bodyতে তাঁরা আজকে Principal-এর সঙ্গে আলোচনা করুন, GB-র সঙ্গে আলোচনা করুন তাঁরা করতে পারতেন। এখন কিন্তু যাঁরা যাচ্ছেন তাঁরা Elected Students' Representative নয়। তারা যাচ্ছেন ফলে অনেক ধরণের সমস্যা সৃষ্টি হচ্ছে। মাননীয় পার্থবাবু আপনি জানেন যে, আজ থেকে দেড় বছর আগে - আমি একটা কলেজের কথা বলছি যে, undemocratic system-এ কি হয়। আজ থেকে দেড় বছর আগে চারুচন্দ্র কলেজে যিনি nominated president ছিলেন চারুচন্দ্র কলেজের principalকে suspend করলেন। চারুচন্দ্র কলেজের principalকে suspend করলেন। আজও দেড় বছর তিনি suspended হয়ে আছেন। এখনও পর্যন্ত তিনি মাইনে পাচ্ছেন না। তিনি কোন মাইনে পাননি। এ রকম ধরণের অনেক কলেজেই হতে পারে এবং নিয়ম বহির্ভুতভাবে আমরা দেখেছি তাঁকে suspend করে রাখা হয়েছে। কিসের জন্য রাখা হয়েছে তা নিয়ে কোন বিচার বিবেচনা নেই এবং তাঁর টাকা পয়সা তিনি পাচ্ছেন না। এই রকম একটা অবস্থা চলছে এবং তাঁর মনোনীত অর্থাৎ, governing body-র যিনি president তাঁর মনোনীত TIC কলেজ চালাচ্ছেন। আমি আপনাকে বলছি এই যে অবস্থাটা চলছে এবং কলেজগুলোর যে ব্যবস্থা চলছে এই কলেজগুলোকে সঠিকভাবে চালাতে গেলে যে গণতান্ত্রিক ব্যবস্থা করতে হয় অথবা আমার ইচ্ছা হল আমি একজন শিক্ষককে সরিয়ে দিলাম এটা যেন না হয় সেই ব্যবস্থাও করতে হবে। চারুচন্দ্র কলেজে সত্যিই যদি এই ব্যবস্থা হয় তা করতে হবে। আমি আর একটা কথা আপনার কাছে বলব যে, দেখুন ছাত্ররা যখন কলেজে ভর্তি হত তখন ভর্তি হওয়ার সময় যারা বিভিন্ন বিষয় খেলাধূলা করত তাঁদের খেলাধূলা করার certificate ছিল অথবা তাঁরা যোগ্যতা সম্পন্ন ছিলেন। তাঁরা যখন ভর্তি হতে যাচ্ছেন তখন তাঁদের marksটাকে অন্য ভাবে কমিয়ে দেওয়া হত বা তাদের নেওয়া হত। কিন্তু বর্তমানে এই ধরণের ঘটনা ঘটছে না। সেই ধরণের ব্যবস্থাগুলো তুলে দেওয়া হয়েছে। তুলে দেওয়ার ফলে একটা ছেলে কলেজ থেকে অনেক ভালো খেলাধূলা করে রাজ্যের অথবা কলেজের অথবা যে কোন জায়গায় নিজেকে প্রতিষ্ঠিত করতে পারতেন তাঁকেও যদি সেই qualification-এ যেতে হয় তাহলে অসুবিধা হয়। আমার মনে হয় এই ধরণের ব্যবস্থা যেটা চলছে সেটা আপনাদের দেখতে হবে। আজকে ছাত্রদের জিজ্ঞাস্য আছে। ছাত্ররা জিজ্ঞাসা করতে চায় যে, SSC, PSC সবেতেই recruitment নেই - কারণটা কি? কিসের জন্যে? Semester

system-এ ছাত্রছাত্রীরা home centre-এই বারবার পরীক্ষা দিচ্ছে। তারা কিন্তু অনেক সময় কিছু না জেনেই পাস করে যাচ্ছে। বারবার পরীক্ষা নেওয়ার ঝামেলা এড়াতে শিক্ষকদের পাস করিয়ে দেওয়া হচ্ছে যারা কতৃপক্ষ তাদের হাতে এবং degree ধারী যারা, যারা সত্যিকারের ভালো লেখাপড়া করতে পারে তারা অশিক্ষিত generation তৈরি হয়ে যাচ্ছে। মাননীয় পার্থবাবু আমি আপনাকে এটা দেখার জন্য অনুরোধ করব। আমি আপনাকে পরবর্তী পর্যায়ে শুধু এই কথা বলতে চাই আমাদের school education-এ যে অবস্থা চলেছে - আমার সময় কম আমি তবুও বলছি - সবার আগে যেটা বলব school education-এ আপনি বলেছিলেন অথবা শিক্ষা দপ্তর বলেছিল - যে school education-এ এখানে,

[3:10 – 03:20 p.m.]

আমাদের নেপাল মাহাতো মহাশয় তিনি বক্তব্য রেখেছেন, school education নিয়ে আপনারা বলেছেন এই যে বয়স, শিক্ষকদের বয়স। শিক্ষকদের বয়সটা ৬২ করা হবে। আমি সবার আগে বলব যে, যে হারে শিক্ষকদের অনুপস্থিতি দেখা যাচ্ছে যে কোনো কারণেই হোক appointment পাচ্ছে না, এই মাস্টার মহাশয়রা যদি থাকেন, আগে ৬৫ ছিল, ওটা পরে ৬০তে নেমে এসেছিল। আপনি পরে ওটা governing bodyতে তাঁদের বয়স বাড়াচ্ছেন যাঁরা চেয়ারম্যান হচ্ছেন। আমি আপনাকে অনুরোধ করবো, এই ৬২ age-এর যাঁরা শিক্ষক আছেন, মাননীয় ব্রজবাবু আপনি নিজেই শিক্ষক ছিলেন, আপনি নিজেও জানেন যে এদের ৬২টা করে দেওয়া উচিত। আমি আপনাকে বলব যে, এই ৬২টা এখনও করা হচ্ছে না। এটা করে দেওয়া হোক। নতুন নিয়মে আমি আপনাকে জিজ্ঞাসা করছি examination system এই examination system নতুন নিয়মে পরীক্ষা করতে গিয়ে স্কুল শিক্ষা যে দলীয়করনের একটা চূড়ান্ত ব্যবস্থায় চলে যাচ্ছে। কি হচ্ছে না, তাদের বলা হচ্ছে যে, তারা শুধু পরীক্ষা দেবে, এরা শুধ পরীক্ষা দেবে। আগে তিনটে system ছিল, অর্থাৎ academic number, একটা academic standard number এর পর পরীক্ষা দেওয়ার নম্বর, তার পর ভাইভার নম্বর। আপনি এগুলো তুলে দিয়ে কেন শুধু শুধু এই মানে লিখিত পরীক্ষা দিয়েই তাদের চাকরিতে বসানোর ব্যবস্থা করে দিচ্ছেন, এটা কিন্তু আগামীদিনে চরম সর্বনাশ করে দেবে। আপনি এই ব্যাপারটা দেখবেন। শিক্ষক এবং শিক্ষাকর্মী নিয়োগের যে পদ্ধতি এই পদ্ধতির শ্লথগতি, এই শ্লথগতিকে আপনি দূর করুন এবং সেই জায়গায় চেষ্টা করুন। প্রধান শিক্ষকের মাধ্যমে নতুন staff pattern আপনাকে ঠিক করতে হবে। তার কারণ staff pattern নিয়ে বর্তমান যা অবস্থা হচ্ছে তাতে কিন্তু আমার সময় কম, তাই আমি detailsএ বলতে পারছি না। এই staff patternটা নিয়ে আপনি চিন্তা করবেন। এবং আমি আপনাকে বলছি যে, HS sectionএ কোনো post দেওয়া হচ্ছে না অর্থাৎ higher secondary যে পরীক্ষা সেই higher secondary পড়াশুনাতে কোনো পোস্ট দেওয়া হচ্ছে না। প্রধান শিক্ষক এখন আমলাতে রূপান্তরিত হয়েছে। আমি অনেক জায়গায় দেখেছি। আমি অনেক সময় স্কুলের সেক্রেটারি থেকেছি, আমি দেখেছি যে, তাঁরা চেষ্টা করছেন। আমি আপনাকে অনুরোধ করবো যেমন ভাইস চ্যান্সেলরের সঙ্গে যেমন প্রোভাইস চ্যান্সেলর আছে,

তেমনি প্রধান শিক্ষকের সঙ্গে যদি প্রোহেড মাস্টার এইরকম কিছু করা হয় এবং তাঁরা যদি অন্য সাবজেক্টগুলো দেখেন এ্যাকাডেমিক না হোক যদি ফিনান্সটা দেখেন তাহলে এ্যাকাডেমিকটা হেড মাস্টার মহাশয় দেখলে আরো উন্নতি হবে। আমি আপনাকে বলব এই ব্যাপারটা দেখতে। HS Section পরিচালনার জন্য মাসিক ৫০০ টাকা ভাতা আপনি বলেছেন, এটা কিন্তু তাদের ২০০ টাকা করে তাদের additional grade pay ছিল তাতে তারা ঠিক ছিল। এটা কিন্তু তাদের ক্ষেত্রে অবমাননা হচ্ছে। শিক্ষক ছাত্র অনুপাত 1: 30 হওয়া উচিত, কিন্তু এখন আছে 1: 60। আমি স্যার, আপনার মাধ্যমে অন্য কোনো বক্তব্য না রেখে আমি শুধু এটুকু বলব যে, আজকে যে কারণে school educationই বলুন আর আমাদের higher educationই বলুন সব জায়গাতে গণতান্ত্রিক বন্দোবস্ত অথবা সব জায়গাটাকে আপনি যাতে দেখেন ভালো করে এবং সেই জায়গায় যাতে অত্যাচার না হয় অবিচার না হয় এবং সেখানে। দলীয় অনুপ্রবেশটাকে বন্ধ করতে হবে তাহলে শিক্ষা ব্যবস্থা ভালো করে চলবে। স্যার, আমি আবার আমার কাট মোশানকে সমর্থন করে এবং আমাদের প্রস্তাবগুলোকে গ্রহণ করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী প্রদীপ কুমার সাহা : ধন্যবাদ স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী রাজ্যশিক্ষার উপর যে বাজেট ডিমান্ড ১৫ এবং ৭০ তিনি যা রেখেছেন তার উপরে আলোচনা করতে গিয়ে আমি স্যার, নিজের অভিজ্ঞতা থেকে পেশাগতভাবে আমি একজন শিক্ষক, তাই শিক্ষক হিসেবে প্রত্যেকদিন ছাত্রছাত্রীদের সঙ্গে থাকার অভিজ্ঞতা এবং বর্তমান সময়ে আমাদের রাজ্যের শিক্ষা ব্যবস্থার যে দিকগুলো মনে হচ্ছে আর একটু এগিয়ে নিয়ে গেলে আমরা এগোতে পারি, আমি সে বিষয়ে দু'একটি কথা স্যার তুলে ধরতে চাইছি। এখন বিষয়টা হচ্ছে, মূলতঃ আমাদের স্কুল এবং আমাদের সমস্যাটা দাঁড়িয়ে যাচ্ছে আগামী দিনে আমাদের সরকারি মাধ্যমে শিক্ষা ব্যবস্থা থাকবে কি ? যেভাবে বেসরকারি মাধ্যমে আমাদের রাজ্যের এক দল অভিভাবক নেশাগ্রস্থ হয়ে গেছেন তাদের ছেলেমেয়েকে ভর্তি করবেন।

এখানে লড়াইটা হচ্ছে এখন, আমাদের এই সরকারী মাধ্যমের শিক্ষা ব্যবস্থাকে বাঁচানো। এখন স্যার, আপনি এতক্ষণ আলোচনার মধ্যে শুনতে পেয়েছেন যে আমাদের ড্রপ আউটটা কোন কোন জায়গায় বাড়ছে। আবার স্যার, যদি মিড ডে মিলের পরিসংখ্যানটা একটু দেখেন স্যার, ২০১৭-১৮সালে এ রাজ্যে মিড ডে মিল প্রাপক ছাত্র ছাত্রীর সংখ্যা ছিল ১কোটি ১৭লক্ষ ৫৮হাজার। এটা দুই বছরে কমে ১৯-২০তে হয়েছে, ১কোটি ১৩লক্ষ। স্যার, ৪লক্ষ ৫৮হাজার ছাত্র ছাত্রী কমে গেছে। কমে গেছে মানে কি, ছাত্র কমে গেল - না ; এরা চলে গেল। কোন মাধ্যমে চলে গেছে। তাহলে এরা গেছে কোথায়, বেসরকারি স্কুলে পড়তে গেছে। কেউ ইংলিশ মিডিয়াম, কেউ বাংলা বেসরকারি মিডিয়াম ইত্যাদিতে সব পড়তে গেছে। তাহলে এই মাধ্যমটাকে আমায় রক্ষা করতে গেলে কি করতে হবে, বিষয়টা হচ্ছে, এখানেই দাড়িয়ে আছে। এখন স্যার, আমাদের তো শিক্ষামন্ত্রী বলেছেন, তিনি একেবারে উচ্চ পর্যায়ে নিয়ে গেছেন। কিন্তু আমাদের মনে হচ্ছে, এই বিষয়টা একটুখানি ভাবা দরকার। ধরুন দিল্লির কিছুদিন আগে নির্বাচন হল, দিল্লিতে শিক্ষা ব্যবস্থা নিয়ে, ধরুন কেন্দ্রে যাঁরা ক্ষমতায় আছে, তাঁরা দিল্লিতে যখন আমাদের দেশের শিক্ষা

ব্যবস্থা কি, দেখাতে গেলেন, তখন কিন্তু গুজরাটে নিয়ে যান নি স্যার। ঐ দিল্লিতে দেখাতে গেছেন স্যার। আবার যখন ধরুন, যে কোন ভারতবর্ষের একটা কি দেখাতে চাইব, কোন গরু দেখাতে যাননি স্যার, তাজমহল দেখাতে গেছেন স্যার, তা দিল্লিতে যে গেছেন দেখাতে স্কুল, সেখানে দিল্লি কি করেছে। না, দিল্লি যে ব্যবহাটা করেছে, সেটা হচ্ছে যে সমস্ত এই স্কুলগুলোর মধ্যে তাদের মূল লক্ষ্যটাই হচ্ছিল যে কিভাবে আধুনিক শিক্ষা ব্যবস্থাটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। দিল্লি তার বাজেটের ২৬শতাংশ ব্যয় করেছেন এবং শিক্ষক ছাত্র অনুপাত সেটা হচ্ছে ১:৩০ অনুপাতের নীচে নামিয়ে এনেছেন। শুধু কি তাই স্যার, ৬৭টি স্কুলকে কেন্দ্র করে একটা এক্সপার্ট টিম তৈরি করেছেন, যাঁরা প্রতিনিয়ত লক্ষ্য রাখবেন, সেই স্কুলগুলোতে ঠিকঠাক পড়াশুনো হচ্ছে কিনা এবং শর্ট টার্ম তাদের হচ্ছে টিচারদের মানোন্নয়নের জন্য তাদের ট্রেনিং এর ব্যবস্থা থেকে ইত্যাদির সব ব্যবস্থা করা। ঝাঁ চকচকে বিল্ডিং তৈরি হয়েছে। আমি আর একটি রাজ্যের উদাহরণ স্যার, আপনার কাছে রাখতে পারি। কেরল বলে একটি রাজ্য, যে রাজ্য শিক্ষাকে সামাজিকীকরণের কাজ করেছে। কেরলে এবার বর্তমানে যে সরকারটি আছে এল.ডি.এফ. সরকার, সে প্রথমেই সিদ্ধান্ত নিয়েছে, প্রত্যেকটি উচ্চ মাধ্যমিক হাই স্কুলকে তার পরিকাঠামো তৈরি করার জন্য ৫কোটি টাকা দেওয়া হবে। শুধু তাই নয় স্যার, ঘোষণা করেছে, এম. পি., এম. এল. এ. ল্যাড এবং সামাজিকভাবে আরো টাকা সংগ্রহ করে সেই স্কুলটাকে আরো উন্নত করতে হবে। আমরা জানি স্যার, কি ভাবে হচ্ছে। কেরল তার শিক্ষা ব্যবস্থায় এগিয়ে গেছে এবং কিভাবে সে একটা কাঠামো তৈরী করতে পেরেছে শিক্ষার ক্ষেত্রে, যেখানে ১০০ শতাংশ মানুষ আজকে শিক্ষার হচ্ছে অঙ্গনে এসেছে এবং ১০০শতাংশ মানুষ হচ্ছে তারা শিক্ষিত হয়েছে। স্বাভাবিক ভাবেই স্যার, আমাদের যে বিষয়গুলোকে দেখা দরকার, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী একটা কাজ করেছেন, কি, ছেলে-মেয়ে স্কুলেতে বাংলা মিডিয়ামে যাচ্ছে না, আচ্ছা ঠিক আছে, তুমি আবেদন করো, তোমার জন্য ইংলিশ মিডিয়াম করে দেবো। এটা কি স্যার ? এটা তো আই ওয়াস স্যার। এটা কি আসলে, বাংলা মাধ্যমকে আমি বাঁচাতে চাইছি ? বাংলা মাধ্যমে দুই বছর আগে হঠাৎ স্যার দেখলাম, একটা অর্ডার বেরিয়ে গেল, বাড়ী রঙ করতে হবে, কদিনের মধ্যে -৭ দিনের মধ্যে। টাকা দিয়েছেন সরকার, আচ্ছা এটাকে ৬ মাস করলে কি অসুবিধা হোত। বাড়ীগুলো গিয়ে দেখে আসুন স্যার, কন্ট্রাক্টাররা কন্ট্রাক্ট নিয়ে সব রঙ করেছে, রঙ সব উঠে গেছে, কোন রঙ নেই। আচ্ছা এটা ৬ মাস -- ৭দিন এই অর্ডারটা এল কেন স্যার, ৭ দিনের মধ্যে শেষ করতে হবে। মানে এই যে ভাবনা, কারা ভাবছেন ? আমি জানিনা, শিক্ষামন্ত্রী জানেন কিনা। কারা এই নির্দেশ দিচ্ছেন, কি করছেন ! আজকে শিক্ষা ব্যবস্থার যে জায়গাটা দাড়িয়ে আছে, পরিকাঠামো উন্নয়ন, তার হচ্ছে ক্লাস ঘর, তার হচ্ছে সমস্ত বিষয়ের সঙ্গে দাঁড়িয়ে আছে। শিক্ষক। প্রত্যেকেই বলেছেন, শিক্ষক নিয়োগের বিষয়ে। আজকে ইংলিশ মিডিয়াম যে স্কুল, আপনি কয়েকটা স্যাংশান দিলেন, কে পড়াবে ? কে পড়াবে, কে পড়বে ? আচ্ছা, সেখানে শিক্ষক কে নিয়োগ করবে ? সেখানে ইংরাজী মাধ্যমে পড়াবার জন্য তাহলে কিছু শিক্ষক তো নিয়োগ করতে হবে, সেই ব্যবস্থা কি করা হয়েছে ?

[3:20 – 03:30 p.m.]

এখনো পর্যন্ত এই বাংলা মাধ্যমে যাদের ইংরাজি দেওয়া হয়েছে তাদের জন্য পড়ানোর একটাও কিছু এই ব্যবস্থা করা হয়েছে? সেই ব্যবস্থা করা হয়েছে? না, এখনো পর্যন্ত সেইরকম কোনো ব্যবস্থা আমরা লক্ষ্য করি নি। স্যার, আমি দু - একটি বিষয় না তুলে পারি না। এর আগেও আমি বলেছিলাম যে, আমাদের ইতিহাস বই, এবার স্যার, আমি একটা বিষয় আপনাদের কাছে তুলে ধরতে চাই। ধরুন আজকে আমরা লক্ষ্য করছি আমাদের দেশ জুড়ে একদল মানুষ নিজেদের বড় দেশপ্রেমী ভাবছেন। অন্যরা সব দেশদ্রোহী। আসলে এমন তাঁরা দেশপ্রেমী দেশটাকে ধ্বংস করাই যাঁদের কাজ হচ্ছে প্রতি নিয়ত। আচ্ছা আমরা কি সে কাজে মদত দেবো স্যার? ইতিহাস বই ছোটোবেলায় পড়েছিলাম। এখনো মনে পড়ে, শেষ চ্যাপ্টারটা, জীবনবাবু এখানে আছেন ইতিহাসবিদ। শেষ চ্যাপ্টারটাতে পড়ানো হতো ভারতবর্ষের সংবিধান। আপনি সি.বি.এস.সি, বোর্ডে যান, অন্য বোর্ডগুলোতে যান, দেখবেন মাধ্যমিক স্তরেই সংবিধান পড়ানো হয়। আমার পশ্চিমবঙ্গের ইতিহাস বইয়ে সিঙ্গুর স্থান পেতে পারে কিন্তু সংবিধান চ্যাপ্টারটা স্থান পেতে পারে না। যেখানে প্রথম বলা আছে - WE THE PEOPLE OF INDIA. আমরা জানতে পারি, আমার ছোট ছোট বাচ্চা ছেলেমেয়েগুলো সংবিধান সম্পর্কে জানতে পারে। স্যার, আমরা লক্ষ্য করে দেখছি, আমাদের পরিদর্শন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। কে দেখবে এসব? এ.আই., এস. আই. অফিসে কয়েকজন কনট্রাকচুয়াল শিক্ষা বন্ধুরা কাজ করছে। পরিদর্শন ব্যবস্থা নেই। কে এসব লক্ষ্য করবে? কোনো কাজ নেই। গণতান্ত্রিক ব্যবস্থাকে এই সরকার শেষ করে দিয়েছে। ভয় পায়, ভোটকে ভয় পায়।কি করেছেন স্যার? কাউন্সিলের নির্বাচন নেই। বোর্ডের নির্বাচন নেই, কোনো প্রাইমারী বোর্ডের নির্বাচন নেই। একজনকে বসিয়ে রেখেছেন। ট্রান্সফার দিচ্ছে, আমি আজকে এখানে দাঁড়িয়ে একটা স্কুলের কথা বলছি, প্রাইমারী স্কুল যে স্কুলে একজন মাস্টারমশায়, সেই স্কুলের সেই মাস্টারমশায় ট্রান্সফার পেয়ে গেছেন। তিনি ট্রান্সফার নিয়ে নেওয়ার পর ছাত্ররা কোথায় কার কাছে পড়বে কোনো ব্যবস্থা নেই। এইসব কে দেখছে? একটা গণতান্ত্রিক কোনো আলোচনা নেই, কিছু নেই। এগুলো সমস্ত হচ্ছে। এইভাবে শিক্ষার পরিকাঠামো তৈরি, এইরকম সব ব্যবস্থা তৈরী হয়ে আছে। জেলায় সব ব্যবস্থা, কদিন আগে একটা সিদ্ধান্ত করলেন, ভাল। স্টাফ প্যাটার্ন দিতে হবে। আচ্ছা, স্টাফ প্যাটার্ন দিতে গিয়ে ল্যাজে গোবরে। আমার বেঙ্গল পোর্টাল খোলা আছে। সেখানে সব দেখা যাচ্ছে। আমি সেখান থেকে ব্যবস্থা নিতে পারি না? কোন স্কুলে বেশি টিচার, কোন স্কুলে কম টিচার আমি সেটা দিতে পারিনা? স্যার, আমার এলাকার একটি স্কুল তুলে দিতে হলো আপার প্রাইমারী। সেই স্কুলকে আমি আমার নিজের স্কুলে ডেকে ডেকে, এস.আই. বললেন, সবাইকে ভর্তি নিতে হলো। জায়গা দিতে পারছি না স্কুলে। তাদের সব ছেলেমেয়েগুলোকে নিয়ে আসতে হলো। এটা কে দেখবে স্যার? এই বিষয়গুলো প্রত্যেকদিন আমরা বলার পরেও, আমি দুটো কথা বলেই শেষ করবো। শিক্ষক নিয়োগ নিয়ে একটু আগে সওকত বাবু খুব বললেন, এত হাজার শিক্ষক নিয়োগ করা হয়েছে। আপনারা জেনে নিন। গত বছর কেরল সরকার কত শিক্ষক নিয়োগ করেছেন। কেরল সরকার প্রাথমিক বিদ্যালয়ে ৩৬ হাজার শিক্ষক নিয়োগ করেছেন। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নিয়োগ করেছেন ২৬ হাজার। পোস্ট

গ্র্যাজুয়েট টিচার নিয়োগ করেছেন ১০ হাজার। ১ বছরে কেরল সরকার এই নিয়োগ করেছেন। তাই স্বাভাবিক ভাবে বলি, আমি শেষ করবো এই কথা বলে, স্যার, শিশুর বিকাশের জন্য যে মূল জায়গাটা দরকার বার বার করে সেই বাচ্চাদের বইয়ে লেখা আছে - ভাব রুল থিম। স্যার, আমি একটা বই আপনাকে এনে দেবো। একটা বইয়ে লেখা আছে - পুরোনো দিনে গাছেরা হাঁটতো। কি শিক্ষা দিচ্ছেন স্যার? গোমূত্র খেলে রোগ ভাল হয়, এই শিক্ষা দিচ্ছেন? গাছেরা হাঁটতো, আমি বই এনে দেবো স্যার ? সেই বইয়ে প্রাথমিক বিদ্যালয়ে লেখা আছে গাছেরা হাঁটতো। প্রাথমিক বিদ্যালয়ের বই আমি স্যার বার বার করে বিনীত অনুরোধ করছি। স্যার, মাধ্যমিক লেভেলে আপনি কবিতা পড়েছেন এখনো মনে পড়ে - ওই যে গাঁটি যাচ্ছে দেখা আইরি খেতের আড়ে ‘ প্রান্তটি যার আঁধার করা সবুজ কেয়াঝাড়ে। স্যার, কবিতাগুলো আমরা মুখস্ত করতাম। আর আজকে কবিতাগুলো কি এসেছে সিলেবাসে? স্যার, শিক্ষামন্ত্রী একটু দেখবেন। কি ব্যবস্থা হয়েছে। একেবারে বোঝা, বোঝা। বাচ্চাদের প্রাইমারী স্কুলে বোঝা আছে।ওদের সামনে বোঝা বাড়িয়েছেন। তাই আমি শেষ করবো এই কথা বলে স্যার, ইমিডিয়েট আপনারা শিক্ষাকে বাঁচাবার জন্য, শিক্ষার গণতন্ত্রী করণ করুন, শিক্ষার সামাজিকীকরণ, শিক্ষক নিয়োগ এই ব্যবস্থাগুলো করুন। নাহলে কিছুতেই আমরা আমাদের শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে পারবো না। আশা করি সেই ব্যবস্থা আপনি করবেন।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে এই পবিত্র সদনে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যে দুটো ডিমান্ড পেশ করেছেন, আমি তাকে সর্বতভাবে সমর্থন করছি। একটা কথা বলি, আসলে শিক্ষার বাজেট যেটা হয়েছে, এটা হচ্ছে শিক্ষার অভিমুখ। আমাদের সরকার কি চাইছে এই জিনিসটা এখানে স্পষ্ট ভাবে ব্যক্ত করা হয়েছে। আসলে আমার বিরোধী বন্ধুরা যারা আছেন, সমালোচনা তো করতেই হবে একটা কিছু - বলব কি, বলার তো কিছু নেই। আপনারা নিশ্চয়ই সবাই অবগত আছেন যে ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার যখন ক্ষমতায় আসে, সেই সময় পশ্চিম বাংলার বুকে অবস্থা কি ছিল। শুধুমাত্র শিক্ষা ক্ষেত্রে নয়, সর্বক্ষেত্রেই একটা চরমতম নৈরাজ্য চলছে, শিক্ষা ক্ষেত্রে তার ব্যতিক্রম নয়। আমরা সেদিন দেখতে পেয়েছি স্কুল কলেজ এই সব জায়গায় আন্দোলন চলছে, ধর্মঘট চলছে, প্রতিনিয়ত মারামারি চলছে -ছুটি হয়ে যাচ্ছে। স্কুল, কলেজগুলো। আমি দীর্ঘকাল কলেজে অধ্যাপনা করেছি, আমার অভিজ্ঞতার থেকে আমি বলছি, ছুটি প্রতিদিন - আজকে মারামারি লাগল, আজকে স্ট্রাইক ডাকা হচ্ছে, আজকে অমুক জিনিস, আজকে বন্ধ - এইসব স্কুল, কলেজ বন্ধ হয়ে যাচ্ছে - এটা দেখেছি। আর কি দেখেছি ? স্কুল আছে, কলেজ আছে কিন্তু শিক্ষক নেই। ছাত্রের ভিড় স্কুলগুলোতে উপছে পড়ছে, বসবার জায়গা নেই, ছাত্র আছে শিক্ষক নেই, শিক্ষক হয়’তো আছে কিন্তু স্কুলের ব্লাকবোর্ডের শোচনীয় অবস্থা - আগে অবস্থা ছিল এই রকম। আবার এও লক্ষ্য করেছি, প্রিন্সিপ্যালের কাছে কমরেড’রা আসছেন পাড়ার, লোকাল কমিটির লোকজন, এসে তারা কানে কানে মন্ত্র দিচ্ছেন প্রিন্সিপ্যাল সেই ভাবে এগোচ্ছেন। আমি একটু আগে বলছিলাম, যে স্কুলে বসবার জায়গা নেই, ছাত্রের ভিড় উপছে পড়ছে। আমি নিজে লক্ষ্য করেছি, আমি স্কুলে

গেছি একবার একটা ইন্টারভিউ নিতে স্কুলের টিচাররা appointed হবে। এই সময়তে লক্ষ্য করেছি আমি যে সেই সময় শিক্ষককে demonstration দিতে হত। Demontration হচ্ছে ক্লাস -XI গেছি মেয়েদের স্কুলে একটা এবং সেখানে লক্ষ্য করছি যে মেয়েরা বসেছে এমন ভাবে চারজন যেখানে বসা যায়, সেখানে ছয়জন বসেছে এবং লিখছে তারা কোলের উপরে খাতা রেখে - অবস্থা এই ছিল, আজকে সেই অবহাটার পরিবর্তন হয়েছে। আজকে মমতা ব্যানার্জীর নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকারের উদ্যোগে এবং আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চ্যাটার্জীর চেষ্টায় শিক্ষা ক্ষেত্রে আজকে একটা বিপ্লব সংগঠিত হয়ে গেছে। আমি এই কথাটা জেনেশুনে বলছি, একটা বিপ্লব সংগঠিত হয়ে গেছে শিক্ষা ক্ষেত্রে। বন্ধুগণ আপনারা দেখেছেন এই বাজেট পুস্তিকাতে শিক্ষার উদ্দেশ্য কি, আমাদের সরকারের নীতি কী এইগুলো অত্যন্ত স্পষ্ট ভাবে এখানে আলোচিত হয়েছে। বলা হচ্ছে এখানে শিক্ষার প্রসার, শিক্ষা সার্বজনীন হবে, শিক্ষার সম্প্রসারণ আমাদের লক্ষ্য এবং আমরা লক্ষ্য করছি, আজকে বিভিন্ন স্তর থেকে ছেলে-মেয়েরা স্কুল, কলেজগুলোতে আসছে। স্কুলে প্রচুর পরিমানে ছাত্র-ছাত্রীরা আসছে, শিক্ষার সম্প্রসারণ ঘটেছে, এক। আর কি, শিক্ষার মানোন্নয়ন, মানোন্নয়ন হচ্ছে, মানের উন্নতি ঘটছে। আগে লক্ষ্য করেছি আমরা শুদ্ধ করে বানান লিখতে পারে না, পাশ করে গেছে এম.এ. পড়ছে - আজকে শিক্ষার সেই অবস্থাটা নেই, পরিবর্তন ঘটে গেছে। পরিকাঠামোরা উন্নয়ন করা, সর্বভারতীয় স্তরের সঙ্গে একটা সামঞ্জস্য রেখে একটা সিলেবাস তৈরি করা -এই জিনিসগুলো হচ্ছে এবং নতুন নতুন বিষয়ে পাঠদানের সুবিধা ছাত্রদের সামনে এগুলো এনে দেওয়া হয়েছে। নতুন সিলেবাস হচ্ছে, নতুন নতুন বিষয় এর মধ্যে আনা হচ্ছে। এখন এইগুলো পরিবর্তন নয় ? সরকারের উদ্দেশ্য তো এইগুলো। একটু আগে শুনছিলাম, তিনতলা বিল্ডিং করলাম, রং করলাম ইত্যাদি ইত্যাদি শিক্ষা উন্নতি হয়ে গেলো ! শিক্ষা উন্নয়ন করতে গেলে পরিবেশ একটা ব্যাপার।

[3:30 – 03:40 p.m.]

আবর্জনাময়, নোংরা অবস্থা, জরাজীর্ণ বিল্ডিং, জল পড়ছে, আগে তো স্কুলগুলোতে এই অবস্থাই ছিল। আমি ভুক্তভোগী। আমি অনেক জায়গায় দেখে এসেছি। স্কুলে দরজা, জানলা নেই। একসঙ্গে প্রচুর ছেলে বসে আছে, হাওয়া ঢুকবে না সেখানে। শিক্ষার এই পরিবেশ ছিল। বর্ষাকালে বৃষ্টি পড়ছে, জানলা দিয়ে জল ঢুকছে। সুতরাং শিক্ষার পরিবেশ একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা বিষয়। মাননীয় শিক্ষামন্ত্রী সেই শিক্ষার পরিবেশটাকে উন্নত করবার জন্য বিল্ডিংগুলোতে রং করার বন্দোবস্ত করেছেন। আরও অন্যান্য উপকরণগুলো আনছেন তিনি। আমরা বলছিলাম, শিক্ষার এই পাঠ্যসূচীর রদবদল হচ্ছে। সেই একই রকমের স্টিরিওটাইপ সিলেবাসের পরিবর্তন আসছে। স্কুলে যে টেক্সট বইগুলো দেওয়া হয়, আপনি দেখবেন সবাই তো মোটামুটি আমরা ওয়াকিবহাল, টেক্সট বইগুলোর চেহারা কি সুন্দর। লেখা কত সুন্দর। ছাপা ছবি, একবারে অতুলনীয়। ছাত্রকে আকৃষ্ট করতে এই জিনিসটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা বিষয়। ছবি নেই বইগুলোতে, ছাপাগুলো অস্পষ্ট, এতে ছাত্রদেরকে আকর্ষিত করা যায় না। আমার মাননীয় শিক্ষামন্ত্রী এবং তাঁর শিক্ষা দপ্তর এইট পর্যন্ত ছ'টি ভাষায় পাঠ্য বই বের করেছেন-

বাংলা, ইংরাজি, হিন্দী, উর্দু, নেপালি, সাঁওতালী। এতগুলো ভাষায় একটা বই, এগুলো নিশ্চয়ই একটা দক্ষতার বিষয়। আগে দেখতাম সরকারি বই বিলি করার কোন নিয়ম কানুন নেই। বছরের মাঝখান পর্যন্ত বই বিলি করা হচ্ছে। আমার সরকার একবারে আইন করে দিয়েছে, স্পষ্ট নির্দেশ দিয়েছে, জানুয়ারী মাসের দু' তারিখে বুক ডে হবে। সেইদিন প্রতিটি স্কুলে বইপত্র পোঁছে যাবে। ছাত্রদের হাতে বইপত্র উপস্থিত হয়ে যাবে। এগুলো কিন্তু আমার সরকার করেছে। মাধ্যমিক স্তরে ছাত্রছাত্রীদের জন্য বিনা মূল্যে টেস্ট পেপার দেওয়া হচ্ছে। আমরা যখন আগে ছাত্র ছিলাম, আমরা দেখেছি যে টেস্ট পেপার নেব, তার আগে থেকে টাকা জমা দিতে হচ্ছে স্কুলে। এ বি টি এ থেকে স্কুলে আসবে টেস্ট পেপার। আজকাল ওই এ. বি. টি. এ.-র জন্য অপেক্ষা করতে হয় না। আজকাল আমার মাননীয় সরকার বিনামূল্যে ছাত্রছাত্রীদের মধ্যে টেস্ট পেপার বিলি করছে। শিক্ষার প্রতি মানুষ যাতে আকৃষ্ট হয়, ছাত্রছাত্রীরা যাতে আকৃষ্ট হয়, মিড ডে মিলের বন্দোবস্ত হয়েছে। আমাদের দেশের অবস্থা আগে এমন ছিল খেতে পেত না অনেকে, অন্ততঃ সেই খাওয়ার আকর্ষণে ছাত্ররা আসবে। স্কুলে এলে লেখাপড়া একটু না একটু তো হবেই। মিড ডে মিল - এটা একটা অভিনব জিনিস। মাননীয় শিক্ষামন্ত্রীর উদ্যোগে স্কুলগুলোতে ভাঁড়ার ঘর হয়েছে, খাবার ঘর হয়েছে, বাসনপত্র হয়েছে। আগে ছিল না এগুলো। এখন এগুলো তো হয়েছে। এগুলো আমার সরকারের অবদান, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের অবদান এবং উদ্যোগ নিয়েছেন মাননীয় শিক্ষা মন্ত্রী। এছাড়া আমি সেদিনও দেখছিলাম যে, হাই স্কুলের ছাত্ররা যাচ্ছে লাইন করে। আমাদের এলাকার, দরিদ্র অঞ্চল। ছাত্র যাচ্ছে, পায়ে জুতো নেই। আমার মাননীয়া মুখ্যমন্ত্রী ছাত্রদের পায়ে জুতোর বন্দোবস্ত করে দিয়েছেন। প্রাইমারী স্কুলে এগুলো হয়েছে। আমি বিশ্বাস করি, এই জিনিসগুলো আগামী দিনে আরও ঊর্ধ্বতন স্তরে হবে। যাই হোক, জুতো যখন নেই, আমরা বসে থাকি না। কিন্তু যাদের পায়ে জুতো নেই, তাদের পায়ে জুতোর বন্দোবস্ত করে দিয়েছি আমরা। আমার সরকার আগামী দিনে সেই পথেই এগোবে। এখন আমার সরকার মানবিক সরকার। ১৫ লাখ ব্যাগ বিলি করেছে। ছাত্ররা আগে স্কুলে আসত বই হাতে নিয়ে, ব্যাগ নেই। আমার সরকার ব্যাগের বন্দোবস্ত করে দিয়েছে। স্কলারশিপ, কত স্কলারশিপ, নবান্নতে স্কলারশিপ দেওয়া হচ্ছে, বিকাশ ভবনে স্কলারশিপ দিচ্ছে, এছাড়া স্বামী বিবেকানন্দের মেরিট-কাম-মিনস স্কলারশীপ দেওয়া হচ্ছে। আমি একটা উদাহরণ দিই।

লজ্জা লাগে এগুলো বলতে। আমি রামকৃষ্ণ মিশনের ছাত্র ছিলাম। আমার এক সহপাঠী ছিলেন। কলেজে পড়তেন আমার সঙ্গে। আজকে তিনি একজন নামী সন্ন্যাসী। আমার সঙ্গে পড়তেন তিনি। আমাকে তিনি বলছেন, আমি আসলে তোমার চেয়ে এক ক্লাস ওপরে পড়তাম। আমি তাকে বললাম, তুমি কি ফেল করেছ? সে তখন বললো, না, আমি যখন অষ্টম শ্রেণীতে পড়ি, স্কুলের মাইনে দিতে পারি নি। আজকে সেই ব্যাপারটা নেই। বেতনের অভাবে ছাত্র পরীক্ষা দিতে পারছে না - এই জিনিসটা হয় না। এই জিনিসটা হয় না। আজকে দেয় এগুলো। আমার সরকার আছে। কত রকমের স্কলারশীপ চায় আজকে? কত রকমের স্কলারশীপ চায়? সমস্ত বন্দোবস্ত রয়েছে।

আজকে ‘কন্যাশ্রী’ পরিকল্পনা আমার মাননীয়া মুখ্যমন্ত্রীর অভাবনীয় একটা আবিষ্কার। এবং আপনারা শুনলে আশ্চর্য হবেন, একমাত্র তিনি আর্ন্তজাতিক স্তরে এর জন্য সম্মানিত হননি আজকে আমার পশ্চিমবাংলার বুকে একটা গবেষণা হয়েছে, পিএইচডির থিসিস এটা - ‘কন্যাশ্রী’র ওপরে। এবং এ জিনিস কিন্তু আগে কারও ক্ষেত্রে হয়নি। এটা আমার মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রকল্প। এটার ওপর নির্ভর করে একজন পি.এইচ.ডি. করছে।

যাই হোক, এখন বলতে গেলে অনেক কথাই বলতে হয়। আমরা আগে দেখেছি ২০১১ সালে বাজেট পেশ হচ্ছে, কুড়ি হাজার মেয়েদের স্কুলে বাথরুম নেই। আজকে প্রত্যেকটা স্কুলে মেয়েদের জন্য, ছেলেদের জন্য বাথরুম আছে। এটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমার শিক্ষামন্ত্রী এগুলোর বন্দোবস্ত করেছেন।

অনেক স্কুলে লাইব্রেরি নেই। আজকে স্কুলগুলোর লাইব্রেরি হচ্ছে। লাইব্রেরির অনুদান দেওয়া হচ্ছে। এই জিনিসগুলো তো হচ্ছে। আগে এগুলো ছিল না। আগে ছিল না। লাইব্রেরিয়ান নিয়োগ হচ্ছে আজকাল। আসলে শুনতে এগুলো ভালো লাগছে না তো। আচ্ছা, এগুলো শুনতে ভালো লাগবে না।

আমাদের উচ্চশিক্ষা ক্ষেত্রেও এখানে সাঙ্ঘাতিক ভাবে উন্নয়ন হয়েছে। এখানে একটা জিনিস উল্লেখ করা অত্যন্ত অপরিহার্য যে, আগে আমাদের পশ্চিমবঙ্গে ১২টি ইউনিভার্সিটি ছিল। বর্তমান সেই ইউনিভার্সিটির সংখ্যা ৪১। শিক্ষার যে সম্প্রসারণ ঘটেছে নজির তার একটা। অনেকে অভিযোগ করছেন। অনেকে বলছেন যে, শিক্ষার বেসরকারীকরণ হচ্ছে। এতদিন কেউ আসেনি কেন ভাই? শিক্ষা নিয়ে ব্যবসা করতে এখানে আসবে কেন লোকে। রোজই তো স্ট্রাইক, রোজই মারামারি, রোজই সিন্ডিকেট রাজ - এই সব হ’ত আপনাদের আমলে। আজকাল এগুলো হয় না। আজকাল লোকে ইনভেস্টমেন্টের জায়গা পেয়ে গেছে এবং সেই জায়গাটা পশ্চিমবঙ্গ। এখানে শান্তি বিরাজ করছে, এখানে সবদিকে উন্নয়ণ ঘটছে। সুতরাং, এখন শিক্ষা বাজেট আজকে আমার মাননীয় শিক্ষামন্ত্রী যেটা পেশ করেছেন আমি সর্বত্র ভাবে তাকে সমর্থন করছি। এবং আমি মনে করছি, আগামী দিনে পশ্চিমবঙ্গের শিক্ষার উন্নয়ণে এই বাজেট অত্যন্ত মূল্যবান এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। নমস্কার স্যার।

Shri Mostaque Alam : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী ২০২০-২১ সালের ডিমান্ড নম্বর ১৫ এবং ডিম্যান্ড নম্বর ৭০, স্কুল এডুকেশান এবং হায়ার এডুকেশানের ব্যাপারে ব্যয়-বরাদ্দ তিনি পেশ করেছেন, এই ব্যাপারে বিরোধীদের আনা কাট-মোশানকে সমর্থন করে কিছু কথা আপনাদের সামনে আমি তুলে ধরতে চাই। অল্প সময়ের মধ্যে ইতিমধ্যে সাত জন স্পীকার তাদের পক্ষে এবং বিপক্ষে অনেক আলোচনা করেছেন। সেগুলো আমি রিপিট করতে চাইছি না। মূল কয়েকটি বিষয়ে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে ভারতবর্ষের মাটিতে কেন্দ্রে একটা সরকার আছে যিনি শিক্ষা, স্বাস্থ্য ওর এজেন্ডাতে নেই, ডিসকাসানে নেই। অদ্ভুতভাবে আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের

সংস্কৃতিকে, ভারতবর্ষের ইতিহাসকে, শিক্ষা ব্যবস্থাকে তিনি বিকৃতি করে দিতে চাইছেন। তাই আমরা বাংলার মানুষ হিসাবে আমরা গর্ব বোধ করি এবং বাংলাকে বাদ দিয়ে ভারতবর্ষের শিক্ষারও কথা ভাবা যায় না। আজকে একজন ভারতীয় নাগরিক হিসাবে আমরা দেখেছি, তথ্য প্রমাণ বলছে, ইন্ডিয়ার হায়ার এডুকেশন সিস্টেমটাকে থার্ড লার্জেস্ট ইন দ্য ওয়ার্ল্ড। ভারতবর্ষকে ইউনাইটেড স্টেট এবং চায়নার পরে ভারতবর্ষের শিক্ষার হারের প্রশ্নটা আসছে। এবং প্রথমার্ধে আমরা গর্ব বোধ করি, ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ টেকনোলজি সেটা খড়গপুরে।

[3:40 – 03:50 p.m.]

Indian Institute of Management - গুজরাটের আহমেদাবাদে। Indian Institute of Management, সেটা কলকাতায়। প্রথমে তিনটে ইনস্টিটিউশান হয়েছিল তার মধ্যে দুটোই কিন্তু আমাদের বেঙ্গলের মধ্যে এবং আমাদের কাছে খুব গর্বের বিষয়। তার পরবর্তী ধাপে আমরা দেখেছি ১৮৫৭ সালে University of Calcutta, University of Madras, University of Bombay. সেই সময়ও কিন্তু Calcutta বাদ যায় নি। তাই আজকে আমরা গর্ব করে বলতে পারি Calcutta is the pioneer of the Indian Higher education. Calcutta মানে Bengal. আর বেঙ্গলকে বাদ দিয়ে কিন্তু ভাবা যায় না। আজকে ওরা ভারতবর্ষের ইতিহাসকে বিকৃত করতে চাইছে। ভারতবর্ষের সংস্কৃতিকে বিকৃত করতে চাইছে। আমি তাই কয়েকটা বিষয় মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি ওনার এবং রাজ্য সরকারের ভাবার জন্য, পাঠ্য পুস্তকে যেগুলো include হওয়া দরকার। আমাদের নেতাজী সুভাষচন্দ্র বোসের স্বহস্তে লেখা চিঠি। গান্ধীজীর ভাবনা। স্বামীজীর বিশ্ব ভারত সভ্যতা। সংস্কৃতির মর্মকথা। শ্রীরামকৃষ্ণের সর্বধর্ম সমন্বয়ের কথা উল্লেখ করা দরকার। এছাড়া Social and Political personalities - পন্ডিত জওহরলাল নেহেরু। মহাত্মা গান্ধী, আবুল কালাম আজাদ, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ এদের অবদানের কথা আজকে মুছে ফেলে বি.জে.পি যে একটা নতুন ইতিহাস সৃষ্টি করতে চাইছে সেখানে সাভারকার, গোলকার, দিনদয়ালদের নাম দেশনায়ক হিসাবে দেখাতে চাইছে। আজকে শিক্ষানীতি নিয়ে অদ্ভূত ভাবে আমাদের র্পালামেন্টে কোন আলোচনা হচ্ছে না। ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন কলকাতার Asiatic Society-তে তিনি দ্বিশতবর্ষ পূর্তি উপলক্ষে এসেছিলেন এবং এশিয়াটিক সোসাইটিকে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের মর্যাদা ঘোষণা করেছিলেন। সে সময়ে শিক্ষাকে কী করে আরো এগিয়ে নিয়ে যাওয়া যায় বিশিষ্ট বিজ্ঞানী ডক্টর অজিত সাহা এবং রবীন্দ্র ভারতীর প্রাক্তন উপাচার্য ডক্টর রমা চৌধুরী, এশিয়াটিক সোসাইটির সম্পাদক ডক্টর চন্দন চৌধুরী এদেরকে তিনি দিল্লী ডেকে এই সংস্থার কী করে মান উন্নয়ন করা যায় সেটা তিনি করেছিলেন। আর আমাদের বি.জে.পি.-র তালিকায় হিন্দু-মুসলমান, হিন্দুস্থান আর পাকিস্থান এটাই হল agenda. এতে বৈতরণী পার হয়ে যাবে, শিক্ষা সব হয়ে যাবে। জয়সীতা-রাম বললে সব হয়ে যাবে। আমি কিছু বইয়ের উল্লেখ করতে চাইছি। আমাদের মূল যে origin, existence-কে যদি ধরে রাখতে হয় বর্তমান ভারতবর্ষের বি.জে.পি, শাসিত কেন্দ্রীয় সরকারের যে দ্বিচারিতা, সৃষ্টি-কৃষ্টিকে যে ধ্বংস করে দিতে চাইছে তার জন্য আমি মনে করি

বাংলা যে পথ দেখায় স্বাধীনতা আন্দোলনে তা আমাদের এখানে নথিভুক্ত হওয়া দরকার, রাজ্য সরকারের ভাবনার মধ্যে। মহাত্মা গান্ধীর My Experience With Truth. মৌলানা আবুল কালাম আজাদের India Wins Freedom. দেশবন্ধু চিত্তরঞ্জনের আত্মজীবনী, হেমেন্দ্রনাথ দাসগুপ্তের লেখা, পন্ডিত জওহরলাল নেহেরুর Discovery of India-র কিছু অংশ। নেতাজীর লেখা তরুনের স্বপ্ন। আজকে আমাদের ভেবে দেখা দরকার যে এগুলোকে আমরা entry করতে পারি কী পারি না। আজকে যে মূল বিষয়টা এখানে আলোচনার মধ্যে এসেছে, নিশ্চয়ই যে রাজ্য সরকার যখন ক্ষমতায় থাকবে তাদের কিছু করতেই হবে। সরকারের এটা দায়িত্বের মধ্যে পড়ে। আমাদের নেপালবাবু এবং অসিত-দা teacher-দের age নিয়ে বুঝতে পারছিনা যেখানে recruitment-র সমস্যা হচ্ছে যাঁরা কলেজে লেখাপড়া করাবেন। তাঁরা আবার physical fitness certificate পেয়ে গেলেন ৬৫ বছর আর যারা স্কুলে আসবে তাদের বেলায় আবার হবেনা এটা তো ঠিক না। অন্তত ওদের 62 করে দেওয়া যায় কিনা ভেবে দেখা দরকার, এবং আমি এটা অনুরোধ করবো। কয়েকটি বিষয় যেটা আমরা দেখতে পাচ্ছি উল্লেখ করা দরকার আছে তার মধ্যে ছাত্র ভর্তি একটা burning question. আজকে যারা মাধ্যমিক পাস করছে ইলেভেন-টুয়েভ যে স্কুলগুলোতে আছে সেখানে আমরা দেখতে পাচ্ছি প্রথমে ওরা নিজেদের স্কুলের ছাত্র ছাড়া অন্য কাউকে নিতে চাইছে না। ওদের বক্তব্য হচ্ছে আগে আমরা নিজেদের নেবো এবং অন্যদেরটা পরে ভাববো।তাহলে ঐসব ছাত্রছাত্রীরা যাবে কোথায় ? ছাত্রছাত্রীদের অ্যাডমিশানের এই সমস্যা রয়েছে। আজকে কর্মসংস্থানের সুযোগ যখন বিলুপ্ত হওয়ার মুখে তখন আমাদের প্রত্যেকেরই ইচ্ছা, ছেলে-মেয়েদের এবং গার্জেনদেরও, জব ওরিয়েন্টেড এডুকেশানের দিকে আগ্রহ থাকা সত্ত্বেও school-collegeগুলোতে দেখতে পাচ্ছি quota system.

এই কোটা ফিল্ড আপ হয়ে গেছে আর হবে না। আমরা জানতে চাই জনসংখ্যা বাড়ছে, ছাত্র ছাত্রীও বাড়ছে। আজকে কমপিটিটিভ যুগ সেখানে সব কিছু বাড়ছে। তাহলে আমার ঘরের ছেলেমেয়েরা কোথায় গিয়ে ভর্তি হবে? নিঃসন্দেহে অনেকগুলো পজিটিভ স্টেপ নেওয়া হয়েছে সেটা প্রশংসার দাবি রাখে। কিন্তু ঘাটতি যেখানে আছে, আজও বিল্ডিংয়ের ঘাটতি আছে। তেলের মাথায় তেল দেওয়ার তথ্য আমি পরে বলতে চাইছি। কলকাতা মহানগরীতে আজকে যারা পড়তে আসে থাকার জায়গা নেই। আজকে যারা বিভিন্ন কলেজ এবং ইউনিভার্সিটিতে থাকতে চায় তাদের থাকার জায়গা নেই, ঘাটতি আছে এব্যাপারে বিশেষ কিছু দেখতে পেলাম না। স্কুলের বিল্ডিং হয়েছে ইউপিএ- ওয়ান এবং ইউপিএ- টু গভর্ণমেন্টের ডিপিএপি-র টাকা থেকে বিল্ডিংগুলো হচ্ছিল। আমরা দায়িত্ব নিয়ে বলতে পারি স্কুলের চেয়ার বেঞ্চের জন্য কোন বরাদ্দ দেওয়া হয় না। স্যানিটেশান থেকে ন্যাশনাল রুরাল হেল্থ মিশনের টাকা থেকে টয়লেটগুলো করা হয়। আজও সেই ঘাটতিগুলো আছে যেটা আমাদের নেপালবাবু বলছিলেন, আমিও সহমত পোষণ করছি স্কুলগুলোতে কম্পিউটার চালাতে গেলে যেহেতু ওটা বাধ্যতামূলক হওয়ার পক্ষে তাহলে সেখানটা স্কুলের ম্যানেজমেন্টকে দেওয়া দরকার। ল অ্যান্ড অর্ডার প্রব্লেমের জন্য আজকে কমিটিগুলোকে, আজকে ইলেকশান বন্ধ করে দেওয়া হয়েছে। অনেক খুন হত, আমি মনে করি

এ কাজটা ভালই করেছেন। সরকার যখন আছে সরকার নিজেরা মালিকানা করুক। I have nothing to say। কিন্তু নিঃসন্দেহে একটা কথা আমার বলার আছে যারা শিক্ষার এ বি সি জানে না, যারা মিড ডে মিলের টাকা পাওয়ার জন্য কমিটিতে ঢুকতে চায় এটা আমাদের দুর্ভাগ্য। আমি দায়িত্ব নিয়ে বলছি হরিশচন্দ্রপুর বিধানসভার সুলতাননগর হাই স্কুলে একজন মাস্টারকে মিড ডে মিলের টাকা দেওয়ার জন্য, স্যার কিসের দেব টাকা? ছাত্র ধরে মেরে দিল। দুর্ভাগ্য আমাদের নতুন সব পুলিশ অফিসার জানা সত্ত্বেও চার পাঁচ কিলোমিটারের মধ্যে উনি কোন স্টেপ নিতে পারলেন না। খুব স্বাভাবিকভাবে শিক্ষকরা ভাবতে পারছেন যে এদেরকে মেনে আজকে চলতে হবে। যাদের কমিটিতে আনা হচ্ছে তাদের একটা ন্যূনতম এডুকেশন থাকা দরকার। শিক্ষা সম্পর্কে তাদের যেন বোধ থাকে সেই জিনিসটা আজকে কিন্তু দেখার দরকার আছে। রাণীনগর হাইমাদ্রাসা এটা হচ্ছে মালতীপুর বিধানসভার মধ্যে পড়ে। দুর্ভাগ্য আমাদের মন্ত্রী সাধন পান্ডে উনি ওখানে একজন টিএমসি থেকে জিতেছিলেন তিনি ওকেই কমিটিতে করে দিলেন। নির্বাচিত কংগ্রেসের কমিটির একজন তিনি তাঁকে ব্রাত্য করে দিলেন। শিক্ষার হার কেমন আছে ভাল না মন্দ, আমরা পশ্চিম বাংলা ১৮ রাজ্যের আগে আছি। তবে এটা ঠিক এক থেকে দশ আমি যদি লিটারেসি দেখি পশ্চিম বাংলা এক থেকে দশের মধ্যে নেই। আবার শেষে যদি লোয়েস্টে দেখি এক থেকে দশ সেখানেও আমরা নেই। ২০১১ তে ৭৭ শতাংশের মধ্যে যে জায়গাটা সেটা আমরা দেখতে চাচ্ছি। আমি এই কথাগুলো inclusion কারণে একটি কথাই এই জন্য বললাম মোগলসরাই নাম সরিয়ে দেওয়া হচ্ছে, পন্ডিত জওহরলাল নেহেরুর নাম সরিয়ে দেওয়া হচ্ছে, মৌলানা আবুল কালাম আজাদের নাম যেখানে আছে সরিয়ে দেওয়া হচ্ছে। আজকে এই কারণে পশ্চিম বাংলায় রামমোহন রায়ের যেখানে জন্ম, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যাঁরা আজকে এই শিক্ষার জন্য তাঁরা লড়াই করেছেন, আমাদেরকে পথ দেখিয়েছেন তাঁদের স্মৃতির কথা মনে রাখা দরকার। তাই আমি মনে করি শিক্ষা ক্ষেত্রে যে ব্যয় বরাদ্দ হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, আমি মূল বাজেটে প্রবেশ করবার আগে মাননীয় শিক্ষা মন্ত্রী যে ডিম্যান্ড এখানে পেশ করেছেন, বিভিন্ন প্রকল্পে যে অর্থ বরাদ্দের মঞ্জুরি চেয়েছেন, আমি বিরোধিতা করলেও তা অনুমোদিত হবে এ আমিও জানি, আপনিও জানেন। আমি শুধু আপনার কাছে অনুরোধ করবো, যে প্রকল্পগুলোর বরাদ্দ মঞ্জুরি চেয়েছেন তার সঙ্গে আরেকটি প্রকল্পকে যুক্ত করে বরাদ্দ মঞ্জুরি চান। চান এই কারণে, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর বাঁশি কবিতায় কিনু গোয়ালার গলি দিয়ে শুরু করেছিলেন। আর আজকে আমরা দেখছি গোটা করোনা ভাইরাসের ভয়ে সংক্রামিত আমাদের রাজ্যে দেশে দিলু গোয়ালার খাটাল থেকে গরু বের করে তার গোমূত্র পান করানো, গোবর গায়ে মেখে স্নান করানো এবং গোবর খাওয়ানো চলছে, টেলিভিশানে রোজ তা দেখানো হচ্ছে। আমাদের শিক্ষা মন্ত্রীর নিশ্চিতভাবে দায়িত্ব যে আমাদের রাজ্যের মানুষ যাতে বিজ্ঞান মনস্ক হন। আমাদের শিক্ষা মন্ত্রীর নিশ্চিতভাবে এটাও দায়িত্ব যে আমাদের রাজ্যের মানুষ তাঁরা যাতে কুসংস্কারের বিরোধী হন।

[3:50 – 04:00 p.m.]

সেই জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার আবেদন একটা অতিরিক্ত মঞ্জুরী চান এই হাউসের কাছে এবং সেই মঞ্জুরী নিয়ে তিনি আজকে থেকেই সরকারের শিক্ষা মন্ত্রকের উদ্যোগে প্রচার করুন গো-মুত্র বা গোবর যে কোন প্রাণীর বর্জ্য মানুষের খেলে তা মানব দেহের পক্ষে ক্ষতিকর। মানুষের শরীরে লাগালে তা মানুষের পক্ষে ক্ষতিকর। এই অশিক্ষা, কুসংস্কারের হাত থেকে দেশকে বাঁচানোর জন্য, রাজ্যকে বাঁচানোর জন্য শিক্ষামন্ত্রী অগ্রসর হোন এই বিনীত নিবেদন আমি তার কাছে করছি। স্যার, মাধ্যমিকে বানান ভুল হলে নম্বর কাটা যাবে না। আমি জানিনা মাননীয় অধ্যক্ষ, উপাধ্যক্ষ এই হাউসে সেটা চালু করেছেন কি না। আমার নামের টাইটেলের বানানটা বিচ্ছিরি রকমের ভুল আছে Bhattacharyya এই বানানে ভট্টাচার্য পৃথিবীতে কেউ কোথায়ও দেখে নি। আপনি নিশ্চয় লেখার জন্য একটু নম্বর কাটবেন এইটুকু আবেদন আপনার কাছে করছি স্যার। স্যার, আমার একটা বিনীত প্রশ্ন, ২০১১ সালের সাথে সব কিছুকে তুলনা করাটা আপনাদের অভ্যাস। আমাদের আপত্তি নেই কিন্তু মাধ্যমিক পরীক্ষার্থীদের সংখ্যা বলার সময় ২০১১ সালের সাথে কেন তুলনা করেন না স্যার। ২০১১ সালে এই রাজ্যে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯ লক্ষ ৪৭ হাজার ৪৯৫। ২০২০ সালে ১০ লক্ষ ১৫ হাজার ৮৮৮।স্যার, দু শতাংশ জনসংখ্যা বৃদ্ধির হার ধরলে রবীন্দ্রনাথবাবু, জীবনবাবু, যোগেন্দ্রনাথবাবুর মত শিক্ষকরা এখানে আছেন। তাঁরা জানেন দু শতাংশ জনসংখ্যা বৃদ্ধির হার ধরলে এটা এই বছরে হওয়ার কথা ছিল ১১ লক্ষ ৩২ হাজার ৩৪৪। সেখানে হয়েছে ১০ লক্ষ ১৫ হাজার ৮৮৮। সব কিছুতে ২০১১-র তুলনা, মাধ্যমিক পরীক্ষার্থীতে তুলনা নেই তার আসল কারন কি স্যার, এটা ২০১১ সালে ৪ লক্ষ ৫ হাজার ১১৭ জন ছাত্রী পরীক্ষা দিয়েছিল মাধ্যমিকে। মাধ্যমিক ইতিহাসে এটা রেকর্ড। তার আগের বছরে ছিল ৩ লক্ষ ৪০ হাজার ১২৩। এত বেশি ছাত্রী শতাংশের হারে মাধ্যমিক চালু হওয়ার পর থেকে কোন দিন বাড়ে নি যা ২০১১ -তে বেড়েছিল এই জন্য কি স্যার, এটাকে গোপন করা হয়। এটা ঠিক স্যার, একটু আগেই মাননীয় শিক্ষক মহাশয় বলছিলেন ১৮৮৫ টি উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। স্যার, খুব সিম্পল জিজ্ঞাসা, কেন প্রয়োজন হল ? এই যে ৮৫৫ থেকে ১৮৮৫ হল প্রয়োজন হল বলে করেছেন মাননীয় শিক্ষামন্ত্রী, ধন্যবাদ। এই উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আজকে যারা পড়ছে, যাদের পড়বার ব্যবস্থা মাননীয় শিক্ষামন্ত্রী করেছেন ২০১১ সালের আগে তারা সকলে স্কুলে পড়ত বামফ্রন্টের আমলে। তাহলে বামফ্রন্টের আমলে স্কুল শিক্ষাটা এতটা উন্নত হয়েছিল যে কারনের জন্য সেই উন্নয়নের ধারাটাকে বজায় রাখতে গিয়ে আজকে উচ্চ শিক্ষায় বাড়তি আসনের ব্যবস্থা করতে হচ্ছে। নতুন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান তৈরি করতে হচ্ছে এই সত্যকে অস্বীকার করবার কোন বিষয়, কোন যুক্তি শাসক দলের কোন পন্ডিত বিধায়কদের কাছে থাকল না, তারা পরোক্ষে এটা মেনে নিলেন এবং আমিও মাননীয় শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি ১৮৮৫ -তে পৌঁছে দেওয়ার জন্য। কিন্তু স্যার, পরিকাঠামোর চেহারা কি ? আমরা বলছি বাজেটের বইতে ৩১৫টি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান NAC দ্বারা স্বীকৃত হয়েছে। অমর্ত সেনের একটা বিখ্যাত বই আছে The Country of the First Boys বইটার

নাম। বইটার একটা জায়গায় অমর্ত্য সেন বলছেন, Passport proves nothings. এটাও তো তাই ৩১৫ টা NAC -এর স্বীকৃতি পেয়েছে মানে কি ? A- গ্রেড কটা, B- গ্রেড কটা, C- গ্রেড কটা, D - গ্রেড কটা, যদি আলাদা আলাদা করে না বলি NAC -এর স্বীকৃতি পেয়েছে যদি বলি তাহলে স্যার মানুষের স্বীকৃতি তো তারাও পেয়েছে, যারা পেছনে রাম নবমীদিন হনুমানের লেজ নাড়িয়ে হনুমান চালিশা পড়তে পড়তে যায় তারাও তো স্যার মানুষের স্বীকৃতি পেয়েছে।

ওই রকম স্বীকৃতি দিয়ে আসলে উন্নয়নকে পরিষ্কার করে প্রকাশ করা যায় না স্যার। স্যার, এই বইয়েতে মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন, বলেছেন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ২০১০-১১ তে এনরোলমেন্ট ছিল ১৩.২৪ লক্ষ। ২০১৯ তে তা বেড়ে হয়েছে ২০.৯৭ লক্ষ, একদম সঠিক তথ্য স্যার। কিন্তু স্যার তথ্য মানে হচ্ছে একটি সংখ্যা। আর অসম্পূর্ণ তথ্য মানে হচ্ছে একটি সংখ্যাকে গোপন করা। স্যার, এই যে ২০১১, এটা জাতীয় গড়ের কত শতাংশ ছিল ? জাতীয় গড় যা ছিল, তার থেকে কতটা পিছিয়ে ছিল ? সেই সময় জাতীয় গড় ছিল ১৫.৬, আমরা পিছিয়ে ছিলাম ২.৩৯। আজকে জাতীয় গড় ২৫.২, আমরা জাতীয় গড়ের থেকে পিছিয়ে আছি ৪.৪৮। জাতীয় গড় থেকে আমাদের শিক্ষা অগ্রসরমানতার পরিচয় দিচ্ছে, এমনটা এর মধ্য দিয়ে প্রমাণ করা যাচ্ছে না। হ্যাঁ, ঠিক স্যার, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয়েছে, সব সরকার পারবে না। বিশেষ করে আজকের এই অর্থনীতিতে আরও বেশি পারবে না। বিধানসভায় আমাদের বিরোধীদের আপত্তি সত্ত্বেও অনেক প্রাইভেট বিল হয়েছে। কিন্তু স্যার একটু খেয়াল করে দেখেছেন, বিশেষ করে যারা শিক্ষার সঙ্গে যুক্ত, তাদের কাছে আমি আবেদন করব ১১টা বেসরকারী বিশ্ব বিদ্যালয়ের প্রাইভেট বিলগুলোকে একসঙ্গে রেখে পাশাপাশি মেলান। সব চাইতে কঠিন বিল হচ্ছে সেন্ট জেভিয়ার্সের। আর বাকি বিলগুলো তার চাইতে সহজ হতে হতে হতে ব্যক্তিগত মালিককে বেশি সুবিধাদানের বিলে পরিণত হয়েছে। আমার বিনম্র জিজ্ঞাসা স্যার, এই যে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বাড়তি সুবিধা দেওয়ার ব্যবস্থা হল, এর ভেতরে কোথাও কাটমানি ঢুকে পড়ল কিনা, এই বিষয়টি গুরুতর তদন্তের আওতায় না আনলে সংশয় থেকে যাবে। কেন সেন্ট জেভিয়ার্স সব চাইতে কঠিন, কেন বাকিগুলো অপেক্ষাকৃত সহজ, মালিককে বেশি সুবিধাদানের প্রচেষ্টা। স্যার, প্রেসিডেন্সির মতো কলেজ, আমরা যখন ছাত্র ছিলাম, তখন যাঁরা ভর্তি হওয়ার চেষ্টা করেছেন, সবাই জানতেন যে ৫০টি সিট থাকলে ৪০০জন লাইনে দাঁড়াতো ভর্তি হওয়ার জন্য। এখন প্রেসিডেন্সিতে আসন ফাঁকা যাচ্ছে, ভর্তি হচ্ছে না। আমাদের সরকার পরিচালিত প্রতিষ্ঠানগুলো সম্পর্কে ছাত্রছাত্রীদের আহা কোন পর্যায়ে পৌঁছেছে, তার জন্য বোধ হয় এই একটা প্রমাণই যথেষ্ট। স্যার, একটু আগে মোস্তাক সাহেব অনেকগুলো বইয়ের নাম বলেছেন। আমি এটা বিশ্বাস করি, মনে করি যে জওহরলাল নেহেরুকে না জানলে ভারতের ইতিহাস জানা যায় না। জওহরলাল নেহেরুর লেটার্স ফ্রম এ ফাদার টু হিজ ডটার, এই বইয়ের অংশ বিশেষ পাঠ্য পুস্তকের যে কোন ক্লাসের অঙ্গীভূত হওয়া উচিত। একই সঙ্গে আজকের কঠিন সময়ে ভগৎ সিং এর ধর্ম এবং নাস্তিকতার অংশ বিশেষ পাঠ্য পুস্তকের বিষয় হওয়া উচিত। মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চিতভাবেই বিবেচনা করবেন, অত্যন্ত কঠিন সময় অতিক্রম করতে হচ্ছে দেশবাসীকে, করবেন কি করবেন না। স্যার, কলেজ,

স্কুল পরিচালনায় দুর্নীতি ভয়ঙ্কর রকমের মাথাচাড়া দিয়েছে। সব শিক্ষামন্ত্রী ঠেকাতে পারবেন আমি বলছি না। কিন্তু এস.এস.সি.-র রিক্রুটমেন্ট, কেন স্যার এই সার্কুলারটা শিক্ষামন্ত্রক থেকে জারি হল যে এ্যাকাডেমিক রেকর্ড বিবেচিত হবে না। আমার বিনীত জিজ্ঞাসা ভারতবর্ষের কোন রাজ্যে, পৃথিবীর কোন রাষ্ট্রে এই রকম আছে যেখানে শিক্ষক নিয়োগে এ্যাকাডেমিক রেকর্ড বিবেচিত হবে না। খালি নির্দিষ্ট লিখিত পরীক্ষার দিনে যে রকম পরীক্ষা দিয়েছেন, সেটা বিবেচিত হবে। আমি স্যার মাধ্যমিকে পেলাম ৯৬ ভাগ, মানস মুখার্জী পেল ৫০ ভাগ। আমি উচ্চ মাধ্যমিকে পেলাম ৯৮ ভাগ, মানস মুখার্জী পেল ৫২ ভাগ, আমি গ্র্যাজুয়েশানে পেলাম ৮৭ ভাগ, মানস মুখার্জী পেল ৫১ ভাগ, এই কোনটাতেই আমি এগিয়ে থাকব না, নির্দিষ্ট পরীক্ষার দিনে মানস মুখার্জী আমার থেকে ভাল পরীক্ষা দিলে এগিয়ে থাকবে। তেমনি আমার থেকে ভাল পরীক্ষা না দিয়ে ব্ল্যাঙ্ক খাতা জমা দিলেও এগিয়ে থাকবার সম্ভাবনা থাকবে। যেমন ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় ব্ল্যাঙ্ক খাতা জমা দিয়ে জিরো নম্বর যার পাওয়ার কথা, তিনি ১৬৮ নম্বর পেয়ে চাকরি পেয়েছেন।

[4:00 – 04:10 p.m.]

সংবাদপত্রে প্রকাশিত আনচ্যালেঞ্জড তথ্য এটা। সরকার কোথায়ও এই তথ্যকে চ্যালেঞ্জ করেনি। সৌমিত্র সরকার, এক্স চেয়ারম্যান এস.এস.সি— সরিয়ে দেওয়া হল। পিছনের গল্পটা কি স্যার ? কলেজে আজকে রিক্রুটমেন্ট হচ্ছে — ধরুন ১২টা ভ্যাকান্ট পোস্ট আছে। ১০টা পোস্ট গেস্ট লেকচারার দিয়ে ভরিয়ে দিলাম। বাকি দুটি পোস্টের ক্ষেত্রে পি.এইচ.ডি. যাঁরা করেছেন তাঁরা সুযোগ পেলেন। শিক্ষার মান বাড়বে স্যার ? মাধ্যমিকের খাতা দেখার সময়সীমা আগে ছিল ২৬ দিন ২০১১ সালে। এখন স্যার, ১৯ দিনে নামিয়ে আনা হয়েছে। অতিরিক্ত পয়েন্ট যোগ করা হয়েছে যে, যাকে ১০ নম্বরের জায়গায় ৮ দিলেন তাকে ২ কেন দিলেন না সেই কারণটা আপনাকে লিখে দিতে হবে খাতা দেখার সময়। একেতো দিন কমলো, একজন পরীক্ষক ১৫০-২০০ খাতা দেখেন, খাতা পিছু ৫টাকা করে পান। ৪০০ খাতা দেখলে ২০০০, টি.এ বিল বাবদ ৩০০ — এই টাকাটা পাবেন। আর স্যার, যাকে যে নম্বরটা দিলেন না, নম্বরটা তাকে না দেওয়ার কারণটা তাকে লিখতে যবে। খাটবেন বাড়তি, পাবেন না বেশি। টিচার্স রুমে বসে খাতা দেখতে পারবেন না, বাড়িতে বসে খাতা দেখতে হবে। গোটা সময়টা কেড়ে নিলেন অথচ তাকে সঠিক বিচারের সুযোগ দিলেন না। আমরা কি সত্যিই আমাদের শিক্ষার উন্নয়ন চাইছি স্যার ? আমার বিনম্র প্রশ্ন, আমার বিনীত প্রশ্ন। একটু ভেবে দেখবেন আর একবার বিবেচনা করবেন, ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ দাস : নমস্কার, মাননীয় ডেপুটি স্পীকার। ২০২০-২১ বিদ্যালয় শিক্ষাখাতে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চ্যাটার্জী ডিম্যান্ড নম্বর ১৫ এবং ৭০ উত্থাপন করেছেন তাঁকে আমি পূর্ণ সমর্থন করি। আজকে আমার বিরোধী বন্ধুরা যাঁরা বর্তমান শিক্ষা ব্যবস্থা সম্পর্কে নানান রকম প্রশ্ন তুললেন আমাদের এই হাউজে এবং আমাদের শিক্ষামন্ত্রীর কাছে। আমি শুধু আপনাদের কাছে। অনুরোধ করব যাঁরা বিরোধী বন্ধু আজকে বক্তব্য রেখেছেন, আমি একজন শিক্ষক। শিক্ষক হিসাবে আমি বলতে চাই আজকে যে শিক্ষা ব্যবস্থা ২০১১ সালের পর থেকে

২০১৯ পর্যন্ত শিক্ষা ব্যবস্থা আমাদের প্রিয় শিক্ষামন্ত্রী মাননীয় পার্থ চ্যাটার্জী যেভাবে শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নিয়ে চলেছেন, যেভাবে শিক্ষা ব্যবস্থাকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিম বাংলার শিক্ষা ব্যবস্থাকে প্রথম স্থানে নিয়ে যাওয়ার যে প্রচেষ্টা তিনি গ্রহণ করেছেন সেটা সত্যিই প্রশংসনীয়, সত্যিই লক্ষ্যনীয়। আমাদের এখানে একজন বললেন পাঠ্যসূচী নিয়ে। আমাদের জীবনবাবু বলেছেন আজকে যে পাঠ্যসূচী এই সরকার নিয়ে এসেছেন বাংলা, ইংরাজি, হিন্দি, উর্দু, নেপালী, সাঁওতালী বিভিন্ন সম্প্রদায়ের মানুষের জন্য সুন্দর মনোগ্রাহী, একটা চিন্তাশীল পাঠ্যসূচী আজকে আমাদের শিক্ষা ব্যবস্থার মধ্যে এনেছেন তিনি। সত্যি এই পাঠ্যসুচীর যে আমূল পরিবর্তন হয়েছে সেটা আমরা লক্ষ্য করেছি। আমাদের বামফ্রন্টের সময় যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ছিল — শিক্ষক আছে ছাত্র নেই, ছাত্র আছে শিক্ষক নেই, ছাত্র আছে কিন্তু বিদ্যালয়ের ভঙ্গুর অবস্থা। আর আজকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর উদ্যোগে আমাদের সকলের জনপ্রিয় শিক্ষামন্ত্রী পার্থ চ্যাটার্জীর প্রচেষ্টায় যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় একটা আমূল পরিবর্তন এনেছেন। আমি আমার বিধানসভার কথা বলছি। আমাদের আমজাদ ভাই বলেছেন যে তাঁর বিধানসভা এলাকায় প্রাথমিক শিক্ষক নেই। আমিতো ভাবতে পারিনি। আজকে প্রাইমারি স্কুলের শিক্ষক নেই সারা রাজ্যে।

এটা আমি বিশ্বাস করতে পারি না। আমার দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় প্রতিটি প্রাইমারি স্কুলে যে পরিমাণ ছাত্র আছে, নিয়ম অনুযায়ী বেশি শিক্ষক আছে বই কম শিক্ষক নেই। আমি গত কয়েক দিন আগে আমার বিধানসভা এলাকায় একটা প্রাইমারি স্কুলে গিয়েছিলাম। গিয়ে দেখেছি ৮০০ স্টুডেন্ট সেই প্রাইমারি স্কুলে এবং সেখানে ১৯ জন টিচার আছে। আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শিক্ষা ব্যবস্থাকে যেভাবে গুরুত্ব দিয়েছেন, আমাদের প্রিয় শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থাকে যেভাবে গুরুত্ব দিয়েছেন এটা অতুলনীয়, অভাবনীয়। এটা কল্পনা করা যায় না। আগে বামফ্রন্ট সরকারের আমলে প্রাইমারি স্কুলগুলোতে গিয়ে আপনারা কি দেখেছেন? সেখানে ছাত্ররা খেলাধুলা করছে, তাদের ড্রেস নেই, পায়ে জুতো নেই, তাদের খাওয়ারের ব্যবস্থা ঠিকমত ছিল না। আজকে প্রাইমারি স্কুলগুলোতে গিয়ে কি দেখছেন? একটা ছাত্র সুন্দর ড্রেস পরে আসছে, জুতো পায়ে দিয়ে আসছে, তাদের জন্য ব্যগ দেওয়ার ব্যবস্থা করেছে সরকার। তাদের সমস্ত বই থেকে শুরু করে, খাতা থেকে শুরু করে সবকিছু তাদের কাছে সুন্দর করে সাজিয়ে দিচ্ছে। তার জন্য আজকে প্রাইমারিতে ছাত্র সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। আগে আমরা কি দেখতাম? একটা প্রাইমারি স্কুলের কাছাকাছি কিণ্ডার গানে স্কুল, কে.জি. স্কুল গড়ে উঠেছিল। কিন্তু আজকে সেই জায়গায় আমরা দেখছি প্রাইমারি স্কুলগুলোতে সুন্দরভাবে পঠনপাঠন চলছে। অভিভাবকরা নিশ্চিন্তে প্রাইমারি স্কুলগুলোতে ছেলে-মেয়েদের পাঠাচ্ছে। আপনারা জানেন এই সরকারের যে শিক্ষা মন্ত্রী, তিনি প্রাইমারি শিক্ষা ব্যবস্থার উপরে যেভাবে গুরুত্ব দিয়েছেন, এটা অতুলনীয়, অকল্পনীয়। আজকে প্রাইমারি শিক্ষা ব্যবস্থায় একটা আমূল পরিবর্তন ঘটে গিয়েছে। আমাদের জীবন বাবু বলছিলেন শতকরা ৯০ পার্সেন্ট ছেলে-মেয়ে আজকে মিড ডে মিলের সুযোগ পাচ্ছে। শুধু মিড-ডে মিল নয়, এই মিড ডে-মিল পরিচ্ছন্ন

ভাবে, পরিষ্কারভাবে যাতে ছেলে-মেয়েদের দেওয়া যায় তার জন্য রান্নাঘর থেকে শুরু করে ডাইনিং হল পর্যন্ত আমাদের প্রিয় শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সেই ব্যবস্থাটা করে দিয়েছেন। তাই আজকে পশ্চিম বাংলায় অভিভাবকরা দলে দলে তাদের ছেলে-মেয়েদের পাঠাচ্ছে। আমি দেখেছি আমার বিধানসভাতে যেসব কে.জি. স্কুলগুলো গজিয়ে উঠেছিল, আস্তে আস্তে সেই কে.জি. স্কুল, গুলো আর ছাত্র পাচ্ছে না। সব ছাত্র কিন্তু আজকে প্রাইমারি স্কুলগুলোতে যাচ্ছে। আজকে এই সরকারের আমাদের শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় একটা নতুন দিগন্ত সৃষ্টি করেছেন আমরা যখন ছাত্র ছিলাম, সেই সময় শিক্ষাবর্ষ ডিসেম্বর থেকে জানুয়ারী ছিল। জানুয়ারিতে রেজাল্ট বের হত। স্কুলের প্রধান শিক্ষক একটা বুক লিস্ট ধরিয়ে দিত। আমরা বাড়িতে নিয়ে গিয়ে রেজাল্টের সঙ্গে সেই বুক লিস্টটা বাবা-মার কাছে দিতাম। দিয়ে বলতাম জানুয়ারির প্রথম সপ্তাতে ক্লাস শুরু হবে, তুমি আমার বই কিনে দেবে। অনেক গরিব বাবা-মা তারা কিন্তু নির্দিষ্ট সময় বই কিনে দিতে পারত না। অনেকে স্কুলে যেতে পারত না। অনেকে স্কুলে সময় মতো বই নিয়ে পৌঁছাতে পারত না। আর আজকে আমাদের প্রিয় শিক্ষা মন্ত্রী, ছাত্র দরদী শিক্ষা মন্ত্রী তিনি কি করলেন? জানুয়ারির দুই তারিখে সারা রাজ্য জুড়ে প্রতিটা স্কুলে ফাইভ থেকে এইট পর্যন্ত ছেলে-মেয়েদের জন্য বুক-ডে হিসেবে ঘোষণা করল। সেদিন রাজ্যের সমস্ত স্কুল থেকে তারা নতুন বই নিয়ে স্কুলের ক্লাস শুরু করতে পারবে। এই সরকার জনদরদী সরকার। এই সরকার ছাত্র দরদী সরকার। এই সরকার ছাত্রদের পাশে আছে যার জন্য তারা আজকে নতুন বই নিয়ে ক্লাস শুরু করতে পারছে। গত শনিবার উচ্চমাধ্যমিকের পরীক্ষা ছিল, ইংরেজি পরীক্ষা।

[4:10 – 04:20 p.m.]

আমি কয়েকটা স্কুলে ভিজিট করেছিলাম, গিয়ে দেখেছিলাম যে সুন্দরভাবে পরীক্ষা হচ্ছে। কয়েকটা স্কুলে এমনি গিয়েছিলাম সেখানে ক্লাস হচ্ছে। এম.এল.এ. গিয়েছেন ছাত্ররা অনেকেই হাজির হয়েছে। তারা দু চার কথা আমার কাছে শুনতে চায়। আমি তাদের কাছে একটাই কথা বললাম, এবারের বাজেটে আমাদের প্রিয় শিক্ষা মন্ত্রী তোমাদের জন্য একটা নতুন দিগন্ত, দৃষ্টান্ত স্থাপন করতে চলেছেন। আজকে ফাইভ থেকে এইট পর্যন্ত ছাত্ররা বই পাচ্ছে। নাইন, টেনের ছাত্ররা ইংরাজি। ও অঙ্কের বইটা পাচ্ছে। আমাদের শিক্ষামন্ত্রী ঘোষণা করেছেন আগামী দিনে প্রাইমারি থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সমস্ত ক্লাসের বই সরকার দেবেন। এই ব্যবস্থাটা তোমাদের জন্য আমাদের শিক্ষামন্ত্রী ঘোষণা করেছেন, বাজেটে উল্লেখ করেছেন। ছাত্ররা কি বলল জানেন ? ছাত্ররা শুধু বলল, স্যার, আপনার কাছে আমাদের অনুরোধ, আমার বিধানসভায় এটা একটা প্রতিষ্ঠিত স্কুল সেই ছাত্রদের দাবি যে আমাদের জনদরদী, ছাত্র দরদী, ছাত্রপ্রেমী শিক্ষামন্ত্রীকে আমাদের বিদ্যালয়ে আপনি একবার নিয়ে আসুন। তারা আর একটা দাবি করেছে, আমরা টিভিতে দেখেছি যে রাষ্ট্রপতি ছাত্রদের ক্লাস নিয়েছেন। উনি যদি আমাদের স্কুলে আসেন, আমরা ওঁর কাছ থেকে একটা ক্লাসের লেকচার শুনতে চাই। এটাই ছাত্রদের দাবি। এই দরদী শিক্ষামন্ত্রী শিক্ষাব্যবস্থাটাকে নতুন আঙ্গিকে তুলে ধরার চেষ্টা করছেন কিন্তু বামফ্রন্ট সরকারের সময়ে, আজকে আমাদের বন্ধুরা বললেন যে এস.এস.সি.'র যে দুর্নীতি, এস.এস.সি.'র মাধ্যমে যে

শিক্ষক নিয়োগ সেখানে অনেকটা নাকি কাট মানি হচ্ছে। আমি চ্যালেঞ্জের সঙ্গে বলতে পারি আমি একজন শিক্ষক, এই সরকারের আমলে যে পদ্ধতিতে এস.এস.সি.'র নিয়োগ হচ্ছে সেটা যতটা স্বচ্ছতার সঙ্গে চলছে বিগত বামফ্রন্ট সরকারের আমলে যাঁরা শিক্ষক নিয়োগের পত্র পেয়েছেন এস.এস.সি'র মাধ্যমে, আমার কাছে অনেক তথ্য আছে যদি হাউসে মাননীয় মন্ত্রী বলতে বলেন আমি বলব। কীভাবে অনেকে চাকরি পেয়েছে সেই তথ্য আমাদের কাছে আছে। এই সরকারের সময়ে এস.এস.সি'র মাধ্যমে যে যে নিয়োগের পদ্ধতি সেটা স্বচ্ছতার সঙ্গে হচ্ছে। আর রাজ্যসভায় একজন নমিনেশান সাবমিট করেছেন সে প্রতি মুহুর্তে এস.এস.সি'র শিক্ষক নিয়োগ যাতে না হয়, তিনি রাজ্যের ব্যবস্থাটাকে কলংকিত করার জন্য, শিক্ষক নিয়োগ পদ্ধতিতে প্রতি মুহুর্তে তিনি কেস করে যাচ্ছেন। আজকে যদি না কেস করত তাহলে শিক্ষক নিয়োগ আরও ত্বরান্বিত হত। আজকে নতুন প্রজন্মের ছেলেমেয়েদের ভবিষ্যতকে নষ্ট করে দিচ্ছেন। এই বামফ্রন্ট সরকারের মনোনীত লোকেরা। তাই বন্ধু এই এস.এস.সি নিয়ে তারা যে মুখ খুলছে এটা ঠিক নয়। আমাদের প্রিয় নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্বচ্ছতার সঙ্গে, সততার সঙ্গে সরকার পরিচালনা করছেন, আমাদের প্রিয় শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থাটাকে নতুন রূপে, নতুন আঙ্গিকে তুলে ধরার চেষ্টা করছেন। আর বিরোধীরা সমালোচনা করার জন্য সমালোচনা করে যাচ্ছেন। তাই আমি বলব আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী তিনি শিক্ষাখাতে যে অর্থ বরাদ্দ করেছেন আমি তাকে সমর্থন করি। (মাইক অফ।)

श्री मनोज तिग्गा : धन्यवाद डिपुटी स्पीकर महोदय, माननीय शिक्षा मंत्री दद्वारा जो डिमाण्ड नम्बर 15 और 70 के लिए जो आने बाला साल के लिए खर्चा का जो व्यवस्था हैं चाहे हम समथर्न करे चाहे नही करें पास होना ही है सर शिक्षा एक विकास सम्बन्धी प्रक्रिया है वह सीखने और सिखाने की प्रक्रिया हैं। शिक्षा का परिकल्पना आदिकाल से भारतवर्ष से ही शुरु हुआ कि शिक्षा दिया जाय और शिक्षा की परिकल्पना से ही वेद का जन्म हुआ। हमारे समाज मे स्वास्थ्य और शिक्षा दोनों ही बहुत ही महत्वपूर्ण चीज हैं। शिक्षा शब्द की उत्पति निम्न शब्दो से हुई है एक शब्द है Educatum अर्थात To train Act of teaching & Trainingअर्थात शिक्षित करना दुसरा है Educare - To lead out . इसका अर्थ होता है निकालना बच्चो के अन्दर की जो बात है उसको बाहर निकाल करके आना> तीसरी बात है सर, Educare - To educate, To bring up to raise अर्थात शिक्षित करना। बालको मे या छात्रों में उनको आगे बढ़ाकर के ले करके जाना ये जिम्मेदारी किसकी हैं साथ ही मै बताना चाहूंगा डिपुटी स्पीकर सर कि विभिन्न समय पर विभिन्न वैज्ञानिकों का विभिन्न मत रहा हैं। वैज्ञानिक Cant के अनुसार शिक्षा व्यक्ति की उस पूर्णता का विकास है जिसकी उसमे क्षमता हैं। विद्वान सुकुरात के अनुसार -प्रत्येक मनुष्य के मस्तिष्क में अदश्य रुप मे विधमान संसार के विचारों को प्रकाश में लाना तीसरा फ्रोबेल के अनुसार शिक्षा वह प्रक्रिया है जिसके द्वारा बालक जन्मजात शक्तियाँ बाहर निकलती हैं चौथा विवेकानन्द के अनुसार शिक्षा मनुष्य मे निहित शक्तियों का पूर्ण है न कि मात्र सूचनाओं का संग्रह सर, ये समस्त बात हमलोग सभी ये बोलते है कि शिक्षक चाहिये। और एक बात इसमे जोड़कर के आगे बढ़ना चाहूँगा सर, शिक्षा के लिए वेसिक स्कुल की जरुरत है साथ -ही -साथ उसमे शिक्षको की भी जरुरत हैं यदि शिक्षक है तो उसमे छात्रों की भी जरुरत हैं। स्कुल हैं, शिक्षक हैं, छात्र है उसके सिलेबस की भी जरुरत है। तो ये सभी चीजों का समावेस तभी पूर्ण होगा जब उस शिक्षण संस्थान के

आस- पास का परिवेश सही हो। स्कुल का, कॉलेज का परिवेश सही हो, तभी जा करके होगा हमारे कुछ दिन पहले शिक्षा मंत्री स्वीकार कर चुके है। ये जो चीज है इसको समाज मे कौन ले करके आयेगा हमलोग सभी ये बोलते है कि हमे शिक्षक चाहिये, स्कुल चाहिये Student का एसा अवस्था हैं लेकिन शिक्षक सिगनेचर करके पहले जो अवस्था था 11 के पहले वो मिटिंग मे मिछिल मे चले जाते हैं फिर मै बोलना चाहता हूँ शिक्षा मंत्री खुद स्वीकार कर चुके है कि शिक्षक सिगनेचर करके मिटिंग मिछिल मे चले जाते है। तो जिस काम के लिये लगाया गया हैं यदि वह शिक्षक वह काम नही करेंगा। हमलोग सभी ये चाहते है वो मेरे पार्टी मे रहे लेकिन शिक्षक यदि अपना काम नही करेगा जिस काम के लिए उसको लगाया गया हैं जो पैसा खर्च होगा उसका Out Put उसका जो Reflection समाज मे मिलना चाहिये वो Reflection हमलोगों को कैसे मिलेगा सर, यह बात जो है वह चिन्ता का विषय हैं। इसलिए शिक्षक समाज को सोचना पड़ेगा आज जो शिक्षा का हाल है कि हम P.hd बन गये, बहुत डिग्री बाले हो गये लेकिन शिक्षा के साथ- साथ संस्कारों की भी आवश्यकता होती है। जब तक शिक्षा के साथ -साथ संस्कार नही आयेगा तब वो शिक्षा पूर्णता हासिल नहीं करेगा आज शिक्षा के साथ संस्कार नही होने के कारण ही आज बड़े -बड़े Cruption मे कोई रिक्साबाला, कोई ठेला बाला, भेनवाला नही हैं तो बड़े -बडे शिक्षित लोग ही Cruption मे लिप्त हैं बड़े- बड़े लोग ही Cruption करते हैं क्योकि शिक्षा के साथ -साथ हमारे बीच मे संस्कार का आभाव रहा है सर, इसलिए आज शिक्षा का ये हाल हैं दुख की बात हमे ये स्वीकार करना पडेगा सर कि आज भी वही घटना घट रही हैं शिक्षक मिटिंग मिछिल मे चले जाते हैं जिसके करारण हमे जो अपने कर्तव्यों के प्रति इमानदार होना चाहिये वह इमानदारी समाज मे नही दिख रहा हैं इसलिए ये बहुत ही चिन्ता का विषय है सर, और साथ ही मै आपको बताना चाहूंगा कि जैसे हिन्दी मिडियम स्कुलों में, नेपाली मिडियम स्कुलों मे आज भी बहुत सारी शिक्षको की कमी हैं मै आपको बताना चाहूँगा सर मेरे ही प्राइमरी के साथ -साथ जूनियर स्कूल है जिसको 12 साल मे इसका Sention मिला हैं वहाँ पर अभी भी 275 छात्र हैं, सभी ट्राइवल छात्र है हमलोग ट्राइवल के उन्नति की बात करते है। हमलोग ट्राइवल के डवलपमेन्ट की बात करते है तो वहाँ पर 275 ट्राइवल छात्र है एक भी शिक्षक नही है जुनियर स्कुल है दुसरा मेरे ही विधानसभा क्षेत्र मे रंगाली Girls Juniour School है 167 Girls Student थे जवकि ज्यादातर वहाँ पर वन वगान के छात्राये आया करती थी वह स्कुल भी अभी बन्द है और उसको वगल के स्कुल मे मोहन सिंह हाई स्कुल मे भेज दिया गया हैंऔर उस Juniour Girls School को Police Camp बना दिया गया है तो हमारा भी शिक्षा का स्तर किस जगह में गया है सर, अभी भी बहुत ऐसे कॉलेजो मे देखे सर कि Parmanent Prinicipal का आभाव है Parmanent Lecturere प्रोफेसर की जगह Temporery जो शिक्षक वहाँ पर है उनका संख्या अधिक है। इसलिए इसपर विचार करने की जरुरत हैं। और सबसे पहले खर्चा के साथ -साथ शिक्षको को अपनी जिम्मेदारी समझाये मै आपको यह याद दिलाना चाहता हूँ सर और मै ज्यादा कुछ नही इतना ही कहकर मैं अपनी बात को समाप्त करता हूँ। धन्यवाद सर॥

[4:20 – 04:30 p.m.]

মিঃ স্পিকার : যেহেতু আমাদের সদস্যরা কেউ এক মিনিট, কেউ দেড় মিনিট করে সময় বেশি নিয়েছেন, আমি উইথ দ্যা কনসেন্ট অফ দ্যা হাউস্ মাননীয় মন্ত্রীর সময় ১৫মিনিট বাড়িয়ে দিলাম।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র স্কুল শিক্ষা, বিদ্যালয় শিক্ষা এবং উচ্চ শিক্ষা - ১৫ এবং ৭০ নম্বর ডিম্যান্ডে যা বরাদ্দ করেছেন, তার সমর্থনে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই ধন্যবাদ জানাই যাঁরা এই শিক্ষা বাজেটের ওপরে বক্তব্য রেখেছেন এবং তাঁদের মতামতও যথেষ্ট গুরুত্বপূর্ণ। কেউ হয়তো বক্তব্য রাখার জন্য, বিরোধিতা করার জন্যই হয়তো বিরোধিতা করেছেন। আবার কেউ কেউ এই সুযোগে তাঁর নিজের এলাকার বিষয়বস্তুও তুলে ধরেছেন। আমি পুরোটাই বসে শুনেছি। মূল বিষয় হচ্ছে, এক শিক্ষক নিয়োগ, স্কুলের সংখ্যা, স্কুল ছুট, সাঁওতালি ভাষায় শিক্ষা, এস.সি., এস.টি., বিশ্ববিদ্যালয়ের সংখ্যা, একটা বেসরকারিকরণের ঝোঁক - এই ক'টি বিষয় নিয়েই মূলতঃ বিরোধীরা তাঁদের ক্ষোভ বলুন, উষ্মা বলুন, বাক্যচয়ন বলুন সব কিছু করেছেন। আমি অল্প পরিসরে সেটা বলব। আমি ধন্যবাদ দিই শাসক দলের যে সমস্ত বিধায়করা বলেছেন। তাঁরাও যথেষ্ট তথ্য নির্ভর হয়েই বলেছেন। আমি রিপিটিশন অফ্ ফ্যাক্টস্ করতে চাইনা। ফ্যাক্টস্ রিমেন্ ফ্যাক্টস্। তন্ময়বাবু বলেছেন যে আমি ২০১১ গোপন করেছি। গোপন রাখাটা আমার কাজ না। ওটা আমি বামফ্রন্টের থেকে শিখি নি। বামফ্রন্ট ওটা করে, সব গোপন রাখে। ধরা পড়লেই সেটা বন্ধ। যেমন শিল্প দপ্তরে যখন আমি আলোচনা করতাম, ডিটেস্ লেখা থাকতো। যেই ধরলাম - বন্ধ। আমরা কিছু বন্ধ করবো না, খোলা রাখবো। খোলা আবহাওয়ায়, খোলা আকাশের নীচে, খোলা মনে আলোচনা চাই এবং এই বাংলার উন্নতি চাই।

আমি প্রথমে আসি স্কুল ডিটেল্স্-এ। যদি বলেন ২০১১টা নিচ্ছি কেন ? ২০০০-ও নিতে পারতাম। কিন্তু সরকার পরিবর্তন যখন হয়েছে, সেই সময় কালকেই বেস্ করা হয়েছে। ২০১১-১২তে প্রাইমারি স্কুলের সংখ্যা ছিল ৩৯ হাজার ৬০৩। সেটা ২০১৮-১৯-এ গিয়ে — ২০টা এখনো নিতে পারি নি — ৫০ হাজার ১৫৬। প্রগতি না অধঃগতি আপনারাই বলবেন। আপার, আপার জনসংখ্যা। আরে কেষ্টা তুই বুঝলি না দেশটা। আপার প্রাইমারি স্কুল - ২০১১-১২তে ছিল ২ হাজার ৯০৭। সেটা বেড়ে হয়েছে ৪ হাজার ৭৯৩। সেকেন্ডারি, হায়ার সেকেন্ডারি দু'টো মিলিয়ে ২০১১-১২তে ছিল ৮ হাজার ৩৬৩, সেটা ২০১৮-১৯-এ বেড়ে হয়েছে ৮ হাজার ৯০১।

তাহলে ২০১১-তে সব প্রাইমারি, আপার প্রাইমারি, সেকেন্ডারি, হায়ার সেকেন্ডারি নিয়ে টিচার ছিল কত ? ৬০,৮৭৩। স্কুল সেটা বেড়ে হয়েছে ৬৩৫০। এছাড়াও ২০১১ থেকে আমরা আপগ্রেডেশান করেছি ২৭৭৮টি, শুধু এই ২০১৯-এ আমরা জুনিয়র হাই স্কুল থেকে হাই স্কুল করেছি ১৮৯টি। এবার আসি টিচারের সংখ্যায়। খুব সবাই মিলে বললেন, নেপালবাবুর চিন্তা, আবার অনেকে বললেন, অনেকের চিন্তা দেখলাম যে টিচার কি করে হবে। আমি সবটারই উত্তর আজকে দিয়ে যাবো যাতে এটা রেকর্ড হয়। অনেকে বলেনতো আমি পুরনো রেকর্ডে যখন বলতাম, তখন আপনাদের পুরনো রেকর্ড দেখেই বলতাম। আজও আমি এই রেকর্ডটাই এই হাউজে করাতে চাই। ২০১১-তে প্রাইমারি টিচার ছিলেন ১,৯০,৭৯৪। ২০১৯এ—এতো সমালোচনার পরেও — ২,১৪,৬৭০। আপার প্রাইমারি, সেকেন্ডারি, হায়ার সেকেন্ডারি — এই

তিন বিভাগে ২০১১তে শিক্ষক ছিলেন ১,৯২,১৮৬। আর এই বিভাগে ২০১৯-এ শিক্ষকের সংখ্যা ২,১৮,৯২৭। টোটাল হচ্ছে ২০১১তে ছিল ৩,৮২,৯৮০, ২০১৯-এ সেটা দাঁড়িয়েছে ৪,৩৩,৫৯৭। রোগটা আপনারা কেউ ধরলেন না, ধরছেনও না, রোগটার কথাও আমি বলবো। কমপিউটার, এটা মূলত নেপালবাবু তুলেছেন কমপিউটার। প্রণববাবুর দেওয়াতো মনে আছে খুব বেশী করে, হেমন্ত কানোরিয়াকে দিয়ে করা, এটা ভুলবেন কি করে আপনি। হ্যাঁ, আমি জানিতো ICT, এর ব্যাকগ্রাউন্ড বললে অনেকেরই মাথা নীচু হয়ে যাবে, আমি আর মাথা নীচু করাতে চাই না। সেখানে আছে ৫,৫৯১ ওয়েবেলের মাধ্যমে এইসব ICT-তেই নেওয়া হয়েছিল। আর একটি আপার প্রাইমারী স্কুলেও আছে ৩,৬৭৪টি। আর স্মার্ট ক্লাস করার জন্য যেগুলো নেওয়া হয়েছিল কানোরিয়ার থেকে ২,৬৫০টি, স্কুলের সংখ্যা হচ্ছে ১১,৯১৫টি। আমি আপনাকে এই সদনে আশ্বস্ত করতে চাই যে, আমরা যেহেতু এই কমপিউটারকে মনে করি জীবনের একটা অঙ্গ, তথ্য প্রযুক্তিকে জানতেই হবে। আমরা প্রাথমিকভাবে ২০০০ স্কুলকে ঠিক করেছি এবং ২০০০ স্কুলে কমপিউটার টীচার নিয়োগেরও ক্যাবিনেটের অনুমোদন পেয়েছে, আমরা প্রসেসের মধ্যে আছি, সুতরাং চিন্তা করবেন না, হবে। তবে ওই জেলায় জেলায় মিটিং করে জেলার জেলার লোক ঢোকানোটা হবে না, পরীক্ষা দিয়েই হবে। আপনারা সংখ্যা দিয়ে বলছিলেন, নেপালবাবুও বলছিলেন, তন্ময়বাবুকে রোজ টিভিতে সন্ধ্যাবেলায় দেখা যায়তো খুব তথ্য-টথ্য নিয়ে রেডি থাকতে হয়। আর একটা তথ্য আমি আপনাকে দিয়ে দিই, আপনারা তথ্য নেন, বড় ট্যাবলয়েডে রয়েছে এটা টুকে নেবেন। মাধ্যমিক পাশের ২০১১তে হাজির ছিল ৮০.৫৭%, যেটা ২০১৯-এ হয়েছে ৮৬.০৭%। এই জিনিসগুলো কেন ঘটছে এটার একটা ব্যাখ্যা আমার কাছ থেকে আপনি সময়মতো জেনে নেবেন। আর একটা খুব খাঁটি কথা বলেছেন যে, আপনারা খুব ভালো শিখিয়েছিলেন যার ফলে সবচেয়ে বেশী ব্যাকলগ আর সাপ্লিমেন্টারী আপনাদের আমলে ছিল যে পারছিস না, একটা দে, ফেল করে যাবিতো আবার দে, দিয়ে যা, খালি দিয়ে যা। আমরা সেটা বন্ধ করেছি, আমরা তাদের প্রশিক্ষিত করার ব্যবস্থা করেছি, আইনের শাসন এনেছি।

[4:30 – 04:40 p.m.]

সেই ব্যাকলগ কমে গেছে বলেই আপনাদের ঐ সংখ্যাটাই মনে হচ্ছে যে, আপনাদের কেন কমছে। অনেকে বলেছেন সংবিধান নিয়ে। Thanks to others যে, আজকে সংবিধানের কথা সকলেরই মনে পড়ছে। যে সংবিধানকে আমাদের কেউ কেউ যাঁরা শিক্ষায় আনে চেতনা বলে মনোজ টিগ্গা বলছেন সেই সংবিধানকে ছিন্নবিচ্ছিন্ন করবার চেষ্টা অনবরত তাঁরা করছেন। কিন্তু প্রতিটি বইয়ের গোড়াতেই কিন্তু আমাদের কন্সটিটিউশনের প্রি-এ্যাম্বেল লেখা আছে। আমরা দেখি না। বলতে হয় তাই কেউ বলে দেয়। কেউ শুধু বানান ভুল কোথায় আছে তা ধরে, কে কোন বইয়ের কোন ছ্যাঁদায় কি আছে তাই ধরে কিন্তু পুরো বইটা পড়ে না। ছ্যাঁদা ধরতে যারা ব্যস্ত তাদেরকে ভুল বোঝানো যাবে না। তাদেরকে ভুল ধরানো যাবে না। তাঁরা খালি ভুলই ধরতে জানেন তাঁরা সফলতা দেখেন না। ক্লাস সেভেন থেকে ক্লাস এইট, টেন, ইলেভেন এই বইয়ে আলাদা করে ইতিহাস বইয়ে কন্সটিটিউশন সম্পর্কে লেখা আছে। সুতরাং এটা নিয়ে নিতে হবে।

রাস্তায় বক্তৃতা দেওয়াটা যত সহজ পড়াশুনো করে বক্তৃতা দেওয়াটা ততই কঠিন। না পড়লেই পিছতে হবে। এবার আসি, আপনারা বেশ কিছু প্রশ্ন তুলেছেন। এক হচ্ছে, বেসরকারিকরণ। তা আমায় নিয়েই আমি বলতাম যে, ক্যালকাটা ইউনিভার্সিটির স্লোগান ছিল ইউনিভার্সিটি অফ লার্নিং সেটাকে ইউনিভার্সিটি অফ আর্নিং কেন করলেন? সেটা আপনারাই করে গেছেন। বামপন্থীরাই শিখিয়েছে। আমায় শোভনদা বলছিলেন যে, এক কোন গোয়ালা যেন একটা বিশ্ববিদ্যালয় তৈরী করবার কথা বলেছিল? আমরা সব আটকাচ্ছিলাম। আমরা গোয়ালাকে করতে দিচ্ছি না, এটা ঠিকই। সরকারের একটা দায়িত্ব আছে, সমাজের একটা দায়িত্ব আছে, শাসকের একটা দায়িত্ব আছে সমাজের প্রতি। সেই দায়িত্ব আমরা পালন করব। কিন্তু কোথাও কোথাও সবটাই তো সরকার করে দিতে পারে না। কোথাও কোথাও দিতে হবে কিন্তু নিয়ন্ত্রণটা যেমন আমাদের হাতের বাইরে না যায়। আমি যখন এসেছিলাম তখন কিন্তু অনেকগুলো - আপনি সেন্ট জেভিয়ার্সের ছাত্র বলে বোধ হয় সেন্ট জেভিয়ার্সটা বেশি পড়েছেন বা জেনেছেন। যে দিন সেন্ট জেভিয়ার্স আনতে চেয়েছিলাম সেদিন আবার আটকাতেও চেয়েছিলেন, তন্ময়বাবু। সুতরাং আমি তো সবটাই জানি আমাকে বলে লাভ কি? এই যে আপনার উত্তর ২৪ পরগণার দিকে এত এগুলো আছে সেগুলো কি আমাদের টাইমে এই বেসরকারি প্রতিষ্ঠানগুলো হয়েছে? এই শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে? গড়ে উঠুক, শুধু স্ট্যান্ডার্ডটা দেখতে হবে। আপনার সঙ্গে আমাদের ফারাকটা কি? যে এতে যেন আমাদের ছাত্রছাত্রীরা কম পয়সায় পড়তে পারে, সুশিক্ষা পায় এবং তাদের উৎকর্ষতা বাড়াতে পারে। সে দিকে আমরা নজর দিয়েছি। আমরা মনিটারিং রাখি, আমরা মনিটারিং করি। অনেকগুলোকে বাতিল করবার পর্যায়ে চলে গেছে, অনেকগুলোর সাবজেক্ট বাতিল হয়ে যাচ্ছে। আপনি যদি খবর নেন তাহলে দেখবেন যে, তারা পার্মিশন নিয়ে গেল আর যা ইচ্ছে তাই করল, করে এক পাতার কাজ বিজ্ঞাপন দিয়ে চালালো তা হবে না। দেখতে হবে সেখান থেকে যে ছাত্রছাত্রীরা বেরোচ্ছে তারা প্রকৃত জ্ঞান কতটা পাচ্ছে। স্ট্যান্ডার্ড অফ স্টাডিস, স্টাডিসের টিচারকুল সমস্তটাই। পরিবেশ তো ভালো হতেই পারে। একটা ভালো বাড়ি বানানো মানে একটা ভালো শিক্ষা প্রতিষ্ঠান হয় না। আর ভালো বাড়ি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান ভালো হয় না এরকম অনেক উদাহরণ আছে। আমরা সেদিকে নজর দিচ্ছি। আমি আপনার সঙ্গে একমত বা অনেকের সঙ্গে একমত যে, বেসরকারিকরণের লক্ষ্যে যেন আমরা না যাই। সেই কারণেই আমরা জাতীয় শিক্ষা নীতির তুমুল বিরোধিতা করেছি। কে যেন এখানে বলল, সবাই বলছে একটু বিরোধিতা করবার জন্য কোন কোন ছত্রে বিরোধিতা করবে? আমি তো বলছি পুরোটাই বিরোধিতা করছি। আবার কোন কোন ছত্রে মানে? এখানে কি তাদের বন্ধুবান্ধবরা আছে নাকি, যে রকম নিবার্চনের সময় দেখা যায় আপনারা সবাই এক।

এইটা অসত্যে ভরা। আমি বলেছিলাম - বাংলা আবাস যোজনা বলে গত বছরে যে কথা বলা হয়েছে, এই বছরে যে কথাটা হয়েছে পুরোটা মিথ্যা, অসত্য। এবারে মাননীয় অর্থমন্ত্রী উত্তর দেওয়ার সময় বলেছিলেন, প্রথমে গীতাঞ্জলী প্রজেক্ট যেটা হাউসিং এর মধ্যে ছিল, হ্যাজ বিন মার্জড উইথ বাংলা আবাস যোজনা, যেটা স্যারের পঞ্চায়েত অ্যান্ড পি অ্যান্ড আর ডি.র বাজেটে চলে গেছে। ভুল তথ্য। আমি আগের দিনই মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে লিস্টটা দিয়েছিলাম যে পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভলাপমেন্ট ডিপার্টমেন্টে এই ধরনের কোনো বাজেট ফিগার নেই। সুতরাং এই তথ্যটা ভুল। আবার উনি ভুল তথ্য দিয়ে আমাদেরকে বিভ্রান্ত করেছেন। দিস ইজ দি ফার্স্ট এক্সপ্ল্যানেশান। তারপর বলছে যে, সেকেণ্ড এক্সপ্ল্যানেশান, বাংলার বাড়ি স্কিম হ্যাজ গন টু মাননীয় ফিরহাদ হাকিমের কাছে যে লিস্টটা আছে, স্যার, আর্বান ডেভলাপমেন্ট, সেটি ইট ইজ এ simply মুভমেন্ট অফ গীতাঞ্জলী, বাংলার বাড়ি, অ্যামাউন্ট, মাননীয় মন্ত্রী আছেন এখানে, দিস ইজ ফাউ, এটাও ভুল। আগের দিন আমি দেখিয়েছিলাম, বলেছিলাম যে বাংলার বাড়ী প্রোগ্রামে এ বছরে যে টাকাটা গেছে মাত্র ২০লক্ষ টাকা। তার মানে গীতাঞ্জলী প্রোগ্রাম থেকে বাংলার বাড়ীও নেই, বাংলার আবাস যোজনাও নেই। পুরো ব্যাপারটা ভুল। উনি আমাদেরকে বিভ্রান্ত করার জন্য এবং ক্রেডিট দেখানোর জন্য যে, দেখ কত বাড়ী করেছে পশ্চিমবঙ্গ সরকার। এই ক্রেডিট দেখানোর জন্য উনি এই সব অসত্য কথা লিখেছেন এবং এই অসত্য কথায় ভরা এই যে বাজেট, সেই বাজেট এর জন্য আমাদেরকে টাকা স্যাংশান করতে হচ্ছে। দুঃখের এর চাইতে বেশি কিছু নেই। বলেছেন উনি যে সবুজ সাথী প্রোগ্রামে টুয়েলভ লাখ ক্যান্ডিডেটস, বিড ভিন কভার্ড, দিস ইয়ার। কত বাজেট আছে, আমি আগের দিন বলেছি ৪০টাকা বাজেট। ৪০টাকা বাজেটে নাকি টুয়েলভ লাখ সাইকেল দেওয়া হয়েছে। এর চাইতে অসত্য কথা আর কী থাকতে পারে ! আবার আমি তুলে ধরছি। স্যার, সবচেয়ে বড় কথা যেটা, সেটা হচ্ছে, এডুকেশান ডিপার্টমেন্টে উনি দিয়েছেন কত, হাউসিংটা আমি আগেই বললাম, যেটা বলতে চেয়েছেন যে ১৭০কোটি টাকা, কেন, জাস্টিফাই করতে চেয়েছেন,দেখলাম জাস্টিফাই হয় না। মিথ্যা কথা, অসত্য কথা। একই ভাবে, বাজেট স্পিচে, ওনার বাজেট স্পিচে আমরা দেখতে পাই, ৭০০কোটি টাকা ধরেছেন হায়ার এডুকেশানের জন্য এবং মাননীয় সদস্য সুজন চক্রবর্তী ব্যাপারটাকে নিয়ে এসেছিলেন ওনার নজরে,উনি কী বললেন, নিজে তো ভুলটা স্বীকার করলে পারতেন, এটুকু সৎসাহস ওনার নেই। আমি জানি, দীর্ঘ দিন আমি কাজ করেছি অসীম দাশগুপ্তের সঙ্গে অর্থমন্ত্রী, তখন বাজেট ছাপানো হয়ে যাওয়ার পরে,একবার হয়েছিল, সকালবেলায় আমাকে বললেন, অমুক জায়গায় একটা ভুল আছে কারেকশান করতে হবে। আমরা কারেকশান করে দিয়েছি। হাউসের কাছে কারেকটেড ফিগার দিয়েছি। দিস কুড হ্যাভ বিন ডান। হাউসের কাছে বলা যেতে পারত,এই ৭০০কোটি টাকা নয়, এত কোটি টাকা, টোটাল ফিগারটা। উনি কী বলছেন, উনি বলছেন, নিজে দোষ করছেন, অন্যের উপর দোষ চাপাচ্ছেন। কী বলছেন, এই যে ডাটা আপনারা বলছেন,

আমি যে ম্যাটারটা দিচ্ছি, দিস ইজ ফাইনাল। ইট ইজ দেয়ার ইন দি বাজেট পেপার। কিন্তু স্যার, আমি যে কথাটা বলতে চাই, ইট ইজ অ্যান অথেনটিক সোর্স, অনারেব্‌ল্ স্পীকার স্যার, কী দেখছেন ওরা, স্টেট ডেভলাপমেন্ট স্কিম প্লাস অ্যাডমিনিস্ট্রেটিভ এক্সপেন্ডিচার। এই দুটো যোগ করে বাজেট অ্যালোকেশান দেখুন। অনলি স্টেট ডেভলাপমেন্ট বাজেট গিভ্‌ন্ ইন দি স্পেস, ভুল কথা। মিথ্যা কথা। স্পিচে স্টেট ডেভলাপমেন্ট বলে ফিগার কিছু নেই। স্পিচে পুরো অঙ্কটা দেওয়া থাকে। চলে যান, তার আগের ফিগারে, চলে যান তার পরের ফিগারে। দেখতে পাবেন, পুরো অঙ্কটা দেওয়া আছে।

[1:10 – 1:20 p.m.]

মিঃ স্পিকার : আপনারা অসত্য কথা লিখবেন। মিথ্যে কথাটা লিখবেন না, লিখবেন অসত্য কথা।

ডঃ সুখবিলাস বর্মা : আমি শুধু আপনাকে জিজ্ঞেস করব এবং স্যারের কাছেও জিজ্ঞেস করব, তার কারণ হচ্ছে, বাজেট ফিগারটা, এই স্পিচটা সারা জীবনের জন্য থেকে যাবে। কখনো কেউ এটাকে রেফার করে বলবে যে সাতশো কোটি টাকায় এই হ্যায়ার এডুকেশান বাজেট। আমি আপনার কাছে বিনীত অনুরোধ করব, একটা কারেকশান ফিগার দিয়ে দিন। আপনি আজকে কারেক্ট ফিগারটা বলুন, সেটাকেই সার্কুলেট করুন এবং সেটা বাজেট স্পিচে সাবস্টিটিউট করুন, নইলে একটা খুব বাজে অবস্থা তৈরি হবে, খুবই বাজে অবস্থা থাকবে। এটা থাকবে চিরদিনের জন্য। আমার স্যার আরো অবাক লাগছে, এই যে স্যার উনি যেভাবে এখানে বাজেট ফিগার নিয়ে খেলা করছেন, তেমনি বাজেট ফিগার নিয়ে উনি খেলা করছেন অন্য জায়গাতেও। আমি তো ভাবতে পারি না, বাজেট ফিগার, বাজেট, budget of a particular year সেটা কী করে পরবর্তীকালে চেঞ্জ হয়। কোথায় হয়েছে আমি আপনাকে দেখাচ্ছি। এটা খুবই বাজে অবস্থা হয় এটার। স্যার, আপনার নজরে নিয়ে আসছি এবং আবার আপনাকে অনুরোধ করছি দয়া করে ব্যবস্থা নেবেন। হয়তো কোনো কারণে এটা হয়ে গেছে। কিন্তু এই অবস্থা যদি চলতে থাকে তাহলে আগামীদিনে এই ফিগারগুলোর যে Sanctity, বাজেটের যে Sanctity, সেই Sanctityটা নষ্ট হয়ে যাবে। আমি আপনাকে বলছি, ২০১৭-১৮ আমি আপনার Budget at a glance থেকে বলছি, Budget at a glance দেখুন, ২০১৭-১৮, আমি প্রথমেই বলছি '১৯-২০র Budget at a glance, তার পরে ২০-২১ এর Budget at a glance। '১৯-২০র Budget at a glance, এনার্জির ফিগার, ২০১৭-১৮ এর actuals ৭৬৮, ১৮-১৯ এর বাজেট ১০২০। ১৮-১৯ এর actuals কত হয়েছে - ৩,৭৪২, হতেই পারে। বাজেটের থেকে actuals হতেই পারে অনেক বেশি। ২০১৯-২০ অনুসারে, বাজেট হচ্ছে এনার্জিতে ২৮৫.৩০, ১৯-২০র বাজেট। ২০-২১এ Budget at a glance অনুসারে ১৯-২০র বাজেট কত - ২৩৫৯.৮০। ১৯৫০ সালে এডুকেশানের জন্য কত খরচ হয়েছিল, বাজেট কি ছিল সেই ফিগারটা আজকেও আছে একই। Budget figure cannot be changed. It does not go under any change. ১৯৫০ সালে

যা ছিল, গত দশ বছর আগেও যা ছিল, এখনও তাই আছে। তাহলে এনার্জির budget এটা ১৯-২০তে ২৮৫ কোটি, সেটা কী করে ২০-২১এ এসে ২,৩৫৯ কোটি হল স্যার। এটা কোত্থেকে এসেছে। আগেরগুলো না হয় আপনার কনকটেড ফিগার, ম্যানুফ্যাকচার্ড ফিগার, কিন্তু বাজেটের ফিগার সেটা কী করে চেঞ্জ হচ্ছে। বাজেটের ফিগারটা কি করে চেঞ্জ হচ্ছে। ইয়েস, চেঞ্জ হতে পারে রিভাইজ্ডে। সেই রিভাইজড একবার হয়ে গেলে সেটা থেকে গেল। ডেফিনিটলি চেঞ্জ হতে পারে actual, actualএ তো হতেই পারে। আবার actual যদি থেকেই যায়, হয়ে গেল একবার হয়েই গেল, তাহলে সেই ফিগারগুলোকে যখন আপনি আপনার ইচ্ছেমত চেঞ্জ করে দিচ্ছেন, এই বাজেটের sanctity কি কিছু থাকছে ? সেই বাজেট এখানে প্লেস করে আপনি অনুরোধ করছেন মাননীয় এম. এল. এ. সাহেবদের যে আপনারা এটাকে পাশ করে দিন। কোন্ বেসিসে?

কোন বেসিসে ? সবার কাছে আমার একটা অনুরোধ আছে , বাজেট নিয়ে একটা ছেলেখেলা করছেন মাননীয় অর্থমন্ত্রী। বাজেট নিয়ে এই খেলা হচ্ছে। What is this ? আমার সবচাইতে খারাপ লাগে, আমি যখন বললাম, সিডিউল্ড কাস্ট এবং ট্রাইব্স্ যারা ষাট বছরের উর্ধ্বে তাদের পেনশান দিতে আড়াই হাজার কোটি লাগবে না। কিন্তু উনি বললেন, সবাই জানে ডেমোগ্রাফি ইজ মাই পেট সাবজেক্ট, সবার সঙ্গে আলোচনা করে নিয়ে ও ডেমোগ্রাফিক অ্যানালিসিস করে নিয়েই উনি ঐ টাকাটা ধরেছেন। ২কোটি ১৫ লক্ষ হচ্ছে সিডিউল্ড কাস্ট লোক, আর ৫৯ লক্ষ সামথিং হচ্ছে সিডিউল্ড ট্রাইব্স্, এই হিসাবটা হচ্ছে ২০১১ সালের। আমি ধরে নিলাম এই হিসাবটা এখন সাড়ে তিন কোটি হয়েছে। এই সাড়ে তিন কোটির মধ্যে ষাট বছরের উর্ধ্বে কতজন আছেন? ডেমোগ্রাফিক ফিগারে যেতে হবে না, ACCC-তে যেতে হবে না। স্যার ডেমোগ্রাফি নিয়ে আমিও পড়াশোনা করেছি, ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস ট্রেনিং-এ যখন ছিলাম, ভারতবর্ষের মধ্যে মাস্টারদের মধ্যে একজন প্রফেসার আশীষ নন্দীর কাছে ট্রেনিং নেওয়ার সুযোগ আমার হয়েছিল। কাজেই ডেমোগ্রাফির ব্যাপারটা আমিও একটু একটু দেখি। কয়েকদিন আগে রাজ্য সরকারের একটা বিজ্ঞাপন বেরিয়েছিল খবরের কাগজে। রাজ্য সরকারের একটা সুবিধা আছে কাজটা হোক আর না হোক বিজ্ঞাপনটা কাগজে বের হয়। সেই বিজ্ঞাপনে দেওয়া হয়েছিল এতে ষাট লক্ষ সিডিউকাস্ট, সিডিউল্ড্ ট্রাইব্স্ লোক বেনিফিটেড হবে। এই ৬০ লক্ষ লোকের মধ্যে কিন্তু অনেকটাই কভার হয়ে আছে বিভিন্ন পেনশান কেসে। তাও আমি যদি ধরে নিই ষাট লক্ষ, তাহলে এক হাজার টাকা করে পেনশান দিলে লাগবে ছয়শো কোটি টাকার মতো। কিন্তু আপনি ধরেছেন আড়াই হাজার কোটি টাকা। আমি যখন ব্যাপারটা আপনাকে বললাম, তখন আপনি আমাকে বিদ্রুপ করলেন এবং নিজের কৃতিত্বটা দেখালেন ডেমোগ্রাফি বলে। এই এত কিছু আছে যে বাজেটটাতে সেই বাজেটটাকে আমাদের পাশ করাতে হবে কারণ আমাদের কোন উপায় নেই, তাই পাশ করাতেই হবে। কাজেই আমাদেরকেও এগ্রি করতে হবে এবং আপনাদেরও সকলকে সেই এগ্রি করতে হবে। তা নাহলে পয়লা এপ্রিল থেকে কেউ একটা পয়সাও পাবেনা। আমি BEUP নিয়ে এক মিনিট বলব, আমি এর আগেও আপনাকে এটা নিয়ে আপনাকে বলেছি। আমি গতকাল BEUP নিয়ে খোঁজখবর নিয়ে বলেছি, ২৬.৫.২০০৮ সালে BEUP-র টাকা

চল্লিশ লক্ষ থেকে বেড়ে পঞ্চাশ লক্ষ টাকা হয়েছিল। আর ১.৪.২০১০ সালে সেটা বেড়ে ষাট লক্ষ টাকা হয়েছিল। ২০১১ সালে আমি টিউবওয়েল দিয়েছি ১৯ হাজার টাকায়, আর এখন সেই টিউবওয়েল হচ্ছে ২৯ হাজার টাকায়। ২০১১ সালে পি.ডব্লু.ডি-র যে সিডিউল ছিল, তার থেকে এখন ৪০ শতাংশ বেড়েছে। এই সরকার পি.ডব্লু.ডি-র সিডিউল চেঞ্জ করেছে। স্যার, ৬০ লক্ষ টাকা, আর তার সঙ্গে যদি জি.এস.টি যোগ করি থার্টিন পার্সেন্ট, তাহলে সেই ৬০ লক্ষ টাকাটা ৪০ লক্ষ টাকারও কম হবে। কাজেই আপনাকে আমি অনুরোধ করব এবং সবার জন্য আমি বলছি, আপনি এই ব্যাপারটা দয়া করে দেখবেন। আমার মনে হয় কমপক্ষে এটা বাড়িয়ে ১ কোটি টাকা করা হোক। এটাই সবার তরফ থেকে আপনার কাছে আমাদের ডিমান্ড। এই অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[1:20 – 1:30 p.m.]

মিঃ স্পিকার: শুনুন, আমরাও এব্যাপারে একটা সিদ্ধান্ত নিয়েছিলাম এনটাইটেলমেন্ট কমিটিতে, নিশ্চয়ই উনি বিবেচনা করবেন।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের মাননীয় অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয়, ২০১৯-২০২০ - এর মূল বাজেট কয়েকদিন আগে পেশ করেছিলেন এবং তা অনুমোদন করেছিলেন। আজকে একটা পরিস্থিতি, বাংলা সহ সারা ভারতবর্ষে করোনা ভাইরাসের জন্যে, একটা অদ্ভুত পরিস্থিতির জন্যে আমাদের বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার সমস্ত ধরনের মানুষের প্রতি যথেষ্ট সতর্কবার্তা জানিয়ে সমস্ত রকম ব্যবস্থা নিয়েছেন। তাই আমাদের এই পবিত্র হাউস থেকে আমরা তাঁকে আমাদের কৃতজ্ঞতা, ধন্যবাদ, শ্রদ্ধা জানাই। পাশাপাশি মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলায় দীর্ঘ ৮ বছর ধরে বিগত দিনের অন্ধকারময় যে পরিস্থিতি ছিলো বামফ্রন্ট সরকারের আমলে তাকে দূরীভূত করবার জন্যে ঋণের বোঝা কাঁধে বহন করে তিনি তাঁর উন্নয়নের রথকে বাংলার সব ধরনের মানুষকে সঙ্গে নিয়ে বাংলার মা- মাটি মানুষের সরকারের সমস্ত মাননীয় মন্ত্রীসভার সদস্যদের সঙ্গে নিয়ে দার্জিলিং - পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গল মহল সহ আমরা যারা দক্ষিণবঙ্গে বাস করি সমস্ত ধরনের মানুষের কাছে জন্ম থেকে মৃত্যু এই কর্মসূচী বাংলার সব ধরনের মানুষের কাছে রূপায়িত করেছেন। আমার আগে আমাদের মাননীয় সম্মানীয় সদস্য ডঃ সুখবিলাস বাবু বলেছেন,আমি মন দিয়ে শুনছিলাম। তাঁর অভিজ্ঞতা নিশ্চয় আছে, তবুও আমি বলবো যে বিগত ৩৪ বছরের শাসন ব্যবস্থায় আর ৮ বছরের উন্নয়নের কথা আপনি নিশ্চয় অনুভব করছেন। যদি সারা বাংলায় সঠিক চোখে দেখেন তাহলে দেখবেন উন্নয়ন নিশ্চয়ই হয়েছে। বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে উন্নয়ন হয়েছে। নিশ্চয়ই আপনার হয়তো বয়স হয়েছে, আমি জানি না পুনরায় চোখে ছানি পড়েছে কিনা। সেই ছানিটা পুনরায় কাটিয়ে নিলে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার উন্নয়ন হয়েছে কিনা সব ধরনের মানুষের কাছে জন্ম থেকে মৃত্যু নিশ্চয়ই দেখতে পাবেন, বিগত ৫ বছরে মা -মাটি - মানুষের সরকার পঞ্চায়েত বলুন, কৃষি দপ্তর বলুন, স্বাস্থ্য দপ্তর

বলুন,সামাজিক কল্যাণ দপ্তর বলুন,সামাজিক সুরক্ষা বলুন, ইরিগেশান দপ্তর বলুন, পি.এইচ.ই. বলুন, সার্বিক ভাবে উন্নয়ন গ্রাম বাংলা সহ প্রত্যেকটা মানুষের কাছে পৌঁছেছে বলে আজকে বাংলার সাড়ে ৮ কোটি মানুষের কাছে 'স্বাস্থ্যসাথী', 'খাদ্যসাথী', 'আজকে স্কুলে' 'সবুজ সাথী' সহ বিভিন্ন পড়াশুনোর ক্ষেত্রে এস.সি., এস.টি., ও.বি.সি.-র, জেনারেলদের ক্ষেত্রে ব্যাপক স্টাইপেন্ডের ব্যবস্থা করে আজকে শিক্ষা ক্ষেত্রের উন্নয়নকে বাংলায় মাথা তুলে দাঁড়াবার যে প্রয়াস পশ্চিমবঙ্গ সরকার নিয়েছে নিশ্চয়ই এটা দৃষ্টান্তমূলক ভারতবর্ষের অন্যান্য রাজ্যর থেকে। আজকে বিভিন্ন ক্ষেত্রে আমরা বিশ্বের দরবার থেকে অনেক কর্মসূচীর স্বীকৃতি পেয়েছি। যা বিগত দিনে, স্বাধীনতার পরে, আমরা তা দেখতে পাইনি। নিশ্চয়'আমাদের গর্বের বিষয় বস্তু। আজকে বাংলার গর্ব মমতা বন্দ্যোপাধ্যায়, তাই আমরা সমস্ত ধরনের মানুষকে সঙ্গে নিয়ে বাংলার গর্ব মমতা বন্দ্যোপাধ্যায়ের কর্মসূচী - এর সঙ্গে সংযোগ করেছি। এটা নিশ্চয় আপনারা অনুভব করবেন যে বাংলায় একটা পরিবর্তনের ধাক্কায় আজকে বাংলাকে বিশ্ব বাংলায় রূপান্তরিত করবার উদ্যোগ আমাদের জনগণমণ নেত্রী বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিয়েছেন তার মন্ত্রীসভার সদস্যদের নিয়ে।

বাংলার ত্রিস্তর পঞ্চায়েত, বাংলার সমস্ত জনপ্রতিনিধিদের সঙ্গে নিয়ে কাজ করছে। আজকে কোন সম্প্রদায়ের মানুষের কাছে উন্নয়নকে পৌঁছে দেয় নি, সেটা আপনারা দেখতে না পেলে আমরাই চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেব, যে উন্নয়ন হয়েছে কিনা। তাই আমি দীর্ঘ বক্তৃতা করতে চাই না, আমি শুধু এইটুকু বলতে চাই, যে অদ্ভুত পরিস্থিতির জন্য পৌরসভার ভোট পিছোলো, আগামী ২০২১ বিধানসভার ভোট আছে তাতে নিশ্চিত, আপনাদের ছানি কেটে দেখিয়ে দেবে বাংলার সমস্ত ধরনের মানুষ যা আগামী দিনের নির্বাচনগুলোর রায়ে। তাই চাই বিভিন্ন উন্নয়নের ক্ষেত্রে, বিভিন্ন দপ্তরের যে কর্মসূচীগুলো আছে, মূল বাজেট অনুমোদিত হয়েছে। আজকে আমাদের সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন দপ্তরের ডিমান্তগুলো তিনি পেশ করেছেন,আমিও চাইবো হাউসের সমস্ত সম্মানীয় সম্মানীয়া, সদস্য-সদস্যবৃন্দের কাছে যে সেই দপ্তরের কর্মসূচীকে আগামী দিনে বাস্তবে রূপ দেওয়ার জন্য, আমাদের appropriation বিলকে ডঃ অমিত মিত্র এই পবিত্র হাউসে পেশ করেছেন তাকে অনুমোদন করবার। আমি মনে করি যে আগামী দিনে বাংলাকে বিশ্ববাংলায় রূপান্তিত করবার জন্যে এই appropriation বিলের অর্থের মধ্যে দিয়েই আগামী দিনের বাংলার মানুষ আরও সুখ-শান্তি ও সমৃদ্ধিতে থাকবে। তাই আসুন আমরা সবাই মিলে এই বিলকে সমর্থন করি এবং আগামী দিনের এই বাংলাকে আরও এগিয়ে নিয়ে যায় ধন্যবাদ,নমস্কার।

শ্রীমতী রমা বিশ্বাস : In pursuance of Article 204 of the Constitution of India. Under the Constitution of India, no money can be withdrawn from the Consolidated Fund of West Bengal, except in accordance with an appropriation made by law. ফলে স্বাভাবিকভাবেই এটা আলোচনায় আসবে,আলোচনা করতে হবে এবং পাশও হবে এবং পাশ করতে হবে। আমরা চাই সরকার করুন। কিন্তু যে পদ্ধতিতে হচ্ছে, সেই

পদ্ধতির সম্বন্ধে আমার বক্তব্য। এখন বাজেট পেশ হওয়ার পর appropriation বিল পাশ হওয়ার কথা। কিন্তু বাজেটে যে পোর্শান আলোচনার অংশ ছিল, সেই আলেচনার অংশ হিসাবে বিধানসভার কোন আলোচনা আমরা করতে পারি নি, সবই গিলোটিনে দেওয়া হয়েছে। তাহলে বাজেটের অংশের উপরে আলোচনার উপর ভিত্তি করে যে appropriation বিল - আমরা সমস্ত এম.এল.এ.রা আছি, আমরা কেউ মনে করি আমরা সরকারের পক্ষ, আবার কেউ বিরোধী পক্ষ - কিন্তু আমার একান্ত অনুরোধ যে সত্যি সত্যি কি বাজেটের উপরে আলোচনার appropriation যা প্রতিষ্ঠিত হওয়া উচিত সেটা কি হচ্ছে আমাদের বিধানসভায়। কেন হচ্ছে না ? করোনা ভাইরাস। করোনা ভাইরাসের জন্যে আমাদের বিধানসভা বন্ধ করে দিতে হচ্ছে,স্কুল-কলেজ বন্ধ হয়েছে। এখন করোনা ভাইরাস নিয়ে বিরোধীরা যখন বিধানসভায় আলোচনা চাইছে, তখন কিন্তু বিধানসভায় কোন আলোচনা হবে না। করোনা ভাইরাস তাই নিয়ে কোন মাস্ক নিয়ে কালোজারি হবে কিনা, তা নিয়ে সরকার ঠেকাতে পারবে কিনা,তা নিয়ে বিধানসভায় কোন আলোচনা হবে না। আবার গোমুত্র বিক্রির দোকান, কাদের কাদের ধরা হল, আজ শুনলাম একটা গো-মুত্র বিক্রির দোকান ধরা হয়েছে।আরও কি কি পরিকল্পনা হবে তা নিয়ে বিধানসভায় বিধায়করা আলোচনা করতে পারবেন না। সবার ক্ষেত্রে সংক্রামক, এটা একটা সংঘাতিক বিষয়। পৌরসভার ভোট করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে। আবার সব থেকে বেশি আক্রান্ত হচ্ছে, মনে করা হচ্ছে শুল্ক ভাইরাস। শুল্ক ভাইরাসে দেখা গেল যে পেট্রোল-ডিজেলে যথাক্রমে ২২.৯৮,১৮.৮৩ শুল্ক ভাইরাস প্রতিষ্ঠিত হয়েছে। আবার তার সঙ্গে roads বাড়তি ১০ টাকা করে যুক্ত হয়েছে। সেই ভাইরাস নিয়ে কিন্তু আমরা আলোচনা করতে পারিনি। ফলে খুবই মুশকিল। ভাইরাস আরও হবে। আপনারা সবাই জানেন, আমরা ক'দিন আগে Ebola, Sars, Mars ভয়ঙ্কর ধরনের ভাইরাস নিয়ে আমরা অতিক্রান্ত করে এলাম।

[1:30 – 1:40 p.m.]

বিজ্ঞানীরা আবিষ্কার করলেন এবং সব থেকে মারাত্মক পথিবীর উত্তাপ, সেই পথিবীর উত্তাপ বৃদ্ধির জন্য, হিমবাহ গলনের জন্য হাজার হাজর বছর ধরে সেই সমস্ত সংক্রামক জীবাণু, যারা চাপা পড়েছিল, তারা বের হয়ে আসছে। সাংঘাতিক ধরণের ভয়াবহ বিপদ হবে। আপনারা জানেন যে, হিমবাহ থেকে যে মৃতদেহ বেরিয়ে আসে, তার থেকে একজন মেষপালক anthrax -এ প্রথম আক্রান্ত হয়। তারপর anthrax -এর বিস্তার ঘটে। তাহলে আমরা আলোচনা করব কি ? আতঙ্ক না প্রতিরোধ ? আতঙ্ক এবং প্রতিরোধ - এটা নিশ্চয়ই এক মাপের নয়।

মিঃ স্পীকার : আপনি অ্যাপ্রোপ্রিয়েশান বিলের ওপর বলুন।

শ্রীমতী রমা বিশ্বাস : আপনি এখনই বলবেন যে, আপনি কনফাইন করুন, আপনি আসুন। কীসের উপর কনফাইন হবে ? বাজেটের উপর তো কোন আলোচনাই হয় নি, তাহলে আমি কনফাইনটা কী করে করব ? সবই তো গিলোটিন। ফলে কনফাইনই আমি করব। আমর যা বলার বিষয় যে, এর সংক্রমণ ক্ষমতা বেশি, সাংঘাতিক ধরনের, নিশ্চয়ই সতর্ক থাকতে হবে।

মারণ ক্ষমতাও তো অত্যন্ত কম, ৩.৪%। এর থেকে আমরা অন্য কিছু বিধানসভায় আলোচনা করলাম না। ভারতবর্ষে টি.বিতে বছরে প্রায় ২ লক্ষ ২০ হাজার মানুষ মারা যায়, ম্যালেরিয়ায় ২ লক্ষ ৫ হাজার মারা যায়, অনাহারে ভারতে প্রতি বছর ২৫ লক্ষ মানুষ মারা যায়। প্রতিদিন ৫ হাজার শিশু মারা যায়। তার মধ্যে ৪০০ ডায়ারিয়া এবং অনাহারে। কোথায় আলোচনার বিষয় ? আলোচনার বিষয়ের মধ্যে দাঁড়িয়ে আমাদের যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল এসেছে, আমি দেখছিলাম যে সত্যি সত্যি এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের Voted by the Legislative Assembly and Charged on the Consolidated Fund the sums not exceeding এই জায়গায় যদি আমরা দেখি, তাহলে দেখব ইন্টারেস্টে পেমেন্ট ৪০ হাজার, এখানে দাঁড়িয়ে ইন্টারেস্ট পেমেন্ট ২ লাখ, ইন্টারেস্ট পেমেন্ট ৫৭ লাখ ২০ হাজার। রুরাল ডেভেলপমেন্টে কো-অপারেশন ডিপার্টমেন্টে কেন জানি না আমি এখানে Charged on Consolidated Fund করেছে ৩ লাখ ৪১ হাজার। আর সমস্ত যদি দেখা যায় internal debt of the State Government বলুন, ইন্টারেস্ট পেমেন্ট বলুন, সমস্ত পাতায় শুধুমাত্র ইন্টারেস্টের জন্যই এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের যে জায়গা, সেই জায়গায় দাঁড়িয়ে বাড়তি বলা হচ্ছে যে -Sums not to be exceeded এবং Charged on the Consolidated Fund। সোস্যাল সার্ভিস - সেই জায়গায় যদি বলা যায় সত্যি সত্যি আমি, আমার আগের একজন বিধায়ক বলছিলেন যে, সামনে বিধানসভার নির্বাচন, সেই বিধানসভা নির্বাচনে চোখের ছানি ছুরি দিয়ে অপারেশন করা হবে। হ্যাঁ, আমরা রাস্তায় দেখেছি তো যে, লাঠি হাতে উন্নয়ন, নির্বাচন করে মানুষের মতকে লুঠ করেছে। এবার উনি বিধানসভার ভেতরেই বললেন। আমি স্পীকার স্যারকে বলতে শুনলাম না যে চোখের ছানি অপারেশন কে করেছে ?

মিঃ স্পীকার : আমি আপনাকে একটা কথা বলি। এই বিষয়টা আমার নোটিশে এসেছে।

শ্রীমতী রমা বিশ্বাস : তার আগে বিধায়ক বলেছেন ছানি অপারেশন করা হবে, আপনি কিন্তু বলার সময় কোন সময় বললেন না যে, এই কথাটা বিধানসভার মধ্যে বলা যায় না।

মিঃ স্পিকার : এটা আমি শুনেছি। আমি পরে এগজামিন করব।

শ্রীমতী রমা বিশ্বাস : ধন্যবাদ, এই ধরনের আলোচনা আমাদের হওয়া উচিত নয়। আমি মাননীয় স্পীকারকে ধন্যবাদ জানাব যে এই ধরনের ভাষা বললে উনি পরবর্তীকালে বলবেন। অ্যাপ্রোপ্রিয়েশান বিলের ওপর আলোচনা করতে গিয়ে যখন আমাদের মাননীয় বিধায়ক বলছেন যে, চোখে ছানি অপারেশন করলে তাহলে বুঝিয়ে দেওয়া হবে যে ২০২১ সালে কী উন্নয়ন হয়েছে। তাহলে স্যার অ্যাপ্রোপ্রিয়েশান বিলের কী দরকার ? অ্যাপ্রোপ্রিয়েশান বিল পেশ করার কি দরকার ? মাননীয় অর্থমন্ত্রী সরকার পক্ষের অর্থ বাজেট পেশ করেছেন। তিনি অ্যাপ্রোপ্রিয়েশান বিল পেশ করেছেন। কাজেই স্বাভাবিকভাবে আমার মনে হয় যে পদ্ধতিতে আমরা বিধানসভা চালাচ্ছি, সত্যি সত্যিই আমরা যদি বিধানসভাটাকে বিধানসভার মত চালাতে চাই যে, সবার মতামত আসুক, কোনটা ভালো, কোনটা মন্দ, বিধানসভায় এমন কি কোন উদাহরণ নেই যে, বিরোধীপক্ষের কোন সদস্য ভালো কথা বলছে ? যেখানে মানুষের উন্নয়নের জন্য বলা হচ্ছে। যেমন একটা consolidated form এসেছে।

মানবিক, সেখানে এসসি-এসটি-এর ফর্ম, এসসি এসটি-র অ্যাপ্লিকেশান। সব অ্যাপ্লিকেশানে কনসলিডেট ফর্মের মধ্যে আইসোলেশান করা হয়নি যে, একজন মানবিক আঠারো বছরের নীচে তার ভোটার আই-কার্ড থাকতে পারে না? তাহলে কী আছে বলুন। সরকারের এই তো ব্যাপার। যে কোনো বাজেট আমরা যখন অ্যাপ্রোপ্রিয়েশান করছি, আমরা যখন তার প্রারম্ভিক জায়গাটায় যাচ্ছি তখন নিশ্চয় আমরা দেখব যে, একজন আঠারো বছরের নীচে তার কোনো জায়গায় তার কোনো এনক্লোজার নেই যে আঠারো বছরের নীচে ভোটার তালিকা জমা দিতে হবে।

Mr. Speaker : প্লীজ, আপনি বিলের ওপর বলুন। যা আপনি বলছেন তাতে আপনার কোনো রেলিভ্যান্স নেই।

Smt. Rama Biswas : স্যার, বিলের ওপরেই বলছি। বাজেট পাশ করাতে হবে। আমাকে তো এটাই বলতে হবে। তার কারণ আমাদের তো আর বাজেটের ওপর আলোচনা হয়নি। গিলোটিনে গেছে।

Mr. Speaker : বাজেটের ওপর আলোচনা হয়েছে। আপনি ভুল বলছেন।

Smt. Rama Biswas : যত আমরা আলোচনা চেয়েছি, যে যে বিষয়গুলো আছে সেগুলো আলোচনার মধ্যে আসুক। যত গুরত্বপূর্ণ বিল সেই গুরুত্বপূর্ণ বিল এখনও পর্যন্ত আমাদের বিধানসভায় এলো না। আমাদের সুজন চক্রবর্তী চিঠি দিয়েছেন, এই এই বিলগুলো বিধানসভার ভেতরে আলোচনায় আসুক। কিন্তু আলোচনায় এলো না। তাহলে আলোচনা করার জায়গাটা যে ভাবে কার্টেল হয়ে যাচ্ছে নিশ্চয় আমি একজন বিধায়ক হিসাবে উল্লেখ করা আমার দায়িত্ব। আপনি বিধানসভা চালাচ্ছেন। আপনি নিশ্চয় ঠিক করবেন কোনটা যাবে, কোনটা যাবে না। কিন্তু এইভাবে দাঁড়িয়ে যদি বিধানসভার কোনো সেশন চলে তাহলে সেটা মানুষের স্বার্থে চলছে কিনা সেটা সরকারের ভেবে দেখা দরকার।

Mr. Speaker : আপনাকে আমি একটা কথা বলি, অ্যাডভাইজারি কমিটি আছে, অল পার্টি মিটিং আছে। একটা অল পার্টি মিটিং-এ যে সিদ্ধান্ত হয়েছে সেই সিদ্ধান্তটার আপনি মান্যতা দেবেন এবং তার স্যাংসিয়েরিটি রাখবেন। এটাই আপনাদের কাছে আবেদন করবো। এর থেকে আর কী বলবো, বলুন। আপনার নেতা গিয়ে ভেতরে এক কথা বলবেন, এখানে আপনি অন্য কথা বলছেন। ঠিক আছে, শেষ করুন।

Smt. Rama Biswas : আলোচনার যে জায়গাটা সেই জায়গাটার প্রশ্নটা আমাদের আলোচনা করা উচিত। সেই প্রশ্নেই আমি আমার বক্তব্য বলেছি।

Dr. Amit Mitra : স্যার, আমি খুব সংক্ষিপ্তভাবে অ্যাপ্রোপ্রিয়েশান বিল মুভ করেছি। তার ওপর অল্প করে আমি জবাব দিতে চাই। যদিও হয়তো জবাব দেওয়ার প্রয়োজন নেই। তবুও দু’ তিনটি কথা না বলে, শেষে এই হাউসের রেসপেক্ট দিয়ে দু’-একটা কথা বলতে চাই। আমি শুনলাম স্যার, ডঃ সুখবিলাস বর্মার সবই মিথ্যে সেটাকে আবার কারেক্ট করে বলা হ’ল, না

অসত্য বলতে হবে। স্যার, আমি উত্তরের সময় বলেছিলাম, আবার বলি। আগে স্যার, প্ল্যান বেস্ড্ ক্যালকুলেশান হ'ত এবং নন-প্ল্যান ক্যালকুলেশান হ'ত। এর দু'টি ধারা ছিল। সেটাকে আমরা কারেক্ট করে যাতে আরও ট্রান্সপ্যারেন্সি আসে তার জন্য আমরা এটাকে State Development Scheme যেটা মানুষের কাছে বোধগম্য হয় এবং Administrative expenditure যাতে স্পষ্ট উন্নয়নের প্রতি কি খরচ হচ্ছে এবং পিওর অ্যাডমিনিস্ট্রেশনের প্রতি কী খরচ হচ্ছে। এই reclassification আমরা করি এবং সেটা অ্যাসেমব্লির মাধ্যমেই পেশ হয়েছে। স্যার, যেটা উনি বললেন আমি উদাহরণস্বরূপ বলতে চাই, বার বার - আমি বলবো না, উনি অসত্য বলছেন, এ ঔদ্ধত্য আমার নেই। তিনি সবই সত্য কথাই বলেন। এটা আমি দেখছি, উনি বলছেন, আপনি সাতশো কোটি হ্যায়ার এডুকেশানে দিয়েছেন কিন্তু উনি জানেন না। স্যার, Budget at a glance এর পেজ নম্বর ২২, যেখানে দু'টো কলাম আছে। Administrative expenditure আর State Development Scheme. হায়ার এডুকেশানের ক্ষেত্রে আমরা কী দেখছি স্যার? সাতশো কোটি টাকা হচ্ছে State Development Scheme.

[1:40 – 1:50 p.m.]

আমার বাজেটে স্যার কে কাকে মাইনে দিল, কী তার গাড়ির খরচ হল এগুলো না বলে আমি এই State Development Scheme-এর নম্বরটাই দিয়েছি। আশা করেছিলাম মাননীয় বিধায়করা Budget at a Glance-এ গিয়ে ২২ পাতায় দেখতে পাবেন হ্যায়ার এডুকেশানের ৭০০ কোটি, State Development Scheme যেটা বাজেটে আছে। উন্নয়নের খাতে। Administrative expenditure কত higher education-এ ? ৩,৮৮২.৯৪। তার মানে যে budget আজকে placed হচ্ছে, যেটা আজকে আমরা appropriation bill-এ আনছি, higher educationএর total budget ৪৫৮২.৯৪। এটা কী করে ডঃ বর্মা, যিনি জীবনের বিশেষ সময়ে finance department-এ ছিলেন, উনি যে এটা দেখলেন না বা দেখে অন্যদিকে চেয়ে বললেন 'আমি তো জানি না'? আমি বার বার ওনাকে বলবো ২২ নম্বর পাতায় যান। ২০ নম্বর item-এ higher education পড়ে দেখুন। উনি বলে চলে গেছেন। স্যার, উনি বললেন manufactured figure. আমি নাকি figure manufacture করেছি। তাহলে manufacture expert. স্যার একটা কথা আমার মুখ থেকে বেরিয়ে গেল, উনি যখন নামটা নিয়েছেন আমিও নিচ্ছি। ডক্টর অসীম দাসগুপ্ত ওনাকে বললেন অমুক figure-টা change হবে। এটা কি manufacturing হচ্ছিলো স্যার? আর, উনিই কি তার charge-এ ছিলেন ? আমি করিনা স্যার। উনি যখন ছিলেন না তখন আবার বলি, ২২ নম্বর পাতা, Budget at a Glance, Item no. 20, higher education. ৭০০ কোটির State Development Scheme. Administrative expenditure ৩,৮৮২.৯৪। Total ৪৫৮২। যেটা আজকে আমরা appropriation-এ pass করছি। তাই আমি খুব দুঃখিত যে যিনি finance department-এ কাজ করেছেন এতদিন, বিজ্ঞ মানুষ, গান ভালো গান, তিনি এই কথা বলে গেলেন যেন তিনি এই Budget at a glance দেখেনইনি। আর, এটা লোকে বিশ্বাস করে যাবে স্যার? আর, সবচেয়ে বড় কথা হলো ওনাকে

বলেছেন correction-এর জন্য আগের অর্থমন্ত্রী। উনি সেই কারেকশান, is it correction or manufacturing? এটা আমাদের জানতে হবে।

এবারে স্যার দুটো কথায় আসি। বাজেটের বড় ছবিটা আমাদের দেখতে হবে। আজকের এই আলোচনায়, we must look at the big picture. Appropriate করছি কীসের জন্য? আমি চারটে কথা বলে শেষ করবো স্যার। Budget কত ছিল ২০১০-১১ তে? ৮৪,৮০৩ কোটি। এই budget ২০২০-২১ সালে যেটা আজকে আমরা appropriate করতে চলেছি তখন how much is the budget, Sir? ৮৪ হাজার কোটির জায়গায় ২,৫৫,৬৭৭ কোটি। Three times. এটা আমরা appropriate করছি স্যার।

State Development Scheme. কত ছিল Sir? ২০১০-১১ তে ছিল ১৯ হাজার ৫৯ কোটি। ধরে নিন ১৯ হাজার কোটি। সেই State Development Scheme এই বাজেটে কততে এসে দাঁড়াচ্ছে? ৯৫,২০৪ কোটি Sir. কোথায় ১৯ হাজার কোথায় ৯৫ হাজার। সেটা দেখবেন না?

Capital Accounts. সবাই বলে Capital Accounts-এ permanent structure সৃষ্টি হয় যেটা ভয়ঙ্কর গুরুত্বপূর্ণ। কিন্তু কত ছিল? ২০১০-১১ তে ছিল ২,২২৬। স্যার, এটা একটা record. আজকে capital expenditure এই বাজেটে 31 thousand and 47, মানে ১৪ গুণ বেশি। স্যার, not percentage. 14 times increased. কোনো State Legislature এই claim করতে পারে? মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে Capital expenditure has grown by 13.9 times. মানে ১৪ গুণ। চিন্তা করুন স্যার।

সামাজিক এক্সপেন্ডিচার স্যোশাল সেক্টর কত ছিল স্যার? ২০১০-১১ তে ৬ হাজার ৮৪৬ ছিল। আজকে সেটা কত হয়েছে ? ৪৩ হাজার ১৫৪ মানে six and a half times increase, it-s a record, Sir. এগ্রিকালচার, আজকে কৃষি নিয়ে কথা হয় সারা ভারতবর্ষে, কৃষিতে হাহাকার বিভিন্ন রাজ্যে। মহারাষ্ট্রের কথা আপনারা জানেন, অন্যান্যর কথাও জানেন। কত বেড়েছে জানেন স্যার? ten times দশ গুণ। নট পারসেন্টেজ স্যার, দশ গুণ। তিন হাজার তিন কোটি ছিল ২০১০-১১ তে, সেটা তিরিশ হাজার কোটিতে গিয়ে পৌঁছেছে। তাহলে প্রথম হচ্ছে বাজেটের সাইজ তিন গুণ বেড়েছে। স্টেট ডেভেলপমেন্ট স্কিম পাঁচ গুণ বেড়েছে। “ক্যাপিটাল এক্সপেন্ডিচার ১৪ গুণ বেড়েছে। স্যোশাল সেক্টর এক্সপেন্ডিচার 6.3 টাইমস্ এগ্রিকালচার 10 টাইমস্। কেন আজকে কৃষকের ইনকাম তিন গুণ বেড়ে গেছে, বাজেট অ্যালোকেশান থেকে আপনার কাছে স্পষ্ট দেখতে পাচ্ছি। শেষে স্যার State tax collection। ২১ হাজার ১২৮ ছিল ২০১০-১১তে, ২০২০-২১ এ আমরা কী টার্গেট করছি স্যার? 70 হাজার 807 thats the spirit of Smt. Mamata Banerjee led Government. যে আমরা ২১ হাজারটাকে সত্তর হাজারে নিয়ে যাব ইন ট্যাক্স কালেকশান। সেই হেতু লাস্টে বলি স্যার debt GDP ratio সবাই debt সম্বন্ধে কথা বলেন। debt GDP ratio কত ছিল ২০১০-১১তে? ৪০:৬৫ a little around 40% of GDP was debt প্রপোরশনালি। আমরা ২০২০-২১এ যেটা আমরা অ্যাপ্রোপিয়েশান করতে যাচ্ছি 32.90

তে নিয়ে আসব স্যার। 40:65 টাকে কমিয়ে our target is to bring it down to 32.90 তে। সেই হেতু আমি এটাই বলতে চাইছি বড় ছবিটা আপনি যদি দেখেন যেটা অ্যাপ্রোপ্রিয়েশানের সঙ্গে জড়িত It's very clear স্যার। A record is being created in Indiaযার জন্য স্যার ভারতবর্ষে যখন ৫ পার্সেন্ট রেটে জিডিপি বাড়ছে পশ্চিমবঙ্গ According to Government of India 10.4% হারে জিডিপি বাড়ছে, ডব্‌ল্। দেখিয়ে দিন একটা রাজ্য যেখানে এই ডব্‌ল্ প্রমোশান। সেই হেতু স্যার এটা বলে শেষ করি, আমরা একটু যদি পিছিয়ে যাই 360 ডিগ্রিটা দেখি বা ৩৫ হাজার ফুট উপরে উঠে নীচেরটা দেখি পশ্চিমবঙ্গকে তাহলে আমরা দেখতে পাব যে তথ্যগুলো আজকে আপনাদের কাছে প্রেজেন্ট করেছি on the Appropriation Budget' this is a record. আমি আশা করবো স্যার, বাংলার মানুষ নিশ্চয়ই এতে খুশী হবে এবং আমি আশা করবো এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল আজকে এখানে পাস্ড্ হবে। তার impact টা সাধারণ মানুষের ওপরে পজিটিভ impact দেখব, তাদের মুখে হাসি দেখব যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বার বার বলেছেন। ধন্যবাদ স্যার।

Mr. Speaker: Now the question before the House is the motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation (No.2) Bill, 2020 be taken into consideration.

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

Clause 2-3

Mr. Speaker: Now the question before the House is clause nos.2 & 3

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

Schedule

Mr. Speaker: Now the question before the House is the Schedule to the Bill.

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: Now the question before the House is clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

[1:50 – 2:00 p.m.]

Dr. Amit Mitra: I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 2020, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: The question before the house is that the West Bengal Appropriation (No.2) Bill, 2020, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion, will please say, AYES.

As many as are of the contrary opinion, will please say, NO.

AYES have it. AYES have it.

The West Bengal Appropriation (No.2) Bill is passed, the West Bengal Appropriation (No. 2) Bill is passed.

ডঃ সুখবিলাস বর্মা : স্যার, আমার থার্ড রিডিং এ কিছু বলার ছিল।

মিঃ স্পীকার : আপনি তো একবার বলেছেন, মেরিটের উপরে আর বলা যাবে না। আপনি তো অলরেডি একবার বিলের মেরিটের উপরে বলেছেন।

ডঃ সুখবিলাস বর্মা : আমি জানতে চাইছি আমার বক্তব্য আমি থার্ড রিডিং এ বলতে পারব কিনা।

মিঃ স্পীকার : না, থার্ড রিডিং এ কিছু বলা যাবে না।

ডঃ সুখবিলাস বর্মা : আমি তো জানি বলতে পারব।

মিঃ স্পীকার : উনি তো মোশানটা মুভ করেছেন জাস্ট মুভ দি মোশান অফ পাসিং অফ দি বিল।

ডঃ সুখবিলাস বর্মা : স্যার, আমি জিজ্ঞাসা করতে চাইছি বলতে পারব কিনা। যদি না পারি তাহলে ঠিক আছে।

মিঃ স্পীকার : না, না, এখানে বলা যাবে না।

ডঃ সুখবিলাস বর্মা : ঠিক আছে, আমার জানা থাকল, পরে বলব।

মিঃ স্পীকার : "The discussion on a motion that the Bill or the Bill as settled in the House, as the case may be, be passed shall be confined to the submission of arguments either in support of the Bill or for the rejection of the Bill. Members shall not refer to the details of the Bill further"

আপনি এটা রেফার করতে পারেন না, সেজন্য আমি অ্যালাউ করি নি।

The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill 2020

Shri Suvendu Adhikari : Hon'ble Speaker, Sir, I beg to introduce The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill 2020.

(Secretary then read the Title of the Bill)

Shri Suvendu Adhikari: Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Motor Vehicles Tax Amendment Bill, 2020, be taken into consideration.

শ্রী নেপাল মাহাত : অনারেব্‌ল্‌ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল মোটর ভেহিক্‌ল্‌স ট্যাক্স অ্যামেন্ডমেন্ট বিল, ২০২০ যে পেশ করেছেন,এই বিল নিয়ে কিছু বক্তব্য রাখছি। স্যার, এই বিলে মূলতঃ যে বিষয়টি আনা হয়েছে তাতে ওয়েস্ট বেঙ্গল মোটর ভেহিক্‌ল্‌স ট্যাক্স ১৯৭৯ এ সেকশান টু এবং সিডিউলের অ্যামেন্ডমেন্টটা করা হয়েছে। এখানে যে বিষয়টি নিয়ে আসা হয়েছে, সেটা হচ্ছে বাইক ট্যাক্সি, এই বাইক ট্যাক্সির একটা ডেফিনিশান দেওয়া হয়েছে। এই বাইক ট্যাক্সি হিসাবে যে মোটরবাইকগুলো এতদিন আমরা ব্যবহার করছিলাম, সেই মোটর সাইকেলগুলোয় আমরা সাধারণভাবে যে অনুমতি পেতাম, সেটা এর পরে দুটো ভাগে বিভক্ত হবে। স্টেটমেন্ট অ্যান্ড অবজেক্টস্‌ অ্যান্ড রিজন্‌সে বলা আছে .."It has been considered, necessary and expedient to amend The West Bengal Motor Vehicles Tax 1979 for the purpose of insertion of definition of Bike, Taxi and imposition of tax thereon for carrying out the purposes of the said Act."

এখানে মূলতঃ যে বিষয়টি বলা হয়েছে, সেটা হচ্ছে অনেক স্টেটেও আমরা ইতিমধ্যে দেখেছি, বিভিন্ন স্টেটে এই বিষয়টি আছে, যেখানে মোটরসাইকেলকে দুটো ভাগে অর্থাৎ বাইক ট্যাক্সি হিসাবেও ব্যবহার করে তাকে কমার্শিয়াল লাইসেন্স দেওয়া হচ্ছে এবং সেখান থেকে সরকার কিছু ট্যাক্স নিচ্ছে। এই ভাবে দুটো পার্টস্‌ এখানে করা হয়েছে। ইতিমধ্যে অনেক কোম্পানীও মোটরসাইকেল নিয়ে প্যাসেঞ্জার ভাড়ায় চাপায়, ইত্যাদি ইত্যাদি আছে।

কিছুটা কমার্সিয়াল হিসাবে ব্যবহার হচ্ছে। কিন্তু স্যার, এই বিষয়টাতে আমাদের একটা ভয় আছে বা একটু চিন্তার বিষয় আছে যেটা আমরা সকলে জানি। মোটর বাইকের যে সমস্যা,

রাস্তাঘাটে নিয়ে যাওয়া হলে পুলিশের যে অত্যাচার বিভিন্ন ভাবে—সেই অত্যাচার আমরা দেখেছি, অনুভব করেছি। বেশির ভাগ ক্ষেত্রেই সেটা নিশ্চয়ই পুলিশের দেখার অধিকার আছে। কার হেলমেট নেই, কার কাগজপত্র নেই এগুলি দেখার যেমনই অধিকার আছে তেমনই এইসব থাকলেও যারা এই বিষয়গুলি দেখাশুনা করছে তারা এগুলি নিয়ে দুর্নীতি করেন সেই বিষয়ে কোন সন্দেহ নেই। বিশেষ করে বলতে চাই মাননীয় মন্ত্রীকে এই বিষয়টা আপনি কিভাবে check and balance করবেন। অর্থাৎ মোটরসাইকেলে যারা কমার্সিয়াল লাইসেন্স নেবে না, নর্মাল লাইসেন্স নেবে সে যদি দুটো থলি নিয়ে, ব্যাগ নিয়ে বাজারে বেরোয় সে ক্ষেত্রে পুলিশ বলতে পারে তুমি এটা ভাড়ায় নিয়েছ, কমার্সিয়াল লাইসেন্স নেই কেন ? আমাকে ফাইন দেওয়া হোক, ইত্যাদি ইত্যাদি অনেক কিছু করতে পারে। সেগুলি মাইনাস পয়েন্ট আছে সেই কথাগুলি আমি বলছি। কোন প্যাসেঞ্জার নিয়ে এল যদি পুলিশ ইচ্ছা করে বলতে পারে এটা তোমার রিলেটিভ নয় তুমি এর সাথে ভাড়ায় যাচ্ছ কিন্তু তোমার কমার্সিয়াল লাইসেন্স নেই, তুমি নর্মাল লাইসেন্সে আছো। তোমাকে আমরা ফাইন করব। কিভাবে চেক করা যায় মাননীয় মন্ত্রী যখন বলবেন তখন এই বিষয়গুলি দেখার জন্য অনুরোধ করছি। কারণ এ নিয়ে আমাদের কিছু অভিজ্ঞতা আছে। এই amendment-এ যে rateটা ধার্য করা হয়েছে সেটা "In the Schedule to the principal Act, under the heading "DESCRIPTION OF MOTOR VEHICLES AND RATE OF ANNUAL TAX", যে scheduleটা আছে তাতে সব বিষয়গুলি যেমন motor cycle, motor combination, omnibus রেজিস্ট্রেশান বিভিন্ন সরকারী ট্যাক্স ধার্য আছে বিভিন্ন vehicle-এর উপর তার মধ্যে এটাকেও ঢোকানো হচ্ছে এবং এর যে রেট করা হয়েছে সেটা হচ্ছে "1.2 per centum of the value of vehicle or Rs. 780, whichever is higher." যেটা বেশি হবে তার দিকেই বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। এতে সরকারের রোজগার হবে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। এই ধরনের বাইক, ট্যাক্সির অনুমতি সেটা কেন্দ্রীয় motor vehicle অ্যাক্ট সেখান থেকেও তাঁরা এই conceptটা করেছেন সেটাও আমি জানি এবং বিভিন্ন রাজ্যে এই বিষয়টা চালু আছে। কিন্তু আমাদের এখানে সেই রকম infrastructure আছে কিনা Transport Department এর এবং বিশেষ করে সাধারণ মানুষ যারা নর্মালভাবে মোটর সাইকেলের licence নেবে বা মোটর সাইকেল চালাবে তাদের যে অসুবিধাগুলি বিভিন্ন ভাবে তৈরি হতে পারে তার precautionary measure বা তার কিছু definition বা সেটা কিভাবে ঠিকঠাকভাবে করা যায় যাতে বাইক, ট্যাক্সি এবং নর্মাল বাইক তার differenceটা সঠিকভাবে মানুষ বুঝতে পারে এবং এর থেকে যেন দুর্নীতি না হয়। এই কয়েকটি কথাই আমি বলছি। এই বিলের বিরোধিতা করার কোন অবকাশ নেই। তাই একে সমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি।

শ্রী স্বর্ণকমল সাহা : মাননীয় স্পীকার স্যার, Bill No. 1 of 2020 The West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 2020—এই বিলটা আনার কারণ কি ? To amend the West Bengal Motor Vehicles Tax Act, 1979. আজকে মাননীয় পরিবহণ মন্ত্রী শুভেন্দু অধিকারীকে আমি ধন্যবাদ জানাচ্ছি। Senior person carry করার জন্য taxi। এই

কনসেপ্টটা আমাদের বাংলায় ছিল না। কেউ এর আগে এই ভাবে ভাবেনি। এর উপযোগিতা কি সেটার সম্বন্ধে আমি পরে আসছি। আর আগে আমি বলছি এই amendment টা- amendment of section 2 of West Bengal Act IX of 1979. "In sub-subsection (1) of section 2 of the West Bengal Motor Vehicles Tax Act, 1979 (hereinafter referred to as the principal Act), after Clause (2a), the following clause shall be inserted."

[2:00 – 2:10 p.m.]

কি সেটা ? 'Bike Taxi means any motorcycle registered as contract carriage' ট্যাক্সি যেমন কনট্র্যাক্ট ক্যারেজ, বাস হল স্টেট ক্যারেজ। কনট্র্যাক্ট ক্যারেজ হিসাবে সিঙ্গল্ প্যাসেঞ্জার ক্যারি করার মতো রাজ্যে আর একটা নতুন ব্যবস্থাপনা শুরু করার জন্য এই বিলটা আনা হয়েছে । Section (1) of the section 74 of the Motor Vehicles Act, 1988 and includes any motor cycle used commercially for delivering goods or supplies; এই যে এই চিন্তাটা, ভাবনা চিন্তা অন্য অনেক রাজ্যে হয়ত আছে, আমার সেটা সঠিক জানা নেই। কিন্তু আমাদের রাজ্যে এই ভাবে এর আগে কেউ ভেবেছে এটা আমি অন্ততঃ পরিবহণ শিল্পের সাথে দীর্ঘদিন ধরে আছি কিন্তু আমি শুনি নি। এই যে ভাবনা-চিন্তা, এই ভাবে এই সিঙ্গল্ পার্সন একটা বাইক ট্যাক্সি - একজন মানুষ কোথাও দরকার হলে একা যাবে - সিঙ্গল্ ম্যান, সে কিভাবে যাবে ? সে যদি সিঙ্গল্ মানুষ হিসাবে কোথাও যেতে চায় , তাহলে তাকে 'ওলা', 'উবের' কিংবা যে ট্যাক্সিগুলো রয়েছে তাদের ভাড়া করে যেতে হয়। এতে কি হয় ? একজন মানুষের জন্য একটা ট্যাক্সি ব্যবহৃত হলে, 'ওলা', 'উবের' ব্যবহৃত হলে সেখানে আমাদের ফুয়েল কনজাম্পশান যত পরিমাণে হয়, এটা আমার দেশের, রাষ্ট্রের জন্য ফুয়েল কনজাম্পশান অযথা একজনের জন্য অনেক বেশি হয়। সেটা মাথায় রেখে সিঙ্গল্ প্যাসেঞ্জার এই যে বাইক ট্যাক্সি - এটাতে কি হয় ? ঐ ব্যক্তিটি তার গন্তব্যস্থলে খুব অল্প সময়ের মধ্যে যাওয়ার সুযোগ পায় এবং অল্প ভাড়ায় সে সেখানে পৌঁছতে পারে। পাশাপাশি কি পায়? পাশাপাশি যেটা হয় সেটা হল, আমাদের ফুয়েল কনজাম্পশানটা অনেক কন্ট্রোল হয়ে যায়। এই ভাবনা - চিন্তা থেকেই আজকের আমাদের এই বিলটা অ্যামেন্ডমেন্ট করা হচ্ছে। এই বিলটার অ্যামেন্ডমেন্ট কেন করা হয়েছে ? এর আগে আমাদের এই যে ট্যাক্স যেটা -"Description of motor vehicles and rate of annual tax" এর মধ্যে এটা ছিল না কারণ এর মধ্যে তার প্রভিশান ছিল না। সুতরাং এটার মধ্যে যদি ট্যাক্সের প্রভিশনটা না ঢোকানো হয় এবং এর যদি পারমিটের ব্যবস্থা না করা হয় - এর দুটো চ্যাপ্টার, একটা পারমিট পাস করতে হবে, তার জন্য একটা অ্যামেন্ডমেন্ট করতে হবে, পাশাপাশি এই যে বাইক ট্যাক্সি – তাদের ভাড়া কি হবে সেটাকে ঠিক করতে হবে। এটা আমাদের পারমিট করতে হলে কি তার অ্যানুয়াল চার্জ হবে সেটাকে আমাদের ভাবতে হচ্ছে। এখানে কি দিয়েছে? বাইক ট্যাক্সির রেটটা যেটা হবে 1.2 per cent of the value of the vehicle. ভেহিক্‌ল্ যা ভ্যালু তার উপর ১.২ অথবা রুপিস সেভেন হানড্রেড এইট্টি হতে পারে - এর মধ্যে যেটা বেশি হবে সেটা চার্জ করতে হবে। এটা হল ট্যাক্স ইমপোজিশানের ক্ষেত্রে এটা আমাদের করা হল।

পাশাপাশি এরপরে আমাদের ভাবতে হবে যেটা - মাননীয় সদস্য আমার আগে যিনি বলছিলেন, তিনি বলছিলেন এটা করতে গিয়ে কি কি অসুবিধাগুলো আসতে পারে। যে কোন কাজ পজিটিভ মাইন্ডে আমাদের ভাবতে হবে। আমরা একটা জিনিস নতুন চালু করতে চাইছি, তাতে সুবিধাগুলো কি সেগুলো সম্বন্ধে প্রথমে আমাদের ভাবতে হবে। সেই সুবিধাগুলো পেতে গিয়ে আমাদের কোন্ কোন্ অসুবিধার মধ্যে এই বাইক ট্যাক্সি পড়তে পারে, পুলিশ কোথায় হারাসমেন্ট করতে পারে, যারা বাইক ট্যাক্সি নয় তাদের বাইকে করে যদি তার কোন সঙ্গীসাথীকে নিয়ে যায় তাহলে পুলিশ অযথা হ্যারাসমেন্ট করতে পারে। এই সম্ভাবনাগুলো উড়িয়ে দিচ্ছি না। কিন্তু এটাকে অবশ্যই মন্ত্রী মহোদয় তিনি এই ব্যাপারে যখন তাঁর কথাগুলো বলবেন তখন নিশ্চয়ই কিছু ভাবনা-চিন্তা আমাদের সামনে রাখবেন। আমি তাই আজকে মন্ত্রী মহাশয়ের এই সুন্দর অ্যারেঞ্জমেন্টটাকে সাধুবাদ জানাচ্ছি।

এটা single passenger carry করার জন্য একটা state carriage। 'ট্যাক্সি', 'ওলা', 'উবের' এই সমস্তর জন্য একটা state carriage আইন আছে। সেই আইনের মধ্যে একটা আইন আনার জন্য এইটা আনা হয়েছে। আমার বক্তব্য আর দীর্ঘায়িত করছি না। শুধু বলছি এর statement of the objects and reason কি। There is no financial implication involved in the Bill, কোনো মানিটরি ইনভল্ভমেন্ট, financial implication চাপছে না। এটা পাশ করার জন্য আমার আগে যিনি বক্তব্য রাখলেন, তিনি সমর্থন করেছেন। কিন্তু এত সুন্দর একটা অ্যামেন্ডমেন্ট এসেছে, এটাকে আমাদের সকলকে সমর্থন করার কথা। এর বিরোধিতা করার কোনো স্কোপ নেই। তাই আমি আবার উপস্থিত সমস্ত মাননীয় সদস্যদের অনুরোধ করছি এই বিলটাকে সকলে সমর্থন করুন। এই কথা বলে আমি আমার কথা শেষ করছি।

মিঃ স্পিকার : ডিসপ্লে বোর্ডে এখন তন্ময় ভট্টাচার্যের নাম রয়েছে আমি দেখতে পাচ্ছি। উনি বলবেন না। ওনার জায়গায় আলি ইমরান রামজ বলবেন।

[2:10 – 2:20 p.m.]

Shri Ali Imran Ramz : Thank you Sir, The West Bengal Motor Vehicles Tax Amendment Bill, 2020
اس بل میں بائیک ٹیکسی کی بات کی گئی ہے جس میں ابھی ہمارے آنریبل ممبر بول رہے تھے۔ میں یہ کہنا چاہوں گا کہ بائیک ٹیکسی کا جو یہ concept ہمارے اسٹیٹ گورنمنٹ کے پاس جو بل لانے کے لئے آیا ہے practically سر یہ بائیک ٹیکسی کا جو یہ concept ہے یہ پراویٹ کمپنی کا یہ ایک concept ہے۔ جس کو UBER کے نام سے ہم سب جانتے ہیں۔ اور کولکاتا میں حکومت مغربی بنگال کے اس بل کو لانے سے پہلے بھی یہ بائیک ٹیکسی پچھلے دو سالوں سے چل رہا ہے۔ اور uber کا یہ بائیک ٹیکسی جو ہے یہ run کر رہا ہے۔ اس میں کچھ لوگوں کو سروس بھی مل رہی ہے۔ لیکن اس کو legalise کر کے کہیں نہ کہیں پراویٹ کمپنی کو بڑھاوا دیا جا رہا ہے یہ میں کہنا چاہتا ہوں۔ حکومت مغربی بنگال یہ جو کہہ رہی ہے کہ اس generation کے نوجوانوں کے لئے employment generate کیا جائے گا اس بات سے یہ بھی ثابت ہوتا ہے کہ حکومت مغربی بنگال ہمارے ریاست کی employment کو اس حد تک ختم کر چکی ہے، برباد کر چکی ہے کہ آج ہمارے پڑھے لکھے نوجوانوں کے پاس نوکری نہیں ہے اور نوجوانوں کو نوکری نہیں دینے کی وجہ سے آج اُن کو بائیک کا ڈرائیور بنا کے راستے پر اتارنے کا کام ہماری سرکار کر رہی ہے۔ یہ کام کر رہی ہے۔ میں ہمارے آنریبل منسٹر صاحب کو بتانا چاہوں گا جو as per traffic rules ہیں۔ اُس کے مطابق یہ کہا گیا ہے کہ ہر دس سال میں آپ کو ۱۲ فیصد روڈ increase کرنا ہوگا کیونکہ دس سال میں population بڑھتا ہے، transportation بڑھتا ہے۔ اُس کی وجہ سے روڈ کا بھی بڑھنا ضروری ہے۔ لیکن ہمارے اسٹیٹ میں یہ ممکن نہیں ہے کہ ہر دس سال میں ۱۲ فیصد روڈ کا increase کیا جا

سکے وہ ہماری سرکار نہیں کر پا رہی ہے۔ آبادی بڑھ رہی ہے، پریشر بڑھ رہا ہے ٹرانسپوٹیشن پر اور یہاں تک آپ کو بتاؤں کہ بائیک کا پولیس کیس کے بارے میں بول رہے تھے کہ پولیس کیس دیا جائے گا یا نہیں تو آپ کی جانکاری کے لئے بول رہا ہوں ۲۰۱۸ میں ۳۵۱۱۹ کیس رجسٹرڈ ہوا جو بائک کو کیس دیا گیا اور ۲۰۱۹ میں ۳۵ ہزار سے بڑھ کر وہ ایک لاکھ چار سو ہو گیا سر، کیوں؟ ۳۵ ہزار سے بڑھا کر ایک لاکھ چار سو ہونے کی وجہ کیا ہے سرکار کو revenue چاہئے تھا۔ اس لئے ٹرانسپورٹ ڈیپارٹمنٹ گاؤں میں پولیسوں کو ایک ہی کام دے دیا کہ جو بھی بائیک لے کر نکلے پکڑو اور پیسہ وصول کر سرکار کو دو، یہ کام آپ لوگوں نے کیا ہے سر، ۲۰۱۸ میں جو ۳۵ ہزار تھا وہ ۲۰۱۹ میں ایک لاکھ چار سو ہو گیا۔ یہ آپ کا ریکارڈ بول رہا ہے سر، یہ میرا ریکارڈ نہیں ہے یہ آپ کا ریکارڈ ہے۔ میں آپ کو بتاؤں ۶۰ فیصد سے زیادہ accidents ہیں وہ نیشنل ہائی وے یا اسٹیٹ ہائی وے پر ہوتے ہیں۔ اسٹیٹ ہائی وے ۳۶۹۳ کلومیٹر area ہے جو اسٹیٹ ہائی وے کے اندر میں آتا ہے۔ جس میں سب سے زیادہ accident ہوتا ہے۔ مارچ، ۲۰۲۰ میں صرف بائیک حادثے میں دس لوگ مارے گئے ہیں۔ جس میں سب سے کم عمر ہے ۱۷ سال کے نوجوان کا اور سب سے زیادہ عمر کے مارے گئے ہیں وہ ۵۰ سال کے ہیں۔ یہ حادثے کا جو percentage ہے بائیک حادثے کے no.of accidents سب سے زیادہ ہے ہمارے اسٹیٹ میں، نوجوانوں کی موت اس میں سب سے زیادہ ہو رہی ہے۔ drunken driving سب سے زیادہ ہو رہا ہے اور اس حالت میں آج بائیک، ٹیکسی کو legalise کرنا حکومتِ مغربی بنگال کی طرف سے کہیں نہ کہیں اپنی ناکامیوں کو چھوپانا کہ آپ employment generate نہیں کر پا رہے ہیں کسی بھی ڈیپارٹمنٹ میں اب نوجونوں کو آپ اُمید دے رہے ہیں کہ تم بائیک چلا کر پیسہ کما سکتے ہو۔ جس طرح سے ہماری عزت مآب وزیر اعلیٰ نے کہا تھا کہ **تیلے بھا جا سیلپو آچے** اُسی طرح آپ بائیک کو بھی ایک employment generation میں لا رہے ہیں۔ آپ کو میں بتاؤں، آپ مدنی پور کے رہنے والے ہیں میں اتر دیناج پور کا رہنے والا ہوں۔ ہمارے یہاں گاؤں میں ڈاوری میں بائیک لینے کا ایک رواج ہے سر، حکومتِ مغربی بنگال اس بل کو لا کر کہیں نہ کہیں ڈاوری کو بھی بڑھاوا دے رہی ہے سر، ڈاوری کا بھی ایک percentage اب بڑھے گا کیونکہ ہر لڑکا اب بائیک کا مانگ کرے گا کیونکہ بائیک لینے سے بائیک یا ٹیکسی ڈرائیور بن جائیں گے تو بی بی پال لیں گے۔ اس کی وجہ سے عزت مآب وزیر صاحب آپ کو دیکھنا ہوگا کہ سرکار کے ایک بل کے ذریعہ اُس کا positive impact کتنا ہے؟ اور اُس کا negative impact کہاں کہاں پڑھتا ہے؟ وہ دھیان میں پہلے آپ کو رکھنا ہوگا۔ کیونکہ نزدیک کا فائدہ دیکھنے سے پہلے سرکار کا کام ہے کہ دور کے نقصان کو دیکھئے آپ، یہ آپ کی ذمہ داری بنتی ہے۔ اس سے ڈاوری بڑھے گا۔ pollution کی بات کرتے ہیں آپ، pollution minister نہیں ہے اُن کے ڈیپارٹمنٹ کا مسئلہ ہے۔ آپ اگر areawise دیکھیے سر، دو بس اگر ایک بس میں ۷۰ passenger ہوتا ہے تو دو بس میں ۱۴۰ passenger کو لے کر جانے میں جتنا area cover کرتا ہے اتنا area کو cover کرنے کے لئے بیس بائیک لگے گا سر، بیس بائک دو بس کا area cover کرتا ہے۔ بیس بائیک ۲۰ passenger کو carry کرے گا اور دو بس ۱۴۰ passenger کو carry کرے گا۔ بس چلتا ہے ڈیزل سے اور بائیک چلے گا پٹرول سے، پٹرول ڈیزل کے comperativily زیادہ پالیوشن پیدا کرتا ہے۔ یہ ہم سب جانتے ہیں۔ number of bikes بڑھے گا تو pollution بھی بڑھے گا۔ یہاں pollution کو بھی دھیان میں رکھنے کی ضرورت ہے کیونکہ آج ہم جس ماحول میں پل رہے ہیں۔ کورونا وائرس کی وجہ سے ہم بدھان سبھا کے اندر اپنے آپ کو safe محسوس نہیں کر رہے ہیں۔ اس لئے آج عزت مآب وزیر اعلیٰ ہمارے حیت میں سوچ کر ہمارے بھلے کے لئے سوچ کر یہ کہتی ہیں کہ آج بدھان سبھا بند کر دیا جائے گا کیوں؟ تا کہ ہم ایم ایل اے اور منتری لوگ زندہ بچ سکے۔

مسٹر اسپیکر : یہ چیف منسٹر کے instruction سے بدھان سبھا بند نہیں ہوا یہ غلط بات ہے یہ ہم لوگ آل پارٹی میٹنگ بیٹھ کر سدھانت لیا ہے۔

شری علی عمران رمز : ٹھیک ہے آل پارٹی بیٹھ کر resolution لئے ہیں سر، اگر یہ پرستاب لیا گیا ہے کہ میں عزت مآب وزیر صاحب۔ سے جاننا چاہوں گا کہ ۲۹۴ بدھان سبھا کے ممبران اس ہاؤس میں محفوظ نہیں ہے، safe نہیں ہے، secure نہیں ہے۔ تو آپ کے ٹرانسپورٹ ڈیپارٹمنٹ میں ایک ایک بس میں جہاں ۷۰ passenger کا capacity ہے وہاں ۲۰۰ passenger کو بھر کر چلایا جاتا ہے۔ اُس کی safety کا ذمہ داری کون لے گا؟ آپ ٹرانسپورٹ ڈیپارٹمنٹ کے وزیر ہیں۔ میٹرو میں جس طرح بورے میں آلو، پیاز بھرا جاتا ہے اُس طرح میٹرو میں مسافروں کو بھر دیا جاتا ہے۔ اُس کی حفاظت کون کرے گا؟ لوکل ٹرینوں میں جس طرح سے مسافروں کو بھر کر بھیجا جاتا ہے آپ بنگاؤں لوکل میں چلے جایئے اُن مسافروں کی حفاظت کون کرے گا؟ اگر disease کو سب سے زیادہ carry کیا جا رہا ہے سر، تو وہ ٹرانسپورٹ کے ذریعے کیا جا رہا ہے۔ آج اگر آپ ایم ایل اے کو بچانے کی بات کرتے ہیں آل پارٹی سدھانت لیتے ہیں تو میرا یہ کہنا ہے کہ All Party decision منتری صاحب لیں اور لے کر ٹرانسپوٹیشن کو بند کیا جائے۔ سارا بس بند ہونا چاہئے، میٹرو بند ہونا چاہئے، ٹرین بند ہونا چاہئے۔ مغربی بنگال کے لوگوں کو بچانے کی ضرورت ہے۔ آپ اُس کے لئے کیا کریں گے اُس کا جواب میں آپ سے مانگتا ہوں۔ صرف بدھان سبھا کے چند مٹھی بھر ایم ایل اے کو بچا کر آپ بنگال کو نہیں بچا سکتے ہیں۔ چند مٹھی بھر وزراء کو اور کابینہ کو بچا کے سر بنگال نہیں بچے گا کورونا وائرس سے، اگر آپ کو کورونا وائرس سے بچنا ہے تو آپ کو ٹرانسپورٹ ڈیپارٹمنٹ کو یہ ذمہ داری لینی ہوگی سر،

Mr.Speaker: You must say whatever you say, you say sensibly because we are only concerned about West Bengal Legislative Assembly and you are

talking about the Members of the West Bengal Legislative Assembly. We have taken a decision.

Shri Ali Imran Ramz: Sir, I am also very much concerned about the West Bengal people. That's why I am talking about the West Bengal. And Hon'ble Minister belongs to the West Bengal Legislative Assembly and he is a Member as well as the Cabinet Member. That's why I am asking Hon'ble Minister, as to what initiative he has taken to save the people of Bengal by his Transport Department. What he will do, I want to know that in this House.

یہ میں جاننا چاہتا ہوں ہمارے عزت مآب وزیر صاحب سے، یہ میں اس لئے کہہ رہا ہوں سر All Party Decision لے کر ہم مٹھی بھر ایم ایل اے اور کابینہ کے وزراء کو بچا کے بنگال نہیں بچے گا سر، بنگال کو بچانا ہے تو ٹرانسپورٹ ڈیپارٹمنٹ کو سب سے بڑی بھومیکا لینی ہوگی۔ سب سے بڑی ذمہ داری ہمارے وزیر کو لینا ہوگا۔ آج بنگال کا جو ٹرانسپوٹیشن ہے اُس میں سب سے زیادہ بھیڑ جاتی ہے، سب سے زیادہ تعداد میں لوگ جاتے ہیں۔ بوڑھے، بچے، عورت، مرد سب جاتے ہیں۔ آج آپ اسکول بند کرتے ہیں سر، آج آپ سب کچھ بند کرنے کی بات کر رہے ہیں بدھان بند ہو رہا ہے لیکن ٹرانسپوٹیشن چل رہا ہے سر، ٹرانسپوٹیشن کو بند کیجئے تب یہ ہوگا سر ***

Mr.Speaker : You cannot criticize. This portion will not go. No No, This is not encourageable. The decision taken in the All Party Meeting cannot be criticized. This portion will not go.

Shri Ali Imran Ramz : Being a responsible Member, let me speak Sir, being a responsible Member I will criticize this.

Mr.Speaker : جو باہر میں جا کر بولنا ہے بولو یہ بدھان سبھا میں یہ سب بات نہیں چلے گا this portion will not go.

(اس کے بعد مائک بند ہوگیا) ***

শ্রী শুভেন্দু অধিকারী : স্যার, আজকে এই মহতি সভায় দ্য ওয়েস্টবেঙ্গল মোটরভেহিক্যাল্‌স্ অ্যাক্ট, ২০২০ পেশ করার সুযোগ আপনি আমাকে দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এটি একটি নতুন কনসেপ্ট এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার পরে একটার পর একটা নুতন পরিবহণ ব্যবস্থার সূচনা হয়েছে। আপনারা জানেন যে এর আগে অ্যাপ নির্ভর অনেকগুলি সড়ক পরিবহণ ব্যবস্থা এক্ষেত্রে উল্লেখযোগ্য সফলতা পেয়েছে। আমি প্রথমেই আলোচনায় অংশগ্রহণকারী সরকারপক্ষ এবং বিরোধীপক্ষের সদস্যদের ধন্যবাদ জানাব এই কারণে যে তাঁরা মূল্যবান পরামর্শ দিয়েছেন। এর সাথে সাথে মাননীয় বিধায়ক ইমরান সাহেবকে একটা কথাই বলতে চাই যে, আমি লিস্টে দেখেছিলাম তন্ময়বাবুর নাম। তন্ময়বাবু হয়ত স্টাডি করে এসেছিলেন। ইমরান সাহেব বিলটি স্টাডি না করেই কি করে প্রচারে থাকা যায়, মিডিয়া যদি আগামীকাল কাগজে এক আধ লাইন লিখে দেয়, তার জন্য এই বক্তব্যটা এখানে রেখেছেন এবং এই বক্তব্যের সঙ্গে এই বিলের কোন সম্পর্ক নেই এবং বিলটি না পড়েই বামফ্রন্ট পরিষদীয় দল তাঁকে দাঁড় করিয়ে দিয়েছে। এই বিলটা আনার প্রথম কারণ হল - দুটি পৃথক আইন চালু

*** অধ্যক্ষ মহাশয়ের আদেশক্রমে বাতিল হল।

ছিল, ডব্লু.বি. মোটর ভেহিক্যালস অ্যাক্ট, ১৯৬৯ এবং ডব্লু.বি. অ্যাডিশানাল ট্যাক্স অ্যান্ড ওয়ান টাইম ট্যাক্স অন মোটর ভেহিক্যাল্‌স্‌ অ্যাক্ট, ১৯৮৯। এই দুটি আলাদা আইন থাকার জন্য জটিলতা অনেক বেশি ছিল। সেই জটিলতাকে সরলীকরণ করার স্বার্থেই এই বিলটি আনা হয়েছে। দ্বিতীয়তঃ আপনারা অনেকেই প্রশ্ন করেছেন বাইক ট্যাক্সি আর সাধারণ মোটরসাইকেলের তফাৎ কি হবে আমরা দুটি কালারের নাম্বার প্লেট ইনট্রোডিউস করছি। নন-ট্রান্সপোর্ট মোটরসাইকেলের ক্ষেত্রে সাদা কালো নাম্বার প্লেট, বাইক ট্যাক্সির ক্ষেত্রে হলুদ কালো নাম্বার প্লেট। আমি আশা করি এই ব্যাপারটা এটার মধ্য দিয়ে ক্লিয়ার হয়ে গেল। দ্বিতীয় মূল্যবান জিনিস হচ্ছে এটাতে সরকার নতুন করে রাজস্ব আদায় করতে চাইছে, না সরকার একটা মানবিক এবং কর্মসংস্থান এর যে বাস্তব বর্তমান চাহিদা তার উপর নির্ভর করে এই নতুন আইন আনল।

[2:20 – 2:30 p.m.]

আপনারা জানেন, এখন যদি একটা বাইক ট্যাক্সি রেজিষ্ট্রেশান করতে হয়, ৮ হাজার টাকা দিতে হবে। আমি কয়েকটা পয়েন্ট বলে দিচ্ছি - কি কি ছিল, কি কি সুবিধা পাবেন। প্রথম হচ্ছে ট্যাক্স বা ফি। এক হচ্ছে, বর্তমানে যা আছে। গাড়ির ক্রয় মূল্যের ১.২ শতাংশ ন্যূনতম ৮ হাজার টাকা প্রতি বছর। প্রস্তাবিত হার গাড়ির ক্রয়মূল্যের ১.২ শতাংশ ন্যূনতম ৭৮০ টাকা প্রতি বছর। বাইক ট্যাক্সির জন্য সাধারণভাবে ব্যবহৃত মোটর সাইকেলের ক্রয়মূল্য গড়ে ৬৫ হাজার টাকা এক্ষেত্রে ধরা হয়েছে। দুই হচ্ছে পার্মিট ফি। (ক) আবেদনের ফি বর্তমানে কত আছে ? ৫০০ টাকা। এই বিলে কত করা হচ্ছে ? ১০০ টাকা। (খ) অনুমোদন/পুর্ণবীকরণ ফি। বর্তমানে আছে ৫০০ টাকা অঞ্চল প্রতি, প্রতি বছরের জন্য সর্বোচ্চ ১০ হাজার টাকা। এই বিলে প্রস্তাব করা হয়েছে সারা বাংলার জন্য ২ হাজার টাকা ৫ বছরের জন্য। ৫টি অঞ্চলের জন্য ১ হাজার টাকা ৫ বছরের জন্য। বর্তমানে আছে প্রতিসাক্ষর ফি ১৫০ টাকা অঞ্চল প্রতি, প্রতি বছরের জন্য। প্রস্তাব করা হচ্ছে প্রতিসাক্ষর ফি লাগবে না। (ঘ) সিকিওরিটি ডিপোজিট এককালীন ১ হাজার টাকা। প্রস্তাব করা হচ্ছে সিকিওরিটি ডিপোজিট লাগবে না অর্থাৎ ৫ বছরের জন্য সারা বাংলার পার্মিট নিতে মোট ১১ হাজার ৫০০ টাকা এখন লাগে, এই বিলের পরে লাগবে ২ হাজার ১০০ টাকা। ঠিক একই ভাবে আঞ্চলিক পার্মিটের ক্ষেত্রে ন্যূনতম ৪ হাজার টাকা বা তারও বেশি লাগে। এটাতে লাগবে ১১০০ টাকা। তাই নেপালবাবু বিরোধী দলের সদস্য সঠিকভাবে এই বিলটাকে সমর্থন করেছেন, আর ইমরানবাবু না পড়ে, না বুঝে কতগুলো পাব্লিসিটি পাওয়ার জন্য বক্তব্য রেখেছেন। এটাই হচ্ছে তফাৎ। আমাদের বিধানসভার মানটা আরো বাড়া উচিত, আমার মনে হচ্ছে কারো কারো জন্য এটা নীচের দিকে চলে যাচ্ছে। আমি যে কথা আপনাকে বলতে চাই, এই ক্ষেত্রে বর্তমান অবস্থাটা কি আছে। ধরুন, এই মুহূর্তে ৬৮টা অ্যাপ্‌ নির্ভর বাইক ট্যাক্সি চলছে কলকাতাতে এবং আপনি যদি এখান থেকে অ্যাসেম্বলি হোস্টেল যান এবং একটা ওলা বা উবের যদি ডাকেন অ্যাসেম্বলির গেটে, আপনাকে ৬৯ টাকা থেকে ৮১ টাকা দিতে হবে এই মুহূর্তে। আর বাইক যদি এক্ষুনি ডাকেন অ্যাসেম্বলি হোস্টেল যেতে, আপনাকে দিতে হবে ১৫ টাকা ৫০ পয়সা। এই তফাৎটা এই বিলে আছে। রাজারহাট, নিউটাউন, সেক্টর ফাইভে

ইতিমধ্যে এটা পপুলার হয়েছে এবং এর মধ্যে দিয়ে কর্মসংস্থান কোথায় কি হয়েছে, সবাই জানে পশ্চিমবঙ্গে কিভাবে বর্তমানে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে কর্মসংস্থান হচ্ছে। শুধু আপনাকে বলে রাখি ট্রান্সপোর্ট সেক্টরে গতিধারাতে ২০১৯ সালের ৩১শে মার্চ পর্যন্ত ৪০ হাজার যুবক-যুবতী গাড়ির মালিক হয়েছে। আর এবার ২০১৯-২০তে আরো ১২ হাজার যুবক-যুবতী, যার মধ্যে কোলকাতা কর্পোরেশন এলাকাতে ৪ হাজার যুবক-যুবতী আছে, তারা গাড়ির মালিক হচ্ছে। ৫২ হাজারকে শুধু ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট এই ৬-৭ বছরে, গতিধারা চালু হওয়ার পরে আমরা কর্মসংস্থান দিয়েছি। আর এই বাইক ট্যাক্সিতে কতজন হবে ? আমাদের কাছে এই যে ৮ হাজার আর ৭৮০ এই অ্যানোমিলিটা দূর করে দিলে ১০ হাজার অ্যাপ্লিকেশান পেন্ডিং আছে যুবকরা যারা এই বাইক ট্যাক্সি দিয়ে মানুষকে পৌঁছে দিতে চান গন্তব্যস্থলে। লোকের অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য হবে। ওলা, উবের, বাস, মেট্রো, ট্রেন - এইসবের জন্য যদি একটা লোকের সারাদিনে ১০০ টাকা খরচ হয়, বাইক ট্যাক্সি করে তার কর্মক্ষেত্রে যাওয়া এবং আসা নিয়ে ২০ টাকা খরচ হবে। এটা ভীষণ পপুলার হয়েছে রাজারহাট, নিউটাউন এলাকাতে। ওখান থেকে এয়ারপোর্টে যাওয়া, সেক্টর ফাইভে আসা - একেবারে বাড়ির সামনে লাগিয়ে দিচ্ছে।

বাইক ট্যাক্সিতে আমাদের speed governor লাগানো অ্যাডভাইজারি আছে, যে কোনভাবে ২০ কিঃমির বেশী স্পীড তোলা যাবে না, rain coat রাখার প্রভিশান রয়েছে। যদি বর্ষাতে কোন প্যাসেঞ্জার নিয়ে যান তাঁর rain coat must Additional helmet তাকে provide করতে হবে। কোন একজন এম.এল.এ. বাইক ডেকে নিলেন Assembly গেটে, তিনিতো হেলমেট নিয়ে আসেন নি, তাহলে বাইক ট্যাক্সি যে প্রভাইড করছে তাকে helmet provide করতে হবে, বর্ষার সময় রেন কোট প্রভাইট করতে হবে, আর কোন ক্ষেত্রে ২০ কিঃমিঃরবেশি স্পীড উঠবে না। এটারও ব্যবস্থাপনা অ্যাডভাইজারিতে দিয়ে একটা নতুন কনসেপ্ট আমাদের এই রাজ্যে ইন্ট্রোডিউস করা হচ্ছে। আপনারাতো সব তুলে দিয়েছিলেন, আমি কতবার বলবো। আপনাদের বাসগুলো কেন খুলতো না, ১১ সাল পর্যন্ত West Bengal Transport Corporation, Surface Tramways দেড় থেকে দু লক্ষ লোক চড়তো। এখন আজকের দিনে WBTC-র বাসে আপনারা চড়ে আসছেন। Panic button ছিল না, CCTV ছিল না, রেজিস্ট্রেশন ছিল না আপনাদের সময়ে সরকারী বাসে। আর আপনারা ১৩২ কোটি টাকা ঋণ নিয়ে করেছিলেন, আমাদের ডঃ অমিত মিত্রের সাহায্যে আমরা শোধ করেছি গত বছরে। আর আমাদের যত বাস নেমেছে সব বাস প্ল্যান হেডে, একটাও ঋণ বা ধার করে নয়। বরঞ্চ আপনাদের ধার আমরা শোধ করেছি। আজকে ই-বাস কলকাতায় ৮০টা চলছে, ৫০টার উপর চার্জিং স্টেশন। আরও ৫০টার অনুমোদন ফিন্যান্স দিয়েছে, তিন মাসের মধ্যে আরও ৫০টা ই-বাস নামবে। আজকে লন্ডনের আদলে খোলা ছাদের দোতলা বাস জয় রাইড করার জন্য, ট্যুরিস্টদের জন্য কলকাতায় এসে গেছে যে কোন সময় আমরা রাস্তায় চালু করে দেব। সিঙ্গ্‌ল্ বডি এসি ট্রাম যেখানে কনজেশান হচ্ছে না, ট্রামের যে হেরিটেজ ঐতিহ্য আছে তাকে রক্ষা করা এবং ব্যাপক পরিমাণে লোকজন এতে চড়ছে। আজকে লঞ্চ থেকে ভেসেল থেকে শুরু করে জেটি থেকে শুরু করে এমনকি আপনার যে হেলিকপ্টার

সার্ভিস আছে প্রত্যেক সপ্তাহে বালুরঘাট, মালদা, গঙ্গাসাগর, দীঘা প্রত্যেক সপ্তাহে মানুষজন অন লাইনে বুক করে যাচ্ছে। তাই দয়া করে ট্রান্সপোর্ট যে গতি পেয়েছে অন্যান্য দপ্তরের সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সক্রিয় লীডারশিপে, তাঁর গাইডেন্সে নানা যে হয়েছে তার মধ্যে এটা একটা নতুন উদ্ভাবনী চিন্তাভাবনা এবং এর কি কি সুফল আমরা আপনারা সবাই পাবো। বাংলার মানুষ পাবে। কিভাবে চিহ্নিত হবে সেটা পরিষ্কারভাবে বলা হয়েছে এবং এ ক্ষেত্রে আমরা খুব ক্যাটিগরীক্যালি বলতে চাই বাইক ট্যাক্সি এবং সাধারণ মোটরসাইকেল আমরা যেহেতু চিহ্নিত করে দিচ্ছি, যেহেতু এর ফিজ্, পারমিট, ট্যাক্স সব equal করে দেওয়া হচ্ছে তাই পুলিশ আটকানো বা জরিমানা করার কোন প্রভিশান থাকছে না। যদি feeটা আলাদা আলাদা থাকতো তাহলে পুলিশ আটকে জরিমানা করার সুযোগ ছিলো। যেহেতু ইকুয়াল করে দেওয়া হয়েছে নর্মাল মোটর সাইকেলের সঙ্গে বাইক ট্যাক্সি তাই আলাদা কোন ফিজের পরিকাঠামো থাকছে না। তাই সাধারনভাবে বাইক ট্যাক্সি বা নর্মাল বাইকের জন্য কোন আলাদা জরিমানার কোন স্কোপ থাকছে না। এই যে misconception কারোর কারোর মধ্যে ছিল আমি আশা করি আমার বক্তব্যের মধ্যে দিয়ে এটা ক্লিয়ার করতে পেরেছি। আর কেউ বলছিলেন যে পুলিশ কেন চেক করবে, কেন অ্যাকসিডেন্ট বেড়ে যাচ্ছে। আপনাদের জেনে রাখা দরকার ২০১৬ সালের ৮ই জুলাই মাননীয়া মুখ্যমন্ত্রী “Safe Drive, Save Life” চালু করেছিলেন এবং তার ফলে রোড সেফটিতে আমাদের যে সমস্ত মেজার আমাদের স্টেট নিয়েছে এটা আমার আপনার কারোর সার্টিফিকেট নয়, অন রেকর্ড Assemblyতে দাঁড়িয়ে responsible minister হিসাবে আমি রেকর্ড করাতে চাই Supreme Court এ Road Safety Committee, তারা দুটো স্টেটকে special example করেছে, একটা হচ্ছে পশ্চিমবঙ্গ, আর একটা হচ্ছে পাঞ্জাব। তারা বলেছে এই দুটো স্টেট রোড সেফটীতে যে কাজ করেছে অন্য কোন স্টেট করতে পারে নি। আপনি ঝাড়খন্ডে যাবেন আমাদের মুখ্যমন্ত্রীর দেওয়া Safe Drive, Save Life তারা নকল করেছে। সিকিমে যাবেন দেখবেন তারা আমাদের দেখে শিখেছে অর্থাৎ what Bengal thinks today, rest of the India thinks tomorrow- এটা মহামতি গোখলে বলতেন, আজকে আমরা বলতে পারি What Mamata Banerjee thinks today, rest of the India thinks tomorrow।

[2:30 – 2:40 p.m.]

এটা safe drive, save life-এ follow করেছে সিকিম, ঝাড়খন্ড। অন্যরাও এখানে এসে দেখে যাচ্ছে যে আপনারা কি। এই BJP শাসিত বা আপনার অন্য কংগ্রেস শাসিত Stateগুলো e-bus নামাতে পারে নি। তাদের বিহারের delegation এসেছিল। বলছে যে, আপনারা কি করে ৮০টা e-bus এত তাড়াতাড়ি চালিয়ে দিলেন? Charging station কেমন? কি করে আপনারা maintain করছেন? বিহারের delegation ক’দিন আগে এসে দেখে গেল। ত্রিপুরার BJP গভর্ণমেন্টের delegation দেখে গেল যে, আমাদের ৫০টা দিয়েছে আগরতলায় কিন্তু আমরা এখনও নামাতে পারিনি। This is the ground reality. তাই appreciate করুন, গঠনমূলক আলোচনা করুন। কোন সমস্যা নেই। আমি স্বর্ণবাবুকে ধন্যবাদ জানাবো কারণ তিনি দীর্ঘদিন

related to this department. তিনির WBTDC-র Vice Chairman ও আছেন। আর নেপালবাবুকেও ধন্যবাদ জানাবো তিনি এই বিলকে support করেছেন। মাননীয় অধ্যক্ষকেও ধন্যবাদ যে, তিনি এই সংক্ষিপ্ত সময় বিধানসভার মধ্যেও আমাদের এটা করতে দিয়েছেন যার ফলে আমরা আশা করছি আগামী অর্থবর্ষ থেকে এটা introduce করে আমরা ১০ হাজার যুবককে কর্মসংস্থানের একটা separate avenue খুলে দিতে পারলাম। সবাই ভালো থাকবেন, ধন্যবাদ।

Mr. Speaker : Now the question before the House is the motion of Shri Suvendu Adhikari that the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 2020 be taken into consideration.

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

Clauses 2-3

Mr. Speaker: Now the question before the House is clause nos.2 & 3 As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: Now the question before the House is Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

Shri Suvendu Adhikari: Sir, I beg to move that the West Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 2020, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: Now the question before the House is the motion of Shri Suvendu Adhikari.

As many as are of the same opinion, please say AYE;

As many as are of the contrary opinion, please say NO.

Ayes have it, Ayes have it.

The Bill is passed, the Bill is passed.

The West Bengal Fiscal Responsibility and Budget Management. (Amendment) Bill, 2020

Dr. Amit Mitra: Sir, I beg to introduce the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020.

... (Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020 be taken into consideration.

ডঃ সুখবিলাস বর্মা : স্যার, মাননীয় অর্থমন্ত্রী এইমাত্র Billটি introduce করলেন, The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020. এটা এখন প্রায়ই refer করা হচ্ছে, আমরা যখন অর্থনীতি বিষয় আলোচনা করি, discipline নিয়ে আলোচনা করি তখন এই conceptটা আসে। Fiscal responsibility and budget management এই conceptটা। এই conceptটা কি? না, এটা হচ্ছে প্রত্যেকটা state government and central government তাদের self-inflicted discipline. Budget management-এর উপর self-inflicted discipline. অর্থাৎ একটা সময় এসেছিল আপনাদের জানা আছে যখন 9th Finance Commission এই সেসনটা চলছিল, তারা consider করেছিলেন, সেই সময়টায় সারা ভারতবর্ষে যেমন central government তেমনি state governmentsগুলোতে একটা financial indiscipline এসেছিল।

এবং তার জন্যই finance commission recommend করেছিলেন যে, প্রত্যেকটা স্টেট এবং সেন্ট্রালে self-inflicted discipline আনা দরকার। আমাদের স্টেটে অনেক পরে হয়েছে এই এ্যাক্টটা যার জন্য আপনারা অনেক বার বলেছেন, আমি জানি মাননীয়া মুখ্যমন্ত্রীও দু'একবার বলেছিলেন যে, আগের সরকার করে গেছে, আগের সরকার করে গেছে এটা ২০১০এ। ২০১০এর জুলাই মাসে এইটা করে গেছে। কি আছে তাতে "An Act to provide for the responsibility of the State Government to ensure prudence in fiscal management and fiscal stability", prudence ওই যেটা আমি বললাম indiscipline, এই indisciplineটা আনার জন্য এটা করা হয়েছিল। তাতে কি হয়েছিল ? সেইবারই প্রথম এই fiscal deficit কথাটা এলো। তার আগে পর্যন্ত revenue deficit ইত্যাদি নিয়েই আমরা ছিলাম। কিন্তু fiscal deficit অর্থাৎ স্টেট গভর্নমেন্টের লোনের concept-টার সঙ্গে জুড়ে দেওয়া হল এবং জুড়ে দিয়ে fiscal deficit-টাকে বলে দেওয়া হল যে, প্রত্যেকটা স্টেট কত পর্যন্ত তার

GSDP-এর কত পর্যন্ত আনতে পারবে ইত্যাদি ইত্যাদি। তা সেই বিলটাকে সেই যে act হয়েছিল ২০১০এ, সেই act amendment মাননীয় অর্থমন্ত্রী নিয়ে এসেছেন। আমি জানি না, আজকে আমাদের সারা ভারতবর্ষে, সারা পৃথিবীতে করোনা ভাইরাসের পরিপ্রেক্ষিতে আমাদের এই যে Assemblyএর session সেই sessionটাকে curtail করা। এবং আমাদের কথা হয়েছিল যে, আজকে খুব জরুরী কিছু জিনিস আনতে হবে। এবং জরুরী কোনটা যেমন ছিল appropriation bill, appropriation act। কিন্তু FRBM amend করার জন্য আজকে কি জরুরী অবস্থা এসেছে আমি জানি না। স্যার, এই যে amendmentটা এসেছে সেই amendment যদি আমরা পড়ি objects and reasons কি আছে ? Objects and reasons-এ আছে On account of Lower Tax revenue collection by the Government of India during 2018-19. State share of central tax fell short substantially for that year. আমি তো স্যার দেখলাম না substantially fall করেছে কেননা ১৮-১৯এ আমাদের বাজেটে যা ছিল ১৭-১৮এর চাইতে ১৮-১৯এ সেন্ট্রাল শেয়ার অনেক বেশি এসেছে। কাজেই সেখানে fell short এইটা আমি দেখলাম না। ১৮-১৯-সেন্ট্রাল ট্যাক্সেস-এর শেয়ার এসেছে ৫৫ হাজার ৭৭৫ কোটি। ১৭-১৮এ actual এসেছিল ৪৪ হাজার something, অর্থাৎ ১৮-১৯-এ কিন্তু সেই অর্থে "it fell short" এইটা আমরা বলতে পারি না। শুধু তাই নয়, objects and reasonsএ বলা "the said short fall was adjusted by the central government by refusing state share of central tax during the year 2019-20। 2019-20 তে এখনও পর্যন্ত আমরা যেটা পারছি সেটা হচ্ছে revised not actual। এবং ১৯-২০তে revised কত ? ৫৯,২৬১ সেন্ট্রাল ট্যাক্স শেয়ার। ১৮-১৯-এ কত ছিল ? ৫৫ হাজার ৭৭৫। তাহলে কম হল না বেশি হল স্যার ? আমারতো মনে হয় বেশি আছে। কাজেই যদি করতে হয় কাজটা তার জন্য ওইরকম অজুহাত দেওয়ার দরকার ছিল না। মোট কথাটা, মোট কথাটা কি ? না, ১৯-২০তে ৪ হাজার ৩ শত ১১ কোটি টাকা আমাকে লোন বেশি নিতে হয়েছে। লোন যে নিয়েছেন সেতো আর নতুন জিনিস নয়। ২০১০-১১তে যেটা ছিল এক লক্ষ ৮৭ হাজার কোটি। সেটা এখন ৪ লক্ষ ৩১ হাজার কোটিতে এসেছে। যতই আমরা বলি না কেন উল্টোপাল্টা, আজকেই finance accounts, মাননীয় অর্থমন্ত্রী lay করেছেন ১৭-১৮-এর।

[2:40 – 2:50 p.m.]

প্রতি বছরের ফিনান্স অ্যাকাউন্টসগুলি যদি দেখা যায়, তাহলে দেখা যাবে যে কি অবস্থা, কেন এই অবস্থাটা হয়েছে। ২০১১-১২তে কত প্রিন্সিপাল পেমেন্ট করেছেন, ২০১৭-১৮,২০১৮-১৯তে কত পেমেন্ট করেছেন, জাস্ট দুটো দেখুন, তাহলে দেখবেন যে কি বিশাল অ্যামাউন্টের পার্থক্য। এবং এই টাকাগুলো যে দিয়েছেন, দেওয়ার পরেও ডি.এ. দেন নি, পে কমিশন দেননি। স্যালারী কম্পোনেন্ট যদি আমরা দেখি প্রত্যেকটা ইয়ারের, স্যালারী কম্পোনেন্ট, ১৬-১৭, ১৭-১৮, ১৮-১৯তে ১ পার্সেন্ট স্যালারী কম্পোনেন্ট বাড়েনি। মানে কি অবস্থাটা হয়েছে। তারা টাকা পায়নি, মাস্টারমশাইদেরও ডি.এ. দেওয়া হয়নি, অথচ লোন প্রচুর অ্যামাউন্ট হয়েছে, ঠিক আছে

করুন। আপনারা ভাবেন ঋণং কৃত্যং, ঘৃতং পিবেৎ। আজকে বলছেন যে, এই অবস্থা আগের সরকার করে গেছে। আজকে ভাবুন তো, ১০বছর পরে যদি আপনারা না থাকেন, আর থাকেনও যদি কত টাকা আপনাকে দিতে হবে, তার কারণ হচ্ছে, ২০১২-১৩ থেকে যেভাবে ২২হাজার, ২৩হাজার আর এই বছরে ৩৬হাজার টাকা করেছেন। আর তার ফল তো ভোগ করতেই হবে। এবং সেটা করবেন বলে আপনি Fiscal Responsibility and Budget Management Act কে পাস করতে গিয়ে অ্যামেন্ডমেন্ট করতে গিয়ে সেন্ট্রাল গভর্নমেন্টে দোষ চাপিয়ে দেবেন, এতো হয়না স্যার। এ কোথাকার ? বাজেট ম্যানেজমেন্ট এর কথা বলছেন। আগেই তো বললাম, বাজেট ম্যানেজমেন্ট ঐ তো, জাস্ট ছোট্ট একটা কথা, আমি বললাম এডুকেশান, হায়ার এডুকেশান ডিপার্টমেন্টে মাত্র ৭০০কোটি টাকা দিয়েছেন। আমি এখানে ডেপুটি স্পীকার মহাশয়কে বলব, আমাদের অর্থমন্ত্রী আনপড় মানুষ নন, ইভেন এডুকেটেড ম্যান, পি.এইচ. ড়ি. ইন ইকনমিক্স কি বলছেন, বলছেন, I propose to allocate Rs. 700 crore to the Higher Education Department for the next financial year. What does it mean. Does it mean that this amount is for State Development Plan. This is for entire department. তাহলে আগে দেখুন, I propose to allocate Rs. 8,750 crore to the School Education Department. একইভাবে I propose to allocate Rs. 900 crore Technical Education Department. তাহলে প্রত্যেক জায়গাতেই টোটাল অ্যামাউন্ট এর কথা বলা আছে। আর এইটার ক্ষেত্রে আমাকে কি বোঝাচ্ছেন, ইংরাজী আমি বুঝি না, নাকি আপনি ইংরাজী বোঝেন না। আপনি নিজে লিখেছেন, I propose to allocate Rs. 700 crore to the Higher Education Department. তার অর্থ এই নয়, State Development portion এর জন্য, আমি আবার বিনীত অনুরোধ করবো আপনাকে, এইখানে একটা অ্যামেন্ডমেন্ট নিয়ে আসুন। জাস্ট কারেকশান করে দিন। Otherwise it will remain in the history of your budget.হিস্ট্রী, হায়ার এডুকেশানে এত এত টাকা দিয়েছেন মাত্র। ধাপ্পা দেবেন না স্যার। আমরা কিছুই বুঝি না, তা নয়, আপনার ইংরাজীটা আপনি ঠিক করুন। বাংলায় উনি কাঁচা, সে তো প্রথম বছরেই দেখতে পেয়েছিলাম, উনি ভাল পড়তে পারেন না, সেটা ছেড়ে দিলাম। এবং তার চাইতে এখন বড় কথা, ওনাকে ধন্যবাদ জানাব, এখন ওনার বাংলা অনেক সরল হয়ে গেছে, অনেক ভাল হয়েছে, কিন্তু ইংরাজী তো অলমোস্ট মাদার টাং স্যার, এবারে অ্যামেন্ডমেন্টে দেখুন কি হচ্ছে। অ্যামেন্ডমেন্টে বলছে, খুব মজা, বলছে - "Clause (b) shall be omitted", ক্লজ বি টাতে কি আছে স্যার "self-inflicted discpline" ডঃ অসীম দাশগুপ্তর সাহস ছিল, '১০সালে বলেছিলেন ডঃ অসীম দাশগুপ্ত, কি বলেছিলেন '১০সালে বলেছিলেন, তার revenue deficit, '১৪-'১৫সালে "(b)" তে যেটা উনি তুলে দিতে চাইছেন, সেই "(b)" তে আছে, '১০-'১১তে হবে ৩.৬। ১১-১২তে হবে ১.৬, ১২-১৩তে হবে ১.১, ১৩-১৪তে ০.৫, ১৪-১৫তে ০.০ অর্থাৎ ১৪-১৫তে revenue deficit জিরো হওয়ার কথা। আমাদের মাননীয় অর্থমন্ত্রী '১৪-'১৫ কেন, '২০-'২১তেও পারেন নি। জিরো লেখেন, কিন্তু ঐ লেখেন, তার পরে দেখা যায় সেটা ১০হাজার

কোটি, ৮ হাজার কোটি মাইনাস হয়ে যায়।

জিরো লেখেন - কিন্তু ওই জিরো লেখেন। তার পরে দেখা যায়, সেটা ১০ হাজার কোটি, ৮ হাজার কোটি মাইনাস হয়ে যায়। তাহলে এই যে যেটা করতে পারছেন সেই জন্য বেস্ট হচ্ছে আইন থেকে ওটা তুলে দেওয়া। এর থেকে ভালো জিনিস কি আছে? আইন থেকে তুলে দিলাম। বলা হচ্ছে, B will be omitted। এর পরে আর revenue deficit নিয়ে আপনারা মাননীয় অর্থমন্ত্রীকে কিছু বলতে পারবেন না কারণ FRBM Act revenue deficit নেই, ওই কথাটাই নেই। এর থেকে বড় চালাকি কোথায় পাবেন আমাদের পন্ডিত মানুষদের চালাকি। একসময় পুরোহিতরা, পন্ডিতরা চালাকি করে ভারতবর্ষের মানুষদের বিশেষ করে একেবারে গরীব মানুষদের ঠকিয়ে দিয়ে গেছে, এখানে পিন্ড দে, এখানে এই কর, এখানে ওই কর, ওখানে এই কর। আর এখন লেখাপড়া জানা পন্ডিতরা রা এইভাবে চালাকি করছেন, মানুষকে যেভাবে ঠকানো যায়, যেভাবে প্যাঁচানো যায় সেভাবে করে যাচ্ছেন। তুলে দাও, revenue deficit পোর্শানটা তুলে দাও। আর কি বলেছেন ? আর বলেছেন - C, এটা 4(B) যে তুলে দাও, আর revenue deficit থাকবে না। আর কি আছে - 4(C)। 4(C)টার ক্ষেত্রে বলা হচ্ছে প্রভিশান আনতে হবে। এই প্রভিশান দুটোকে চেঞ্জ করা। কি বলেছেন - প্রভিশানগুলো চেঞ্জ হবে। বলছে, first provision of the words, section 4(4), সেখানে first provision যেটা সেটা চেঞ্জ হবে। চেঞ্জ হয়ে হবে ওই revenue deficit কথাটা থাকবে না, কেননা revenue deficit ওটা নিয়ে আমরা মাথা ঘামাই না। ওটাকে আমরা জিরো করি। তারপরে শেষের দিকে কি একটা আসবে, আসবে, সেটা নিয়ে অসুবিধা নেই। ওটা নিয়ে আমরা মাথা ঘামাই না। আর কি - “The State Government shall endeavour to ensure that the fiscal deficit as percentage of Gross State Domestic Product does not exceed 3% in each year up to the end of the financial year 2024-25.” এবারে আমরা ‘২৪-২৫ পর্যন্ত ওটাকে নিয়ে যাব। বলছি যে হবে না, এটা exceed করবে ৩ শতাংশ। ইতিমধ্যে ‘১৯-২০তে ৩ শতাংশের পর ৩.৪ শতাংশ পর্যন্ত আমরা এ্যলাউ করলাম যেটা Objects and Reasonsa এ বলা আছে যে during the year 2019-2020 beyond 3% limit of Gross State Domestic Product as one time Special dispensation of the Ministry of Finance, Government of India. In order to avail this additional borrowings, the 3% limit of the maximum Fiscal Deficit with reference to Gross Domestic Product as imposed by the FRBM Act, 2010 is required to be amended. এটা ভালো কথা স্যার। এটা করছেন নিজেদের Discipline যেটা রাখার কথা, যে fiscal disciplineএর কথা জ্যোতির্ময়বাবু বারবার বারবার করে বলেছিলেন, দারুণ fiscal discipline। তখন আমি তার উত্তরে বলেওছিলাম হ্যাঁ এর থেকে ভালো fiscal discipline তো নেই। ক্লাবগুলিকে টাকা দাও, মক্কার জন্য টাকা দাও, এখানে টাকা দাও, ওখানে টাকা দাও, আর BEUP এর জন্য সেই ২০১০ সালে করে গেছেন, এখনো বাড়াবে না, এর থেকে fiscal discipline আর কোথায় থাকবে ?

সেই fiscal discipline যতটুকুই হোক না কেন তারমধ্যে revenue deficit কথাটা আপনি উঠিয়ে দিলেন। আমরা উঠিয়ে দিলাম, এই হচ্ছে বিলটা। এখন স্যার আপনারা বলুন এটা সাপোর্ট করবেন কিনা। আমি তো করতে পারছি না কেননা যা অবস্থা হয়ে আছে তাতে এটাকে সাপোর্ট করলে আরো অবস্থা খারাপ হবে। এবার আপনাদের কাছে আমার আবেদন রইল, আপনারা করবেন কিনা বিচার করুন। ধন্যবাদ স্যার।

[2:50 – 3:00 p.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মিঃ ডেপুটি স্পীকার স্যার, The West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020, একে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। ডঃ বর্মা, আপনার প্রেশার ঠিক আছে তো ! আপনি এতো অসহিষ্ণু হয়ে যাচ্ছেন কেন ? আপনি অসহিষ্ণু হচ্ছেন এই জন্যেই, আপনার যুক্তিটা ফেইল করে যাচ্ছে। এই যে West Bengal Fiscal Responsibility Bill এটা রাজ্যে রাজ্যে হয়েছে। এটা হয় ২০০৩ সালে, Fiscal Responsibility and Budget Management এই মূল অ্যাক্টটা সেন্ট্রাল গর্ভণমেন্ট করে ২০০৩ সালে, আর রুলটা হয় ২০০৪ সালে। আপনি ভাবছেন সবই অমিত মিত্র করছে। সেটাকে মাথায় রেখেই in conformity with that Central Act আমাদের স্টেটে স্টেটে করতে হয়। কেন করতে হয়? ইতিমধ্যে আপনার কিছু অর্থনৈতিক পরিকাঠামো বদলে গিয়েছে। আগে ছিল সেন্ট্রালে স্টেট প্ল্যানিং কমিশান, এখন হয়ে গিয়েছে নীতি আয়োগ। আগে রিজার্ভ ব্যাঙ্কের যে ক্ষমতা ছিল সেটা এখন crash করে গিয়েছে। আরও আপনি জানবেন আগে যে ট্যাক্স পলিসি ছিল, GST-র পরে সেই ট্যাক্স পলিসি পাল্টে গিয়েছে। আপনার মতো অর্থনৈতিক বিশেষজ্ঞ এসব ভুলে গেলেন। সম্পূর্ণ অসহিষ্ণুতা থেকে আপনার এইপ্রেডিকশান এসে গেল, আপনি রাজভোগ প্রোডিউস করতে পারতেন, সেটা বোঁদেও হলনা। স্যার, এটা খুব সহজ ব্যাপার, যে Fiscal Responsibility করার জন্য, আমরা যেটা বলেছি What is Fiscal policy ? প্রথমে হচ্ছে তোমার ট্যাক্স পলিসি কি হবে, তোমার ডাইরেক্ট ট্যাক্স পলিসি কি হবে, ইন-ডাইরেক্ট পলিসি কি হবে এবং এই ট্যাক্স পলিসির সঙ্গে রিলেটেড হচ্ছে, এক্সপেন্ডিচার পলিসি কি হবে। একটা সরকার যে খরচ করবে, তার এক্সপেন্ডিচার পলিসি কি হবে এবং সরকার এক্সপেন্ডিচার করতে গিয়ে ঐ যে বলছেন, 'ঋণং কৃত্বা, ঘৃতং পিবেৎ' নয় স্যার, Borrowing policy কি হবে, that is to be formulated, লেন্ডিং পলিসি কি হবে, ইনভেস্টমেন্ট পলিসি কি হবে, আদার কন্টিনজেন্ট যে এক্সপেন্ডিচার, আদার লায়াবিলিটিস কি হবে, অর্থাৎ অর্থনীতি as a whole এবং প্রাইসিং এ্যাডমিনিস্ট্রেটিভ, গুডস্ এ্যান্ড ফিসকাল পলিসি কি হবে, তার মিডিয়াম পলিসি কি হবে, ফিসকাল পলিসির মাইক্রো ইকনমিক পলিসি কি হবে, এগুলোর সবগুলোকে নিয়েই হচ্ছে ফিসকাল ম্যানেজমেন্ট। সেই অনুযায়ীই তোমাকে বাজেট করতে হবে, সেই অনুযায়ী তোমাকে বাজেট ম্যানেজমেন্ট করতে হবে। এর সঙ্গে এটা ওতপ্রোতভাবে যুক্ত। এই যে আমাদের স্টেট গাভর্নন্ট, আমি তো আমাদের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি, এই যে তিনি জেলায় জেলায় এ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং করেন এটা বাজেট ম্যানেজমেন্টের আরেকটা দিক। অর্থমন্ত্রী

বাজেটে তুমি কত টাকা দিয়েছ বলো, ডিপার্টমেন্ট কত টাকা দিয়েছ বলো, কত টাকা খরচ করেছ বলো, এই টোটাল বাজেট ম্যানেজমেন্টটাই হচ্ছে আরেক নাম হচ্ছে এ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং। যেটাকে আপনারা ব্যঙ্গ করেন, এইসবের মধ্যে না গিয়ে। আপনি জানেন, ২০১১ সালে GSDP ছিল ৪ লক্ষ ৭৪ হাজার, ২০১৮-১৯ সালে সেই GSDP হয়েছে ১১ লক্ষ ৫০ হাজার। আপনি কি এটা ডিনাই করেন, 'ইয়েস' অর 'নো' বলুন। ২০১৭-১৮ সালে Indian Industrial Growth ছিল ৫.৫৪%, ২০১৮-১৯ সালে Indian Industrial Growth ছিল ১৬.২৯%, আপনি এই ব্যাপারে 'ইয়েস' অর 'নো' বলুন। আপনি বলুন, ২০১০-১১ সালে revenue deficit with respect to GSDP ছিল ৩.৭৫%, আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেটাকে রিডিউস করে ২০১৭ ১৮ সালে ০.৯৬% করেছেন, আপনি 'ইয়েস' অর 'নো' বলুন। আপনি আমাকে স্ট্রেইট ওয়েতে বলুন ফিসক্যাল ডেফিসিট পার্সেন্টেজ টু GSDP ৪.২% ছিল, তারজন্য মাননীয় অর্থমন্ত্রীকে একবার ধন্যবাদ দিন। সবটা সমালোচনা করবেন না। ২০১৭-১৮ সালে এটাকে উনি নামিয়ে নিয়ে এলেন, ২.৮৩%। এগুলোতো অঙ্কের ব্যাপার, State own tax revenue, ২০১০-১১ সালে ছিল, ২১,১২৮ কোটি, সেটাকে উনি ২০১৮-১৯ সালে নিয়ে এলেন ৫৭,১২১ কোটি টাকা।

আপনি ডিনাই করতে পারেন? আপনি ডিনাই করবেন কি করে? স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার ২০১১ সালে ছিলো ৩ লক্ষ ৮৫ হাজার কোটি টাকা। মিঃ ডেপুটি স্পিকার স্যার, সেটাকে ২০১৭-২০১৮ সালে উনি ৯২ হাজার কোটি টাকা করেছেন। ধারে আছে কোনো অর্থমন্ত্রী? ভারতবর্ষের অন্য কোনো অর্থমন্ত্রী। সুতরাং আপনি এগুলো, spade কে, spade বললেন না, আপনি নেগেটিভ পয়েন্টে কথা বলে একটা স্টেটের একটা অর্থনৈতিক যে ডাইরেকশান, অর্থনতিক যে মোটিভ, অর্থনৈতিক যে গতি, অর্থনৈতিক যে স্থিতিশীলতা তাকে তো আমাদের স্বীকৃতি দিতে হবে। স্যার, উনি বললেন, উনি কিরকম ঐ মহাভারতের কথা মনে আছে। স্যার - অশ্বত্থামা হত, উনি ইতি গজটা বললেন না। উনি বললেন যে আজকের এই যে বাজেট কেন করতে হচ্ছে, না আজকে স্টেট গভর্নমেন্টকে ৪ হাজার ৩১১ কোটি টাকা, ডিউরিং ২০১৯ ২০২০ - তে লোন নিতে হচ্ছে। উনি যেটা ছেড়ে গেলেন, না, আপনি অনেস্টলি বলুন আপনি এটা যখন বললেন এটা কেন বললেন না যে "Central Government reducing state's share of Central Tax during financial year 2019-2020." আপনি এটা যদি বলতেন, এটা সততা আমরা বুঝতে পারতাম। যেহেতু সেন্ট্রাল গভর্নমেন্ট ডিউরিং ২০১৮-২০১৯ তাদের যে স্টেট শেয়ার অফ্ সেন্ট্রাল ট্যাক্স, খুব miserably fall করেছে টাকাটা দিতে সেইজন্য তারা বাধ্য হয়েছে একটা চিঠি দিয়ে বলতে যে তোমরা ঐ টাকাটা এই "receivable share of Central Tax during 2019-2020, the state will be facing hardship in managing its finances. Considering the matter" Sir, not the Chief Minister, not the Finance Minister but the Government of India. আপনি বললেন না কেন? "The Government of India has decided to allow the State of West Bengal to avail itself of additional borrowing of an amount of Rs. 4311 crore." আপনি এটা বললেন না কেন? অর্ধ সত্য বললেন কেন আপনি, আপনি হাফ

সত্যি বললেন, কেন বললেন না, এটা সেন্ট্রাল গভর্ণমেন্ট দিয়েছে, যে আমি টাকা দিতে পারছি না, আমি ভিখারি অবস্থায় আছি। সুতরাং তুমি স্টেট শেয়ারটা, এটা বড় করো, পরবর্তীকালে লোন নাও। এইটাই তো আসলে এই আইনের মূল কথা। আর আপনি বলছেন, রেভিনিউ, যেটা আপনি বললেন যে এটাকে অমিট করা হলো কেন? এটা সেন্ট্রাল গভর্ণমেন্ট অমিট করেছে জানেন? সব স্টেট অমিট করেছে জানেন? কারণ সোনার পাথর বাটি হয়না, সোনার পাথর বাটি হয়না। রেভিনিউ এক্সপেন্ডিচারকে জিরো জিরো করতে স্বয়ং কৌটিল্য, চাণক্য এলেও পারতো না। আপনি যেটা বলেছেন না, সেটা আপনি পারতেন না। সুতরাং - It is an admitted policy of the Central Government to drop the revenue deficit. It is not the decision of the State Government of West Bengal, it is the decision as a whole of the Centre and it relates to the Central Policy. ডেপুটি স্পিকার স্যার, এটা আমাকে বুঝতে হবে, আমি পছন্দ করি না। কিন্তু পছন্দ করি না করি সেন্ট্রাল অ্যাক্ট অনুযায়ী তো আমাকে অ্যাক্টটা করতে হবে।

I cannot go beyond the Reserve Bank, I cannot go beyond that, I cannot go beyond State Policy, I cannot go beyond Central Act, I cannot go beyond Central Rule, I cannot go beyond those আমি অ্যাকর্ডিংলি করে দিচ্ছি। আমি তো স্ট্রেটওয়েতে বলছি সেন্ট্রাল গভর্নমেন্ট করতে পারে নি বলে আজকে ডঃ অমিত মিত্রকে এই ৪৩১১ কোটি টাকা ঋণ করার সেন্ট্রাল গভর্নমেন্ট রিকোয়েস্ট করেছে। যে, আমি টাকা দিতে পারছি না, তুমি দিয়ে দাও। এবং আজকে আপনাদের জানা উচিত আমি, রেভিনিউ ডেফিসিট, হোয়াট ইজ ফিসক্যাল ডেফিসিট, ফিসক্যাল ডেফিসিটটা কি? এই যে ফিসকাল রেসপন্সিবিলিটির কথা বলছেন, ফিসকাল ডেফিসিট হচ্ছে - আমি যেটা এক্সপেন্ডিচার করবো ডেট ছাড়া, লোন শোধ ছাড়া যদি আমি আজকে যে সমস্ত জিনিস আমরা, করি, সেইগুলোকে আজকে আমাদের এই অ্যামেন্ডমেন্টের মধ্যে নিয়ে আসতে হয়েছে। তাই, ডেপুটি স্পিকার স্যার, এই ফিসক্যাল পলিশির সঙ্গে সঙ্গতি রেখে এবং ২০২৪ সাল অবধি, আপনি বললেন এমার্জেন্সির কী হলো? আপনি নিজেই বলছেন, ২০১০ সালের বিলটা যদি আপনি দেখতেন, তাহলে দেখতেন সব করা আছে, ২০২৪ ইয়ারমার্ক করা আছে। ডেপুটি স্পিকার স্যার, ইয়ারমার্ক করা আছে। আমি যদি ২০২১ সালকে আজকে ২০২৪ সাল অবধি এক্সটেনশান না করি তাহলে এই টাকাটা আমি পাবো তো? এই সুযোগটা আমি পাবো তো?

[3:00 – 3:10 p.m.]

সুতরাং emergency আছে। আজকে তাই maximum debts per cent, ২০১১তে কী হয়েছিল? 40,39,37,35,34 আমরা revenue deficit টাকে তুলে দিলাম। কিন্তু আমরা revenue deficitটাকে কমিয়েছিলাম 0.97, less than 1%এ এনেছিলাম। আপনি fiscal deficit যেটা বলছেন,যেটা হচ্ছে আমার loanটা 3 per centএর বাইরে যাবে না, GSDPএর

বাইরে as regards to the GSDP.আমার GSDP বাড়ে আমার 3%এর উপরে বাড়বে, loan amount বাড়বে, আমার লোন অ্যামাউন্ট বাড়ার যোগ্যতা যদি থাকে,আমার নেওয়ার ক্ষমতা যদি থাকে, তাহলে আমাদের GSDPএর সঙ্গে তুলনা করতেহবে। কারণ জিএসডিপি 3 %এর বেশি যাবে না। আপনি বলেছেন জিএসডিপি 3%এর বেশি গেছে, জিএসডিপি 3%এর বেশি গেছে আপনি বলেছেন ? সুতরাং আজকে আপনাকে বলতে হবে, শুধু loan করে না এবং infrastructural development, পরিকাঠামোগত উন্নয়ন যার থেকে আমি রিটার্ন পাব, যার থেকে sustainable development হবে, যার থেকে আমাদের ডেভেলপমেন্ট হবে, সেটাকে যদি আমি strong করতে পারি, তাহলে শুধু লোন বাড়ালে হবে না। এমন একটা সরকার নেই, যে আমি জিরো বাজেট করে দিলাম, আর রাস্তাঘাট পাকা করে দিলাম, সুতরাং সেটা করলে হবে না। আপনি যদি নির্দিষ্ট করে বলতে পারতেন যে আমার 3 % of GSDP'র বাইরে আমি লোন নিয়েছে বা আমার অতিরিক্ত লোন নেওয়ার ক্ষমতা আছে, আমি করতে পারছি না। এই কথা আপনি একবারও বললেন না। আজকে স্যার, আমি বলি, Corporate Houseকে ওরা বলে দিলেন ২২ পারসন্টে tax। Corporate Houseএর মালিক কারা ? আর বলছেন cooperative 32 % ট্যাক্স দেয়, সেই কথা আপনি একবারও বললেন না কেন ? আপনি কৃষকের কথা বলেন, গরিবের কথা বলেন, শ্রমিকের কথা বলেন,মধ্যবিত্তের কথা বলেন। টাটা-বিরলা দেয় ২২ পার্সেন্ট, আর গ্রামের গরিব কৃষক দেবে ৩২ পারসেন্ট income tax - এটা একবারও বললেন সুজনবাবু, দয়া করে একবার বলবেন এটা। যদি আমার বলার পক্ষে থাকে, আপনি একবারও বললেন না, আপনি একবারও বললেন না যে আজকে যে fiscal policy ধারণ করতে গিয়ে যে গোপনীয়তা,একবারও উনি বলেছেন,যে India Government তুমি cess নিচ্ছো কেন ? তার সবটাই তো ভাগ রাজ্য সরকারের আইনত পাবে না। তুমি cess নিচ্ছো, বাড়াচ্ছো – যার ভাগ রাজ্য সরকার পাবে না। রাজ্য সরকার যে টাকা পাবে তা ট্যাক্সের মধ্যে। তুমি ট্যাক্স বাড়ালে না, সেস বাড়ালে। এই ফাঁকিটা কে দিল, অমিতবাবু না central ? আপনার এটা বলা উচিত ছিল। আমি তো আপনার কাছে এইটুকু আশা করেছিলাম,যে cess বাড়িয়ে petrolএর দাম আন্তজার্তিক স্তরে কমছে,এখানে cess বাড়িয়ে রাজ্য সরকারকে ফাঁকি দেওয়া হচ্ছে। এই যে প্রবঞ্চনা,এই প্রবঞ্চনার একটাও কথা বললেন না। সুতরাং ডেপুটি স্পীকার স্যার, এই amendmentকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ স্যার।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে, মাননীয় আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র, উনি যে The West Bengal Fiscal Responsibility and Budget Management Amendment Bill, 2020। যে বিলটা এখানে আপনি এনেছেন তা আলোচনা করতে গিয়ে বলতে হয়, যে আমাদের জ্যোর্তিময়বাবু বলছিলেন যে রাজ্যের সমস্ত আর্থিক management সুন্দর হচ্ছে, আবার পিছনে আর একটা কথা বলে গেছেন,যখন আটকে যাচ্ছে,তখন উনি বলছেন - এ সবই কেন্দ্রের আইন, এতে আমাদের কোন ব্যাপার নেই। মনে হচ্ছিল আমাদের কোন রকম অসুবিধা হচ্ছে না,তাহলে পারে এতদিন বিলটা আনত। এর আগে

২০১০ সালে আমাদের যে West Bengal Fiscal Management Amendment Bill যে বিল করা হয়েছিল, যে বিল আনা হয়েছিল,তাতে বলা হয়েছিল যে আমাদের ২০১৫ সাল পর্যন্ত আমাদের রাজস্ব ঘাটতিটা শূন্যতে আনতে হবে।

সেটা শূন্যতে আনতে পারা গেল কি ? না। রাজ্যের যে অচলাবস্থা, রাজ্যের অর্থনীতি যে ভাবে আপনি পরিচালনা করছেন, আপনি যে হিসাবটা দাখিল করছেন, সবটাই কিন্তু এর মধ্যে। শেষ পর্যন্ত টাকা বরাদ্দ হচ্ছে, ৩ কোটি টাকা কোন খাতে বরাদ্দ হলে তার ৭৫% টাকা আপনি খরচ করতে পারছেন না, খরচই হচ্ছে না। সেন্ট্রাল শেয়ার কমের জন্য আপনার এই সমস্যা। আমি বিল নিয়ে আলোচনায় পরে যাব। এই বিলটা কি এত বেশি জরুরী ছিল ? না, আজকে করোনা ভাইরাসটা আলোচনা করা অত্যন্ত জরুরী ছিল যে, আমাদের জানা দরকার রাজ্যের মধ্যে কী অবস্থা ঘটছে, কোন পরিস্থিতি ঘটছে। আমরা তো জনপ্রতিনিধি, আমরা জনসংযোগ করি। এই বাজেটে মাত্র দুটি বিষয় আলোচনা হয়েছে, দুটো ডিম্যান্ড আলোচনা হয়েছে। যেখানে আমাদের রাজ্যে ৬৫ টি ডিস্যান্ড, সেখানে মাত্র ২ টি আলোচনা হয়েছে। ধারাবাহিকভাবে আমরা যদি ২০১১ সালের পর থেকে দেখি, আপনি অর্থনীতিতে একজন পন্ডিত মানুষ, আপনার দায়িত্বে এখানকার সরকার পরিচালিত হচ্ছে। আপনার সাফল্য দাবী করছি। আপনি কিন্তু ২০১১ সালের পর থেকে আমরা দেখছি, সর্ব্বোচ্চ কত ? এই বছর যদি আমরা ধরি ২, সর্ব্বোচ্চ ১৮,১৯ পর্যন্ত আপনাদের এই বাজেট আলোচনা হয়েছে। এর বেশী কোন বছর হয় নি। Resume of Buisness থেকে আপনার সরকারের তথ্য থেকে তুলেই আমি বলছি, আমার কাছে সব তথ্য আছে। ২০১০ সালে যখন বামফ্রন্ট সরকার, বিদায়ী সরকার যখন চলে যায়, তখন হয়েছিল ৬৫ - এর মধ্যে ৫০ টা। এই নিয়ে আলোচনা হয়েছিল। এর ধারাবাহিকতা ছিল, ৪০ থেকে ৫০ টি ডিম্যান্ড আলোচনা হবে। আমাদের এই সরকার যে ধারাবাহিকতা রক্ষা করে চলেছেন- এটা তো দশদিন পরেই তো করতে পারতেন- ১০ দিন পরে করলে অসুবিধা কিছু ছিল না। কিন্তু আপনারা করলেন - এটা ১০ দিন পরেও করা যেত। করোনাটা জরুরী, মানুষের জীবনটাই জরুরী- সেই আলোচনাটা করবার সুযোগ হল না, এফ.আর.বি.এম.-টা আনতে হল। তাহলে এটাই আমরা আশ্চর্য হয়ে যাই, এটা কিন্তু ট্র্যাডিশান, আপনার সরকারের ট্র্যাডিশান, নট লেফ্টফ্রন্ট গভর্ণমেন্ট। তাদের ট্র্যাডিশান আছে ৪০-৫০, দেখুন। রিজিউম অফ বিজনেস আপনি খুলে দেখুন। আপনারা সবাই দেখতে পারেন। আমার কথা সত্যি কিনা দেখতে পারেন।

......(ভয়েস)........

আমি বলছি তো, আমি ঠিকই বলছি আপনাকে। আপনি দেখে নিতে পারেন। আমি না জেনে বলছি না। রিজিউম অফ্ বিজনেসের তথ্য আমার কাছে আছে। আমি দায়িত্ব নিয়ে বলছি।

মিঃ স্পিকার : আপনি বিলের ওপর বলুন।

শ্রী রামশঙ্কর হালদার : জি.ডি.পি বেড়েছে, জি.এস.ডি.পি. বাড়ছে, এই সমস্ত রিপোর্ট তথ্য আমরা জানি যে, কেন এটা হয়েছে। এই আইনটা কেন্দ্রীয় সরকার ২০০০ সালে সংসদে পেশ

করেছিলেন। আলোচনা করতে করতে ২০০৩ সালে সংসদে আইনটা পাশ হয়। তা কার্যকরী হয় ৫ ই জুলাই ২০০৪ সাল থেকে। সেন্ট্রাল গভর্ণমেন্ট এবং রাজ্যে রাজ্যে রুল তৈরী হয়। রাজ্যগুলো একটা আইন করে। পরবর্তীকালে আমাদের রাজ্য সরকার ২০১০ সালে আইনটা পাশ করে। ২০১০ সালে যে ফিসক্যাল ডিপোজিট যেটা করেছিলেন, তার যে ধারাগুলো আছে, আপনার এই অ্যামেন্ডমেন্টটা কেন আনতে হল ? আপনার সরকারের যে দুর্বলতা, এখানেই কিন্তু প্রকাশ পেয়েছে।

[3:20 – 3:32 p.m.]

For such reduction of receivable share of Central taxes during 2019-2020, the State will be facing hardship in managing its finances. সরকার তার অর্থনৈতিক অবস্থা খুব সমস্যার মধ্যে পড়েছে। এই দুর্বলতার কথাটা কিন্তু এই বিলের মধ্যে প্রকাশ করেছেন যে, আমরা পারছি না, অসুবিধা হচ্ছে। অথচ আপনি এমন কিছু দেখিয়ে যাচ্ছেন, প্রচার করে যাচ্ছেন যে, কেন্দ্রীয় সরকারের জি.ডি.পি., আমাদের জিএসডিপি অনেক বেশি অনেক বেশি দেখিয়ে যাচ্ছেন। এইটা কিন্তু ঠিক হচ্ছে না। ঠিক যথার্থ, আপনি রিপোর্ট পেশ করছেন কিনা, মানুষ বিভ্রান্তিকর পরিস্থিতির মধ্যেই আছে। আমরাই তো বিভ্রান্তিকর পরিস্থিতির মধ্যেই আছি। খরচ তো হচ্ছে রাজ্য সরকারের। কোথায় কি হবে, আপনি ফিসক্যাল ডেফিসিট, ফিসক্যাল রেসপন্সিবিলিটি বাজেট ম্যানেজমেন্ট করবেন? কোথায় খরচ করছেন? কেন্দ্র সরকার তো লুট করছে। কেন্দ্রীয় সরকারের লুট হচ্ছে। ব্যাঙ্ক লুট হচ্ছে। ব্যাঙ্কগুলোকে মার্চ করে দেওয়া হচ্ছে। ইয়েস ব্যাঙ্ক চলে গেল। আর রাজ্য সরকারের কি হচ্ছে? রাজ্য সরকারের দপ্তরগুলো নিয়ে তো আলোচনা হ'ল না। পঞ্চায়েতে লুট হচ্ছে। যে কোনো দপ্তরে লুট হচ্ছে। দেখেন না, সরকারি অর্থ লুট হচ্ছে কেমন। আমরা বিরোধী বলে বলছি সেটা না। আপনারা নিজেরা অন্তর্তদন্ত করে দেখুন কেন মুখ্যমন্ত্রীকে কাটমানির কথা তুলতে হয়েছিল? কাটমানির কথা কোথা থেকে পেয়েছেন? পঞ্চায়েত থেকে, না সরকারের কোন দপ্তর থেকে? কোন ডিম্যান্ড থেকে কাটমানির প্রসঙ্গটা উঠে এসেছিল? আপনার সরকারের মুখ্যমন্ত্রী বলেছেন। ..(নয়েজ).. কোন দপ্তরের? কাটমানির কথা বলতে হয়েছিল কেন? কেন এই বিলটা আনতে হবে? আমি প্রসঙ্গক্রমে বলছি। কেন এই বিলটা আনতে হবে? আপনি যে ম্যানেজমেন্ট করবেন, বাজেট ম্যানেজমেন্ট করবেন, রাজস্ব, তার দায়িত্ব এবং তার যে কাজ সেটা বাজেটে তার প্রতিফলিত হবে। আমি এমন ভাবেই বাজেট করবো - আমরা অনেক অর্থনীতিতে পন্ডিত না, কিন্তু একটা সংসার চালাই আমরা, সেখানে আমাদের একটা ধারাবাহিক বাজেট থাকে। আমি কত খরচ করবো, কোন খাতে খরচ করবো। আমার মাসিক আয় কত, বাৎসরিক আয় কত। তার মধ্যেই আমাদের পারিবারিক সিস্টেমটা মেইনটেন করতে হয়। আবার অতিরিক্ত যখন সমস্যা তৈরি হয় তখন ধার করতে হবে। আবার পরবর্তীকালে সেটাকে আমাকে পূরণ করতে হবে। এই সাধারণ নিয়মটা বুঝি আর তার থেকেই আমি বলছি। তার থেকে আমি বলছি আপনাদেরও। এই বাজেটের যে কথাগুলো বলা হয়েছে। আমি আরও বলি, আপনি যে এ্যামেন্ডমেন্টগুলো এনেছেন সেই এ্যামেন্ডমেন্টে আপনারা

বলেছেন মূলতঃ সেকাশান 4 টাকে আপনারা এনেছেন। Section 4 এ তার Sub-section যেটা ঢুকিয়েছেন, এখানে যুক্ত করেছেন, The maximum debt stock of 34.3% of the Gross State Domestic Product (GSDP) shall be maintained up to the end of financial year 2024-2025. এ পর্যন্ত এইটা ঢোকাতে হচ্ছে কেন? চব্বিশ-পঁচিশকে টার্গেট করলেন কেন? পনেরটার কি হ'ল? পনেরটা আপনারা করলেন, পনেরটা পর্যন্ত ২০১০ সালে যেটা করা ছিল সেটা আবার করলেন কি? সেইটাকে সম্পূর্ণটা আপনারা omit করবার চেষ্টা করলেন। omit করলেন কোথায়? Clause 2 তে। 2 clause (b) তে আপনারা বললেন shall be omitted. কারণ পনের সাল পর্যন্ত যেটা বলা হয়েছিল ২০১০ সালে Clause 2 তে সেইটা আপনারা বললেন, সম্পূর্ণটা omit হবে। ২০১১ সালের First April থেকে এই পাঁচ বছরে পুরো fiscal deficit zero তে নিয়ে আসা হবে। সেইটা আপনারা আনতে পারলেন না। সেইটাকে এখন omit করে দিচ্ছেন। অমিট করে দিচ্ছেন মানে এখানে সুবিধা হয়ে গেল আপনাদের। সুবিধা হয়ে গেল, নির্দিষ্ট করে আর থাকলো না। কিন্তু কেন্দ্রীয় সরকার ২০১৬ সালে একটা Committee গঠণ করেছিলেন। M.K. Sinha তাঁর নেতৃত্বে একটা Committee গঠন করেছিলেন।

সেই কমিটির রিপোর্ট অনুযায়ী, একটা কমিটি আছে। তাতে কেন্দ্রীয় সরকার নিযুক্ত একজন চেয়ারম্যান এবং দু'জন কমিটির সদস্য যাঁরা হচ্ছেন গভর্ণমেন্ট এমপ্লয়ি না। তাঁদের দিয়ে এটা মনিটরিং করানো হয়। সেই মনিটরিং করতে গিয়ে দেখা গেছে কেন্দ্রীয় সরকার একটা চিঠি দিয়েছে যে আপনাদের ৪,৩১১ কোটি টাকা দিচ্ছে কেন্দ্রীয় সরকার। ৪ হাজার ৩১১ কোটি টাকা ২০১৯-২০ সালের জন্য আপনাদের ধার দিচ্ছে। কেন? কেননা আপনারা কালেকশনের দিক থেকে অনেকটা পিছিয়ে পড়েছেন তাই এটা আপনাদের দিচ্ছে। আপনারা আরেকটা করলেন, যেটা আপনারা বলেছেন 5-এ। "After the second proviso, the following proviso shall be inserted." ঢোকালেন আবার। ঢুকিয়ে কী বললেন? "Provided also that the maximum fiscal deficit as percentage of Gross State Domestic Product (GSDP) shall be 3.34% during 2019-2020 only." তার পরে ২৪-২৫ সাল পর্যন্ত গিয়ে কী আপনারা জিরো করবেন? জিরো করতে পারবেন না। তাও কিন্তু আপনি বলেনি। জিরো করতে পারলেন না। সুতরাং, আপনার এই FRBM-টা জরুরী ছিলনা স্যার। FRBM থেকে আরো জরুরী ছিল। গোটা রাজ্যে ১০ কোটি মানুষের জীবন। তারা যে আতঙ্কের মধ্যে আছে তার নিরসন করবার জন্য আমাদের রাজ্যের মাননীয়া চিফ মিনিস্টার যদি আজকে এখানে, এই সভাতে এসে একটা বার্তা দিতেন তাহলে রাজ্যের মানুষ অনেকটা আস্বস্ত হতে পারতো। কী ভাবে করোনা ভাইরাসের হাত থেকে মানুষ মুক্তি পাবে মানুষের জন্য সেই কাজ করলে ভালো হতো। তাই আমি এটাকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : স্যার, এখানে সংক্ষিপ্ত ভাবে বলতে চাই। আমি অনারেবল মেম্বারদের কথা শুনেছি। আমি প্রথমে এই প্রশ্ন তুলবো যে এই সরকার ফিসক্যাল ডিসিপ্লিন মেন্টেন করেছে কি না? এটা একটা বড় প্রশ্ন স্যার। তার জন্য তথ্যস্বরূপ বলে দিই স্যার, ফিসক্যাল ডেফিসিট

২০১০-১১তে ছিল ৪.২৪ পার্সেন্ট of GSDP. ২০১৮-১৯ সালে সেটা আমরা নামিয়ে আনতে সাকসেসফুল হয়েছি ২.৯৬ পার্সেন্টে। এটা হচ্ছে ডিসিপ্লিন। 4.24 reduced to 2.96.

স্যার, এবারে আসছি রেভিনিউ ডেফিসিটে। রেভিনিউ ডেফিসিটে ২০১০-১১ তে কত ছিল স্যার? 3.75% of GSDP was revenue deficit. চিন্তা করুন স্যার। আমি বিভিন্ন বাজেট দেখি, zero deficit ইত্যাদি। Fact is, আগের সরকারের সময়, 2010-11 revenue deficit was 3.75%. সেখান থেকে আমরা সরকারে আসি। আজকে, ২০১৮-১৯ সালে কোথায় গেছে? Below 1%, 0.92. করে দেখাতেন। 3.75 আর 0.92. প্রথমত এই দুটো parameterএর মাধ্যমে আমি আপনার কাছে বিষয়টা রাখতে চাই যে both fiscal deficit and revenue deficit ফিসক্যাল ডিসিপ্লিনে দেখিয়ে দেওয়া হয়েছে।

[3:20 – 3:32 p.m.]

এবারে আপনি প্রশ্ন করতে পারেন আপনারা কী fiscal deficit টার্গেট যেটা কনসিসটেন্টলি We have kept it bellow 3 per cent. কেন্দ্রীয় সরকার কিন্তু সেটা একেবারে গোল করে much above 3 percent এ চলে গেছে। আমরা কিন্তু discipline মেনটেইন করেছি। দ্বিতীয় প্রশ্ন আপনারা করতে পারতেন যেটা মাননীয় বিধায়করা করলেন না, আপনারা কি কোনদিন GSDP breech করেছেন? No sir, We have never ইন দ্য লাস্ট এইট ইয়ার্স breech দ্যা fiscal deficit অফ 3 percent, আমরা ডিসিপ্লিন করে সেটাকে নামিয়ে রেখেছি। এবারে প্রশ্ন আসছে আজকের বিলটা কেন আনা হল? ব্যাকগ্রাউন্ড হচ্ছে we have maintained discipline, তাহলে আমরা কেন বিলটা আনছি? এই বিলটা আনছি তার কারণ স্যার, কেন্দ্রীয় সরকার এ বছর আমাদের এগারো হাজার দুশো বারো কোটি devolution কেটে নিয়েছে, নাম্বার ওয়ান। এই এগারো হাজার দুশো বারো কোটি আমরা বাজেটে নিয়েছিলাম, এক্সপেক্ট করেছিলাম বিভিন্ন প্রোগ্রাম, প্রোজেক্টে আমরা দেব। আজ আমাদের এক ধাক্কায় এগারো হাজার দুশো বারো কোটি devolution কেন্দ্রীয় সরকার কেটে নিল। দ্বিতীয়ত, আগের বছরের সঙ্গে যদি তুলনা করেন এটা এ বছরের কথা বলছি, দেখবেন compare to last year আমরা সাত হাজার পাঁচশো কোটি devolution কম পেয়েছি। এক দিক থেকে এবছরেরটা কেটে দেওয়া হল। আগের বছরের সঙ্গে তুলনা করলে দেখবেন সাত হাজার পাঁচশো কোটি কম পেয়েছি। তার মানে আমাদের fiscal ডিসিপ্লিনকে আনার জন্য এই যে ওঁরা কেটে দিচ্ছেন শুধু আমাদের রাজ্য নয়, বিভিন্ন রাজ্যে, কেন? তারা নাকি ট্যাক্স কালেকশান করতে পারেনি। তার জন্য দোষ কার? রাজ্যের দোষ। তাদের 5% growth of GDP হয়েছে, আমাদের দোষ। আমাদের জিডিপি গ্রোথ কত? according to the Government of India 10.4%. আমরা কিন্তু fiscal ডিসিপ্লিন মেনটেইন করছি, জিডিপির গ্রোথ রেট মেনটেইন করছি। এবারে স্যার আসছি এই বিলটা আনার কারণ, over and above the Government of India is not able to give GSDP compensation স্যার, আপনি শুনে অবাক হয়ে যাবেন জিএসটির compensation mandatory by provision এক হাজার সাতশো পঁচাত্তর কোটি, কেন্দ্রীয় সরকার আমাদের জিএসটির compensation

দিল না। সবচেয়ে দুঃখের জিনিস হচ্ছে স্যার, এই লাস্ট জিএসটির council meeting এ আমি শুনলাম যে, মাননীয়া Union Finance Minister বলছেন জিএসটি কাউন্সিল নাকি এবারে borrow করবে। জিএসটি কাউন্সিল কনসিসটিং অফ ফাইনান্স মিনিস্টার সে কোথা থেকে বড় করতে পারে? মানে চিন্তা করুন। তার পর উনি বললেন আমি এটার legal process দেখতে চাই। whether is it possible for GST council একটা কাউন্সিল টু borrow to compensate for GST শর্টফল, যেগুলো আমাদের দিচ্ছে না কমপেনসেশন স্যার। তার মানে আমাদের একদিকে এগারো হাজার দুশো বারো কোটি কেটে দেওয়া হল, অন্যদিকে জিএসটি কমপেনসেশান এক হাজার সাতশো পঁচাত্তর কোটি দেওয়া হল না। এই সিচ্যুয়েশানে কেন্দ্রীয় সরকার বুঝতে পেরেছে রাজ্যের ফিসক্যাল অবস্থা it can be a serious problem। তাই তারা অফিসিয়াল চিঠি লিখে জানিয়েছে যে পশ্চিমবঙ্গ চার হাজার তিনশো একত্রিশ কোটি during দ্য current fiscal year ২০১৯-২০ তে you can borrow exceeding 3 percent লিমিট অফ জিএসডিপি সাবজেক্ট টু অ্যামেন্ডমেন্ট অফ FRBM অ্যাক্ট ফোর্সিং আস ইন টু ফারদার dept trap. তার মানে আমাদের অ্যালাও করছে চার হাজার তিনশো একত্রিশ কোটি অ্যাডিশনালি borrow করা বিয়ন্ড দ্য থ্রি পারসেন্ট এফআরবিএম লিমিট. কেন করছে? করতে বাধ্য হচ্ছে। তার কারণ আমাদের এগারো হাজার দুশো বারো কোটি কেটে দিয়েছে, জি.এস.টি. কমপেনসেশান দিতে পারছে না, গ্রোথ রেট ভারতবর্ষে 5% এ পড়ে গেছে।

তাই তারা প্রত্যেকটি রাজ্যকে লিখে বলছে তোমরা ৩% তোমাদের যে লিমিট ছিল which is originally passed by Central Government, যেটা আমাদের জ্যোতির্ময় কর মহাশয় খুব সুন্দর করে বলেছেন। সেই জন্য আজকে তারা সব রাজ্যকে লিখে লিখে বলছে এই বছরের জন্য যেহেতু তোমাদের আমরা devolution ও কেটে দিয়েছি, জি.এস.টি., কমপেনসেশান দিতে পারছি না, তোমরা চাইলে ৪৩৩১ কোটি ম্যাক্সিমাম অবধি in addition to 3% of GSDP তোমরা borrow করতে পার subject to FRBM Act be appropriately revised. তাই স্যার আজকে বিলটা আনতে বাধ্য হচ্ছি। এই বারে বলি যে সেকশানগুলো অ্যামেন্ডমেন্ট, অ্যামেন্ডমেন্টগুলো দেখলে দেখবেন আমরা ২০২৪-২৫ অবধি ডেট দিয়ে দিয়েছি। আগে কিন্তু বিলে কোন ডেট ছিল না। ম্যাক্সিমাম debt stock of 34.3% of Gross State Domestic Product shall be maintained up to the end of financial year 2024-25." সুন্দর করে স্পেসিফাই করে দিয়েছি। নম্বর দুই স্যার, রেভিনিউ ডেফিসিটের যে table দেওয়া ছিল, আমি অলরেডি বলেছি স্যার রেভিনিউ ডেফিসিট কি ছিল। ২০১০-১১তে ইট ওয়াজ ৩.৭৫%, কিন্তু লেখা ছিল এই table-এ আগের বিলটা দেখলে বুঝতে পারবেন ইট ওয়াজ ৩.৬%। আমরা এটাকে নামিয়ে এনেছি ০.৯২। সেখানে আমরা ওই table টা অমিট করে দিচ্ছি, because it is not correct বারবার বলছি আমরা জিরোতে নিয়ে যাব। In fact we are moving to zero,৩.৭৫থেকে নামিয়ে একের নীচে নামিয়ে দিয়েছি ০.৯২। আরও আমরা নীচে নিয়ে যাব because of our fiscal discipline. আর একটা অ্যামেন্ডমেন্ট ছিল "The State

Government shall endeavour to ensure that the fiscal deficit as percentage of Gross State Domestic Product (GSDP) does not exceed 3% in each year up to the end of the financial year 2024-25.” We will continue to endeavour to maintain fiscal deficit. তবে এই বছরের জন্য ২০১৯-২০ দি maximum fiscal deficit shall be 3.34% of the GSDP during the 2019 - 20. যারজন্য আমার এটাকে অ্যামেন্ড করতে হল। আমার কনক্লুশান হচ্ছে স্যার This government has shown the fiscal discipline. It has shown আপনাদের অলরেডি আমি বলেছি রেভিনিউ ডেফিসিট ৩.৭৫ থেকে নামিয়ে ০.৯২, ফিসক্যাল ডেফিসিট ৪.২৪ ছিল ২০১০-১১ তে, নামিয়ে ২.৯৬, প্রত্যেক জায়গায় We have demonstrated fiscal discipline তাই আমার বক্তব্য হচ্ছে I am confident that fiscal discipline of this government demonstrated in data, মুখে নয় স্যার, তথ্যের মাধ্যমে This House will support this amendment. তার কারণ ১১২১২ কোটি কেটে নিল, জি এস টি কমপেনসেশান দিল না. I hope that this House will support this amendment and move to continue, I commit that we will continue to have fiscal deficit demonstrated by data. Thank you, Sir.

Mr. Speaker: Now the question before the House is that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020 be taken into consideration.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

CLAUSE 2

Mr. Speaker: There is no amendment to Clause 2. So I put to vote the Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put to vote the Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Dr. Amit Mitra: Hon-ble Speaker, Sir, I beg to move that the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020, as settled in the Assembly, be passed.

Mr. Speaker: Now I put to vote the West Bengal Fiscal Responsibility and Budget Management (Amendment) Bill, 2020, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say Aye.

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

MR. SPEAKER : Today the 17th March is the last day of the Fifteenth Session of the Sixteenth Legislative Assembly. Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(Position as on the 17th March, 2020)

	QUESTIONS	
(A)	Total Number of Notices of Questions received	541
(B)	Number of Questions allocated	424
	i) Starred	399
	ii) Unstarred	25
(C)	Total Number of Questions admitted	268
	i) Starred	253
	ii) Unstarred	15
(D)	Total Number of Questions disallowed	11
(E)	Total Number of Questions replied	53
	i) Starred	53
	ii) Unstarred	Nil

(F)	i) Total Number of replies to Questions received from the Department but not yet placed in the order paper (Starred and Unstarred)	72
	ii) Number of Questions Pending with the Departments	143
	iii) Number of Questions under process	145

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. GOVERNMENT BILL :

(A) Number of Bills introduced	5
(B) Number of Bills passed	5

3. CALLING ATTENTION NOTICE:

(A) Notices received	13
(B) Notices admitted	3
(C) Statement made	1

In this connection I would also like to make an announcement that replies to Calling Attention Notices admitted by me and not replied in the House would be sent direct to the Members concerned.

4. LAYING OF AMENDMENTS TO RULES :

(A) Notices received	2
(B) Amendments to Rules laid	2

5. **LAYING OF REPORTS AND ACCOUNTS ETC. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC. :**

Reports and Accounts laid	8

6.	**MENTION CASES**	**42**
7.	**ZERO HOUR**	**10**
8.	**NUMBER OF SITTINGS**	**11**
9.	**TOTAL HOUR OF SITTINGS**	35 hour 25 munutes (upto 3.00 p.m. today)

[17th March, 2020]

ANNOUNCEMENT FROM THE CHAIR

মিঃ স্পিকার : আমি আপনাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় সদস্যগণ আজকে আমাদের অধিবেশনের শেষ দিন। আশা করি আপনারা সবাই সুস্থ থাকবেন। করোনা ভাইরাস নিয়ে আমরা সবাই চিন্তিত এবং রাজ্য সরকার এই ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন। আমি আপনাদের অবগতির জন্য জানাই যেহেতু আমরা আমাদের হাউজ বন্ধ করে দিতে বাধ্য হয়েছি। আমাদের যে সমস্ত স্ট্যান্ডিং কমিটিস বা অন্যান্য কমিটিস মিটিংগুলি রয়েছে সেগুলি আনটিল ফার্দার অর্ডার সাসপেন্ডেড থাকবে। আমাদের মাননীয় সদস্যরা আপনারা so far payment of your TA and DA is concerned-এটা আমরা কনসিডার করব, ধন্যবাদ।

ADJOURNMENT

The House was then adjourned sine die.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 9th September, 2020 at 1:00 p.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 13 Ministers-in-Charge, 15 Ministers of State and 177 Members.

[1:00 – 1:10 p.m.]

Appreciation from the Chair

Mr. Speaker: Hon’ble Members, as you all know arrangements have been made for conducting the Rapid Antigen Test in the Assembly House Premises from yesterday for the Members, their personal staff, Staff of the Assembly Secretariat, Police personnel and Media personnel. The test is being conducted by the Medical Team of the Health and Family Welfare Department, Government of West Bengal.

I, on behalf of the House, put on record a note of appreciation for the invaluable services rendered by them. The sincerity, dedication and devotion to duty the Medical Team displayed is quite exemplary.

Hon’ble Members, Good Afternoon. We are all meeting at this Chamber of our Assembly after a fairly long time. Before taking up the Obituary References scheduled for the day, I would like to inform all Members that the House has been reconvened partly for the Constitutional obligation.

Friends, the last five and a half months have been very trying one. We have been going through a very annoying and taxing time. The COVID-19 pandemic has been running havoc all throughout the world. It has threatened not only health care sector but has also forced economic slowdown affecting the lives of the common man. It has further intruded upon the emotional and family life bringing upon a sense of gloom everywhere. The State of West Bengal has also been affected by this Pandemic in many ways. Moreover, the

State has also witnessed one of the worst super cyclones which has caused immense havoc to natural and physical property.

Esteemed colleagues, we are all meeting at this very crucial hour of history. As the Speaker of this august House, I have an obligation both to the Constitution of India and to the House. The House is not an innate object - its propelling force is its Members. I, as the custodian of the House, am bound to protect its Members. We already have lost two of our fellow colleagues due to this Pandemic. Many Members have been affected by the Corona Virus and had to be admitted to Hospitals for treatment. Some have been discharged and some are still undergoing treatment. Many Members as you all know are above 65 years of age and are more vulnerable to the attack of the Virus. So, I, as the Speaker of the House, cannot take any decision to put at risk the lives of its Members. I take this opportunity to express appreciation and gratitude of the House to innumerable frontline Covid Warriors who are working day in and day out to arrest the Covid-19 Pandemic. The doctors, nurses and other innumerable health workers have been stretching themselves to the last limit to keep flying the flag of human civilisation, often ignoring the risks posed to their own lives and this House, cannot but salute their dedication, sincerity and devotion to duty.

Dear Friends, I am to inform you that I have received a joint petition from Shri Abdul Mannan, Leader of the Opposition and Dr. Sujan Chakraborty Leader of the Legislature Party of CPI(M) urging me to run the House for at least three (3) weeks and to allow Question Hour, Mention Cases, Zero Hour and Non-Official business. In this connection, I am to inform you that the Chair only facilitates the House to function properly. He does not decide the Business of the House. The House decides its own Busines and the House arrives at this decision on the recommendation of the Business Advisory Committee. I, on my part, had placed the matter before the Business Advisory Committee. The matter was discussed elaborately in the Business Advisory Committee which met in my Chamber yesterday. After a thorough discussion, the Committee decided to recommend to the House only such Business as is necessary to meet the Constitutional obligation.

Presentation of the 63rd Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 63rd Report of the Business Advisory Committee. The Committee recommended the Programme of Business for today as follows :

09.09.2020, Wednesady:
(i) Obituary references
(ii) Condolence Resolution to pay homage to Shri Pranab Mukherjee, former President of India,
(iii) Laying of Reports and Accounts

Now the Minister-in-Charge of the Parliamentary Affairs Department may, please, move the Motion for acceptance.

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৬৩ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the House has consent to it. The Motion is adopted.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The 58th Annual Report along with Audit Report thereon, of the Durgapur Projects Limited for the year 2018-2019

Shri Moloy Ghatak : With your kind permission Sir, I beg to lay the 58th Annual Report along with Audit Report thereon, of the Durgapur Projects Limited for the year 2018-2019.

The 34th Annual Report along with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2018-2019

Shri Moloy Ghatak : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to lay the 34th Annual Report along with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2018-2019.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2018-2019

Shri Moloy Ghatak : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2018-2019.

MOTION FOR EXTENSION OF TERM OF OFFICE OF THE DIFFERENT ASSEMBLY COMMITTEES:

Mr. Speaker : Now I call upon Shri NIRMAL Ghosh, Hon'ble Chief Government Whip, to move the Motion.

Shri Nirmal Ghosh : Sir, I beg to move the following Motion :

"Notwithstanding anything contained in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly in so far as they relate to the Constitution of different Assembly Committees, the following Committees of the Assembly whose term of office was due to expire on the 2nd August, 2020, shall continue to function in their existing composition till the expiry of the tenure of the present Legislative Assembly or till such Committees are reconstituted, whichever is earlier, namely:

(i) Committee on Public Accounts;.

(ii) Committee on Public Undertakings;

(iii) Committee on Estimates;

(iv) Committee on Local Fund Accounts;

(v) Committee on Papers Laid on the Table;

(vi) Committee on Petitions;

(vii) Committee of Privileges;

(viii) Committee on Government Assurances;

(ix) Committee on Sub-ordinate Legislation;

(x) Committee on Rules;

(xi) Committee on the Entitlement of the Members;

(xii) House Committee;

(xiii) Library Committee;

(xiv) Committee on Bidhayak Elaka Unnayan Prakalpa;

(xv) Committee on Reforms and Functioning of the Committee System and other 26 Departmentally related Standing Committees;"

Mr. Speaker : I think the House has consent to it. The Motion is adopted.

[1:10 – 1:20 p.m.]

